যে-সরকারী সেবা-বিভাগে কেবল পাকিস্তানী টাকার ব্যবহার তাহাতে ১০৯৲ টাকার বিনিময়ে ১০০টি পাকিস্তানী টাকা পাওয়া যাইতেছিল। কিন্তু ভারতীয় বাণিজ্য-চুক্তির ফলে পাকিস্তানী টাকার মূল্য বৃদ্ধিয়া ১০০৲ পাকিস্তানী ১১৩৲ ভারতীয় টাকায় দাঁড়াইয়াছে [অর্থাৎ : ১] পাকিস্তানের সহিত ভারতীয় টাকা সরবরাহের পরিমাণ বৃদ্ধি এবং ২] যে-সরকারী ক্ষেত্রে পাকিস্তানের সস্তা বাজার হইতে অনেক প্রকার মাল আনাইয়া লাভের অত্যধিক চড়া বাজারে বিক্রয়ের সুযোগ-সুবিধা।

১৮৪ পৃষ্ঠার পর।

সমস্যা। আমরা উপর পাট-শুল্কের ফলে পশ্চিমবঙ্গের যে পরিমাণ ক্ষতি উপস্থিত হইতে পারে বলিয়া কেন্দ্রীয় সরকারের ধারণা বিবেচনা করিয়া তো পশ্চিমবঙ্গের প্রাপ্যই। আমরা বলিতে যে, কেন্দ্রীয় সরকার ৯১,০০০ টন বাড়তি রপ্তানী শুল্ক পশ্চিমবঙ্গের কাছেই ফিরাইয়া দিবেন। কিন্তু এই পরিমাণ বাড়তি শুল্ক যে ভাবেই দেওয়া হইবে—তাহাই আমাদের জানিবার ইচ্ছা। আমরা ইহা জানি যে বর্তমানে চাউলের দর অত্যধিক চলিতেছে—তথাপি আমরা আশা করি যে সরকার যদি কেন্দ্রীয় সরকারকে চাউলের উপর শুল্ক ধার্য করিতে সম্মত হইয়াছেন—তবে তাহারা অবশ্যই সেই চাউলের বিলির ব্যবস্থা করেন। সম্প্রতি ৩০,০০০ টন চাউল ব্রহ্মদেশ হইতে পাওয়া যাইবার কথা আমরা শুনিয়াছি। বিদেশ, ব্রহ্মদেশ ইত্যাদির সহিত বাণিজ্য-চুক্তি হইতেছে। তাহা কবেই বা হইবে, আমরা বলিতে পারি না। কিন্তু পশ্চিম বাংলার অবস্থা দেখিয়া মনে হয় যে, তাহার পক্ষে অপেক্ষা করা চলে না; অবিলম্বে কেন্দ্রীয় সরকারের ব্যবস্থা। পাকিস্তান আমাদের শত্রু। সুতরাং পাকিস্তানকে যদি কেন্দ্রীয় সরকার ও ব্রহ্মদেশ হইতে প্রাপ্য চাউল হইতে এখন চাউল দেওয়া যায় তাহা হইলে কেন্দ্রীয় সরকারের বিনিময়ব্যবস্থার প্রতি জনসাধারণের শ্রদ্ধা বাড়িবে।

শেয়ার বাজার

সপ্তাহের শেষের দিকে কিছু উন্নতি

কলিকাতা, ২৬শে আগষ্ট, শনিবার—ভারতীয় সম্পর্কে রাষ্ট্রপুঞ্জের সভায় সার ওয়েন ফিজলের লোহার ব্যবহার সম্বন্ধে বাজারে বিশেষ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। শেয়ারের দর কিছুটা হ্রাস প্রাপ্ত হয়। কাজ-কারবারের পরিমাণও হইয়াছিল যৎসামান্য, বিশেষ কিছুরই বিশেষ খবর পাওয়া যায় নাই।

অন্যান্য বিভাগে দরের তেমন বিশেষ কোনো তারতম্য ঘটে নাই। ৪৯৷৵০ দরে ফুলাসাহাড়ি কোম্পানীর কাজ কমিবার জন্য ৫০৲ হইতে ৪৯৷৵০ দরে নামিয়া ১৯৲ টাকা হয়

বিভাগে দরের দিক দিয়া শেয়ারের কিছুটা অবনতি হইয়াছে। শেষের দিকে দর বৃদ্ধি পাওয়ায় ১৮৲ টাকা দর হইতে শেষে ৭৫ দরে ৫৭৲ টাকা ৪৭৫ টাকা ৪৷৵০ টাকা ৪৪৷৵০ টাকা ৪৫৲ টাকা ৪৫৲ টাকা ৪৫৲

REGD. No. C. 3105

আর্থিক ভারত

ARTHIK BHARAT

অর্থনৈতিক সাপ্তাহিক

৩য় বর্ষ ২১শ সংখ্যা | কলিকাতা, বুধবার ১০ই মাঘ ৫ ফেব্রুয়ারী ১৯৫০ | মূল্য ১০

সূচী

বিষয়	পৃষ্ঠা
সম্পাদকীয়	১৬৯
কাচ ও মৃৎশিল্প গবেষণাগার	
প্রাসঙ্গিক	১৬৭
পাকিস্থানী হিন্দুর ঘর	
শ্রমিকদের বাড়ী	
বিদ্যালয়ের ভিড়	
ভূমিকম্প ও হিমালয়ের উচ্চতা	
পশ্চিমবঙ্গে বেকার সমস্যা	
পণ্যদ্রব্যের বাজার	
পাট, তুলা তৈলবীজ উৎপাদনের প্রয়োজনীয়তা	
গুড়	
চিনি	
সংবাদ সংকলন	
লোহার বাজার	
ইস্পাত ব্যবস্থা অব্যাহত	

কাচ ও মৃৎশিল্প গবেষণাগার

কয়েকদিন পূর্বে কলিকাতা মহানগরীর উপকণ্ঠে যাদবপুরে জাতীয় গবেষণাগার স্থাপিত হইয়াছে। ইহা হইল কেন্দ্রীয় কাচ ও মৃৎশিল্প গবেষণাগার। ইহাকে কেবলমাত্র একটি গবেষণাগার প্রতিষ্ঠানরূপে আমরা দেখিতেছি না, আধুনিক ভারতের শিক্ষার ও বিজ্ঞান-অনুশীলনের ইহা একটি কেন্দ্রস্বরূপই ইহার গুরুত্ব। অনেক রাজনৈতিক সমাজনৈতিক ও অর্থনৈতিক ঘাত প্রতিঘাতের মধ্য দিয়া ভারতকে অগ্রসর হইতে হইতেছে, ইহার ফলে অনেক কাজ ব্যাহত হইতেছে, অনেক উদ্যম ব্যর্থ যাইতেছে বটে, কিন্তু বিজ্ঞানের অনুশীলনের পথে ভারত যে এসব মুছে করিয়া অগ্রসর হইয়া চলিয়াছে এই গবেষণাগার প্রতিষ্ঠা তার একটি প্রমাণ।

ভারতে বিজ্ঞানীর ও বিজ্ঞান-গবেষকের অভাব নাই; বিজ্ঞান-অনুশীলনের জন্য উৎসাহীর সংখ্যাও এখানে কম নহে। কিন্তু ইতিপূর্বে ভারতে এইসব শক্তি ও ক্ষমতাবলী অনেকটা চাপা ছিল। বৈজ্ঞানিক যুগে বৈজ্ঞানিক ভারতকে মৌন ও মূক হইয়া থাকিতে হইয়াছিল। কিন্তু যে একাগ্রতা ও আগ্রহ ভারতের রক্তে রক্তে প্রবাহিত, তাহা চাপা থাকিবার নয়। সেই কারণেই আমরা এই নূতন ভারত প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে তাহার বৈজ্ঞানিক অগ্রগতি আগ্রহের সহিত লক্ষ্য করিতে পারিতেছি।

বিজ্ঞান সম্বন্ধে গবেষণার জন্য ভারতে মোট এগারোটি গবেষণাগার প্রতিষ্ঠিত হইবার পরিকল্পনা গৃহীত হইয়াছে। জাতীয় অগ্রগতি ও জাতীয় প্রয়োজনের দিকে লক্ষ্য রাখিয়া এইসব পরিকল্পনা করা হয়। কৃষি ভারতকে শিল্পের দিক দিয়াই অগ্রবর্তী করিবার জন্য এইভাবে বৈজ্ঞানিক গবেষণা ও অনুশীলনের ক্ষেত্র প্রসারিত করিবার বিষয় বিশেষভাবে বিবেচিত হয়। যে-ভাবে পরিকল্পনা করা হইয়াছে, সেইভাবে কাজও অনেকটা অগ্রসর হইয়াছে। মোট এগারোটি পরিকল্পিত গবেষণাগারের মধ্যে চারটি

গবেষণাগার প্রতিষ্ঠা শেষ হইল। ইতিপূর্বে আরও তিনটি প্রতিষ্ঠিত হইয়াছে। পুনাতে প্রতিষ্ঠিত হইয়াছে বায়ুগতিক গবেষণাগার, দিল্লীতে পদার্থবিদ্যা গবেষণাগার ও বাঙ্গালোরে আলোনি (fuel) গবেষণাগার। এবার কাচ ও দুৎশিল্প গবেষণাগার স্থাপিত হইল কলিকাতার উপকণ্ঠে। মোট এগারোটির মধ্যে চারটি স্থাপিত হইল, এখন অবশিষ্ট রহিল আরও সাতটি। ইহার মধ্যে কয়েকটি গবেষণাগারের প্রাথমিক কাজ অনেকটা ইতিমধ্যে অগ্রসর হইয়াছে বলিয়া জানা যায়।

ভারত কৃষি প্রধান দেশ। শতকরা প্রায় ৯০ জন কৃষিজীবী। কৃষির দ্বারা কেবল খাদ্য অর্জন হইয়া থাকে। এই শিল্পের উপর নির্ভর করিয়া ভারতের ন্যায় বিরাট একটি জাতি মরত হই বেলা পেট ভরিয়া খাইয়া বাঁচিয়া থাকিতে পারে। কিন্তু একটি জাতিকে বাঁচিতে হইলে খাদ্যেই তাহাকে যে বাঁচাইয়া রাখে এমন নয়। খাদ্য হইতেই প্রয়োজন অতিরিক্ত আরও কিছু জাতির স্বভাবে হইয়া থাকে। সেইসব অভাব মিটাইবার জন্য সারা দুনিয়ায় জ্ঞান-বিজ্ঞানের প্রসার হইয়া চলিয়াছে। আজ ভারতে যে গবেষণাগার সমূহের প্রতিষ্ঠা হইতেছে তাহা কেবলমাত্র বিজ্ঞান-অনুশীলনের কেন্দ্র হিসাবেই গণ্য হইবে না, তাহা আসলে জাতীয়তা বোধেরই পরিচয় বলিয়া বিবেচিত হওয়া আবশ্যক।

এই প্রসঙ্গে আর একটি কথা বলা আবশ্যক। ইহার ভাইসরয় এই গবেষণাগারটি কলিকাতায় স্থাপনের তাৎপর্য ব্যাখ্যা করিতে [illegible] বলিয়াছেন যে, বাংলাদেশে চাক ও কারুশিল্পের একটি ঐতিহ্য

কাচ ও দুৎশিল্পে এই দুই শিল্প কলা বা সুকুমারশিল্পের প্রয়োজন অবশ্য বেশি। এই কারণেই উহা বাংলায় প্রতিষ্ঠিত হইল। আমরা, বাঙালীরা, এখন আত্মকলহ ভুলিয়া যদি এই কাজে নিজেদের যোগ্যতা প্রমাণ করিতে পারি তাহা হইলেই গৌরব রক্ষা হয়।

পণ্ডিত নেহরু এই উপলক্ষে যে বাণী পাঠাইয়াছেন তাহাতে তিনি বলিয়াছেন যে, ইহা মানবতার উন্নতির জন্য ও সত্যের সন্ধানের জন্য মন্দির প্রতিষ্ঠার সমতুল্য। পশ্চিমবঙ্গের রাজ্যপাল ডক্টর কাটজু ইহাকে প্রাচীন ভারতের তীর্থস্থান সমূহের সহিত তুলনা করিয়াছেন। আপাতদৃষ্টে ইহার তাৎপর্য হয় তো বোঝা সাধারণের পক্ষে কঠিকর হইবে, কিন্তু ভারতের পক্ষে ইহা যে অগ্রগতির একটা বলিষ্ঠ পদক্ষেপ, তাহা উপলব্ধি করাইবার জন্য দেশের সামরিক-পত্রিকা সমূহকে উদ্যোগী হইতে হইবে।

রাজনৈতিক বা সমাজনৈতিক পরিবর্তন সাধনের জন্য যে ভাবে আলোড়ন ও আন্দোলন হইয়া থাকে, তাহা অদূরভবিষ্যতে এমন কথা বলিতেছি না। কিন্তু উক্ত আন্দোলনের দ্বারা যতটা শুভফল পাওয়া যাইতে পারে, এইভাবে গবেষণাগার প্রতিষ্ঠার দ্বারা সুফল মিলিবে তাহা হইতে অনেক বেশি। এই সাধারণ কথাটি যাহাতে সকলে বুঝিতে পারে তাহার জন্য আমরা সকলে যদি তৎপর হইতে পারি তাহা হইলে তৎদ্বারা দেশের অনেকটা মঙ্গল সাধিত হইবে—ইহা সুস্পষ্টভাবে ঘোষণা করা যাইতে পারে।

ইহা গেল দেশের আভ্যন্তরীণ উন্নতির কথা। ইহা ছাড়া আরও প্রশ্ন আছে। তাহা হইল ভারতের বাণিজ্যের প্রশ্ন। আজ আন্তর্জাতিক যাতায়াত এত বাড়িয়াছে যে, প্রত্যেক দেশের মধ্যে পণ্য-আদান প্রদান আজ অপরিহার্য হইয়া উঠিয়াছে। এই সময় ভারত যদি উদ্যোগী হইয়া পৃথিবীর চাহিদার দিকে দৃষ্টিপাত না করে তাহা হইলে পৃথিবীর বাণিজ্য কি রাষ্ট্রসমূহের নিকট তাহাকে অপাংক্তেয় হইয়া থাকিতে হইবে। আবার ভারত যদি তাহার প্রতিটি প্রয়োজনীয় পণ্যের জন্য পৃথিবীর অন্যান্য রাষ্ট্রের দ্বারস্থ হয়, তাহা হইলে তাহাও বিশেষ সুখের সংবাদ বলিয়া গণ্য হইবে না। ভারতে কাঁচমাল আছে প্রচুর। এই কাঁচামাল যদি বৈজ্ঞানিক পদ্ধতি দ্বারা পণ্যে পরিণত করা না যায়, তাহা হইলে ভারতের আর্থোন্নতির আশা কম। এইসব বিষয় বিবেচনা করিয়া দেখিলে সহজেই বোঝা যাইবে, যে অনুপ্রেরণা ও আকাঙ্খা দ্বারা এই গবেষণাগার প্রতিষ্ঠিত হইতেছে তাহা শুভ ও কল্যাণময়।

কাঁচের চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে। ঔষধপত্রে, বৈদ্যুতিক শিল্পে, যন্ত্র ও অন্যান্য শিল্পে কাঁচের প্রয়োজন ক্রমশই অধিক পরিমাণে দেখা যাইতেছে; কাঁচের দ্বারা সুন্দর ও সৌখিন টুকিটাকি, পোষাক, পর্দা প্রস্তুত হইতেছে। ইহার দ্বারাই স্পষ্ট বুঝা যায় যে, কাঁচশিল্পের ভবিষ্যৎ কতটা উজ্জ্বল ও সম্ভাবনাময়। ভারতে বিদেশ হইতে প্রতি বৎসর দুই কোটি টাকার কাঁচজাত দ্রব্যাদি ও ৪০ লক্ষ টাকার চিনামাটির দ্রব্যাদি আমদানি করা হইয়া থাকে। দেশের এই পরিমাণ অর্থ বিদেশে যাহাতে যাইতে না পারে তাহার ব্যবস্থা করিবার পক্ষেও এই গবেষণাগার বিশেষ সহায়ক হইবে।

প্রাসঙ্গিক

পাকিস্থানী টাকার দর

গত সপ্তাহে কলিকাতার খোলা বাজারে এইরূপ গুজব রটে যে, পাকিস্থানী মুদ্রার দর অতিরিক্ত হ্রাস করা হবে। এই গুজবের ফলে সোনার দরের উপর বিশেষভাবে প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। পাকিস্থানের টাকার আসল রূপ কি তাহাই এখন বিবেচ্য বিষয়। সরকারী ভাবে বিদেশে যে দর বাঁধিয়া দেওয়া হইয়াছে তাহা যে বেআইনী হুণ্ডি, তাহা প্রমাণিত হইয়াছে ও হইতেছে। বেসরকারীভাবে ভারত ও পাকিস্থানের কাছে যে যেরূপ দর তাহা সমান হওয়ার অর্থাৎ ১ভারী টাকা বিনিময়ে, এবং কি ভাবের অবশ্য রহিয়া যাবে—অর্থাৎ ১০০টি পাকিস্থানী টাকা ১০০টি ভারতীয় টাকার সমান বিনিময় হইয়া যাবে। খোলা বাজারের দর যাহা, তাহাই যে আসল দর, ইহা মানিয়া লইবার প্রয়োজন নাই। কিন্তু এই সমস্ত সত্ত্বেও অস্বীকার করিয়া পাকিস্থানী টাকার একটি সমান দর স্থাপন করিয়া পাকিস্থানী ব্যবসায়ীদের একটা সুবিধা দেওয়া যায় বলা চলে। কিন্তু পাকিস্থানী অর্থনীতিবিদ যে এই সরকারী দরের মূলে অযথা হুজ্জুগ ও অযুহাত খুঁজিয়াছেন—তাহা বলা বাহুল্য। এইরূপ পাকিস্থানী আচরণে সে ভারতের অধিকতর ক্ষতি করিতেছে। এই অধিকতর ক্ষতিগ্রস্থ হওয়ার জন্য ভারতের ব্যবসায়ী শ্রেণী বেশমুখ তথায় বিক্রয় পৌঁছাইতেছেন, তাহাতে প্রতিযোগিতার ফলে ভারতের বিদেশী বাজারের দাবীদার হইতেছেন। এই অধিকতর বিক্রির আশায় বিদেশে মূল্য পাকিস্থানী মুদ্রায় মূল্য নির্দ্ধারণ একটি। বিদেশীদের প্রতিনিধি এখানে আসিয়া এই ঠিক বিষয়টির আলোচনা করিবেন। তাহারা বিবেচনা করিবে পাকিস্থানী মুদ্রায় যে মূল্য নির্দ্ধারণ করিবেন, তাহাই সর্ব্বাপেক্ষা হইবে। আমরা আমাদের পক্ষে এই অধিকতর বিক্রয় আশঙ্কার কথা অনেক বলিয়াছি। আমাদের বিশ্বাস, ভারতের ও পাকিস্থানের অর্থমন্ত্রীদের ও অর্থবিদের এই সমান আশঙ্কা।

শ্রমিকদের বাড়ী

জাতীয় পরিকল্পনা কমিশন শ্রমিকদের জন্য বহু লক্ষ গৃহ নির্মাণ পরিকল্পনা করিয়াছেন। মুখ্যমন্ত্রী শিল্প শ্রমিকদের যে সব শ্রমিক নিযুক্ত করে, তাহাদের মধ্যবর্তের উপযোগী গৃহের ব্যবস্থা ১০ লক্ষ বলিয়া ঠিক করিবে একটি পরিকল্পনা রিপোর্ট করিয়াছেন। ইহার মধ্যে আগামী ৫ বা [illegible] বছরের মধ্যে এক লক্ষ গৃহ নির্মাণ সমাপ্ত করিবার বিষয় তাহারা চিন্তা করিতেছেন। এই আগামী দশ বৎসরের মধ্যে লক্ষ গৃহের গৃহ নির্মাণ ব্যাপারে কেন্দ্র করা যায় তাহার উপায় নির্দ্ধারণ করিতেছেন। কেন্দ্রের বর্তমান আর্থিক অবস্থা বিবেচনা করিয়া কমিশন এইরূপ মনোভাব প্রকাশ করেন যে, এই বিরাট সমস্যা সমাধান করিবার এক একটি ব্যবস্থা করিয়া আমাদের করা যায় না বটে, কিন্তু আর বিলম্ব না করিয়া এই কাজে এখনই হাত দেওয়া আবশ্যক। এই লক্ষ লক্ষ গৃহ নির্মাণ

১৭৭৪ সালের সামান্য শুরু থেকে আজকের দিন পর্যন্ত মার্টিন বার্ণ লিমিটেড প্রতিষ্ঠানের সুপরিকল্পিত অগ্রগমন এক হিসেবে ভারতীয় শিল্প-প্রগতির ইতিহাস। মাঝারাম স্মৃতিসৌধ, আধুনিক ধরণের অফিস ও বাসভবন নির্ম্মাণ, এই বিরাট শিল্পোদ্যোগের অতি সামান্য অংশমাত্র। এই প্রতিষ্ঠান লৌহ, ইস্পাত, সিমেণ্ট উৎপাদন করে আর এরাই এশিয়ার বৃহত্তম ও অতি-আধুনিক যান্ত্রিক ব্যবস্থাসম্বর ঢালাই কারখানার অধিকারী। এই প্রতিষ্ঠান তৈরি করে জাহাজ ও সেতু, পরিচালনা করে বৈদ্যুতিক শক্তি সরবরাহ কেন্দ্র ও লাইট রেল, তৈরি করে মালগাড়ি। সুয়েজের পূর্ব্বাঞ্চলে স্টীয়র তৈরির সর্ব্ববৃহৎ কারখানাও এই প্রতিষ্ঠানেরই। কাঁচের ও চীনামাটির জিনিস, রেল লাইন, পয়েণ্ট ও ক্রসিং, জল, গ্যাস ও ময়লা নিষ্কাশনের কাজে ব্যবহৃত ঢালাই লোহার পাইপ—এক কথায় যান্ত্রিক শিল্পোন্নয়নের বিস্তৃর্ণ ক্ষেত্রে এই প্রতিষ্ঠানের কর্ম্মোদ্যোগ ছড়ানো। সামান্য পেরেক থেকে মাল গাড়ি, বাসগৃহ বা অফিস তৈরির সাজসরঞ্জাম (নকশা সমেত) এক গ্যালন রঙ অথবা ভারি জাঁতা—এক কথায় যান্ত্রিক শিল্পোন্নয়নের পর্যায়ভুক্ত যে কোনো জিনিসের প্রয়োজন হলেই নিচের ঠিকানায় খোঁজ করুন।

১২, মিশন রো, কলিকাতা।

করিতে অগ্রসর হইয়াছে। এই হিসাবে আগামী পুনর্নির্মাণ বাবদ ৩০০ কোটি টাকা ধরিয়া রাখা হইয়াছে। ৩০০ কোটি টাকা যদি দশ বছরে খরচ করা হয় তাহা হইলে বছরে ৩০ কোটি টাকা করিয়া খরচ করিতে হইবে। কাজেই এই অর্থের জন্য এমন কোন ব্যবস্থা করিতে হইবে যে, প্রথম ১২ কোটি টাকা লইয়া একটি পুনর্নির্মাণ আরম্ভ করা যাইতে পারে। এই ব্যাপারে প্রথমতঃ, শিল্পনির্মাণ ও তৎসংক্রান্ত কাজে একটা অংশ দান করিবেন, অর্থাৎ প্রত্যেক ৪ কোটি টাকা করিয়া। এই টাকা কে কি ভাবে দিবে তাহার মোটামুটিভাবে আলোচনা করা হইয়াছে। তবে আশা করা যায় যে, যত বছরে কেন্দ্রীয় ঋণ হইতে প্রত্যেকের জন্য ১০ লক্ষ টাকা পরিশোধের পরিকল্পনা করা হয়, ততদিনে অন্যান্যের জন্য তাহা করা সম্ভব হইবে না। এ ব্যাপারে সম্পূর্ণভাবে অর্থসংক্রান্ত ব্যবস্থা ঠিক করিয়া না করিলে শিল্পোন্নয়ন যাহাতে কিছুতেই ব্যাহত হইতে না পারে তাহার ব্যবস্থা করাই হইয়াছে।

শিল্পালয়ের ভিত্ত

পূর্বেই বলা হইয়াছে, শিল্পের উন্নতির জন্য শিল্পালয় যেরূপ ঘর দরকার তাহা ঠিক করিয়াছেন। গত সপ্তাহের প্রথম দিকে এই ভিত্ত সম্পূর্ণভাবে পাকাপাকি করা হইয়াছে। শিল্পালয়ের যেটি প্রধান ঘর সেখানে আর কোনো ভিন্নতা নাই। সাধারণ লোকের যেসব ভাষা ছিলেন, তাঁহারা প্রথম যাহা আশা করিয়াছিলেন তাহার অধিক, পরে তাঁহাদের ঘরগুলি ক্রমশঃ পাকাপাকি করিয়া তোলা হয়। অবশ্য শিল্পালয়ের ঘরগুলির সঙ্গে লোকজনের থাকিবার ঘর, ডাক্তারখানা, স্কুল ও হিসাব রাখিবার লোকজন নিযুক্ত করিবার ব্যবস্থা করা হয়। এখনে বিশেষভাবে উল্লেখের একটি বিষয় আছে। ২০টি টুকরা কারখানা আরম্ভের ব্যবস্থা করা হয়, প্রায় ৩০ জন মুখ্য উদ্যোগের ব্যবস্থা টুকরা ভাগিয়া দেয়, কিন্তু এ তত্ত্ব কেহই বন্ধুর প্রতি করেন। কারখানার ভিতরে ও বাহিরের ছয় ঘণ্টার কাজের সময় এই ছোট কারখানা গুলি পরিচালনা করিবে, কিন্তু তাহার ব্যবস্থার ভার দিয়া যে একমাত্র উদ্যোগের কথা, তাহা ছয়জন কারিগর ছাড়া আমরা খুঁজিয়া পাইনি। যে যাই হোক, শিল্পালয় যেসব স্থানে উদ্যোগের ব্যবস্থার ভার, তাহারা যে কথা বলিয়াছে, তাহাতে মনে হইবে আশাই করিবেন। যে সব জায়গা এখনও পাওয়া যায় নাই, তাহাদের আর যেসব ব্যবস্থার কথা বলা হইয়াছে তাহা করা হইয়াছে।

ভূমিকম্প ও হিমালয়ের উচ্চতা

১৯৩৪ সনে আমাদের যে ভূমিকম্প হইয়াছিল, পৃথিবীর মধ্যে তাহাই বাকি ছিল সেরা ভূমিকম্প। কিন্তু এবার যে ভূমিকম্প হইয়াছে তাহা ১৯৩৪র ভূমিকম্পকে ম্লান করিয়া দিয়াছে। এই ভূমিকম্পের কারণ হিসাবে ইতিপূর্বে অনেক কথা বলা হয় যে, তথায় একটি আগ্নেয়গিরির উদ্ভব হইয়াছে। কিন্তু এ কথা বাকি রয়া যায়। কোনো আগ্নেয়গিরি উদ্ভব তথায় হইতেছে না, হিমালয় বাকি বাড়িতেছে। হিমালয়ের যে উচ্চতা বাধাবাধ সিদ্ধান্ত নির্ণয় করিয়া যায় তাহা ধরিয়াছে ২৯০০২ ফুট, কিন্তুদিন পূর্বেই এই উচ্চতা নূন পাইত ২৯০০৮ ফুট ছিল। বর্তমানে ইহা আরও ৪৮২০০ ফুটে দাঁড়াইয়াছে এই বিষয়ে বিশেষজ্ঞ যদি এক ফুট উচ্চতা বাড়িয়া যায় তাহা হইলে সারা পৃথিবীর কাঁপিয়া উঠিবার কথা। যে ভূমিকম্প আমাদের এই প্রদেশ কম্পিত করে তাহা দুই ধরনের হয়। কিন্তু কথা হইতেছে এই যে, হিমালয়ের যত বাড়িবার সঙ্গে সঙ্গে প্রথম প্রথম লোক নিবাসের ভরিয়া ভিত্ত ও পুরাতন বাড়ি ক্রমশঃ পরিবর্তিত হইতে চলিয়াছে। এই কম্পনে এক একটি গ্রাম মানের অঞ্চল ধ্বসিয়া গিয়াছে। কিন্তু হিমালয়ের উচ্চতাবৃদ্ধির পরিমাণ যেরূপ পাওয়া গিয়াছিলেন এখনো তাহা যায় নাই, আমাদের অভিজ্ঞ পরিমাণের এখনো কোনো মূল্য নির্ণীত হয় নাই।

পশ্চিমবঙ্গে বেকার সমস্যা

ছয়টি কর্মসংস্থান প্রতিষ্ঠান পশ্চিমবঙ্গে আছে। এই প্রতিষ্ঠান সমূহ চাকুরি প্রার্থীদের চাকুরির সন্ধান দিয়া থাকেন। এই কর্মসংস্থান প্রতিষ্ঠান সমূহ প্রতিবছর নিবন্ধন করে প্রদানকার বেকার সমস্যার ভীব্রতা সম্বন্ধে কিছুটা আভাস পাওয়া যায়। এই প্রতিষ্ঠান সমূহের একটি বিবরণী প্রকাশ করিয়াছেন। তাহা হইতে জানা যায় যে, ১৯৫০ সনের জুলাই মাসে ১৯ হাজারের অধিক কর্মপ্রার্থী ছয়টি কর্মসংস্থানের সাহায্যে চাকুরির আবেদন করিয়াছিলেন, তাহার মধ্যে চাকুরির সন্ধান করিয়া দেওয়া সম্ভব হইয়াছে ৬ হাজার ৮ শত ৮৮ জনকে। মোটামুটি হিসাবে ধরা যায় ১৯ হাজার জন চাকুরি-প্রার্থীর মধ্যে এক জনই মাসে ২ জনের জন্য চাকুরি পাওয়া গিয়াছে, বাকি রহিল ১২ হাজার। এক মাসে ১৯ হাজার বেকারের সংখ্যা মাসের বিবরণ আমরা পাই নাই। কিন্তু অনুমান করা অসঙ্গত নয় যে, একজন মাসের অধিক সময় চাকুরি পায় নাই। ইহা ছাড়া, কর্মসংস্থান প্রতিষ্ঠানের মারফৎ চাকুরি যেসব বেকারেরা করে না। ইহা ছাড়াও আরো অনেক বেকার রহিয়াছে। তাহাদের মধ্যে পশ্চিমবঙ্গে পুনর্বাসন প্রাপ্ত এবং ইহা সম্বন্ধে বেশি আলোচনা পূর্বে এই ছোট প্রবন্ধে এর অবতারণা, ইহারা কাজই বা করিবে কি, এবং ইহাদের কর্মক্ষমতার যত কাজে বা লাগানো যাইবে কোথায়। এই সমস্যা কোনো নূতন সমস্যা নয়। পৃথিবীর সবত্রই এই সমস্যা কোনো-না-কোনো আকারে রহিয়াছে। সম্প্রতি আন্তর্জাতিক যে বেকার বিষয়ক প্রকাশিত হইয়াছে তাহাতে বলা হইয়াছে ১৯৪৯ সালে কয়েকটি রাষ্ট্রের ছাড়া আমাদের বেকার সংখ্যার বৃদ্ধি পাইয়াছে। পশ্চিম জার্মানীতে বেকার সমস্যা বৃদ্ধি হয় পাইয়াছে, কিন্তু পশ্চিমবঙ্গের এই অবস্থা নহে। এই সমস্যা সমাধান করিতে হয়, তাহা হইলে যে সব সমস্যার পরিবর্তন দিকে বিশেষভাবে দৃষ্টিপাত করিতে হয়। বেকারদের কাজ করিবার আগ্রহের পূর্ণ সংখ্যা নির্ণয় করিতে হইবে। তাহাদের মধ্যে কাহারা কোন ধরনের কাজ করিতে চায় তাহা নির্ণয় করিতে হইবে। তাহাদের মধ্যে কাহারা কোন ধরনের কাজ করিতে পারে, তাহাও নির্ণয় করিতে হইবে। ইহাই যদি সম্ভব হয় তাহা হইলে সমস্যার সমাধান করিতে কিছু সুবিধা হয়, তাহাতে সন্দেহ নাই।

সাহেব পাঁচ কোটি মজা মজা

যে সাহেব একটি ফিল্ম করার চলিয়াছে। ইহার মধ্যে যে কাজ করা হইয়াছে তাহার পরিমাণ ৪৫ কোটি মজা

(১৭০ পৃষ্ঠার শেষাংশ)

পণ্যাঞ্চলের বাজার

পাট তুলা ও তৈলবীজ উৎপাদনের প্রয়োজনীয়তা

যদি কোনো ভাবে বুঝে ফেলা যায় তাহা হইলে খাদ্যের জন্য বিদেশের উপর নির্ভর করা যাওয়া অসুবিধার কারণ হইবে বলিয়াই যে, দেশকে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ করিয়া তোলা প্রয়োজন, এমন নয়। ভারতের মত একটি দেশের কোটি কোটি জনসাধারণের মুখের অন্ন বিদেশী রাষ্ট্রসমূহ মুখাপেক্ষী ইহা ভারতের মর্যাদা হানিকর। এইসব কারণে ভারতকে খাদ্যে আত্মনির্ভরশীল করিয়া তোলার বিষয় বিশেষভাবে চিন্তা করিয়া দেখা, এবং যুদ্ধিসঙ্গত উপায়ে তাহার খাদ্যের ফলনের জন্য অধিক জমিকে চাষের উপযুক্ত করিয়া তোলা আবশ্যক। কেবলমাত্র খাদ্য-শস্যই যে প্রয়োজন, এমন কথা বলা ঠিক নয়। ইংরাজিতে যাহাকে 'ক্যাশ ক্রপ' বলে—তাহাও—অর্থাৎ পাট তুলা তৈলবীজ ইত্যাদি—উৎপন্ন করিবার জন্যও যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন আবশ্যক। ভারতের এইসব পণ্য না থাকার ফলে বিদেশী অর্থ অর্জনে তাহার যেরূপ অসুবিধা হইতেছে, অনেক ক্ষেত্রেই নিকট তাহার মেইজন্য সমস্যাসঙ্কুল অবস্থার আবেদন করিতে হইতেছে। যেমন পাকিস্থান। ভারতের তুলা ও পাটের বিক্রয়ের অংশ্বার জন্য পাকিস্থানকে নতজানু হইয়া থাকিতেই হইত। এবং তাহার ফলে রাজনৈতিক ক্ষেত্রে হাত হইতেও ভারত কিছুটা রেহাই পাইত। ভারত পাকিস্থানী পাট ও তুলা কিছুটা কম খাইয়া করিয়াও পাকিস্থান ও ইহার এলাকায় উৎপাদিত তুলা ও পাট বিদেশের বাজারে ডাম্পিং করিতে পারিতেছে। কিন্তু ভারতে যদি পর্যাপ্ত পরিমাণে তুলা ও পাট উৎপন্ন হয় তাহা হইলে বিদেশ হইতে ভারতে এই দুই জাতীয় মাল আমদানী বন্ধ হইবে। ইহার ফলে পাকিস্থান এক লক্ষ বিদেশে আর বাজারে পাইবেনা। তা যদি সে না পায়—তবে ইন্টারন্যাশনাল ক্রেডিট ফণ্ড হইতে পাকিস্থান যে টাকা দিবে না তাহা সেও পরিষ্কার বোঝা যায়।

ইহা দেখা গিয়াছে যে, ভারতকে বাদ দিলে, জাপানই একমাত্র বস্ত্রশিল্পোন্নত দেশ পাট ও তুলাজাত দ্রব্যাদির। অন্যান্য পণ্যের দাম বৃদ্ধির ফলে ভারতের বস্ত্রশিল্পের অবস্থার প্রভূত উন্নতি হইয়াছে। ইহা যদি হয়, তাহা হইলে এইসব টাচবাসি উৎপাদনের দিকেও ভারতের বিশেষভাবে মন দেওয়া আবশ্যক। এ কাজে কৃতকার্যতা লাভ করিবার জন্য ভারতসরকারের বিভিন্ন স্তরের মধ্যে সহযোগিতা স্থাপন করা ও সংযোগ রক্ষা করা একান্ত আবশ্যক। এবং পাট ও তুলা উৎপাদন বৃদ্ধি এবং সেই সঙ্গে তৈলবীজ উৎপাদনের দিকে বিশেষভাবে নজর দেওয়া প্রয়োজন। রপ্তানী বাণিজ্যের উন্নতি সাধন করিতে পারিলে দেশের ভবিষ্যৎ যে উজ্জ্বল হইয়া উঠিবে তাহা তো বলা বাহুল্য।

গ্ল্যাডষ্টোন লায়েল এণ্ড কোং লিঃ

৪৮ ক্লেয়ারসী রো, কোং, কলিকাতা

টেলিফোন : বড়বাজার ১৪৩১—১৪৩৯।

টেলিগ্রাম : বাট।

প্রিন্টার এক্সেক্টস্

বি লিটি আয়রন লিঃ

এলাহাবাদ এণ্ড ওয়ুধ এই এল কোং লিঃ

এল্ পার্কিন লিঃ

ইম্পোর্টার্স ও ইন্ডিকেটর্স

বঙ্গের যাবতীয় সরকার

শিল্পসংস্থার বিভাগীয় প্রধানি

অফি নির্মাণক

ষ্টীলস্ট্রাকচার

কি: কি, ই লোকো-মাস্টার কম্পেসার

ঘর্ষিন (বাস্থ)

ম্যানেজিং এজেন্টস্

কেস এণ্ড কেস্ লিঃ

(চিনি ও রম এক্সপোর্টার্স)

২১ টিকা ষ্ট্রাণ্ডিং, কোং লিঃ

কালকাটা পাকিং এণ্ড পিন্টিং কোং লিঃ।

(পাটচালক)

ইন্সিটিউশেন্স ও লয়েড্স এজেন্টস্

চিনি

আখ উৎপাদনের জন্য বিহারে যে পরিমাণ জমি ব্যবহার করা হইত এ বৎসর তাহা ১০ হইতে ১৫ ভাগ শতকরা বৃদ্ধি পাইয়াছে। কিন্তু চলতি বছরে আখ উৎপাদন আশানুরূপ ভাবে হইতে পারে নাই। গত বছর ৪ লক্ষ একর জমিতে আখ চাষ হয়। বর্তমান বিহারে শতকরা ৪ ভাগ জমিতে আখ চাষ হয় বলিয়া জানা গিয়াছে। এরূপ আশা করা যায় যে, এ বছর যতটা চিনি উৎপাদিত হইয়াছে, আগামী বছর তাহা হইতে কিছু বেশি পরিমাণ উৎপাদিত হইবে। বিহারে গত ৩০ লক্ষ মণ চিনি গত বছরে হইয়াছিল। ১৯৩৮-৩৯ সালে যে পরিমাণ চিনি এই অঞ্চলে হইয়াছিল উক্ত পরিমাণ তাহা হইতে শতকরা প্রায় ২০ ভাগ বেশি। বিহারই একমাত্র প্রদেশ, যেখানে চিনির উৎপাদন এবংসর বৃদ্ধি পাইয়াছে।

১৯৪৯ সালের ১লা অক্টোবর হইতে ১৯৫০ সালের ৩১শে জুলাই পর্যন্ত মোট ২ কোটি ৬৩ লক্ষ ৮০ হাজার মণ চিনি উৎপাদিত হইয়াছে। ইহার পূর্ববর্তী বৎসরে উৎপাদনের পরিমাণ ছিল ২ কোটি ৬১ লক্ষ ৩ হাজার মণ।

গুড়

ভারতের বিভিন্ন স্থানে গুড়ের বাজার স্থির আছে। তুলনা গুড়ের চাহিদা অন্যান্য বেশি এবং সাধারণ শ্রেণীর গুড় অপেক্ষা উন্নত ধরণের গুড়ের কেনা-বেচার কাজও খুব ভালোভাবেই চলিয়াছে। তুলনা গুড় উন্নত প্রকারের বাজারে আর অধিক নাই। তিলা গুড়ের পরিমাণও হ্রাস পাইয়াছে; কিন্তু তাহাতে কাহারও বিশেষ কিছু অসুবিধার হেতু নাই। কেননা এই জাতের গুড়ের চাহিদা খুব বেশী নহে। পাঞ্জাবের বাজার অপেক্ষাকৃত অধিক স্থির আছে। দীমাটে গুড়ের চাহিদা বেশী। এবং তুলনা অন্যের গুড়ই এখানে বেশি ব্যবহৃত হয়। কানপুরের বাজার কিছুটা মন্দা। কলিকাতার বাজারে গুড়ের তেমন চাহিদা আপাততঃ নাই।

চা

গত সপ্তাহে কলিকাতার বাজারে ২০ হাজার প্যাকেট চা বিক্রয়ের জন্য উপস্থিত করা হয়; এই চা বিক্রয়ে রপ্তানির অধিকারগণ বিক্রীত হয়। এই বাজারে প্রথম দিকে বিক্রয় বিশেষ সুবিধাজনক ভাবে হয় না, কিন্তু ক্রমশঃ বাজারের চাহিদা বাড়িতে থাকে এবং দরও ধীরে ধীরে উঠিতে শুরু করে।

এই বাসের মধ্যে ভারত সরকারের বাণিজ্য-প্রতিনিধি সেক্রেটারীর সিংহল যাইবার কথা ব্রিটেনের সহিত চা-বাণিজ্য বিষয়ে ভারত ও সিংহল যাহাতে যুক্ত নীতি অনুযায়ী চলে, সে বিষয় সিংহল সরকারের সহিত তিনি আলাপ আলোচনা করিবেন।

খাদ্যদ্রব্য

উহার প্রবেশের বাজারে খাদ্যদ্রব্যাদির দরে পর পর কয়েকে বিশেষ কোনো পরিবর্তন ঘটে নাই।

প্রবেশ হইতে ১ লক্ষ ৭০ হাজার টন চাউল আমদানির জন্য যে কথাবার্তা চলিতেছিল তাহা বাকি রাখিয়া হইয়াছে। ৪০ টাকা পাউণ্ড (ষ্টার্লিং) দরে প্রতি টন চাউল কেনা হইবে স্থির হইয়াছে।

ভারত সরকার এইরূপ স্থির করিয়াছেন, যে এই বছরের মধ্যে ৪০ লক্ষ টন খাদ্যশস্য বেশের অন্যত্র হইতে সংগ্রহ করা হইবে। এ পর্যন্ত ১৯ লক্ষ টন সংগৃহীত হইয়াছে। এবং আশা করা যাইতেছে যে, সিংহের মাসের মধ্যে ৪৭ লক্ষ টন সংগৃহীত হইবে। তাহা হইলে আরও ৭ লক্ষ টন সংগ্রহ করা বাকি থাকিবে। জানুয়ারী ও ফেব্রুয়ারী এই দুই মাসের মধ্যে এই ৭ লক্ষ টন সংগৃহীত হইবে বলিয়া আশা করা যাইতেছে। তাহা হইলে গবর্ণমেণ্টের ৪০ লক্ষ টন সংগ্রহ করা শেষ হইবে।

গবর্ণমেণ্ট যদি বিদেশ হইতে কয়লার ও পরিবহণ যোগাড় করিতে পারেন, তাহা হইলে তাহারা অন্তত কুড়িটি ফাটাইবার পথ খুলিয়া আরও কুড়িটি ফাটাইবার কাজে আত্মনিয়োগ করিবে। বিদেশ-প্রত্যাগত যাত্রীদের জন্য ব্যবস্থা করিবার জন্য তাহারা বন্দরসমূহের নিকট এখন আবেদন করিয়াছে, যাহাতে তাহারা উপযুক্ত ভাড়া দিয়া বিদেশে ফেরা করিবে বলিয়া আশা করা যায়।

---

১৬৮ পৃষ্ঠার পর।

বয় এই বর্ষাই ঘটেছে। বাংলার সমাজসেবা এর জন্য প্রস্তুতির কথা ভাবছিলেন আগে। ইতিপূর্বে এই ধরনের সমস্যা সমাধান করেছে সমাজসেবা। এবং এর ফলে বেহালের অনেক দুঃস্থ মেয়ের রোজী জুটেছে। উপায় সমস্যার সমাধান আজও বিশ্ব খাড়া রয়েছে বটে, কিন্তু তাদের কাজ এর দ্বারাই হয় হচ্ছিলো। উদাহরণ আমার ও আমার বন্ধুদিদিদের সম্বন্ধে। আমার সংসার বন্ধুদিদিদের সম্বন্ধে সমস্যা নীতি গ্রহণ করেছেন; কিন্তু সমাজকে যদি বাঁচাতে হয় তাহলে অবিলম্বে সমাজতন্ত্রের সম্বন্ধে সমস্ত নীতি পোষিয়ে ফেলা আবশ্যক। বেহালের স্বাধীনচিত্ত উদ্যোগকারী মেয়েরা এই সমস্ত বিপদের ভার বহু করিবার জন্য এগিয়ে এসেছেন। এখনো বহু মেয়ে তাদের কাজে যোগদান করিবার জন্য আবেদন করিয়াছেন। তাদের অবস্থা কাজের অভাবে ঘটেছে, এই উদ্যোগীদের জন্য কারখানার প্রতিষ্ঠার যোগাযোগ করা হচ্ছে। এরা সকলে উইমেন্স ই, অবলাবান্ধব দুর্গতির কথা ভাবে যে মন পড়িলো, তাঁহারা একদিকে মেয়েদের যে কোনো সাহায্য করিবেন। এইরূপ, কারিগর বাহির করিবে কে? আমাদের দেশে এই অভিনব কারিগর জন্য যে ধরনের সমাজ-ব্যবস্থার দরকার করিতে হইবে। এবং তাহাদের নিকট হইতে ইহার যোগাযোগ আদায় করিবার জন্য গবর্ণমেণ্টকে কড়ার ব্যবস্থা অবলম্বন করিতে হইবে।

নিয়মাবলী

• "আর্থিক ভারত" প্রতি বুধবার কলিকাতা হইতে প্রকাশিত হয়।

• মূল্য প্রতি সংখ্যা চারি আনা

• ভারত ও সিংহলের সর্বত্র সডাক বার্ষিক মূল্য দশ টাকা।

• ষাণ্মাসিক মূল্য পাঁচ টাকা।

বিজ্ঞাপনের হার ও নিয়মাবলীর জন্য "ম্যানেজার, বিজ্ঞাপন বিভাগ"

এবং

এজেন্সীর জন্য "ম্যানেজার, এজেন্সী বিভাগ" "আর্থিক ভারত" এবং কমার্শিয়াল বিল্ডিংস, ২৩, নেতাজী সুভাষ রোড, কলিকাতা।

এই ঠিকানায় পত্রালাপ করিতে হইবে

৩৮০৲, বাঙ্গালোর ৩৭৶, ইন্দোর ১৭৯৲, কানাডাবাদ ৩৪১৲, কিলিমঞ্জারো ৪৫৲, লাসলাটন ২০৮৲, মহেশ ৪৫৩৲, মেসো ১৭৩৲, ছাপরাল ২৮৯০, নর্মদা ৪২৲, নবীয়া ৮৭৲, সিরাজগঞ্জ ৫৭৬৶, প্রেসিডেন্সি ৭৬৲০, ইলফোরাবাদ ২১৬৲০, ইউনিয়ন ৮৩৲।

ইন্ডিগোমিয়ারি

কলসিয়েটোর টন ৬৶, ইণ্ডিগো কলায় ২৮৶, ভটন ইনকেট ৪ ৮৶, ফ্লোরেন্সিয়া ইন্ডিগোমিয়ারি ১৭৶ ইণ্ডিগো আবাদ ৩৪০০, ইণ্ডিয়ান টন আড আয়ার প্রভাটীন ৫৭০০, মেসো ৪৫ ফোর ১৭৬০, ফুমাকুনী ৭৬০, টন কলপাইলেন ২৯৬০।

চা বাগান

চৌলাখরা ১০৲০ ইস্টাভিয়া ১৯০০, মিট ফুলার ৪০৫৲, সিলিম ৩৬৬০, চেলমুড় ২৯৮০।

বিবিধ

সিঙ্গা সেটার পাইপ ৩৪০০, পার্সা কলপোরেশন ৫৬৶, পোর্সলেনী ৬৬০।

পশ্চিমবঙ্গে উদ্বাস্তু পুনর্বাসন

পশ্চিমবঙ্গ সরকার এ পর্যন্ত পূর্ব পাকিস্তান হইতে আগত ৪১ লক্ষ উদ্বাস্তুর পুনর্বাসনের ব্যবস্থা করিয়াছেন। এযাবৎ পশ্চিমবঙ্গে ২ লক্ষ ১৮ হাজার ৬ শত ৮টি পরিবারকে পুনর্বাসিত করা হইয়াছে। ইহাদের ১৩৩,৩৭৩টি কৃষি পরিবার।

পূর্ববঙ্গের উদ্বাস্তু দের পুনর্বসতিসম্বন্ধে সরকার নিম্নলিখিত পাঁচটি পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। (১) কৃষি ভিন্ন অন্য পরিকল্পনা অনুযায়ী সরকার জমি দখল করিয়াছেন এবং ইহার উপর কলোনী স্থাপনের ব্যবস্থা করা হইতেছে। (২) খাস জমির অধিকাংশের সহিত ব্যবস্থাদি করিয়া দেওয়া হইয়াছে। (৩) যে সমস্ত লোক পূর্ববঙ্গে চলিয়া গিয়াছে তাহাদের জমিতে তাহাদের সমবংশধরদের বসান হইয়াছে। (৪) সরকারী কর্মচারী বা সরকারের দ্বারা পরিচালিত সমিতির সহিত আপোষ-আলোচনার মাধ্যমে যে সব বন্দোবস্ত করা হইয়াছে তাহার উপর পুনঃপ্রতিষ্ঠা করা হইতেছে। (৫) বিভিন্ন বোর্ডগুলির সাহায্যে নানা ব্যবসায়ের পুনর্বসতির জন্য এক সরকার এক ব্যাপক পরিকল্পনা গ্রহণ করিয়াছেন।

ভারতে বসত বাটির সংখ্যা

১৯৫১ সালের লোকসমারীর জন্য ২৭টী রাজ্যের তথ্য যেরূপ সংগৃহীত হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। তাহাতে দেখা যায়, ছোট গ্রামাঞ্চলে বাটীর সংখ্যা মোট ৬ কোটী ৫০ লক্ষ হইবে বলিয়া অনুমান করা হইতেছে।

লোক গণনার কেন্দ্রীয় পরিচালক নিযুক্ত হইয়াছেন, এবং মেজিষ্ট্রেট কমিশনার ও কমিশনার কলিকাতা ইম্প্রুভমেণ্ট ট্রাষ্টের প্রয়োজনীয় সংখ্যক কর্মচারীগণ ১৮ জন সুপারিন্টেণ্ডেণ্ট নিযুক্ত করা হইয়াছে।

এই সমস্ত কর্মচারী ও কর্মীর দ্বারা আগামী মেসীর দ্বারা ৯৫ লক্ষ লোক গণনা করা হইবে।

বিশ্ববিদ্যালয়ে সাংবাদিকতা

কলিকাতা বিশ্ববিদ্যালয় এই বর্ষ হইতে সাংবাদিকতায় ডিপ্লোমা কোর্স খোলার সিদ্ধান্ত করিয়াছেন।

বিশ্ববিদ্যালয় কর্তৃক নিযুক্ত টাস্ক কমিটির এক বৈঠক সম্প্রতি আশুতোষ মিউজিয়াম অব কমার্সের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এই বৈঠকে স্থির হইয়াছে যে, পরীক্ষায় ৩০ জন প্রার্থীকে সাময়িকভাবে গ্রহণ করা হইবে এবং উপযুক্ত সংখ্যক প্রার্থী পাওয়া গেলে ক্লাস আরম্ভ হইবে।

ইতিমধ্যে ডক্টর রায় চৌধুরী কমিটির সেক্রেটারী নিযুক্ত হইয়াছেন।

পাকিস্থানে বিদেশী মূলধন নিয়োগ

বৃটিশ শিল্প-বিশেষজ্ঞ এই সপ্তাহের প্রথম ভাগে পাকিস্থান সফর করেন। আশা করিতেছেন যে, করাচীর বিদেশীয় বাণিজ্য দূতাবাসে পাকিস্থানে বিদেশী মূলধন নিয়োগের যথেষ্ট সম্ভাবনা দেখা যাইবে।

পাকিস্থান সরকার আমন্ত্রণক্রমে বিদেশ হইতে ফেব্রুয়ারী ও মার্চে পূর্ব ও পশ্চিম পাকিস্থানে তিন সপ্তাহ করিয়া ভ্রমণ করেন।

পাকিস্থানের তৈল খনির ইজারা

পাকিস্থান সরকারের পাকিস্থানের তৈল খনি হইতে তৈল নিষ্কাশনের সুবিধা প্রদানের জন্য আহ্বান করা হইয়াছে। আজ নিউইয়র্কে পাকিস্থানের মুখপাত্র হইতে বলা হইয়াছে যে, পাকিস্থান সরকার দেশের তৈল সম্পদ উন্নয়নকল্পে অধিক সংখ্যক সংস্থাকে আমন্ত্রণ করিতে পারেন বলিয়া আশা করেন। যুক্তরাষ্ট্রের বহু পাকিস্থানের পশ্চাৎ তৈল সম্পদ আছে। ঘোষণায় বলা হইয়াছে যে পাকিস্থানী বা বিদেশী ব্যক্তিবর্গ এই বিষয়ে আগ্রহশীল হইলে তাহারা যেন পাকিস্থানের নিম্ন লিখিত যে এলাকায় কার্য করিতে চাহে তাহা উল্লেখ করিয়া আবেদন করেন। আইনেলাভ ব্যক্তিদের ৩০ বৎসর পর্যন্ত তৈল-খনির ইজারা দেওয়া হইবে।

গৃহস্থালী দ্রব্যাদি লওয়া

সন ১৩৫০ সালে প্রথা-সম্মত এবং নিম্নে বর্ণিত শর্তাধীনে নিম্নে পূর্ণ ও অসম্পূর্ণ পরিবার, আশ্রম ও বিদ্যালয় হইতে যাত্রীগণের গৃহ নির্মাণ ও প্রবিধান জন্য নিম্নরূপ ব্যবস্থা করা হইতেছে :—

এই সকল যাত্রীগণের উপযুক্ত সঙ্গে আসবাব সম্পত্তি ও গৃহস্থালীর দ্রব্যাদি আনিতে পারিবেন। আসবাব সম্পত্তির মধ্যে ব্যক্তিগত ব্যবহারাদি অন্তর্ভুক্ত হইয়াছে। ইহা ব্যতীত যাত্রীগণকে পূর্বে যে মোকর টাকা ও অন্যান্য সব যাত্রীগণী পাঠাইতে টাকা সঙ্গে আনিতে পারিবেন।

পশ্চিমবঙ্গ, আসাম ও পূর্বাঞ্চলের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং বিদেশের চীফ-অফিসার-গণের নিকট অনুরোধ করা যাইতেছে যে, উপরিউক্ত শর্তাধীনে যাত্রীগণের গৃহাদি স্থান করিতে স্থানান্তরে লইয়া যাইতে দিবেন।

(৩) প্রতিটি পরিবারের জন্য এক শত পঞ্চাশ এবং অসম্পূর্ণ পরিবারের জন্য পাঁচ শত পঞ্চাশ এবং প্রতি পরিবারের জন্য চারশত এক পঞ্চাশ বস্তাদি সঙ্গে আনা চলিবে।

(৪) প্রতিটি পরিবারের জন্য একটি করিয়া মোটর ভ্যান, মোটর লাইসেন্স, মোটর গাড়ি, ট্রেসর ভ্যান; রেফ্রিজারেটর, ইলেক্ট্রিক ফ্যান, রাইসকুকার, সেলাইকল, চাইনাসেটার, সকলপ্রকার বাসনপত্র এবং বাসনাদির মূল্য অনুযায়ী বস্ত্র এবং অন্যান্য উপকরণাদি। ঔষধ—ডাক্তারের সার্টিফিকেটের ভিত্তি, ইঞ্জিনের আইল-পুস্তক প্রভৃতি সঙ্গে আনা চলিবে।

নিম্নলিখিত দ্রব্যাদি সঙ্গে সঙ্গে আনা চলিবে না; যথা—(১) প্রাপ্তবয়স্কদের জন্য মোট পঞ্চ টাকার অধিক ও অপ্রাপ্তবয়স্কদের জন্য পাঁচশত টাকা অধিক ভারতীয় মুদ্রা। (২) সিগ্নি, (৩) যে সকল মুদ্রা বাজারে চলে; (৪) সোনার ঠেঁট অথবা যে কোন মূল্যবান ধাতু; (৫) পরিধান শিল্প ব্যতীত অধিক বস্ত্রাদি পত্র; (৬) লাইসেন্স ব্যতীত অস্ত্র ও গোলা; (৭) ডাকের দ্বারা আমদানীযোগ্য দ্রব্য-সম্ভার; (৮) যেকোন সংখ্যক প্রেসক্রিপশন; (৯) মাদকদ্রব্য পরিপাটিত পাদুকাদি; (১০) ঘড়ি, ক্লাব ও মাদকিয়; (১১) এক্সপোর্ট আমদানিকারক বিনা; নিষিদ্ধ-তালিকা ভুক্ত দ্রব্যাদি ও (১২) বিস্ফোরক দ্রব্য।

ডুপ্লিকেট ছুটী থাকা অনুযায়ী উপরে বর্ণিত দ্রব্যাদি সঙ্গে আনার জন্য কোনপ্রকার বাধা সৃষ্টি করা হইবে না।

যাত্রীগণের যাবতীয় ব্যাগেজ ক্যাটেল্স্ ক্লিয়ার অফিসে প্রস্তুত করিতে হইবে এবং যাত্রীগণ বলিয়া ঘোষণা করিতে হইবে। কাস্টমস্ ঐ সকল সুবিধা হইতে বঞ্চিত হইবেন।

সোনার বাজার

উন্নত অবস্থা অব্যাহত

কলিকাতা, পরিবার, বম্বে সেন্ট্রেল—এই তিনটি বাজারে যে উন্নতি লক্ষ্য করা গিয়াছিল, তাহা এই সপ্তাহেও অব্যাহত থাকে। বিশেষজ্ঞদের পাকিস্তান সোনার চাহিদা সম্প্রতি বৃদ্ধি পাইয়াছে। বম্বেতে সোনার দর বৃদ্ধি পাইতে থাকে। বর্তমানে ২৮০৲ টাকা পর্যন্ত উঠে, অবশ্যকের দর হয় ২৭৯৲, আগের-উঠিতা ৩১৩৲ টাকা পর্যন্ত উঠে। বিশেষ করিয়া বম্বেতের কথা বলা যায়, এই সোনার দর ঘরে ঘরে উঠিয়া ৮০৫৲ টাকা পর্যন্ত হয়। পাকিস্তানে, ব্যবসায়ী বিশেষজ্ঞ ইয়াহি দর সোনাই কিছু-না-কিছু উন্নতি করিয়াছে।

বর্তমানে সোনার বর্তমান বিশেষজ্ঞদের উক্তি অনে—ইহার দর ১৮০৲ আনার নিচায়। বেশন ৪৪০৲ টাকা করে ১৪৫৫৲ হয়।

ইউনিভার্সিটি বিভাগে ইতিমধ্যে আগের ন ঈদ অনুষ্ঠানদের সোনার প্রতি বাজারে বিশেষ দৃষ্টি দেখা যায়।

বিভিন্ন বিভাগে আংশিকে ব্রাজার ৩০৲ আনা দরে কারবারের করে। এইরূপ অবস্থিতির কারণে, এই দেশের অধিকের এক বাজারে চাহিদা দেখা যায় বিশেষ করে।

ইহার পরবর্তী দিনের বাজারের অবস্থা একইরূপ থাকে। পাঁচ বিভাগীয় অনেকটি বাহাই করা সোনারের দোকান-কোথাও বাজার। এবং কাটিক-বাজারে বিশেষ তাবে বর্ধিতপরিবর্তন দেখা যায়। পাঁচ বিভাগীয় যে কয়টি বাহাই করা সোনারের প্রতি সকলের দৃষ্টি আকৃষ্ট হয়, তাহার মধ্যেরে : রাংগেন-উঠিতা, বিভিন্ন, হয়েক, বা পাকাটিন, বাসী ও অবকর।

কলাকিত যে বিশেষ পরিবর্তন হইয়া। দেশের দর ৩১৫৲ টাকায় বসে এবং পাঁচতর্ক ২৯৮৲ আনা দরে কাজ কারবার করে।

ইতিমধ্যে বিভাগে উঠিতা আগরতলা সোনারের প্রতি বাজারের বিশেষ দৃষ্টি দেখা যায়। ইহার দর এক সময়ে ৩৮৲ টাকা পর্যন্ত ওঠে, কিন্তু বাজার অবশ্য সময় এই দর হয় ৩৮৯/০। ঈদ অনুষ্ঠানের ২৯৯/০ দর হয়। এই বিভাগে অন্যান্য সোনারের দরে বা অবস্থানের বিশেষ কোনো পরিবর্তন ঘটেনা।

বিভিন্ন বিভাগীয় সোনারের মধ্যে আহমেদা ব্রাহ্মণ ৩৯৲ আনা দরে বিক্রয় হয়। বাকি কোনের দর সামান্য হ্রাস পায়। আলমডাঙা ইত্যে ৩১৮৲ আনা দরে স্থির থাকে।

ইহার পরবর্তী দিনের বাজারের অবস্থা অনুরূপই লক্ষিত হয়। কলা-বিভাগে এই দিন বিশেষ কারবার চাহিদা দেখা যায়। আগরতলা ই.ই.ই ৩১৯৲ আনা দরে দরে বিক্রয় হয় এবং বাকির ক্ষেত্রে ৩৪৮৲ আনায়।

পাঁচটি সোনারের দরের স্থির থাকে; দরে বিশেষ কোনো পরিবর্তন দেখা যায় না। আগরতলা ইতিমধ্যে ৩৯৲ টাকা পর্যন্ত ওঠে। অবশ্য ৩৮৲ টাকা চাঁদপাড়ী ৩১৯৲ হয়। ইউনিভার্সিটি বিভাগে ইতিমধ্যে আগের দিন বিশেষভাবে চেষ্টা, অতিরিক্ত চাহিদা এবং বেসাতি বাজার বুঝিয়া চাঁদাবার কারণ ইহার দর বিশেষভাবে বৃদ্ধি পায় এবং কেনা বেচার কারবার হয় বেশি।

বিভিন্ন বিভাগে বিশেষ কোনো পরিবর্তন ঘটিলনা। আগরতলা ব্রাহ্মণ ৩৮৲ ও বি আই কলোনেশনের ৩৮৲ আনায় হয়। বাকির কোন হয় ৩৮৲ টাকা পর্যন্ত দরে কারবারের করে। ইতিমধ্যে ঈদ অনুষ্ঠানের ৩৮৲ আনা পর্যন্ত ওঠে।

ইহার পরবর্তী কারবারের সোনার বাজার অপরিবর্তিতই থাকিয়া যায়। বাজারের বিশেষ দৃষ্টি এইরূপ সঙ্গে কয়েকটিতাদের সোনারের প্রতি। পাঁচটি সোনারের বিশেষ কোনো পরিবর্তন ঘটেনা। কলা বিভাগীয় সোনারে কয়েকটি বাহাই করা সোনারের প্রতি বাজারের দৃষ্টি ছিল।

ইতিমধ্যে বিভাগে ইতিমধ্যে আগরতলা অতিরিক্ত চাহিদার জন্য ৩৮৲ আনায় ওঠে এবং বাজার বন্ধের সময় এই দর হয় ৩৮৯/০।

সপ্তাহের শেষ দিনের বাজারে ক্রেতার সংখ্যা বৃদ্ধি হওয়ায় সোনারের মূল্য কিছু বৃদ্ধি পায়। আগরতলা ৩৮৲ এবং ইতিমধ্যে আগে আগে ঈদ ৩৮৲ আনা দেখা যায়।

বাজারের হালচাল

(বাজার বন্ধকালীন দর)

সরকারী কাগজপত্র

৩½ সুদের ১৯৬৫, ৩½ সুদের (১৯৬৬) ৯৯৯/৯, ৩½ সুদের (১৯৫৮-৫৯) ৯৯৬/০, ৩½ সুদের (১৯৫৭) ৯০১৮/০, ৩½ সুদের (১৯৫৯-৫৩) ১০৪ ০, ৩½ সুদের (১৯৬১-৬৮) ৯৯৬/০।

ব্যাঙ্ক

বিশ্বভারত ব্যাঙ্কিং ২১১০, ইন্ডিয়ান (পুরা আমানী) ১৯৫০।

কাপড়ের কল

বাসন্তী ৮৫/, বেঙ্গল-ন্যাশনাল ১৯৲, ঐ প্রেফারেন্স ১৪১৲, ভিক্টোরিয়া ৩৪৮ ১৫০৲।

অন্যান্য খনি

আসাম-লখমেট ৩৩০, আসাম কোলিয়ারী ৭৲, বোকারো ৫৮৲, বরাকর ১১৯, ইন্ডেন্ট ইন্ডিয়া ৫/০, ইষ্ট-ইন্ডিয়ান ৪২৲, ঐ প্রেফা ৭০, কুলারাম ফ্রী ৪৮৲, সিঙ্গী বীরভূম ১৮৯/০, স্যাবনিয়া ৩৬/০, সাউথ ওয়েস্ট পুরা ২১৯০, ওয়েস্টার্ন বেঙ্গল ৪৯০।

পাইকল

আল-পাল্লা ১৭৮০, আসাম ইন্ডিয়া ৩৩৲, আসোসিয়েটেড ১৭৫৲, বার্ণ ৪৮৲, বেঙ্গল-আয়রন ৩৩৯৲, বেঙ্গল ২৪৫৲, ব্রাডলী ২৯৯৲, ব্রেকো ২৭৫৲ ৭৭৫৲, ব্রিটানিয়া ৩৮৯/০, ইন্ডিয়ান ২৯৫৲, মারেল

এক-ছিক্ষে বিক্রি: এক মাইনিং এন্ড্রুজ এণ্ড, বিজ্ঞানপুর ষ্ট্রীট কলিকাতা ৯ হইতে শ্রীজগদীশ অন্যোপাধ্যায় বি এল কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও আর্থিক জগৎ লিঃ এর পক্ষে এবং জগদীশ প্রিন্টিং, ২৭৮, বেন্টাঙ্গী সুভাষ রোড, কলিকাতা—৩ হইতে প্রকাশিত। মুদ্রণ সম্পাদক :— শ্রীঅবনীভূষণ মল্লিক।

REGD. No. C. 3105

আর্থিক ভারত

ARTHIK BHARAT

অর্থনৈতিক সাপ্তাহিক

৩য় বর্ষ ২২শ সংখ্যা | কলিকাতা, বুধবার ২১শে ভাদ্র ১৩৪৭ : ১৩ই সেপ্টেম্বর ১৯৪০ | মূল্য ১০

সূচী

বিষয়	পৃষ্ঠা
সম্পাদকীয়	১৭৩
চোরাকারবার ও বিশেষ আইন	
প্রাসঙ্গিক	১৭৫
কংগ্রেসের নূতন সভাপতি	
কয়লার বদলে চাউল	
আবার দুর্ঘটনা	
চিনির চালান	
পণ্যাগ্রহের বাজার	১৭৭
মুদ্রাস্ফীতি হ্রাসে বস্তানি বাণিজ্য বৃদ্ধি	
গুড়	
খাদ্যশস্য	
চিনির উৎপাদন বৃদ্ধির জন্য কড়া নিয়ন্ত্রণ ব্যবস্থা	
সংবাদ সংকলন	
শেয়ার বাজার	
পাকিস্থানী মুদ্রার দর ও বাজারে অনিশ্চিততা	

চোরাকারবার ও বিশেষ আইন

মুনাফা শিকারীদের জন্য ভারত-সরকারকে অবশেষে অর্ডিনান্স জারী করিতে হইল। ইহাদের অর্ডিনান্সের স্রোত এতই প্রবল ও দুরন্ত, এতই অস্বাভাবিক ও অসামাজিক, যে সভ্যসমাজের জন্য প্রচলিত সাধারণ আইনের দ্বারা ইহাদের আয়ত্তে আনয়ন করা অসম্ভব। সুতরাং এই বিশেষ আইন জারী করিতে ভারত-সরকার বাধ্য হইলেন।

কোরিয়াতে যুদ্ধ বাধিয়াছে, এই সংবাদে ভারতের [illegible] ভারতের বাজার হইতে বিদ্যুৎপ্রয়োজনীয় দ্রব্যাদি নিমেষের মধ্যে উধাও হইয়া গেল। যে সব দ্রব্য বাজারে রহিল, তাহার দাম দু'গুণ বা তিনগুণ বৃদ্ধি পাইল। ইহার দ্বারাই কারবারীদের অতি লোভ ও অতি লাভের মনোভাব স্পষ্ট প্রকাশিত হইয়া যায়। যুদ্ধের সংবাদের সঙ্গে সঙ্গে জিনিসপত্র তো উবিয়া যাইতে পারে না, নিমেষের মধ্যে তাহার অনটনও আরম্ভ হইতে পারে না। এইসব দ্রব্য লুকাইয়া রাখিয়া ইহার কৃত্রিম দুর্ভিক্ষ সৃষ্টি করিয়া উচ্চমাত্র দাম আদায় করিবার জন্যই ব্যবসায়ীগণ এইরূপ করিয়াছিলেন। সরকারী যে বিধিব্যবস্থা আছে, তাহাতে এইরূপ মুনাফাশিকারের যাবতীয় ছিদ্র বন্ধ করা যায় নাই। ভারতীয় পার্লামেন্টেও ইহা লইয়া খুবই আলোচনা হইয়াছে। পার্লামেন্টের সদস্যগণ দেশবাসীর প্রতিনিধিরূপে এইরূপ দাবি জানান যে, ব্যবসায়ীদের এই মনোবৃত্তি দমন করিতে হইবে এবং জনসাধারণ যাহাতে ন্যায্য মূল্যে জিনিসপত্রাদি পাইতে পারে তাহার যথোপযুক্ত ব্যবস্থা করিতে হইবে। গত মাসে দিল্লীতে বিভিন্ন রাজ্যের মূল্য মন্ত্রীদের যে বৈঠক হয়, তাহাতেও এইরূপ দাবি জ্ঞাপন করা হইয়া থাকে।

এই অর্ডিনান্স জারী করিয়া ভারত-সরকারের শিল্প ও সরবরাহ দপ্তর হইতে যে ইস্তাহার প্রচারিত হইয়াছে তাহাতে জানা যায় যে, মূল্য মন্ত্রীদের সমর্থন ও প্রস্তাব অনুসারেই এই অর্ডিনান্স

বস্তুতপক্ষে জারী হইয়াছে। এই অর্ডিনান্স দ্বারা ভারত সরকার কয়েকটি বিশেষ ক্ষমতা গ্রহণে প্রবৃত্ত হইয়াছেন। এই ক্ষমতার বলে ভারতসরকার প্রয়োজনীয় দ্রব্যাদির দর বাঁধিয়া দিতে পারিবেন, কোন দ্রব্য কতটা পরিমাণ মজুত করা চলিবে তাহা নির্দ্ধারণ করিয়া দিতে পারিবেন, একটি জেলার নিকট একটি দ্রব্য কতটা পরিমাণ বিক্রয় করা চলিবে তাহারও নির্দ্দেশ দিতে পারিবেন। কোন দোকানদারের নিকট কোন পণ্য কতটা পরিমাণ মজুত আছে, তাহা তাহাকে প্রকাশ্য স্থানে লিখিয়া রাখে তাহার ব্যবস্থা করিবার জন্যও ভারতসরকার যথোপযুক্ত নির্দ্দেশ দান করিতে পারিবেন।

ইহা গেল অর্ডিনান্সের একটি দিক। আর একটি দিক হইতেছে ভারত সরকারের এই নির্দ্দেশ কেহ যদি অমান্য করে তাহা হইলে তাহার সাজার ব্যবস্থা। নির্দ্দেশ যাহারা পালন না করিবে তাহাদের তাহাদের, অর্থদণ্ড, অথবা উভয়বিধ দণ্ডদানের ব্যবস্থাও এই অর্ডিনান্স দ্বারা করা হইয়াছে। সাধারণ আইনের দ্বারা যে বিচার হয়, তাহাতে অনেক সময় লাগিয়া যায়; কিন্তু এই অর্ডিনান্সের আওতায় কোন অপরাধীর বিচারে যাহাতে অধিক সময় না লাগে, শীঘ্র সম্ভব বিচার সমাপ্ত হইতে পারে তাহার ব্যবস্থাও এই বিশেষ আইনের দ্বারা করা হইয়াছে। মোট কথা এই যে, মুনাফা-শিকারীদের এই হীন কাজ বন্ধ করিবার জন্য আইনের দ্বারা যাহা কিছু করণীয় তাহার বিশেষ কোনো ত্রুটি হয় নাই। এই অর্ডিনান্স অতি দ্রুত সহকারেই রচনা করা হইয়াছে, এবং ইহার উদ্দেশ্যও ভালো। জনসাধারণের ও দেশের কষ্ট যাহাতে সাধিত হইতে না পারে, যাহাতে দেশের লোক নিশ্চিন্তভাবে স্বাধীন ভাবে তাহার আবশ্যকীয় দ্রব্যাদি পাইতে পারে, গভর্ণমেণ্ট তাহার ব্যবস্থা করিবার যথাসাধ্য চেষ্টা করিয়াছেন। এবং এই অর্ডিনান্স চোরাকারবারের পথ বন্ধ করিবার জন্য আন্তরিক চেষ্টার ত্রুটি করেন নাই। কোন্ কোন্ পথে কি কি ভাবে চোরাকারবারীগণ মুনাফা-শিকার করিয়া থাকে, গভর্ণমেণ্ট কয়েক বৎসরের অভিজ্ঞতায় তাহা জানিতে পারিয়াছেন। তাঁহাদের জ্ঞাত সেই সব পথ বন্ধ করিবার জন্য তাঁহারা সচেষ্ট তাই এই বিশেষ আইন রচনা করিলেন কিন্তু তাঁহারা মুনাফা শিকারে অভ্যস্ত, তাহারা যে নূতন এক অভিনব পথ আবিষ্কার করিবে না, তাহার নিশ্চয়তা কি। তস্করের প্রবেশ পথ বন্ধ করিয়া দিলেও তাহারা সিঁধ কাটিয়া থাকে। তাহাদের হাত হইতে সিঁধ কাটি ছিনাইয়া লইবার কোনো ব্যবস্থা হইয়াছে কিনা তাহাই আমাদের জিজ্ঞাস্য?

আইন রচনা করা সহজ, কিন্তু সেই আইন নিয়মিত ভাবে পালিত হইতেছে কিনা তাহা বিচার করিয়া দেখা কঠিন কাজ। ইতিপূর্বে আমরা গভর্ণমেণ্টের আন্তরিক অভিপ্রায় ব্যর্থ হইতে দেখিয়াছি। কাগজে পত্রে যে বিধান বিধিবদ্ধ হইল, তাহা ঠিক মত ও নিরপেক্ষভাবে প্রয়োগ করা অনেক ক্ষেত্রে হয় নাই। এই অর্ডিনান্স সর্বক্ষেত্রে সমান ভাবে যাহাতে প্রয়োগ করা হয় তাহার জন্য গভর্ণমেণ্ট কোনো বিশেষ ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা, তাহা আমরা জানিনা। যাহাদের দ্বারা এই আইন প্রযুক্ত হইবে, মুনাফাশিকারীরা প্রভূত অর্থের দ্বারা যদি তাহাদেরই ক্রয় করিয়া বসে এবং তাহাদের বশীভূত করিয়া লয় তাহা হইলে অর্ডিনান্সের পথ রহিল কোথায়?

আমাদের এ আশঙ্কা অমূলক নয়। বিশেষ আইন ছাড়াও সামান্য যে আইন বহাল রহিয়াছে, তাহাই যদি যথোপযুক্ত ভাবে প্রয়োগ করা হইত তাহা হইলেই জনসাধারণ অস্তির হাত হইতে বাঁচিতে পারিত। প্রসঙ্গত আমরা কলিকাতার খাটালের কথা বলিব। ঘনবসতিপূর্ণ স্থানে গরু-মহিষের খাটাল খোলা বেআইনী। কিন্তু নিয়মানুযায়ি এ আইন জারী করা হইতেছে। কিছুদিন পূর্বে কলিকাতার পুলিশ কমিশনারের এক বিজ্ঞপ্তি প্রকাশিত হইয়াছিল যে, কলিকাতার খাটাল উচ্ছেদ করিবার জন্য ব্যবস্থা অবলম্বিত হইতেছে। কলিকাতার এলাকা ভাগ করিয়া জানানো হইয়াছিল, প্রথমে এই এই অঞ্চলে তাহার পরে খাটাল উচ্ছেদ করা হইবে। কিন্তু কি কারণে জানিনা তাহার কোনো ব্যবস্থা এ পর্যন্ত হয় নাই।

ঠিক এইরূপ ভাবে যদি অর্ডিনান্সের বিধানাবলী পালিত হয়, তাহা হইলে জনসাধারণ যে তিমিরে সেই তিমিরেই রহিয়া যাইবে। আমরা তাই ভারত সরকারের ও পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি এদিকে আকর্ষণ করিতেছি। যাহারা দেশের লোকের প্রতিনিধিরূপে মন্ত্রি সভায় বা কেন্দ্রীয় বা রাজ্যের লোকসভায় রহিয়াছেন, তাহারা যেন এদিকে সজাগ দৃষ্টি রাখেন। কোনো-একজন কর্মচারীর পক্ষিলতির ফলে অগণিত জনসাধারণকে যাহাতে অশেষ অসুবিধায় পড়িতে না হয়, তাহার প্রতি সজাগ দৃষ্টি তাহাদের রাখা কর্তব্য।

জনসাধারণেরও এ বিষয় করণীয় আছে। এই কাজে গভর্ণমেণ্টের সহিত তাহাদের সহযোগিতা করিতে হইবে। কোনো সরকারী কর্মচারীর কার্যে শৈথিল্য দেখিয়া তাহারা যেন গভর্ণমেণ্টের উপর রাগিয়া না বসিয়া থাকেন। এই অর্ডিনান্স জারী করিয়া গভর্ণমেণ্ট প্রকারান্তরে তাহার অভিপ্রায় ব্যক্ত করিয়াছে। এখন উহার প্রয়োগে শৃঙ্খলা ও নিরপেক্ষতা লইয়া কথা। যদি কোনো ক্ষেত্রে উহার অপপ্রয়োগ ঘটে, তাহা হইলে সরাসরি তাহা গভর্ণমেণ্টের গোচরে আনয়ন করিতে হইবে। আমরা আশাকরি দেশের যাবতীয় সংবাদ পত্র উহার জন্য জনসাধারণের সহিত সহযোগিতা করিবেন। কোনোরূপ অন্যায় বা অন্যায়ের সংবাদ তাহারা পরিবেশন করিতে দ্বিধা করিবেন না। এইরূপ করিলেই এই অর্ডিনান্সকে সফল করিয়া তোলা অধিকতর সহজ হইবে। আসামে জনসভায় বক্তৃতা দান কালেও পণ্ডিত নেহরু মুনাফা শিকারীদের দমন করিবার মূলমন্ত্র জ্ঞাপন করিয়াছেন।

প্রাসঙ্গিক

কংগ্রেসের নূতন সভাপতি

উত্তর প্রদেশের কংগ্রেস নেতা শ্রীপুরুষোত্তমদাস ট্যাণ্ডন নাসিক কংগ্রেসের সভাপতি নির্বাচিত হইয়াছেন। কংগ্রেসের পঞ্চাশী বছরের জীবনে ইহার সভাপতিপদের জন্য প্রতিদ্বন্দ্বিতা হইয়াছে মাত্র তিনবার। প্রথমবার হয় ১৯৩৯ সালে সুভাষচন্দ্র ও ডাঃ পট্টভি সীতারামাইয়ার মধ্যে। সেবারের প্রতিযোগিতা ছিল খুব তীব্র এবং সুভাষ তাহাতে জয়ী হন। পরবর্তী সীতারামাইয়ার ও শ্রীযুত ট্যাণ্ডনের মধ্যে প্রতিদ্বন্দ্বিতায় ট্যাণ্ডন পরাজিত হন। এবার আচার্য কৃপালনীকে বহু ভোটে শ্রীযুত ট্যাণ্ডন পরাজিত করিতে সক্ষম হইয়াছেন। শ্রীযুত ট্যাণ্ডন গবর্নমেণ্টের সমালোচক এবং উহাদের কর্মপদ্ধতির বিরোধী। তাঁহার জয়ে কোন মহলের উল্লসিত হইবার ইহাই কারণ। শ্রীযুত ট্যাণ্ডন সাম্প্রদায়িক মনোবৃত্তি হইতে সম্পূর্ণ মুক্ত নন, ইহা অবশ্যই লোকমুখে শোনা যায়। তাই, তাঁহার জয়ে প্রতিক্রিয়াশীলেরা কিছিৎ বেশি আনন্দিত হইয়া থাকিবেন। তাঁহার প্রথম-প্রকাশের উক্তি হইতে ইহার আভাস পাওয়া গিয়াছে। শ্রীযুত ট্যাণ্ডন নির্বাচনের ফলাফল জানিবার পর তাহাঁ বলিয়াছেন, তাহা হইলে মহল মাঃ জয়ী। তিনি বলিয়াছেন, তিনি কংগ্রেসকে থামিয়া চলিতে দেন, অর্থাৎ কংগ্রেসের নীতি পরিবর্তন করিবেন না। এই উক্তি শুনিয়া প্রতিক্রিয়াশীলেরা হতাশ হইতে পারেন; কিন্তু আমরা ইহাতে আশ্বস্ত হইয়াছি। বহু বৎসর ধরিয়া তিনি কংগ্রেসের সহিত সম্পর্কে আছেন, ইহার নীতি ও নিয়ম সম্বন্ধে তিনি সচেতন। বর্তমানে তাঁহার বয়স ৬৮; এই বয়সের মধ্যে যে অর্থোত্তরের পরিচয় পাওয়া যায় তাহাতে কংগ্রেস সজীব হইয়া উঠিবারই অবকাশ পাইবে বলিয়া আমাদের ধারণা।

কয়লার বদলে চাউল

আসামে প্রবল ভূমিকম্পের পর যে অবস্থা হয় তাহা বর্ণনাতীত। বৃহদাকার হইয়া বহুলোক খাদ্যের অভাবে পড়ে। শতাধিকও অধিক মৃত হয়। ইহার পর পূর্ববঙ্গ সরকার আসামের আর্তত্রাণের জন্য ১০ হাজার মণ চাউল দান করিবার প্রস্তাব করেন এবং যে চাউল আসাম সীমান্ত পর্যন্ত পৌঁছিয়া দেওয়াও হয়। তাহার পরে খবর পাওয়া গেল যে, দেশবাসীর এই দুঃখে দুঃখিত সাহায্য করিবার জন্য ভারত ও পাকিস্তানের মধ্যে সাময়িক এক বিনিময় চুক্তির ব্যবস্থা প্রবর্তিত হইয়াছে। উভয় দেশের টাকার দাম সমান হইয়া একদেশ অবাধভাবে ব্যবসায় চালাইতে পারিবেন। আর কয়েকদিনের মধ্যেই আন্তর্জাতিক বন্দর-কর্তাদের অধিবেশন বসিবে। ইহাতে পাকিস্তানী চাউলের এই দুই রাষ্ট্রের মধ্যে সহজে ও স্বাভাবিকভাবে ব্যবসায় চালিয়া চলিতে পারিবেন।

১৭৭৪ সালের সামান্য শুরু থেকে আজকের দিন পর্যন্ত মার্টিন বার্ন লিমিটেড প্রতিষ্ঠানের সুপরিকল্পিত অগ্রগমন এক হিসেবে ভারতীয় শিল্প-প্রগতির ইতিহাস। মনোরম স্মৃতিসৌধ, আধুনিক ধরনের অফিস ও বাসভবন নির্মাণ, এই বিরাট শিল্পোদ্যোগের অতি সামান্য অংশমাত্র। এই প্রতিষ্ঠান লোহ, ইস্পাত, সিমেণ্ট উৎপাদন করে আর এরাই এশিয়ার বৃহত্তম ও অতি-আধুনিক যান্ত্রিক ব্যবস্থাসম্পন্ন ঢালাই কারখানার অধিকারী। এই প্রতিষ্ঠান তৈরি করে জাহাজ ও সেতু, পরিচালনা করে বৈদ্যুতিক শক্তি সরবরাহ কেন্দ্র ও লাইট রেল, তৈরি করে মালগাড়ি। সুয়েজের পূর্বাঞ্চলে স্টীয়র তৈরির সর্ববৃহৎ কারখানাও এই প্রতিষ্ঠানেরই। কাঁচের ও চীনামাটির জিনিস, রেল লাইন, পাইপ ও ফিটিং, জল, গ্যাস ও ময়লা নিষ্কাশনের কাজে ব্যবহৃত ঢালাই লোহার পাইপ—এক কথায় যান্ত্রিক শিল্পায়নের বিস্তৃত ক্ষেত্রে এই প্রতিষ্ঠানের কর্মোদ্যোগ ছড়ানো। সামান্য পেরেক থেকে মাল গাড়ি, বাসগৃহ বা অফিস তৈরির সাজসরঞ্জাম (নকশা সমেত) এক গ্যালন রঙ অথবা ভারি ক্রেতা—এক কথায় যান্ত্রিক শিল্পায়নের পর্যায়ভুক্ত যে কোনো জিনিসের প্রয়োজন হলেই নিচের ঠিকানায় খোঁজ করুন।..

১২, মিশন রো, কলিকাতা—১।

মূল্য নির্দ্ধারিত হইবে বলিয়া আশা করা যায়। কিন্তু যতক্ষণ এই মূল্য বিঘোষিত না হইতেছে, ততক্ষণ আপিং ফেরৎ-দেন হারে কাজ-কারবার করার অসুবিধা আছে। এই অসুবিধার কথা বিবেচনা করিয়া ভারত ও পাকিস্থান উভয়ের মধ্যে একটি সাময়িক চুক্তি করা হইয়াছে। সংবাদ হইতে জানা গিয়াছে এই চুক্তির বলে ভারতীয় কারবারের বদলে পাকিস্থানী চাল লইবার ব্যবস্থা হইয়াছে বলিয়া জানা গেছে। এরূপ স্থির হইয়াছে যে ভারত পাকিস্থানকে ১০ হাজার টন কয়লা দিবে, পাকিস্থান তাহার পরিবর্ত্তে ভারতকে ১ হাজার টন চাউল দিবে। এইরূপ এক বিনিময় ব্যবস্থার প্রস্তাব করা হইয়াছে বলিয়া ইণ্ডিয়ান টি এসোসিয়েশন জানান। আসামের বুকিতে চা-বাগানে প্রচুর বৃষ্টি হইয়াছে, সেখানে অনেক বাগানে বন্যা হইয়াছে। পূর্ব্বঙ্গ হইতে ১ লক্ষ মণ করলা বিনা বাধায় নামে এই প্রস্তাবের সহিত জড়িত রহিয়াছে। যদি সেই-রূপ হয় তাহা হইলে তাহা বিশেষ সুখের বিষয়ই হইবে। কারণ তাহা হইলে চাউল ব্যতীত অন্যান্য জিনিষের দাম অনেকটা কমিয়া যাইবে, এবং অপরদিকে কয়লার দাম চাউলের সহিত যুক্ত হইবে। এই যে ১ হাজার টন চাউল পূর্ব্বঙ্গ হইতে পাওয়া যাইবে, তাহা ১০ হাজার লোকের এক মাস চলিবে। এই বিনিময় ব্যবস্থাকে স্থায়ী করিয়া উভয় রাষ্ট্রের মধ্যে পরস্পরে যে লেন-দেন হইবে, তাহা যেন অব্যাহত থাকে, এবং ইতিমধ্যে পাকিস্থানী মুদ্রার জন্য মূল্য নির্দ্ধারিত হইয়া যায় ইহাই আমরা আশা করিব। উভয় দেশের মধ্যে সহজে ও সত্বরে মাল চলাচল শুরু হইলে মনোমালিন্যের কারণ যে অনেকটা দূরীভূত হইয়া যাইবে, এবিষয় কোনো সন্দেহ নাই। ইহার সুষ্ঠু প্রণালী নির্দ্ধারণ করা হইলে অচিরে শুরু হইয়া যাইবে এবং ওদারা উভয় সরকার-সাধারণের পথও অনেকটা প্রশস্ত হইবে বলিয়া আমরা বিশ্বাস করি।

আবার দুর্ঘটনা

গয়ার নিকট কয়েকদিন আগে ফুফান এক্সপ্রেসের পর পর দু'বার দুর্ঘটনার পর পুনরায় মোগলসরাইয়ের নিকট কাশীর মেল লাইচ্যুত হইল। এইবারের এই দুর্ঘটনা অন্তর্বর্ত্তী কার্যকলাপের ফলে ঘটে। ইহা ট্রেন পরিচালকদের হিসাবের ফলে। কেবল হিসাবের ভুলে নয়, অত্যধিক দ্রুতি লইবার কৌশলের ফলেই। অত্যধিক বক্র এ স্থানের রেল-লাইনে ফুলপুরে সেই ঐতিহ্য পার করাইবার চেষ্টা করিতে গিয়া এই বিপদ ঘটিল এবং জীবনহানি হইল। এরূপ জানা যায় যে, উক্ত ট্রেনে ঐ এলাকায় একনিষ্ঠিষ্টেড ড্রাইভার ছিলেন এবং তাহে ইন্সপেক্টরও ছিলেন। অনুমান করা যাইতে পারে যে তাঁহাদের নির্দ্দেশ অনুসারেই ড্রাইভার এই ভুল পথ হইবার চেষ্টা করে। সুযোগ অবশ্য ঠিক কিরূপ ছিল এরূপ তুটি সঠিক জানা হইয়াছে কিনা তাহা আমাদের জানা আবশ্যক নয়। বিশেষজ্ঞগণই ইহার বিচার করিতে পারিবেন। কিন্তু রেলওয়ে সচিবের ঠীক পরবর্ত্তেই ইন্সপেক্টর ১৯৪৯-৫০ সালের দুর্ঘটনাসমূহের যে বিবরণ বিবৃতিতে প্রকাশ করা হইয়াছে তাহা হইতে জানা যায় যে, ১৩টি দুর্ঘটনার মধ্যে ৯টি ক্ষেত্রে অনুরূপ কারণেই দুর্ঘটনা ঘটিয়াছে। যাত্রীপূর্ণ গাড়ি লইয়া এরূপ খেলেখেয়া করা উচিত কিনা, তাহা এবার গভীর ভাবে ভাবিয়া দেখার সময় হইয়াছে। ট্রেন চালিবার পূর্ব্বে ড্রাইভারের দিয়া যেন-তেনপ্রকারে বাড়িয়া চলিয়াছে। এরূপ আচরণ দুষ্টি দুষ্টনীয় নয়। ইহার প্রতিবিধানের কোনো ব্যবস্থা হইতেছে কিনা তাহা জানিতে পারিলে জনসাধারণ আশ্বস্ত হয়।

টাকার দর

গত বৎসর যুদ্ধ পাইণ্ড যখন মূল্য হ্রাস করা হইল তখন ভারত তাহার টাকার দর কম করিল, তখন পাকিস্থান তাহার টাকার মূল্যের কোনো পরিবর্ত্তন করে নাই। ইহা লইয়া বাণিজ্য-বাণিজ্য ক্ষেত্রে অনেক অসুবিধার সৃষ্টি হইয়াছে, উভয় রাষ্ট্রের মধ্যে অবৈধ-ব্যবসা বাড়িয়াছে, রাজনৈতিক সম্পর্ক তিক্ততর হইয়াছে। তুলিয়া তুলিয়াছে সাধারণ লোক। কেহ-ই তাহা পছন্দ করে নাই, কিন্তু সমাধানের কেহ-ই অগ্রসর হইতে চাহিতেছে। এইভাবে এক বৎসর কাটিল। পাকিস্থান বারবার বলিয়াছে যে, কিছুতেই তাহারা তাহাদের মুদ্রার দর হ্রাস করিবে না। কিন্তু সম্প্রতি পাকিস্থানের অর্থসচিব মিঃ গোলাম মহম্মদ যাহা বলিয়াছেন তাহা বিশেষভাবে গুরুত্বপূর্ণ। পাকিস্থান আন্তর্জাতিক মুদ্রাতহবিলের অধিবেশনে যোগদান করিতে যাইবার প্রাক্কালে সংবাদপত্রে তিনি পাকিস্থানী মুদ্রার দাম সম্পর্কে বলিয়াছেন যে, কোনোরূপ রাজনৈতিক উদ্দেশ্যে পাকিস্থানী মুদ্রার মূল্য নির্দ্ধারিত হয় নাই, ইহা বিশুদ্ধ অর্থনৈতিক কারণেই নির্দ্ধারিত হইয়াছে। তিনি আরও বলিয়াছেন, কোনো অর্থ-নৈতিক বিষয়ের তুল আলোচনাপ্রসঙ্গে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি লইয়াই তাহার বিচার করা প্রয়োজন, বিশেষজ্ঞ মহলেই তাহার বিশ্লেষণ করা উচিত। এবং বিষয় বিচার করিবার সময় তুলে আন্তর্জাতিক বা রাজনৈতিক প্রশ্ন টানিয়া না আনা উচিত। মিঃ গোলাম মহম্মদের উক্তি হইতে আমরা দেখি যে, পাকিস্থানের অর্থ-সচিবও মুদ্রার দর হ্রাস করিবার পক্ষপাতী; তিনি তাহাদের এই অভাব অনেকাংশে পরিহার করিবার পরামর্শ নাকি বিবেচনা, এবং তাহাদের সহযোগিতা করিতে বিশেষজ্ঞ।

মিঃ গোলাম মহম্মদের উক্তি হইতে আমরা তাঁহার অর্থসচিবের অবোধ্যের পরিবর্ত্তনের আভাস পাইতেছি। তুই হইতে তাঁহারা যদি এইরূপ বৈজ্ঞানিক অবোধ্যের অবলম্বন করিতেন, তাহা হইলে অনেক জটিলতার হাত হইতে রক্ষা পাইত না। এই উক্তি হইতে আরও আশার কথা যায় যে, পাকিস্থান তাহার টাকার দর হ্রাস করিতে আর অসম্মত হইবে না। তাহারা একরূপ স্থির করিয়াই লইয়াছে যে, বিক্রয়ক্ষেত্রে তাহার টাকার তাহা মূল্য নির্দ্ধারণ করি করে তাহা হইলে ইহার দর হ্রাস অবশ্যই হইবে। পাকিস্থান এই অবস্থায় কবে আসিয়াছে, তাহার টাকার আসল মূল্য বিঘোষিত না হইলে এই কথা বা সে পাইবে কি উপায়ে? পাকিস্থান যদি এইরূপ একদম বাস্তবের সম্মুখীন হইয়া কিছু সিদ্ধিতে পারে তাহা হইলেই মঙ্গল।

চিনির চালান

আগামী আগষ্ট ২৫ হাজার টন চিনির চালান আসিয়া পৌঁছিবে। ইহা ছাড়া আরও ৫০ হাজার টন চিনি আমদানি করিবার ব্যবস্থাও মুদ্রিত হইয়াছে চলিতেছে। কিছুদিন পূর্ব্ব হইতেই আমরা লিখিয়া যে বিদেশ হইতে আরও চিনি আমদানি করিবার ব্যবস্থা হইয়াছে। কিন্তু সে বিদেশ যে কোন দেশ তাহা এখনো জানানো হয় নাই। জানা হইতে চিনি আনার চেষ্টা করা হয়, কিউবার চিনির খবরও পাওয়া যায় না। এই সব সংবাদ প্রকাশিত হইবার পর আজকালকার এই চিনি আমদানির ব্যবস্থা করিবার চেষ্টা করেন। অবশ্যই ইহার পেছনে ঐতিহাসিক কারণ অত্যধিক। এখানে তাহার আলোচনার প্রয়োজন নাই। চিনি উৎপাদন আরও এমন আর কোন্ কোন্ ক্ষেত্রে পারিবে ইহাই চিন্তার বিষয়। এখন আমরা জানিতে পারিলে সুখী হইব সরকার এ-ব্যাপারে আমাদের সাহায্য করিতেছেন

(১৭৯ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

চিনির উৎপাদন বৃদ্ধির জন্য কড়া নিয়ন্ত্রণ ব্যবস্থা

অল্পকিছু পূর্বে কলিকাতায় ইণ্ডিয়ান স্যুগার মিল্‌স্ এসোসিয়েশনের যে অধিবেশন হয় তাহাতে এই প্রতিষ্ঠানটি চিনির উৎপাদন কতা নিয়ন্ত্রণ ব্যবস্থায় অথবা নিয়ন্ত্রণ পুরাপুরিভাবে বাতিল করিয়া দেওয়া সম্বন্ধে গৃহীত অভিমত প্রকাশ করিতে অস্বীকার করিয়াছেন। ইহা স্মরণ করিতে হইবে যে, গবর্ণমেণ্ট চিনির উপর নিয়ন্ত্রণ আরোপ করিতে যেসব গুরুতর বিরোধী যুক্তি অবলম্বন করিয়াছেন, তাহারই ফলে চিনি সস্তা এই বিষয়টি কেন্দ্রীভূত হইয়াছে। এবং চিনির ব্যবসায়ের সমস্ত ইহার ফলে উৎপাদন অত্যন্ত বাড়িতে সমর্থ হয় না। চিনির ব্যবসায়-সম্বন্ধে বাস্তবিকপক্ষে এইরূপ নিয়ন্ত্রণ দিয়া উৎপাদন বৃদ্ধির উপায় বলা হইয়াছে বটে, কিন্তু অধিকন্তু ও অন্যান্য ব্যয় নিয়ন্ত্রণ করিবার বা সমতায় আনয়ন টানাটানি ঘটে। এই দুইটি সমস্যার যে অধিকতর ব্যবস্থা অবলম্বন করা অধিক লাভের সৃষ্টি করে, এবং চিনির জন্য যে অধিক প্রয়োজন তাহা দিয়া অবশ্যই ও তাহাই উৎপাদিত হইতে থাকে। ইহার পরিণামে চিনি উৎপাদনের জন্য বড়ো অংক ব্যবসায় ডিবিডিগুলির আয়ে তাহা সমতুল্য। এইজন্যে আখের অবশ্য এই ব্যবসায় চিনির উৎপাদন অনেক পরিমাণে হ্রাস পাই, এবং এ বৎসর মাত্র ১০ লক্ষ টন চিনি উৎপাদন করা সম্ভব হয়। ১৯৪৩-৪৪ সালেও ঠিক এই পরিমাণ চিনিই উৎপাদিত হইয়াছিল, কিন্তু এ বৎসর অধিকতর চেষ্টার ফলেও তাহা হইতে বেশি উৎপাদন করা যেন না।

এই অ্যাসোসিয়েশনের মুখপাত্র মহাশয় ঘোষণা দেওয়া সত্ত্বেও কয়েকটি বিষয় অমীমাংসিত রহিয়াছে। অধিকন্তু ব্যয় নির্দ্ধারণ, স্থানান্তরে প্রেরণের উপযুক্ত ব্যবস্থা করা সম্বন্ধেও কয়েকটি প্রস্তাব পেশ করা হয়। চিনি ব্যবসায়, আখের ঘোষণা ইত্যাদি বিষয়ে যেসব সমস্যা বর্তমানে রহিয়াছে তাহার দূর করা বিশেষ কঠিন হইবে না। বিভিন্ন রাজ্য গবর্ণমেণ্ট যদি চিনি উৎপাদনকারী ও আখচাষিদের সহিত পূর্ণ সহযোগিতা করেন, তাহা হইলে এই সমস্যা দূর করা যাইতে পারে। আখের চাষযোগ্য বাড়তি পতিত জমি আবাদ করা, চিনির বাড়তিও তাহাই। এই সমস্ত বাড়তি পূরণ করিবার শক্তি ও যোগ্যতা বিনিয়োগের আছে। কিন্তু ইহার পথে যে প্রতিবন্ধক আছে তাহা প্রথমে দূর করিবার ব্যবস্থা করিতে হইবে। এই বাধা আর কিছু নয়, আখের উপযুক্ত ঘোষণা।



ইণ্ডিয়া ষ্টিমশিপ কোং লিঃ

ভারত যুক্তরাজ্য ও কণ্টিনেণ্ট

আমাদের বিদেশগামী জাহাজগুলি ভারতবর্ষ হইতে সোজা সুদান, সোজা সৈকত, আলেকজান্দ্রিয়া, লণ্ডন, আন্তি, এন্টওয়ার্প, রটারডাম, হামবুর্গ, ব্রেমেন, কোপেনহেগেন ও অন্যান্য ইউরোপীয় বন্দরগুলিতে নিয়মিত মাল বহন করে।

ভারতের উপকূল

আমাদের উপকূলগামী জাহাজগুলি কলিকাতা, বিশাখাপত্তন, কাকিনাড়া, মাদ্রাজ, কলম্বো, টিউটিকোরিন, কোচিন, বোম্বাই ও অন্যান্য প্রধান উপকূল বন্দরে নিয়মিত যাত্রী বহন করে।

আপনার সকল প্রকার আমদানী ও রপ্তানী আমাদের জন্য এই কোম্পানীর সহিত যোগাযোগ করিয়া ভারতীয়-বাণিজ্য-বহরকে অধিকতর শক্তিশালী করিয়া তুলুন।

মালপত্রের হার ও অন্যান্য বিবরণাদির জন্য আবেদন করুন :

ম্যানেজিং এজেন্টস : লায়োনেল এডওয়ার্ডস লিঃ

ডি-১, ক্লাইভ বিল্ডিংস কলিকাতা ; ফোন : ব্যাঙ্ক ৬৮৩২, ৬৮৩৩ ও ৬৮৩৪।

সুবিধা দেখা যাইতেছে, অন্যেরা বা ৩৫ উৎপাদনে যে আখ লওয়া হইতেছে তাহা বাঁচাইবার ব্যবস্থা করার যৌক্তিক প্রথম প্রয়োজন। ইহা ছাড়াও লক্ষ্য রাখিতে হইবে যেন আখ-উৎপাদন কোনো প্রকারে হ্রাসপ্রাপ্ত না হয়। অধিক পরিমাণে আখ চাষ করিতে চাষীরা যাহাতে উৎসাহী হয় তাহার অনুরূপ পরিবেশের সৃষ্টি করাও বিশেষভাবে প্রয়োজন।

ইতিমধ্যে আমরা জানিতে পারি যে, পূজা ও বেসরকারীর জন্য অধিক পরিমাণ চিনি ছাড়া হইবে বলিয়া গবর্ণমেণ্ট প্রতিশ্রুতি দিয়াছেন। গত মাস সেপ্টেম্বর অন্তত প্রায় ৩ লক্ষ টন চিনি মুক্ত থাকিবে বলিয়া আশা করা গিয়াছিল। গত বৎসর এই তারিখে মুক্ত চিনির পরিমাণ ছিল ১ লক্ষ টন। চিনির যে বাড়তি পড়িয়াছে তাহা পূজার জন্য অন্তত সরকার বিদেশ হইতে আরও ১ লক্ষ টন চিনি আমদানির ব্যবস্থা করিয়াছেন। গত মাসে 'প্রায়রিটে' আমরা ইহার উল্লেখ করিয়াছি। বাকির বাকিত এই চিনি আনয়নের ব্যবস্থা হইয়াছে এবং আগামী ৬।৩ মাসের মধ্যেই পুরা পরিমাণ ভারতে আসিয়া পৌঁছিবে বলিয়া আশা করা যায়।

যাই হোক, বিভিন্ন চিনির বাজার এখন শান্ত। কিন্তু উৎসবাদি যতই নিকটবর্তী হইতেছে এবং চিনির চাহিদা প্রকাশ যতই বৃদ্ধি পাইতেছে ইহার বে-আইনী ব্যবসায় ততই বাড়িয়া চলিয়াছে। এইসব বাজারে চিনির দর গত প্রতি ২।০ হইতে ২৲ বেশি।

বিভিন্ন স্থানে গত সপ্তাহে চিনির দর এইরূপ—কলিকাতা ৩১৸০, মাদ্রাজ ৩৩৲, কোকোনদ ৩২৷০, কানপুর ৩১৷০, হাপুর ৩৩৲, দিল্লী ৩১৷০, পাটনা ৩০৸০, বোম্বাই ৩২৷৵, আ

৩৯৯৮। এই ৫ বার চেয়ারম্যানের চিনি চাহিদা ৫-৬ মে


ইহার পরের দিন বাজারে ঘাটতিতে সামান্য উন্নতি দেখা যায়। ইহার কারণ বোম্বাই হইতে এইরূপ সংবাদ আসিয়া পৌঁছায় যে, পাকিস্থানী টাকার দর হ্রাস করা হইবে। বোম্বাইতে অনুরূপ ঘটিয়া চলিবার আগ্রহের ফলে কলিকাতার শেয়ার-বাজারেও উন্নতি পরিদৃষ্ট হয়। ইহাতে বিভিন্ন শেয়ারের দর কিছু বৃদ্ধি পায়। হাট্টা কড়ুই পাটের বাজার নিয়ন্ত্রিত হইবে এবং পাট কেনা-বেচার কাজ সরকারের কড়ুক পরিচালিত হইবে এইরূপ সংবাদ প্রচার হওয়ার ফলেও পাটের বাজারে ইহার কোনো প্রতিক্রিয়া দেখা যায় না। কেনা-বেচার কাজও তেমন হয় না। এবং কাজ-কারবারে মোট পরিমাণও বহু-কিছু বাকিয়া যায়। ফলতঃ বিভাগের কোনো পরিবর্তন ঘটে না. হাজরা ১৩৸/০, ১৩৸/০ আনায় মধ্যে ওঠা-নামা করিতে থাকে। ইন্ডিনিয়ারিং শেয়ারের মধ্যে ইন্ডিয়াম আয়রনের দর বৃদ্ধি পাইয়া ৩০৸০ আনা হয়। জেসপ ও মেসার্সের পরিমাণ পূর্বদিনের ১৮৸০, ১৭০ আনা পর্যায়ে স্থির ছিল।

সপ্তাহের দ্বিতীয় দিনে কলিকাতা শেয়ার বাজারে পাকিস্থানী ৫৲ ঋণের (১৯৮৮) সরকারী কাগজের দর চার আনা হ্রাস পাইয়া ১৫৸০ আনা হয়। এইরূপ হ্রাস পাওয়ার মূল বোম্বাই, বাড়ী বলা চলে। বোম্বাই হইতে এইরূপ দর হ্রাসের সংবাদ আসায় স্থানীয় এখানে দর হ্রাস পায়।

বোম্বাইয়ী উপনিবেশে অবকাশ উপলক্ষে শেয়ার বাজার বন্ধ ছিল।

আজকালের হালচাল

কোম্পানীর কাগজ—৫৲ ঋণের (১৯৫৮) দর ৯৫৲ ৯১৸০ ৯৯৸০ ৯৯৸০; ২৷৷০ ঋণের (১৯৫৫) দর ১০৯৸০; ২৷৷০ ঋণের (১৯৬১) দর ৯৯৸০; ২৸০ ঋণের (১৯৭৫) দর ৯৫৸০; ৫৲ ঋণের (১৯৪৭-৫৪) দর ১০১৸০; ৫৲ ঋণের (১৯৫৭) দর ১০৯৸০ ৫৲ ঋণের (১৯৫৮-৫৪) দর ১০৯৸০; ৫৲ ঋণের (১৯৫৯-৬০) দর ১০১৲; ৫৲ ঋণের (১৯৬০-৬৪) দর ৯৯৸০; ৪৲ ঋণের (১৯৬০-৭০) দর ১০৮৸০। ব্যাঙ্ক—ন্যাশনাল ১৮০; ইন্ডিয়ান (পূর্ব্ব আফ্রিকা) ১৯৯৲। কাগজের কল জগদ্দল ৯৫/০ ৯৬/০। কয়লা—বেঙ্গল ৫৩৬; রাজমহল ১৫৯০ ১৬৯/০; সেন্ট্রাল ইন্ডিয়া ৪৯৸০; সিঙ্গি পীরমুদ ১৮৸/০; সেণ্ট্রাল ১৯৲; জামদেদ ২৪০; ওয়েষ্টার্ণ বেঙ্গল ৬৯০। পাট—এ্যাঙ্গলো ইন্ডিয়া ৩০৲; বেলেঘাটিয়া ৩০৲, ৩০৫; ফিংরাপাড়া ৭৯, ৭৮৫; রাজকুমার ৩৫৸০ ৩৫০; ঔকিনারা ২৩০, ২৩৲; বালী ২২৲; বর্ধমান ১৮৬/০; প্রেসিডেন্সি ৭৬৸০; বিশ্বনাথ ২৫৲; ইউনিয়ন ২৫০৲। বিবিধ—আর্যা কর্পোরেশন ৩, ১৬/০; বেঙ্গলিয়ান মাইকা ৮৸০; ইন্ডিয়ান ওপার ৩৲; টাকার ঈজি ৬/০; আসাম বেঙ্গল সিমেন্ট ৭৮/০ ৮০৸০; বোম্বে আলী ৬৮/০; আসানকাটা ইলেক্ট্রিক ১৬৸০; জয়ন্তীয়া ইলেক্ট্রিক ঈজি ২০৲ ২১৸০; ইন্ডিয়ান আয়রন ৩০৮/০ ৩০৸০; জেসপ এণ্ড কোং ১৯৬/০; ঈজি কর্পোরেশন ২১৸০ ঈেস্টার্ণ ইলেক্ট্রিয়াল ৬৸০; এক্সেল ব্রাদার্স ৩০৸/০; বি আই কর্পোরেশন ১৮০ ৪৮৸০; আসানকাটা টিম্বর ২১৸০ ২১৲; ইন্ডিয়ান কেব্‌ল্‌ ৫১৸০; জার্ডিন হেণ্ডারসন ১৬৩৲; মার্টিন বার্ণ ১৬৸০ ১৬৮/০; মেসার্স কর্পোরেশন ৫৮০ ৫৬৸০; রোটাস ইন্ডাষ্ট্রিয়াল ৪৸০; বি বি পেপার ১৬/০; অর্ণব ইন্ডিয়া অয়েল ৮৸০; অভিনেট পেপার ৪১৸০; ইউনাইটেড ২৮৲ ইউনাইটেড (২য় প্রেফ) ১০৮৸০; আসাম লাইট ৮৸/০; ইন্ডিয়া ইলেক্ট্রিক ৭৸০। চা—বাগড়াকিয়া ৩০৲; বেঙ্গলস ৩৫৸০; ডিব্রুগড় ৯৫/০; হলদাবাড় ৩২৸০; ঈষ্ট ইন্ডিয়া ২০৸০ ১৯৸০; বাগিরায় ৩৭৲; জেরপুর ২৫৸০; টাকভার্ড ৭৬/০।

সোনা ও রূপার দর

কলিকাতা, ১৮ই নভেম্বর—খাঁটি সোনা (প্রতি তোলা) ১০৮৸/০; বড়বাজার (প্রতি তোলা) ১০৮৸/; মিনি (প্রতিভরি) ৭৫৸/; রূপা (প্রতি এক শত তোলা) ১৭১৲০; ঐ গুলা (প্রতি এক শত তোলা) ১৭৯৲০।

এসোসিয়েটেড ব্যাঙ্ক এণ্ড ব্রাদার্স, ২৮ শেয়ার মেন।

বোম্বাইয়ে সোনা ও রূপার দর

বোম্বাই, ১৮ই নভেম্বর—সোনা প্রতি ভরি ১০৯৸৹, মিনি প্রতি ভরি ৭৫৲; রূপা প্রতি ১০০ শত ভরি ১৮৯৲০।

চটকলগুলিতে কাঁচা পাট সরবরাহ

—:—

সম্প্রতিকালে দুধানেই বিশেষজ্ঞ দল প্রেরণ করিয়া ভারতীয় চট শিল্পের অবস্থা সম্বন্ধে যে তদন্ত করা হইয়াছে তাহার ফলে ভারত গভর্নমেণ্ট চটকলগুলিতে কাঁচা পাট সরবরাহ ব্যাপারে উন্নততর কোন ব্যবস্থা অবলম্বন করা যায় কিনা তাহা বিবেচনা করিবার জন্য একটি কমিটি গঠন করিয়াছেন। এই কমিটির সহিত সংশ্লিষ্ট বিভিন্ন মহলের অভিমতসমূহ যাহাতে সরকারের নিকট পেশ করিতে পারে তজ্জন্য পাট বিক্রয় সমিতি সমিতি সকল মহলের সহযোগিতার আবেদন জানাইয়াছেন। ইহাতে তিনি বিশেষ আনন্দিত।

দুঃখের বিষয় এই যে, কাঁচা পাটের অভাব বর্তমান যুদ্ধের অন্যতম প্রধান কারণটি চটকল বন্ধ হইয়া গিয়াছে। তিনি আশা করেন যে, অতঃপর কাঁচা পাট ক্রয় ও সরবরাহের ঐ নূতন ব্যবস্থার ফলে উৎপাদক অনুবিধা দূর হইবে এবং চটকলগুলিতে যথেষ্ট পরিমাণে কাঁচা পাট পৌঁছিবে।

পাটশিল্প ও চটকল শিল্প ভারতের যুদ্ধোদ্যমের ও অর্থনীতির বিশেষ অঙ্গ ও অপরিহার্য বলিয়া ভারত সরকার যে, চটকলগুলির উৎপাদন অব্যাহত রাখিতে বদ্ধপরিকর তাহা এই ব্যবস্থা দ্বারা সুস্পষ্ট হইয়া উঠিয়াছে।

কাঁচা পাট সরবরাহের ব্যাপারে নীতি যে অনুসরণ করা হইতেছে তাহা বিশ্লেষণ করিলে বিষয়টি আরও পরিষ্কার হইয়া উঠিবে বলিয়া মনে করি। কেন্দ্রীয় ঐ পাট ক্রয় বোর্ড পাটের মূল্য নির্ধারণ করিবেন এবং বিভিন্ন কেন্দ্রীয় ক্রয়কারী সমিতিগুলির প্রতিনিধিদিগকে লইয়া একটি উপদেষ্টা কমিটি গঠন করিবেন। এই কমিটির সহিত পরামর্শ করিয়া কেন্দ্রীয় ক্রয়কারী সমিতি বিভিন্ন পাট ব্যবসায়ী সমিতিগুলির সহিত পাট বিক্রয় সম্বন্ধে যে সব চুক্তি করিয়াছিলেন, সেগুলি বাতিল করিয়া দিতে হইবে। তবে ঐ সব চুক্তি ঐতিহাসিক দলিলরূপে কিছু চুক্তি পূরণ করিবার নিমিত্ত কিছুদিন সময় অবশ্য দেওয়া হইবে।

ঐ নূতন পাট ক্রয় বোর্ড যাহাতে সরবরাহের সহিত সহযোগিতা করিতে পারে তজ্জন্য পাট বিক্রয় সমিতি সমিতি সকল মহলের সহযোগিতার আবেদন জানাইয়াছেন। ইহাতে তিনি বিশেষ আনন্দিত।

দুঃখের বিষয় এই যে, কাঁচা পাটের অভাব বর্তমান যুদ্ধের অন্যতম প্রধান কারণটি চটকল বন্ধ হইয়া গিয়াছে। তিনি আশা করেন যে, অতঃপর কাঁচা পাট ক্রয় ও সরবরাহের ঐ নূতন ব্যবস্থার ফলে উৎপাদক অনুবিধা দূর হইবে এবং চটকলগুলিতে যথেষ্ট পরিমাণে কাঁচা পাট পৌঁছিবে।

পাটশিল্প ও চটকল শিল্প ভারতের যুদ্ধোদ্যমের ও অর্থনীতির বিশেষ অঙ্গ ও অপরিহার্য বলিয়া ভারত সরকার যে, চটকলগুলির উৎপাদন অব্যাহত রাখিতে বদ্ধপরিকর তাহা এই ব্যবস্থা দ্বারা সুস্পষ্ট হইয়া উঠিয়াছে।

কাঁচা পাট সরবরাহের ব্যাপারে নীতি যে অনুসরণ করা হইতেছে তাহা বিশ্লেষণ করিলে বিষয়টি আরও পরিষ্কার হইয়া উঠিবে বলিয়া মনে করি। কেন্দ্রীয় ঐ পাট ক্রয় বোর্ড পাটের মূল্য নির্ধারণ করিবেন এবং বিভিন্ন কেন্দ্রীয় ক্রয়কারী সমিতিগুলির প্রতিনিধিদিগকে লইয়া একটি উপদেষ্টা কমিটি গঠন করিবেন। এই কমিটির সহিত পরামর্শ করিয়া কেন্দ্রীয় ক্রয়কারী সমিতি বিভিন্ন পাট ব্যবসায়ী সমিতিগুলির সহিত পাট বিক্রয় সম্বন্ধে যে সব চুক্তি করিয়াছিলেন, সেগুলি বাতিল করিয়া দিতে হইবে। তবে ঐ সব চুক্তি ঐতিহাসিক দলিলরূপে কিছু চুক্তি পূরণ করিবার নিমিত্ত কিছুদিন সময় অবশ্য দেওয়া হইবে।

নিয়মাবলী

"আর্থিক ভারত" প্রতি বুধবার কলিকাতা হইতে প্রকাশিত হয়।

- মূল্য প্রতি সংখ্যা চারি আনা।
- ভারত ও সিংহলের সর্বত্র সডাক বার্ষিক মূল্য ছয় টাকা।
- ষাণ্মাসিক মূল্য তিন টাকা।

বিজ্ঞাপনের হার ও নিয়মাবলীর জন্য

'কর্মকর্তা, বিজ্ঞাপন বিভাগ'

এবং

এজেন্সির জন্য 'কর্মকর্তা, প্রচার বিভাগ'

"আর্থিক ভারত" এবং কমার্শিয়াল বিল্ডিংস, ২৩, নেতাজী সুভাষ রোড, কলিকাতা,

এই ঠিকানায় পত্রালাপ করিতে হইবে।

উদ্বাস্তু কৃষক ও গৃহস্থদের জমি বণ্টন

—:০:—

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় সম্প্রতি কলিকাতায় এক সাংবাদিক সম্মেলনে এরাজ্যে আগত পূর্ববঙ্গের উদ্বাস্তুদের পুনর্বসতি সম্পর্কে সরকারী ব্যবস্থাগুলির বিস্তৃত বিবরণ প্রদান করেন। তিনি বলেন যে, প্রতিবছর গড়পড়তা ৩ লাখ সরকারী পরিকল্পনাগুলির সাহায্যে মোট ১৭০০ টি জমি উদ্বাস্তু কৃষি পরিবারগুলির মধ্যে এবং ১৪,০০০ টি জমি অকৃষি উদ্বাস্তু পরিবারগুলির মধ্যে বণ্টন করিয়াছেন। তাহা ছাড়া আরও ৫১৩৩ টি জমি উদ্বাস্তু কৃষকদের এবং ৪২,৯৩০ টি জমি অকৃষি উদ্বাস্তুদের এর বণ্টনের বিভিন্ন স্তরে অনুমোদন করিয়াছেন।

ডাঃ রায় পশ্চিমবঙ্গ বিভিন্ন উদ্বাস্তু ক্যাম্পের লোকজনকে পল্লীঅঞ্চলসমূহে স্থায়ীভাবে অধিবাসীদের ভিতর পুনর্বাসিত করিবার উদ্যোগ আয়োজনের বিস্তৃত পরিচয় দেন। তিনি বলেন যে, এই পরিকল্পনানুযায়ী গড়পড়তা বৎসরে ১২০০০ উদ্বাস্তু পরিবারের পুনর্বসতি করাইতে চাহেন। তন্মধ্যে ৩ বছরে ৪৪০০টি উদ্বাস্তু পরিবারকে এলাকা: মৌজুদ ও বাদুড়ার গ্রামাঞ্চলে পুনর্বসতি করানো হইয়াছে।

মুখ্যমন্ত্রী আরও জানান যে, মরীচঝাঁপি আই আসামাজার অঞ্চলসমূহে পুনর্বাসনের ২০০০ উদ্বাস্তু পরিবারকে পুনর্বসতি করাইবার সিদ্ধান্ত করা হইয়াছে এবং মরীচঝাঁপি গড়পড়তা ঐ সব উদ্বাস্তুদের পুনর্বসতির উপযোগী মাটী অনুকূল নির্ধারণ করিয়াছেন।

মুখ্যমন্ত্রী বলেন যে, বর্তমানে হইতে উদ্বাস্তুদের বিভিন্ন সরকারী বিভিন্ন কর্মচারীর উদ্বাস্তুদের পুনর্বিবাসন করার অভিজ্ঞতা আছে। তাহা বিভিন্ন ক্যাম্পগুলির যে সকল উদ্বাস্তু ইতিমধ্যেই বসিয়া পরিবারের অন্যত্র একত্রে পুনর্বাসিত হইয়াছেন, সেই সকল উদ্বাস্তু শ্রেণীবিভাগও সমাধা হইয়া আসিয়াছে।

এক প্রশ্নের উত্তরে ডাঃ রায় জানান যে, আমরা গড়পড়তা হিসাব এই যে, বিভিন্ন উদ্বাস্তু শিবিরের জন্য যে বিপুল অর্থ ব্যয় হইয়াছে, তন্মধ্যে এই শিবিরগুলি ১৯৫১ সালের এপ্রিল মাসের শেষ হইতে উদ্বাস্তুদের পরিবার এই সব শিবির হইতে উদ্বাস্তুদের পরিবার এই সব শিবির হইতে উদ্বাস্তুদের পরিবার এই সব শিবির

হইতেছে এমন কি ৫৩। ইহার মধ্যে ১৪ জনের অধিকাংশ মহীপুরে আছেন। মহীপুরের স্থায়ী বাঙালী অধিবাসীদের মধ্যেও অনেকে এই কাজে সাহায্য করিবার জন্য আগ্রহ প্রকাশ করিয়াছেন। তবে ঐ সম্পর্কে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত হয় নাই।

মহীপুরে ঐ উপনিবেশের রাজধানী সম্পর্কে ডাঃ রায় বলেন যে, প্রস্তাব করা হইয়াছে যে, প্রেসিডেন্ট উপনিবেশের পত্তনের ৫-১০ বছর উহার প্রতি পরিচালনার ভার গ্রহণ করিবেন এবং তখন তাঁহার হাতে ক্ষমতা দেওয়া হইবে। তখন তাঁহারা ঐ রাজধানীর পরিকল্পনা করিবেন। তাহাদের মত ও ইচ্ছা অনুযায়ী উহা গড়িয়া তোলা হইবে।

মহীপুরে শিল্পোন্নতির সঙ্গে সঙ্গে আরও অনেক নূতন নূতন শহর গড়িয়া উঠিতে পারে। মহীপুরের প্রায় সমস্ত শিল্পগুলি ভেদ্রাবতী অঞ্চলে; তথায় কয়লার খনি, বিজলী কারখানা, লৌহ ও ইস্পাত কারখানা প্রভৃতি আছে। এই ভদ্রাবতীর নিকটেই একটি স্থান নির্বাচন করা হইয়াছে। সেখানে উপনিবেশের বিভিন্ন ব্যক্তি আবাস করিতে পারিবেন না, তাঁহারা নিজেরা নানা কারখানার কাজ বা দোকানপাট প্রভৃতি করিয়া জীবিকানির্বাহ করিতে পারিবেন।

নূতন ধরণের কুটির নির্মাণ

ডাক্তার রায় বলেন যে, তাঁহারা মহীপুর ভ্রমণের দ্বিতীয় উদ্দেশ্য ছিল, কি ভাবে তথায় সস্তা খরচে বাসোপযোগী নিম্ন কুটির নির্মাণ করা যায় এবং উপনিবেশ নিয়া যাহা করা যায় কি না তাহা অনুসন্ধান করা। এই ব্যাপারে মহীপুর তাঁহারা যথেষ্ট সহায়তা করিয়াছেন এবং পার্লামেন্টের বেশ কয়েকজন সদস্যও এই কার্যে চলিয়াছেন। ডাঃ রায় বলেন যে, তিনি পশ্চিমবঙ্গ হইতে তাঁহাদের চীফ ইঞ্জিনীয়ারকে আনাইবার চিন্তা করেন কি ভাবে কুটিরগুলি নিম্ন বাসোপযোগী ও সস্তা হয় তাহা দেখিয়া কুটিরগুলি তৈয়ারী করা যায়। বাসোপযোগী ও সস্তা কুটীর এই পরিকল্পনা বেশ আকর্ষণীয়ক ও প্রয়োজনীয়। চীফ ইঞ্জিনীয়ার এই ব্যাপারে সহযোগিতা করিতে রাজী হইয়াছেন। তাঁহারা পশ্চিমবঙ্গেও এই ধরণের কুটির তৈয়ারী করিবার ব্যবস্থা করিতে চাহেন।

হায়দ্রাবাদে পুনর্বাসনের প্রশ্ন

হায়দ্রাবাদে উপনিবেশ পুনর্বসতির প্রস্তাব সম্বন্ধে ডাঃ রায় বলেন যে, হায়দ্রাবাদে উপনিবেশের পুনর্বসতি করাইবার জন্য তিনি তথাকার কর্তৃপক্ষের নিকট প্রস্তাব উত্থাপন করেন নাই। কারণ হায়দ্রাবাদের অবস্থাপন্না উপনিবেশের পক্ষে উপযোগী বলিয়া মনে হয় না। তবে ভবিষ্যতে এরূপ অবস্থা হওয়া বা উহার পুনর্বাসনের পক্ষে উপযোগী হইতে পারে।

সংবাদ সংকলন

ভারতীয় আয়কর সিদ্ধান্তবাজ্ঞা

আন্তর্জাতিক অর্থ তহবিলের প্রেসিডেন্ট মিঃ গুটি, মন্ট্রিয়েল, নিউইয়র্ক ও সিডনি সফরের পর বলিয়াছেন যে, বর্তমানে এই সকল দেশ ভলার সম্পর্কিত বিনিময়ের অসুবিধা হ্রাস করিবার ব্যবস্থায় পৌঁছিয়াছে। এই সকল দেশের সংরক্ষিত তহবিল বিস্তার করা যায় বলিয়া মনে করা হইতেছে এবং অধিকন্তু তাহাদের নতুন তহবিল হাতের কোন সম্ভাবনা নাই।

রোমে (ইতালি) আন্তর্জাতিক বাণিজ্য সম্মেলনের আহ্বান অনুযায়ী ভারত এই হিসাবে আন্তর্জাতিক অর্থ তহবিল বোর্ডের কর্তৃপক্ষ অনুরোধ করিয়াছেন। বিভিন্ন রাষ্ট্রের বাণিজ্যিক ও সংরক্ষিত তহবিলের পুঙ্খানুপুঙ্খরূপে পর্যালোচনা করিয়া এই তহবিলের পক্ষ হইতে এই সিদ্ধান্ত করা হইয়াছে যে, ভারত, পাকিস্তান, সিংহল ডোমেনিকা এবং তিনি বর্তমানে মুদ্রা সম্পর্কে তাহাদের যে সকল বিধি নিষেধ আছে তাহা তুলিয়া দিয়া তাহাদের পক্ষে যুক্তিযুক্ত হইবে। তাহা সিদ্ধান্ত যে, বেলজিয়াম, লুক্সেমবার্গ, ইরাণী, স্টার্লিং আমেরিকার রাষ্ট্রসমূহ এবং অন্যান্য ও মুদ্রা প্রচারের রাষ্ট্রসমূহ এই হিসাবে সমর্থন করিয়াছে। ইহার ফলে মুদ্রার পর্যাপ্ত পরিমাণে ভলার আদায়ের সম্পর্কিত নিয়ন্ত্রণের বিধি করিতে সুবিধা হইতে পারে। এই বিষয় এই তহবিলের সিদ্ধান্তই চূড়ান্তভাবে গৃহীত হইবে। এই [illegible] করা হইয়াছে যে, ভলার সংরক্ষণের বাণিজ্যিক ব্যবস্থাদির ও মুদ্রাস্ফীতি হ্রাসের পর সমস্ত মুদ্রার যে বিনিময় হার নির্ধারিত হইয়াছে সমর্থন করা হইয়াছে। বর্তমান মুদ্রাস্ফীতির হার ও মুদ্রা-সোনা এবং ভলার-আয় যে হারে বৃদ্ধি পাইয়াছে, তদনুযায়ী মুদ্রামানের পক্ষে অবশ্যই বাণিজ্যিক বিধি করা যুক্তিযুক্ত হইবে বলিয়া মন্তব্য করা হইয়াছে। অষ্ট্রেলিয়ার ভলার সম্পর্কিত বাণিজ্য-বিধিরের কথা আলোচনা করিয়া করা হইয়াছে যে, ইহাদি এলাকার সহিত আমেরিকার উপনিবেশ এই বিধান গৃহীত হইয়াছিল, আজ তাহা উপযোগী নহে।

ভারত ও পাকিস্তানের ভবিষ্যৎ ঋণ সম্পর্কে বলা হইয়াছে যে, তাহাদের অবস্থা আন্তর্জাতিক সম্পর্কের বিধিনিষেধের ঊর্ধ্বে নহে।

অতিরিক্ত পাঁচ লক্ষ টন আইসোনা আমদানি

বর্তমানে খাদ্য সচিব শ্রী কে. এম. মুন্সী আমেরিকা হইতে আরও অতিরিক্ত পাঁচ লক্ষ টন গাইসোনা আমদানির চেষ্টা করিতেছেন না, তাহার জন্য সরকারের চার কোটি টাকা খরচাইবার চেষ্টা করিতেছেন বলিয়া জানা গিয়াছে। সঠিক খবরে প্রকাশ যে, সম্প্রতি ওয়াশিংটনে গাইসোনা আমদানি আলোচনাকালে আমেরিকা সরকারকে অনুরোধ করিয়াছিল—যাহার ফলে ভারত প্রায় চার কোটি টাকা লাভ করিয়াছিল। শ্রীযুক্ত মুন্সী পুনরায় সেইরূপ অর্থ বাঁচাইবার চেষ্টা করিতেছেন। সম্প্রতি তিন লক্ষ টন গম আমদানির জন্য যে চুক্তি হইয়া গিয়াছে তাহার অতিরিক্ত এই পাঁচ লক্ষ টন গাইসোনা আমদানি লইয়া আলোচনা চলিতেছে। সরকার যে আরও তিন লক্ষ টন গম আমদানির সিদ্ধান্ত করা হইয়াছে বর্তমান খাদ্য-সচিব শ্রীযুক্ত মুন্সীর সহিত তাহার অতিরিক্ত আরও পাঁচ লক্ষ টন গাইসোনা আমদানির জন্য খাদ্য-সচিব চেষ্টা করিতেছেন।

ইন্ডিয়ান-আমেরিকান প্রেস-এর জন্য ৪৭ নং ধর্মতলা ষ্ট্রীট, কলিকাতা হইতে শ্রীকালাচাঁদ মুখোপাধ্যায় কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত। ভারত কি বহির্দেশ হইতে ৩ মাস সমাপিমাল বিভিন্নে, ২০ শে ফেব্রুয়ারী মুদ্রণ হোক, কলিকাতা—৫ হইতে প্রকাশিত।

ফোন : [illegible]

REG. No. C165.

আর্থিক ভারত

ARTHIK BHARAT

অর্থনৈতিক সাপ্তাহিক

৩য় বর্ষ ৩১ সংখ্যা] কলিকাতা, বুধবার ১৩ই অগ্রহায়ণ, ১৩৪৭ [মূল্য ।৩

সূচী

বিষয়	পৃষ্ঠা
সম্পাদকীয়—	২৭৩
চাউলের দাম	
প্রাসঙ্গিক—	২৭৫
রপ্তানি বাণিজ্য	
প্রোভিন্সের আকের	
প্রদেশন আমদানির পরিমাণ	
আয়কর ফাঁকি	
কুটেরে মনকষ্টনে সমতা বিধান	২৭৭
মৌলিক—	২৭৮
ব্যাঙ্কিং এণ্ড কোম্পানী লিমিটেড	
৫। পণ্যদ্রব্যের বাজার— ...	২৮০
বস্ত্র আমদানির মূল্য উদ্ধার	
পণ্যদ্রব্যের দর	

বিষয়	পৃষ্ঠা
৬। শেয়ার বাজার—	২৮১
পাকিস্তানী টাকার মূল্য হ্রাসের গুজব	
বাজারের অবস্থা	
৭। সাময়িক প্রসঙ্গ—	
প্রতিরক্ষা বিভাগের ক্রয়ের নীতি	
পাট মুল্যমূল্য হ্রাসের সম্ভাবনা	
সরকারী পাটকল প্রতিষ্ঠানের অবাধে পাটকল ও বন্টনের ব্যবস্থা	
অস্ট্রেলিয়ার উপনিবেশের প্রেরণা	
পশ্চিমবঙ্গে তুলা উৎপত্তি	
জাপান হইতে পণ্য রপ্তানি	
পাকিস্তানে প্রথম ইউনিট	
অমরা ধরিদ্রুতি অর্থন	
মন্ত্রণ ব্যবিল মুক্তের ব্যবস্থাপনা	
সরকারী কারখানায় পরিচালনা ব্যবস্থা	

চাউলের দাম

সাম্প্রতিক বিপর্যয়ে, বন্যায়, অনাবৃষ্টিতে, অতিবৃষ্টিতে ও [illegible], ভারতে যে পরিমাণ খাদ্যশস্যের ক্ষতি হইয়াছে, তাহার পরিমাণ হইতেছে ১০ লক্ষ টন। ভারতে বছরে মোট যতটা খাদ্যশস্য উৎপন্ন হয়, টন হইতেছে তাহার শতকরা ১৪ ভাগ। অন্যভাবে বলা যায় এই যে, ভারতের মোট উৎপাদনের সাত ভাগের এক ভাগ খাদ্য প্রাকৃতিক বিপর্যয়ে নষ্ট হইয়াছে। সারা ভারতে যে পরিমাণ ঘাটতি, তাহা শতকরা সাত দশ ভাগ। এই দশ ভাগ পূরণ করিবার জন্য ভারতকে বিশেষভাবে উদ্যোগী হইতে হইয়াছে এবং এত উদ্যোগ সত্ত্বেও পূরণ করা সম্ভবপর হইতেছে না। এইরূপ বহু অবস্থা মোট সমস্ত ভারতের সাত ভাগের এক ভাগ বিপর্যয়ের জোড়ে ভাসিয়া গেল।

যে পরিমাণ খাদ্যশস্য নষ্ট হইল, তাহার দ্বারা কোন্নগরের বয়স্কের হিসাব অনুসারে ৭ কোটি ১০ লক্ষ লোকের এক বৎসর আহারের সংকুলান হইত। মোটামুটিভাবে বলা চলে যে ভারতের একটি প্রদেশের বাৎসরিক খাদ্যশস্য [illegible] বিনষ্ট হইয়াছে। ইহা

চাষীদের পক্ষে সম্ভব নয়। একটি প্রবাদের অধিবাসী যে পরিমাণ ধান বাহির করিয়া আনিতে পারিতেছে সেখানে ধান কাটার চাহিদাটা উল্টা পড়িয়াছে বেশী। এই কারণেই এখন চারিদিকে এমন হাহাকার পড়িয়াছে। বিদেশ হইতে কম পরিমাণ খাদ্যশস্য আমদানির নীতি অবলম্বন করিয়া সম্প্রতি নূতন করিয়া বিদেশ হইতে খাদ্যশস্য ক্রয় করিতে শুরু করা হইয়াছে। কিন্তু যত শীঘ্র আসা প্রয়োজন, তত তাড়াতাড়ি তাহা এখনও আসিয়া পৌঁছিতেছে না। অন্তর্বর্তীকালীন অনটন তাই দুর্বিষহ করিয়া তুলিয়াছে। উপরন্তু এলাকা ভিত্তিক যে সব অঞ্চল পরিচিত হইয়াছিল, এই বিপর্যয়ে সে সব অঞ্চল ঘাটতি-এলাকায় পরিণত হইয়াছে। এবং এইরূপ অনটনের সুযোগ লইয়া বিভিন্ন স্থানে খাদ্যশস্যের মূল্য বৃদ্ধি করা হইয়াছে। কারবারীদের এইরূপ অযৌক্তিক মনোভাব নিন্দনীয়, সে বিষয় সন্দেহ নাই। কিন্তু [illegible] সতর্কতা অবলম্বনও সমভাবে প্রয়োজন। দেশের লোকের দুর্বিপাকের সুযোগ লইয়া [illegible] প্রবৃত্তি কবে দূর হইবে ইহাই চিন্তার বিষয়।

ইহার উপর আর একটি ক্ষুদ্র আকারের বিপর্যয়ও ঘটিল। বিদেশ হইতে খাদ্যশস্য লইয়া কলিকাতা অভিমুখে আসিবার সময় পুরীর নিকটে একটি মালবাহী জাহাজ দু' টুকরা হইয়া চড়ায় আটকাইয়াছে। প্রায় ৭ হাজার টন খাদ্যশস্য উক্ত জাহাজে আছে। এই পরিমাণ খাদ্যশস্য যদি সমুদ্রের জলে ডুবিয়া নষ্ট হইয়া যায় তাহা হইলে সেও কম দুর্ভাগ্যের কথা নয়।

আসল কথা এই যে, বিভিন্ন স্থানে চাউলের দাম বাড়িতেছে। এই বৃদ্ধি রোধ করার উপায় কি, তাহাই এখন সর্বাপেক্ষা জরুরী কথা। মধ্যবিত্ত শ্রেণী ও স্বল্পবিত্ত শ্রেণী বর্তমানে অত্যন্ত অধিক অনটনের মধ্যে কাটাইতেছেন, তাহার উপর চাউলের দাম যদি উত্তরোত্তর চড়িতে থাকে তাহা হইলে তাহাদের পক্ষে জীবন ধারণ একটি দুরূহ হইয়া উঠিবে। চাউলের দর লাগাতার চড়িতে না পারে তাহার জন্য যদি চাউল-কল মালিকেরা উদ্যোগী হন, তাহা হইলে অনেকটা সুরাহা হইতে পারে। তাঁহারা যদি নিজেদের মধ্যে সংঘ গঠন করিয়া একটি মূল্য-নীতি নির্ধারণ করিয়া লইতে পারেন তবেই একটা সুফল পাওয়া যাইবে। দেশের এই দুর্দিনের সময় তাঁহারা যদি কিছুটা উৎসাহ ও উদ্যোগ দেখাইতে পারেন, তাহা হইলে তাহার ফল ভালো না হইয়া যায় না।

গত সপ্তাহে দেশের খাদ্যসচিব দেখার পর, কলিকাতে হলে দেশের রাইস মিলস্ অ্যাসোসিয়েশনের বার্ষিক সভা হয়। এই সভায় পশ্চিম বাংলার খাদ্যমন্ত্রী শ্রীযুক্ত প্রফুল্ল সেন চাউল-কল মালিকদের প্রতি একটি আবেদন জানান। সরকারী পদাধিকারী ব্যক্তির আবেদনকে প্রায়শই আদেশ বলিয়াই ধরিয়া লওয়া উচিত। কিন্তু দুর্ভাগ্যবশতঃ আমরা এমন শিথিলতায় পরিচয় দেই যে, তাঁহাদের অনুরোধ রক্ষা উপর কাহারো বড়-একটা আস্থা থাকে না। এরূপ দুর্দশার সময়ে অর্ডিনেন্সের মর্যাদা দেশে নাই বলিলে হয়, সমাজ বিরোধী [illegible] তেমনি [illegible] দিয়া [illegible] চেষ্টা করে। কিন্তু চাউলের দাম বৃদ্ধির প্রশ্নটা যখন মজুতদারদের প্রশ্ন, তখন সরকারী ট্রাক ব্যবহার উঠিয়াছে মিলাইয়া [illegible] সে দিকে দৃষ্টি রাখা আবশ্যক।

পশ্চিম বাংলার চাউল-কলের সংখ্যা হইতেছে ২৪১। এই মিল-গুলিকে চালু রাখিতে হইলে প্রায় ১২ লক্ষ টন ধানের আবশ্যক। কিন্তু গত বৎসর সারা পশ্চিম বঙ্গে মোট যে ধান সংগ্রহ করা হয়, তাহার পরিমাণ হইতেছে মাত্র সাড়ে ছয় লক্ষ টন। অর্থাৎ ২৪১টি মিলের জন্যে মাত্র ১৪০টি মিল ইহার দ্বারা চালু থাকিতে পারে।

খাদ্যমন্ত্রী চাউল-কল মালিকদের বলেন যে, তাঁহারা যেন তাঁহাদের মিলে ধান ভানার কাজ কিছুটা বন্ধ রাখেন। এই কাজ বন্ধ না রাখিলে ধানের চোরা কারবার রোধ করা দুঃসাধ্য হইবে। ২৪১টি কলের মধ্যে মাত্র ৬০০টি কল যখন চালু হইবার জন্য ধান পাইতে পারে, তখন বাকি কলগুলিও চালু হইবার জন্য চেষ্টা করিবে। এই প্রতিযোগিতার ফলে ধানের চাহিদা বাড়িবে এবং চড়া দামেও ধান কিনিয়া তাহা ভানা হইবে। তাহাতে যে চাউল উৎপাদিত হইবে তাহাও অবশ্য চড়া দামেই বাজারে ছাড়া হইবে।

তাহা হইলেই দেখা যাইতেছে যে, বর্তমানে ধানের অভাব যেমন একটা সমস্যা হইয়াছে, কলের সংখ্যাধিক্যও তেমনি একটা সমস্যা। কলের চাহিদা মিটাইবার জন্য চড়া দামে চোরাকারবারীর ধান কলে পৌঁছিবে। কিন্তু সরকারী বাঁধা দরে ধান জোগাড় করা যাইবে না। নিয়ন্ত্রিত দরে চাউল সরবরাহ তাহা হইলেই কঠিন হইয়া পড়িবে। এ ক্ষেত্রে মিল অনির্দিষ্ট কালের জন্য বন্ধ করিয়া দেওয়া ছাড়া উপায় নাই। কিন্তু হঠাৎ সে রকম আঘাত না হানিয়া মিল-মালিকদের উপরেই তাহার বিবেচনার ভার ছাড়িয়া দেওয়া হইল। ইহার ফল দেখিবার জন্য অপেক্ষা করিতে হইবে।

মিল-মালিক অ্যাসোসিয়েশনের অন্তর্বর্তীকালীন সভাপতি এই সভায় যে বিকল্প প্রস্তাব করিয়াছেন, তাহাও অবশ্য বিবেচনাসাপেক্ষ। তিনি মিল-মালিকদের মধ্যে একটি সমবায় ব্যবস্থা প্রবর্তনের পরামর্শ দেন। মোট যে পরিমাণ ধান তাহা দ্বারা সংগৃহীত হইতে পারে, সেই ধান ২৪১টি কলের মধ্যে সমানভাবে বণ্টন করিয়া দেওয়া। এই পরামর্শ সৎ পরামর্শ। এই অনুযায়ী কাজ হইলে মিল বন্ধ করিয়া দিবার প্রশ্ন ওঠে না, এবং ধান সংগ্রহে সরকারকেও যেরূপ অসুবিধায় পড়িতে হইয়াছে তাহাও দূর হইতে পারে। মিল-মালিকগণ যদি এই ভাবে সংঘবদ্ধ হন এবং সমবায়ী মনোভাব অবলম্বন করেন, তাহা হইলে তাঁহারা বর্তমানের এই দুর্দিনে অনেকটা সাহায্য করিতে পারেন।

আমরা সরকারী উদ্যোগ ও মিল-মালিকদের উদ্যোগ আগ্রহের সহিত লক্ষ্য করিব। এই অবস্থায় যে পক্ষ অগ্রসর হইতে পারিবে সেই পক্ষই দেশবাসীর বিশ্বাসের পাত্রে পরিণত হইবে।

প্রাসঙ্গিক

—:০:—

রপ্তানি বাণিজ্য—

ভারতের মুদ্রাস্ফীতি হ্রাসের পথ ধরিয়া এ পর্যন্ত—অর্থাৎ ১৯৪৯ সালের অক্টোবর মাস হইতে ১৯৫০ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত—আমদানি ও রপ্তানি বাণিজ্যের যে প্রাথমিক হিসাব পাওয়া গিয়াছে তাহা হইতে দেখা যায় যে, এই এক বছরে আন্তর্জাতিক বাণিজ্যে ভারতবর্ষ ৮ কোটি ৩০ লক্ষ টাকার পণ্যাদি আমদানি অপেক্ষা অধিক রপ্তানি করিয়াছে। মোটামুটি ভাবে বলা যায় যে, এক বছরে আন্তর্জাতিক বাণিজ্যে ভারতের ইহা হইয়াছে আয়। ঠিক ইহার পূর্ববর্তী বৎসরে ভারতের আমদানি-রপ্তানির অঙ্ক দাঁড়াইয়াছিল ২১০ কোটি ৮০ লক্ষ টাকা। মাত্র এক বৎসরের মধ্যে বাণিজ্যের এই পরিস্থিতি ভারতের পক্ষে শুভ লক্ষণ। ইহা বলা বাহুল্য যে, রপ্তানির পরিমাণ বৃদ্ধি এবং সেই সঙ্গে সঙ্গে আমদানির পরিমাণ হ্রাসের দ্বারা। নিম্নে পাশাপাশি দুই বছরের হিসাব দেওয়া গেল—

	কোটি টাকা	
	আমদানি	রপ্তানি
১৯৪৮-৪৯ —	৬১১·৬	৪০৩·৮
১৯৪৯-৫০ —	৫০৩·২	৪১২·৪

ইহা হইতেই দেখা যাইতেছে যে, ভারতের রপ্তানি এক বছরে ১০৮ কোটি ৬০ লক্ষ টাকা বৃদ্ধি পাইয়াছে এবং আমদানি হ্রাস পাইয়াছে ১১০ কোটি ৪০ লক্ষ টাকা।

মুদ্রাস্ফীতি হ্রাসের পরিণাম হিসাবেই অবশ্য এই বৃদ্ধি লক্ষ্য করা গিয়াছে। ইহার দ্বারা ভারতের সর্বপ্রথম এই এক বৎসর বাণিজ্যিক উৎসাহ আশাতীত বলিয়া দেখা যায়। তাহার ফলেও ইহা আশাতীত লক্ষ হইয়াছে। মুদ্রাস্ফীতি হ্রাসের পর হইতেই রপ্তানি বাণিজ্য উৎসাহ লাভ করে এবং সেই সময় হইতেই রপ্তানির পরিমাণ বৃদ্ধি পাইতে থাকে; তাহার পর হইতে ক্রমশঃ এই পরিমাণ বৃদ্ধি পাইয়া গত মার্চ মাসে ইহা সর্বোচ্চ স্তরে উঠে। সেই এক মাসে মোট রপ্তানি হয় ৫৫ কোটি ৯১ লক্ষ টাকার পণ্য। ইহার আগের বছর এই সময় মোট রপ্তানি হইয়াছিল ৩৯ কোটি ৮০ লক্ষ টাকার। ভারতের রপ্তানি বাণিজ্যের এই উন্নতির ফলে দেশের আভ্যন্তরীণ বাণিজ্যও যে উৎসাহ পাইবে, ইহাই স্বাভাবিক বলা যায়। ভারত বিভাগ হইবার সময় তাহার যে ইন্ডাস্ট্রি উদ্বৃত্ত ছিল, তাহা আমদানির দ্বারা ঘাটতি হইয়া যাওয়ায় ইন্ডাস্ট্রির অভাব হইয়া পড়িয়াছিল। সে দুশ্চিন্তার যে অবসান ঘটিয়াছে, ইহাই আমাদের কথা। এখন ভারত যাহা আমদানি করিতেছে, তাহার একটি বৃহৎ অংশ হইতেছে যন্ত্রপাতি। এই অনুকূল আন্তর্জাতিক বাণিজ্য ভারতের আরও অনুকূলে আসিতে পারিত, যদি ভারতকে বিদেশ হইতে যন্ত্রপাতি ও ডিজি আমদানি করিতে না হইত। ১৯৫১ সালের মার্চ মাসের পর যন্ত্রপাতি আর আমদানি করা হইবে না। এখন পর্যন্ত ইহাই সান্ত্বনা আছে। যদি ইতোমধ্যে নূতন করিয়া আবার কোনো দুর্যোগ দেখা না দেয়, যদি বর্তমান বৎসরের ন্যায় আন্তর্জাতিক বিপর্যয় আবার না ঘটে, তাহা হইলে ঠিক সময়ের মধ্যে যাহাতে যন্ত্রপাতি-পূর্তির কাজে হস্তক্ষেপ করা যাইতে পারে। তখন ভারতের বাণিজ্যিক শক্তি যে আরও বিস্তার লাভ করিবে, এ বিষয়ে আর কোনো সন্দেহ থাকিতে পারে না। বাকি মুদ্রাস্ফীতি আন্তর্জাতিক বাজার খুঁজিতেছে। ভারতের বাণিজ্যের অবস্থা দেখিয়া বোঝা যায় যে, ভারতীয় পণ্যের বাজার বিদেশে আছে। এই সব বাজারে চাহিদা মিটাইতে পারিলে দেখা যে বাণিজ্যই বাড়িবে তাহা নয়—দেশের শিল্পও প্রসারিত হইবে।

প্রসাধনের আবেদন—

দেশে যখন যানবাহন ব্যবস্থার টানাটানি যাইতেছে বলিয়া যায়, খাদ্য ও মুদ্রাস্ফীতি অবস্থায় কথা সকলকে ভাবা যাইতেছে, তখন অনেকের ভালকথা লিখিতে ও আলোচনা করা বহিনা এক প্রকার আমার আমাইয়া দেশের লোককে হাসাইয়া ছাড়িবেন। ঐতিহ্য ছাড়া দেশ অনেকের মহিলা সহ কিছুদিন পূর্বে বাণিজ্য-পরিষদের সভায় গিয়া হাজির হন। তাঁহাদের অনেকের বাড়ি আছার বলিয়া। তাঁহারা প্রসাধনের সামগ্রী চাহেন। বিদেশ হইতে প্রসাধনের দ্রব্যাদি কম আনা হইতেছে, ইহাতে তাঁহারা বিশেষ অসুবিধায় পড়িয়াছেন। তাঁহাদের এই নিদারুণ অভাবের পিছনে অন্য কোনো অভিসন্ধি আছে কি না, সন্দেহ হয়। কেন না, এইরূপ অন্তত অভাবের দাবির কোনো অন্য মহিলার মন সমর্থন করিতে পারেন, এমন বিশ্বাস হয় না। হয়তো বা মন্ত্রীরা কিংবা রাজনীতিকগণ যদি এমন আর্জি করিতেন, তাহা হইলেও তাহার মানে বুঝিতাম। যে দেশে পণ্য হিসাবে বিকাইবে হয়, সেই দেশের তাঁহারা সর্বস্বান্ত ও অসহায়ী মহিলা তুলিবার এত প্রয়াসী হন। কিন্তু হায়া দেশ আমাদের মহিলারা যে এ পর্যায়ের মহিলা নন, এ বিষয়ে আমরা নিঃসন্দেহ। তবু তাঁহাদের মেহনতের এত প্রসার কেন, ইহাই জিজ্ঞাস্য। যে দেশের লোক পেটের ও পিঠের জন্য জন্মিয়া খুন হইতেছে, সেই দেশের নারী যে গায়ের চামড়া ও কলিমার জন্য এতটা ক্ষুব্ধ হইয়া উঠিবেন, এমন ভাবিতে অসুবিধা হয়। আমাদের দেশের নারীজাতির কর্তব্য এই যে, অসংখ্য মহিলা এইরূপ মনের আবেগ করিয়া দেশের অন্য মহিলাদের মুখে যে দুঃখগাথা শোনাইতেছেন তাহার মোকাবিলা করা। খুব খুশিয়া এই সব অভাবের সহ করিলে এই সব শিক্ষিকার দল বাহিরের অভাবগ্রস্ত করিয়া তুলিবেন।

প্রসাধন আমদানির পরিমাণ—

এ বছরের এপ্রিল মাস হইতে এপর্যন্ত ভারত সরকার ২ লক্ষ ৮০ হাজার টাকার প্রসাধন-সামগ্রী আমদানি করিয়াছেন। ইহার মধ্যে অবশ্য স্নো ও ক্রীমের হিসাব ধরা হয় নাই। গত বৎসর এই সময়ে আমদানি করা হইয়াছিল ৮৫ লক্ষ ৮০ হাজার টাকার। ১৯৪৮-৪৯ সালে মোট ১ কোটি ১৩ লক্ষ

টাকার প্রসাধন সামগ্রী বিদেশ হইতে আনা হয়; ১৯৪৮-৪৯ সালে আনা হয় ৪২ লক্ষ টাকার, ১৯৪৯-৫০ সালে আনা হইয়াছিল ৩ কোটি ৩৭ লক্ষ টাকার। তিন বৎসরের মধ্যে আমদানির পরিমাণ প্রায় তিন কোটি টাকা হইতে কমাইয়া আড়াইলক্ষ ৩ লক্ষ টাকায় ধার করানো হইয়াছে। ভারতের আন্তর্জাতিক বাণিজ্যের ঐতিহ্যমান বজায় রাখিতে অবশ্য প্রয়োজনীয় দ্রব্যের আমদানি হ্রাস করা হয়—প্রসাধন সামগ্রী তাহার মধ্যে একটি। ইহার ফলে দেশে প্রসাধন দ্রব্যের চাহিদা অবশ্য কমে নাই। দেশে নানাবিধ প্রসাধন দ্রব্য উৎপাদিত হইতেছে। কিন্তু তাহাতে বাহির আমদানির দেশের যথাযথির শিক্ষিতা ও রুচিবতি মহিলাদের মন উঠিতেছে না। তাহাদের মুখের চাহনা যা কি হেয়ে করা যে, দেশীয় মতে তাঁহাদের মুখ রক্ষিত হইতেছে না। চারিদিক হইতে নিন্দার ও ধিক্কার আওয়াজ শোনা যাইতেছে, তাহাতে ইঁহাদের মুখ রক্ষিত হইয়া থাকে কি না, তাহাই বিবেচ্য হইয়া দাঁড়াইয়াছে। যে সকল কারণে বিদেশ হইতে প্রসাধন দ্রব্য বাহির আমদানি দেশের অর্থবায় হ্রাস করিবার জন্য বন্ধ করিয়াছেন, সেই সকল মুখের ক্রীম ও স্নোর্টের বিলাতি আমদানি ভারতীয় মহিলাদের ফেরানো যায় না। এই মহিলা প্রতিনিধি দলের নেতা হইয়া যাঁহারা বিদেশে যাইতেছেন তাঁহারা দলে আর যে যে ছিলেন তাঁহাদের নাম জানিবার জন্য আমাদের কৌতূহল হইতেছে।

আরকর ফাঁকি—

আরকর ফাঁকি দিয়া কতকগুলি লোক একটি কলিকাতা গঠনের দলে আমরা সকলকে লাভী করিলেন। মোটা আয় করিয়াও তাঁহাদের মনের আকাঙ্ক্ষা মিটে নাই, মোটা আয় যাহাতে গভর্নমেন্টকে যে কর আইনত দিতে হইবে, তাহা কি ভাবে ফাঁকি দেওয়া যায়, তাহার পথ বাহির করিয়া তাঁহারা মোটা টাকা গভর্নমেন্টকে দেন না। সুতরাং তাঁহাদের পুঁজিয়া বাহির করিবার জন্য কমিশন গঠন করিতে হয়। এই কমিশনের সভাপতি জিজ্ঞাসাবাদ করিয়াছেন। এই হইতে জানা যায় যে, এই কমিশন ৩৮টি ফাঁকির মামলা নিষ্পত্তি করিয়াছেন। এবং এখনো কমিশনের হাতে রহিয়াছে ১৩০টি মামলা। যে ৩৮টি মামলা নিষ্পত্তি হইয়াছে, তাহাতে ৪ কোটিরও অধিক টাকার আয়কর ফাঁকি যা কি ধরা পড়িয়াছে। যে গুটি এখন হাতে আছে, তাহাতে আরও কত কোটি টাকা ধরা পড়িবে তাহার একটা আনুমানিক হিসাব অবশ্য করা যায়। কমিশনের সভাপতির বিবৃতি হইতে জানা যায় যে, তাঁহাদের ফাঁসের সময় সাধারণ ১৫ হইতে আনাদী আয়কর অফিসার করুন করে। শিল্পাঞ্চলেই আয়কর ফাঁকির হিড়িক বেশি। কলিকাতা, বোম্বাই, আমেদাবাদ, কানপুর ইত্যাদি স্থানেই না কি ইহাদের উপদ্রব বেশি দেখা দিয়াছে। তাহার মধ্যে আবার কাপড় কলের মালিকেরাই না কি সবচেয়ে বেশি ফাঁকি দিয়াছেন। এই কমিশনের হাতে গভর্নমেন্ট অনেক ক্ষমতা দিয়াছেন। এইরূপ ক্ষমতা দিন বলিয়াই এই কমিশনের হাতে এতগুলি কেস করা পড়িয়াছে। যে টাকা ইহারা ফাঁকি দিয়াছিল, তাহা সরকারী তোষাখানে জমা হইয়া গেছে, কিন্তু সে টাকার মালিক প্রকৃতপক্ষে দেশের অধিবাসিগণ। দেশবাসীদের বঞ্চিত করিয়া এই ভাবে বিদেশে ঐশ্বর্যশালিনী করার প্রবৃত্তি কবে দূর হইবে, তাহাই প্রশ্ন।

১৭৭৪ সালের সামান্য শুরু থেকে আজকের দিন পর্যন্ত মার্টিন বার্ন লিমিটেড প্রতিষ্ঠানের সুপরিকল্পিত অগ্রগমন এক হিসেবে ভারতীয় শিল্প-প্রগতির ইতিহাস। মনোরম স্মৃতিসৌধ, আধুনিক ধরণের অফিস ও বাসভবন নির্মাণ, এই বিরাট শিল্পোদ্যোগের অতি সামান্য অংশমাত্র। এই প্রতিষ্ঠান লৌহ, ইস্পাত, সিমেন্ট উৎপাদন করে আর এরাই এশিয়ার বৃহত্তম ও অতি-আধুনিক যান্ত্রিক ব্যবস্থাসম্পন্ন ঢালাই কারখানার অধিকারী। এই প্রতিষ্ঠান তৈরি করে জাহাজ ও সেতু, পরিচালনা করে বৈদ্যুতিক শক্তি সরবরাহ কেন্দ্র ও লাইট রেল, তৈরি করে মালগাড়ি। সুয়েজের পূর্বাঞ্চলে গীয়র তৈরির সর্ববৃহৎ কারখানাও এই প্রতিষ্ঠানেরই। কাঁচের ও চীনামাটির জিনিস, রেল লাইন, পয়েন্ট ও ক্রসিং, জল, গ্যাস ও মরলা নিকাশনের কাজে ব্যবহৃত ঢালাই লোহার পাইপ—এক কথায় যান্ত্রিক শিল্পায়নের বিস্তীর্ণ ক্ষেত্রে এই প্রতিষ্ঠানের কর্মোদ্যোগ ছড়ানো। সামান্য পেরেক থেকে মাল গাড়ি, বাসগৃহ বা অফিস তৈরির সাজসরঞ্জাম (নকশা সমেত) এক গ্যালন রঙ অথবা ভারি জাঁতা—এক কথায় যান্ত্রিক শিল্পায়নের পর্যায়ভুক্ত যে কোনো জিনিসের প্রয়োজন হলেই নিচের ঠিকানায় খোঁজ করুন।

১২, বিশপ রো, কলিকাতা-১।

বৃটেনে প্রসবশুশ্রূষায় সমস্যা বিধান

—:০:—

বৃটেনবাসীর যোট জন্ম হিসাবও হেমন্তিই পর ১০০ বৎসরের জন্য আদায় সম্পর্কে সম্প্রতি যে বিবরণী প্রকাশ করিয়াছেন তাহা হইতে জানা যায় যে, ১৯৪৮-৪৯ সালে সেখানে আয়কর আদায়ের পরিমাণ হইয়াছিল ৪৪,০০,০০০ পাউণ্ড, ১৯৪৮-৪৯ সালে সেই পরিমাণ হইয়াছে ১৪৬,০০,০০০ পাউণ্ড।

একশত বৎসর পূর্বে এক পাউণ্ডের ক্রয়ক্ষমতা বর্তমানের তুলনায় প্রায় তিনগুণ অধিক ছিল। সেই অনুপাতে হিসাব করিলেও দেখা যায় যে, বর্তমানে আদায়ীকৃত আয়করের পরিমাণ ১০০ বৎসর পূর্বেকার পরিমাণ অপেক্ষা প্রায় ১০ গুণ অধিক হইয়াছে।

১৮৪০ হইতে ১৯৫০ সাল, এই ৫০ বৎসরে মোট রাজস্বের মধ্যে আয়করের পরিমাণ এক-পঞ্চমাংশ হইতে এক-চতুর্থাংশে দাঁড়ায়। প্রথম মহাযুদ্ধের পূর্বে সময়ের মধ্যেও এই অনুপাতে দেখা যায় যে, আয়করের পরিমাণ হইয়াছে মোট রাজস্বের এক-তৃতীয়াংশ। ১৯৪৮-৪৯ সালের রাজস্বমানে ইহা রাজস্বের শতকরা ৪০ ভাগে দাঁড়াইয়াছে।

গত ১০০ বৎসরে আয়কর আদায়ের পরিমাণ যেমন বৃদ্ধি পাইয়াছে, তেমনি করদাতাদের সংখ্যাও সেইরূপ বৃদ্ধি পাইয়াছে। ১৮৪০ সালে বাৎসরিক ন্যূনতম রাজস্বমূলক ছিল পূর্বে এই পরিমাণ ১০,০০,০০,০০০ পাউণ্ডে দাঁড়ায়। যুদ্ধের পর ইহা বৃদ্ধি পাইয়া ৯০,০০,০০,০০০ পাউণ্ড হয়। ছই মহাযুদ্ধের মধ্যবর্তী সময়ে এই পরিমাণ ৭০,০০,০০,০০০ পাউণ্ড এবং ৮৫,০০,০০,০০০ পাউণ্ডের মধ্যেই থাকে কিন্তু বিটীয় মহাযুদ্ধের পূর্বেই তুলনায় ইহা বিশেষভাবে বৃদ্ধি পায়।

বিটীয় মহাযুদ্ধের শেষে তুলনামূলক কম হইলেও বাৎসরিক ৩০০,০০,০০,০০০ পাউণ্ডেরও অধিক আদায় হয়। মুদ্রাস্ফীতির কারণে ইহা ক্রমশঃ বৃদ্ধি পাইতে থাকে এবং ১৯৪৯-৫০ সালে ইহা দাঁড়ায় মোট ৩৬৮,৮০,০০,০০০ পাউণ্ড আদায় হয়। এই পরিমাণ মোট আয়ীয় আয়ের প্রায় এক-তৃতীয়াংশ। ইহার অধিকাংশ আয়ের উপর প্রত্যক্ষ কর হয়। যুদ্ধের পর রাজস্বের শতকরা ৪৪'৭ ভাগ আসিয়া হইয়াছে আয়, মুনাফা ও মূলধনের হইতে এবং অবশিষ্ট ৪৪'৩ ভাগ আদায় হইয়াছে পরোক্ষ কর বাবদ— যেমন বাণিজ্য ও আবগারী শুল্ক, ক্রয় কর, ষ্ট্যাম্প কর ইত্যাদি।

বৃটেনের যোট জন হিসাবও হেমন্তিই ৪৮,০০০ কর্মচারীর সাহায্যে আয়ীয় আয়ের প্রায় এক-পঞ্চমাংশ সংগ্রহ করিয়াছেন। এই কার্যের জন্য ১৯৪৮-৪৯ সালে ১০০,০০,০০,০০০ পাউণ্ডেরও অধিক আয় সম্পর্কে অনুসন্ধান করিতে হইয়াছে এবং আয়কর ধার্য করিবার জন্য ১,০০,০০,০০০ লোকের আয় সম্পর্কে পুঙ্খানুপুঙ্খরূপে জানিতে ও হিসাব করিতে হইয়াছে। এই কারণে বলে বৃটেনে এই কর্মচারীর অবস্থা সম্পর্কে বহু মূল্যবান তথ্য ও পরিসংখ্যান সংগৃহীত হইয়াছে।

বৃটেনে আয়কর ধার্যের এইরূপ ব্যবস্থা করা হইয়াছে যাহাতে অল্প আয় বিশিষ্ট ব্যক্তিদের কোন কর দিতে হয় না এবং অধিক আয় বিশিষ্ট অর্থাৎ বাৎসরিক ২,০০০ পাউণ্ডের অধিক আয় বিশিষ্ট ব্যক্তিদের আয়কর দ্বারাও ক্রমবর্ধমান হারে অতিরিক্ত কর দিতে হয়। বাৎসরিক ২০,০০০ পাউণ্ডের অধিক আয়ের উপর শতকরা ৯৫ ভাগ হারে কর ধার্য করা হয়। যেসব ব্যক্তি যদি বৎসরে ১,০০,০০০ পাউণ্ড উপার্জন করে তাহা হইলে আয়কর কর বাবদ ৯০,৬৮৫ পাউণ্ড দিতে হইবে।

অতিরিক্ত দেখা যায় যে, ১৯৪৮-৪৯ সালে বাৎসরিক ১৬৪ পাউণ্ডেরও (কর ধার্য করিবার নিম্নতম পরিমাণ) অধিক আয়বিশিষ্ট ৩০,০০,০০০ ব্যক্তি বিবাহ, সন্তান সংখ্যা, অসমর্থ প্রভৃতি নানাবিধ কারণে আয়কর হইতে অব্যাহতি লাভ করিয়াছে। যে ব্যক্তি বিবাহিত এবং ছই সন্তানের পিতা—তাহার বাৎসরিক আয়ের পরিমাণ ৭ পাউণ্ড হইতে ৮ পাউণ্ড না হওয়া পর্যন্ত তাহাকে কোন আয়কর দিতে হয় না এবং আয় বৃদ্ধি পাইবার সঙ্গে সঙ্গে যে কর দিতে হয় তাহার হারও কম।

মৃতব্যক্তি আয়কর প্রদানের ঢাল পরিত্যক্ত উপায় না পাইয়া করদাতা উপায় পরিত্যক্ত। এতদ্ভিন্ন যেমন ৭০,০০,০০০ ব্যক্তি আয়করের হার হইতে অব্যাহতি পাইয়াছে, অতদ্ভিন্ন ১৯৪৮-৪৯ সালে মাত্র ৮৬ ব্যক্তিকে দেখা যায় যাহাদের আয় আয়কর দিবার পর বাৎসরিক ৬,০০০ পাউণ্ডের অধিক থাকে। কর বৎসর পূর্বে, ১৯৩৯-৪০ সালে, এরূপ ৬,৫০০ ব্যক্তি ছিল যাহাদের আয় আয়কর দিবার পরও ৩০০০ পাউণ্ডের অধিক ছিল। ইহা হইতে বুঝা যাইবে যে পাউণ্ডের মূল্যও ইতিমধ্যে অর্ধেকে দাঁড়াইয়াছে।

অধিক আয়ের উপর করের হার এমনভাবে বৃদ্ধি করার ফলে গত দশ বৎসরের মধ্যে ৪,০০০ পাউণ্ড হইতে ৫,০০০ পাউণ্ড আয় বিশিষ্ট ব্যক্তির সংখ্যা প্রায় অর্ধেক হ্রাস পাইয়াছে কিন্তু ১,০০০ পাউণ্ড হইতে ৪,০০০ পাউণ্ড আয় বিশিষ্ট ব্যক্তির সংখ্যা দ্বিগুণ বৃদ্ধি পাইয়াছে। গত দশ বৎসরের মধ্যে অল্প ও মাঝামাঝি আয় বিশিষ্ট ব্যক্তিরা বিশেষভাবে উপকৃত হইয়াছে। ১৯৪৮-৪৯ সালের হিসাবে দেখা যায় যে, বৃটেনে ৮১,৪১,০০০ ব্যক্তি আছে যারা কিছু দিবার পরও যাহাদের বাৎসরিক আয়ের পরিমাণ ৫ পাউণ্ড হইতে ১০ পাউণ্ড।

বিগত ৫০ বৎসর ধরিয়া বৃদ্ধের সম্পত্তির উপর কর ধার্য করিবার ফলেও অনেক পুরুষানীন সম্ভব হইয়াছে। এই পুরুষানীনের ফল দেখাই কর-নীতির উপর গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করিতে পারে। বর্তমানে বৃটেনে ২,০০,০০,০০০ ব্যক্তি আছে যাহারা সম্পত্তির ২০ পাউণ্ড পর্যন্ত উপার্জন করে এবং যাহাদের আয় কর প্রদানের উপযুক্ত মোট আয়ের তিন-চতুর্থাংশ। ইহাদের মধ্যে তিনে মাত্র ৭,৮৫,০০০ ব্যক্তি থাকে কর দিবার পূর্বে যাহাদের বাৎসরিক আয় ১,০০০ পাউণ্ডের অধিক এবং ১৯৪৮-৪৯ সালে কর দিবার পর যাহাদের মোট আয়ের পরিমাণ হইয়াছিল ১,০১,৪০,০০,০০০ পাউণ্ড।

মৃতব্যক্তি যেমন ধার্য করের উপর অনেক ব্যক্তি চালাইয়া আর দিবেন কিছু মৃত্যুর হইবে না। বর্তমানে অল্প ও মাঝামাঝি আয় বিশিষ্ট ব্যক্তিদের হাতেই আয়ীয় আয়ের অধিকাংশ জমা হইয়াছে। রাজস্ব বৃদ্ধি করিতে হইলে ইহাদের উপর প্রত্যক্ষ কর চালান অথবা বাড়ান, রাজস্ব, প্রভৃতি নানাদ্রব্যের উপর উচ্চ হারে পরোক্ষ কর চালান—তোমু উপায়ই অবলম্বনের দিন দিন প্রত্যেক গভর্নমেন্টকে আরও অবলম্বনে চিন্তা করিতে দেখিতে হইবে। (কর বিশেষ)

যৌথিক—

ম্যাকলিয়ড এণ্ড কোম্পানী লিমিটেড

—:০:—

বিগত অনেক বৎসরের তুলনায় গত ৩১শে ডিসেম্বর অন্তে বর্ষে ম্যাকলিয়ড কোম্পানীর লাভ অল্পই পরিমাণে হ্রাস পাইয়াছে। আলোচ্য সালের অধিকাংশ সময়েই পাট-শিল্প যথেষ্ট অটিলতা বর্ত্তমান থাকায় কোম্পানীর উপার্জ্জনের পথে তীব্র প্রতিকূল অবস্থার সৃষ্টি হয়। ম্যানেজিং এজেন্সিস্ ট্রাষ্টীগণের এই বৎসর কোম্পানীর সচিব কেরাণী ও বিক্রয়ের কর্ম্মচারীদের বিরোধ মিটাইয়া দেয়। এই মীমাংসার ফলে তদানীন্তন কর্ম্মচারীদিগকে বিশেষ প্রয়োজনে উপযুক্ত পরিমাণে যে একতরফা পারিতোষিক প্রদান করিবার ব্যবস্থা হয় তজ্জন্য মোট অর্থ আলোচ্য হিসাবে ধরচ রাখা হইয়াছে।

চা-বিভাগ হইতে অবশ্য সন্তোষজনক আয় হইয়াছে; কয় অপরিহার্য্যভাবে বৃদ্ধি পাওয়ায় মীট লাভের পরিমাণে অবনতি ঘটিয়াছে।

এঞ্জেন্সী বিভাগে ১৯৩০ সাল অপেক্ষা এই বৎসর অবনতি পরিলক্ষিত হইয়াছে বলাবাহুল্য হইবে না; ইহাদের কলিয়ারিগুলির প্রধান এঞ্জেন্সী অল্প হওয়ায় এবং অন্যান্য শাখায় চাহিদা কমীভূত হইয়াছে বলিয়া।

পশ্চিম বাঙ্গলায় ১৯৩০-এর সেপ্টেম্বর মাসে সমিতিভুক্ত মেসার্স জে, এফ, লো এণ্ড কোং লিঃ-এর ম্যানেজিং এজেন্সী বিযুক্ত হইয়াছে ম্যাকলিয়ড কোম্পানী; ফলে ইঞ্জিনিয়ারিং বিভাগে ১৯৩০ সাল অপেক্ষা অধিক পরিমাণ অর্থাগম সত্ত্বেও কোম্পানী লাভ হইয়াছে।

* গত বৎসরের কার্য্যারম্ভে ডাক্তারের অর্থ হইতে যে ১,১৫,০০০ টাকা উদ্বৃত্ত রহিয়া গিয়াছে উহা আলোচ্য বৎসরের লাভ-অংশে হিসাবে মীট লাভের সহিত যোগ করিয়া দেখান হইয়াছে।

† ডিভিডেণ্ড ইকুয়ালাইজেশন এ্যাক্টের ৯ম ধারানুযায়ী বিশেষ প্রয়োজনে পেশোয়ার স্থায়ীভাবে অবসর গ্রহণে ৪৮,৫৩৮৲ টাকা বর্ত্তমানে প্রদান করিবার ব্যবস্থা হওয়ায় এই বৎসরে গ্রহণান্তের সহিত যোগ করিয়া দেখান হইয়াছে।

১৯৩১ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত অর্দ্ধ-বর্ষে পরীক্ষিত হিসাব :—

ডিসেম্বরে অর্দ্ধ-বর্ষে	১৯৩১	১৯৩০	১৯২৯
	টাকা	টাকা	টাকা
মীট লাভ	১৭,১০,৪৪১*	৯,৭১,১৯,২১৩	১৬,৩৬,৮১২
কর	৭,০০,০০০	১১,৭৫,০০০	৯,০০,০০০
অন্তর	১,৬৮,০৩১	৪৪,৯৩৮	৮৮,২৪১
লভ্য উদ্বৃত্ত	২,০০,০০০	৯,৪৪,৩৬৯	৮,০৬,১৮০
লভ্যাংশ, অর্দ্ধি	৪,০০,০০০	৪,০০,০০০	৩,৭৫,০০০
লভ্যাংশ, প্রেফঃ	১,৪১,৩৮৮†	১,৩৩,৯১২	১,৪০,০০০
লভ্যাংশ, ডেফঃ	১৪,০০০	৩৭,৪০০	৩৭,৪০০
প্রেফ, অবলীয় লাভ	১,৯৮,৪১০	১,৩১,৪৩১	১,৫১,৭৯৯

লভ্যাংশের হার, শতকরা :—

অর্দ্ধি:

৯ম প্রেফঃ (বার্ষিক)

৫ম প্রেফঃ

ডেফঃ অর্দ্ধি:

আলোচ্য সালে লাভের পরিমাণ হ্রাসপ্রাপ্ত হইয়াছে ১৬,৩৩,৯৮১৲ টাকা। ইহা হইতে ডাক্তারীর কর্ম্মচারীদের পারিতোষিক খাতে ১,৯৯,৯৭৯৲ কর খাতে ৭,০০,০০০৲ (১১,৭৫,০০০৲), ইন্‌ভেষ্টমেণ্ট্ রিজার্ভেশনের অতিরিক্ত অর্থ ৯৮,১০০৲ এবং ফার-ব্যাক-আই এবম ডোন-কর খাতে ৪,৯১৬৲ বাদে হ্রাসিবার পর অবশিষ্ট ৬,৯১,৪১২৲ টাকার সহিত পূর্ব্ববর্ত্তী বৎসরে বৎসরান্তে স্থানান্তর উদ্বৃত্ত ১,৭৪,০০০৲ এবং অন্তর্বর্তীকালীন লাভের যোগ ১,৩১,৪৩১৲ মোট ধরিয়া মোট ১০,২৪,৯০৮৲ টাকা হইতে লভ্যাংশ বাবদ খাতে ২,০০,০০০৲ বিশি ধরিয়ার পর অবশিষ্ট ৮,২৪,৯০৮৲ টাকা হইতে নিম্নলিখিতরূপে বন্টনাদি বিতরণ করা হয় :—

৩০শে জুন, ১৯৩১-এ অন্তে অর্দ্ধ-বর্ষের জন্য, শতকরা ৫৲ টাকায়—

১০,০০০	কিউমুঃ ৯ম প্রেফঃ শেয়ারে জন্য যুক্ত (মোট)	২২,০০০৲
৪৯,৩১০	৫ম " জন্য যুক্ত	২৪,৬৫০৲

৩১শে ডিসেম্বর, ১৯৩১-এ অন্তে অর্দ্ধ-বর্ষের জন্য, শতকরা ৫৲ টাকায়—

১০,০০০	কিউমুঃ ৯ম প্রেফঃ শেয়ারে জন্য যুক্ত (মোট)	২২,০০০৲
৪৯,৩২০	৫ম " জন্য যুক্ত	২৪,৬৫০৲

৩১শে ডিসেম্বর ১৯৫১-এ অন্ত অর্থবর্ষ হয়, যথা—

পরবর্তী ১০ বছর ৪০,০০০ অতিরিক্ত সেয়ারে

৫ ,, ৫০,০০০ ডেফার্ড ,,

দ্বিতীয় ডেবেঞ্চারের সেয়ারের মূল্যেরও অংশের বন্টনঃ—

৩০-৬-৫৮-এ অন্ত অর্ধবর্ষে	৪,০০০ সেয়ারে	১১,৪৫০৲
৩১-১২-৫৮-এ ,,	৮,৪১৫ ,,	২১,০৩৭৲
৩০-৬-৫৯-এ ,,	৪,৪০০ ,,	১১,৪৫০৲
৩১-১২-৫৯-এ ,,	১,০০০	৪,০০০৲
	মোট বন্টিত লভ্যাংশ	৬,১৬,৩৭৮৲

উদ্বৃত্ত ১,৪৮,৪১৭৲ টাকা অবন্টিত মুনাফা রূপে ধরা হইয়াছে।

১৯৫৭-এর ৮ই ডিসেম্বর অনুষ্ঠিত অসাধারণ সভার প্রস্তাব অনুযায়ী ৪০০টি দ্বিতীয় ডেবেঞ্চারের সেয়ার আসলের সমান বিনিময় ও আদায়ীকৃত হইয়াছে।

বিলিবন্টনের পরিকল্পনায় এই দ্বিতীয় ডেবেঞ্চারের সেয়ারগুলি ১৯৫৮ সালের ১লা জানুয়ারী হইতে বার্ষিক শতকরা ৫৲ টাকার পর্যায়ে পড়ে; কিন্তু পাবলিক কোম্পানীজ (রিষ্ট্রিক্সন অন ডিভিডেন্ড) এক্ট, ১৯৪৯ বলবৎ থাকায় ইহার ১৫ ধারা অনুযায়ী অডিটারদিগকে ডেফার্ড মোট মূল্যের বিনিময় করা ভিন্ন যাহা সেয়ার ধার্য করার পর যোষিত হইয়াছে এবং ইহার ফলে ১৯৫৮-এর ৩১শে মার্চে অন্ত আর্থিক বৎসরের জন্য বার্ষিক শতকরা ৫৲ টাকার অধিক হইতে পারিবে না; বিলিবন্টনের পরিকল্পনায় অডিটারদের প্রাপ্য উদ্বৃত্ত লভ্যাংশ উক্ত খাতে অন্য বিভাগ করা যত্ন রাখা কর্তব্য।

১৯৫৮ সালের ২৩শে অক্টোবর হইতে পাবলিক কোম্পানীজ (রিষ্ট্রিক্সন অন ডিভিডেন্ড) অর্ডিনেন্স,—১৯৫৮ বলবৎ হয়; ফলতঃ ইহার পর বিলিকৃত ৩,৯১৫টি দ্বিতীয় ডেবেঞ্চারের সেয়ারে ১৯৫৮-এর ৩১শে ডিসেম্বর অন্ত অর্ধবর্ষের লভ্যাংশ পরিশোধ করা, অনুরূপ অবস্থায় বন্ধ রাখিতে হয়।

১৯৪৯-এর পাবলিক কোম্পানীজ (রিষ্ট্রিক্সন অন ডিভিডেন্ড) আইনের বন্ধ ৩১শে মার্চে পর্যন্তি ইতিপূর্বে পরিচালকবর্গকে উপরোক্ত সময় অন্তরে লভ্যাংশ সাময়িক লাভের লাভ হইতে প্রদানের ক্ষমতা অর্পণ করিয়াছেন।

বন্ধ ১৯৫৭-এর ৮ই ডিসেম্বর অনুষ্ঠিত অসাধারণ সভার গৃহীত প্রস্তাব বন্ধ ১৯৫০ সালের ১লা জানুয়ারী হইতে আরও ৬,১৮০টি দ্বিতীয় ডেবেঞ্চারের সেয়ার বিলিকৃত ও আদায়ীকৃত হওয়ায় উক্ত অধিকল্পনা অনুযোদিত মূলধনের আরও কম করা হইয়াছে।

সেক্রেটারী—দি আর. এন. চার্টার্জি।

মূলধন: অনুমোদিত ১,১৫,০০,০০০৲, বিলিকৃত ও আদায়ীকৃত—৮৮,৯১,০০০৲; শতকরা ৫৲ টাকার অনুযোগ ১ম প্রেফ প্রতিটি ১০০৲ মূল্যের সেয়ার ১০,০০০টি, শতকরা ৫৲ টাকার ২য় প্রেফ: প্রতিটি ১০০৲ মূল্যের সেয়ার ৩৩,৮০টি, প্রতিটি ১০০৲ মূল্যের অর্ডি: সেয়ার ৪০,০০০টি, প্রতিটি ১০৲ টাকা মূল্যের ডেফ: অর্ডি: সেয়ার ৫০,০০০টি; প্রত্যেক সেয়ার সম্পূর্ণ আদায়ীকৃত।

বিনিপাত্রের সারাংশ—

(হিসাবের অন্ত বর্ষ)

দায়ঃ—	১৯৫৯ টাকা	১৯৫৮ টাকা	১৯৫৭ টাকা
মূলধন, আদায়ীকৃত :			
প্রেফারেন্স	৪৩,১৭,০০০	৩৩,৩২,০০০	৩০,০০,০০০
অর্ডিনারী	৪০,০০,০০০	৪০,০০,০০০	৩০,০০,০০০
ডেফার্ড অর্ডিনারী	৫,০০,০০০	৫,০০,০০০	৫,০০,০০০
পরিবর্তনীয় নোট	৪৪,০০,০০০	৪৪,০০,০০০	৭৪,৭৫,০০০
সঞ্চয় তহবিল	২৭,০০,০০০	২৫,০০,০০০	১৮,৪৪,৬৪৪
অন্যান্য তহবিল	৯,১৬,৪৮৭	৫,৪১,৭৭৫	১১,১৩,৪১৫
ঋণ	১,৭৫,০৪,৯১৫	১,১৮,১১,৫৩৩	১,৯৮,৯০,৩১৯
দেনা (অবন্টিত লাভ)	১,৪৮,৪১০	১,৩১,৪৯১	১,৪৭,৭৯৯
মোট	৩,৪১,১১,১১২	৩,৪০,৩৯,৭৪৮	৩,২৬,৭৫,১৭৪
সম্পত্তি :—			
মোট স্থায়ী সম্পত্তি	৪১,৫০,৪১১	৩৭,০১,৪৪৪	২২,১৪,১০০
অবচয়	২,৮১,৪১৯	১,৩৪,০৮৪	৪৫,৪১২
নীট স্থায়ী সম্পত্তি	৩৮,৪৯,০৯১	৩৫,৩৭,১৩৩	২১,৬৮,৭৪৪
বন্ধকী ঋণ	১৮,৪৪,৪৭৯	৮,৫৮,৮০২	১,৭৯,৭৪৪
বাকী পাওনা	১৪,৮০,১৩৪	৩১,৮৭,০৫৮	৪১,১১,১৪০
ঋণ বিনিয়োগ	২,০৭,৬১,৪৮৮	২,১৮,৪১,৩৪৭	২,৪১,৭২,১৮২
অডিট-পরচ-বন্ধ ঋণ	৫,৪১,৩০৪	৫,০৮,৪০১	৫,০৮,৪০১
নগদ	২,৭০,১৮৪	৪,৭২,২১১	২৩,৩০৪
মোট	৩,৪১,১৪,১২৭	৩,৪০,৩৯,৭৪৮	৩,২৬,৭৫,১৭৪
ঋণ সম্পত্তি	৩,০৩,১১,৮০৭	৩,০৪,৭৭,৩০৭	৩,০১,৪৯,৪০৭

পণ্যদ্রব্যের বাজার—

দর কমাইবার নূতন উদ্যোগ

—:০:—

বিভিন্ন পণ্যের দর যাহাতে আরো নিম্নে নামিয়া যাইতে পারে তাহার জন্য ভারতসরকারকে নূতন করিয়া নীতি গ্রহণ করিতে হইল। দেশের বাজারে সাধারণ কিছু চড়া দামে বিক্রয় করিবার জন্য দেশের পণ্য বিদেশে রপ্তানি হইয়া যাইতেছিল। ইহাতে দেশের পণ্য অল্প চলিয়া যাইবার ফলে দেশে তাহার ঘাটতি পড়ে এবং অর্থনীতির দুর্বলতার সুযোগে চাহিদার অনুপাতে জোগান না হইবার ফলে দেশে পণ্যের দাম উঠিতে থাকে। ইহা নিতান্তই অবাঞ্ছিত অবস্থা। বিদেশের বাজারে চড়া দামে মাল বিক্রয়ের উপর জোরো বিধিনিষেধ আরোপ না করিয়া এবং রপ্তানি বিভিন্ন করিয়া না দিয়া যাহা করা যায়, তাহার সরকারকে সেইরূপ ব্যবস্থাই করিতে হইল। রপ্তানি পণ্যদ্রব্যের উপর শুল্কের পরিমাণ তাহার সরকার বৃদ্ধি করিয়া দিলেন। এই শুল্ক দিবার ফলে বিদেশে ভারতীয় পণ্য বিক্রয়ের আগ্রহ অনেকটা হ্রাস পাইবে। ইহাতে দেশের পণ্য দেশের অভ্যন্তরেই বিক্রয় করিতে হইবে। এবং রপ্তানি হ্রাস পাইবার ফলে দেশে পণ্যের জোগান বৃদ্ধি পাইবে। জোগান বৃদ্ধি পাইলে দর স্বভাবতই কম হইবে। এইভাবে ভারতসরকার দেশের অভ্যন্তরে পণ্যদ্রব্যের দর হ্রাস করিবার উপায় উদ্ভাবন করিয়াছেন।

পৃথিবীর বাজারে এখন মুদ্রাস্ফীতির ফলে পণ্যদ্রব্যের দাম বাড়িতেছে। এমন ক্ষেত্রে রপ্তানির অভ্যন্তরে দর হ্রাস করা যে মূর্খতা হইবে, ইহা স্বীকার করিতেই হইবে। অভাব দেখে যখন পণ্যদ্রব্যের দাম চড়া, তখন সেই সব জায়গার বাজারে যদি ভারতীয় রপ্তানিকারী ব্যবসায়ীরা পণ্য বিক্রয় করিতে পারেন, তবে তাহাতে সুবিধা বেশি হইবে। অধিক মূল্যের লোভে এই আগ্রহ যেন কমা সম্ভব হয়। প্রকারান্তরে তাহা হইলে রপ্তানি শুল্ক বাড়াইয়া দেওয়াই হয়।

তাহা ছাড়া বাড়িত মূলধনের এখন অনুপযুক্ত বণ্টনের ফলে উৎপাদন-আয়োজন ভুল করিয়াছে। ইহাতে শিল্পবিশেষ ও দ্রব্যবিশেষ প্রয়োজনের উৎপাদন বিশেষভাবে বাড়িয়া গিয়াছে ও যাইতেছে। বাড়িত মূলধন হইতে শিল্প ও দ্রব্যবিশেষ প্রয়োজনের উৎপাদনের উপযোগী যন্ত্রপাতি নূতন করিয়া আমদানির জন্য অনুমতি দেওয়া হইবে বলিয়া আশা করা গিয়াছিল। বাড়িত মূলধনের যাহাতে সুষ্ঠুভাবে আয়োজনের জন্য তাহা প্রতিরোধ হইল। এমন ক্ষেত্রে এই সব ক্ষেত্রের অর্থনৈতিক উন্নয়নের পথে বিঘ্ন দেখা দিয়াছে। ভারতের এখন অনেক দিক উন্নতি করিবার আছে এবং বিদেশের যন্ত্রপাতির উপর তাহাকে নির্ভরও করিতে হইতেছে। পৃথিবীর আমদানি মূল্যস্ফীতির পূর্ণ হওয়ার ফলে তাহার কিছু কিছু প্রতিক্রিয়া ভারতেও দেখা দিতে বাধ্য।

ইহা সত্ত্বেও ভারতে পণ্যদ্রব্যের দাম কমাইবার জন্য এই মুদ্রাস্ফীতির যোগ করিবার জন্য চেষ্টা চলিতেছে। দেশের পণ্যদ্রব্য উৎপাদনের পরিমাণ বৃদ্ধি এবং বিদেশে বেশি পণ্য চালান কমাইবার জন্য ভারতসরকারকে বিভিন্ন ব্যবস্থা অবলম্বন করিতে হইতেছে।

বাজারে দর নেমে যাইবার ভয়ে ব্যবসায়ীরা মাল বিক্রয় করিতে চাহিতেছেন না। ফলে বাজারে মালের জোগান কমিয়া যাইতেছে। এই অবস্থায় নূতন করিয়া সরকারী ঘোষণা জারি করিতে হইয়াছে। আপাতত ইহার ফলে কী অবস্থা দাঁড়াইবে তাহা বলা কঠিন। কিন্তু মূল্য-পূর্ব কালীন অবস্থায় এখনো আমরা সকলকে ফিরিয়া যাই নাই। অতিরিক্ত যদি বিশেষ জরুরী অবস্থার আশা ভারতসরকারকে পরিত্যাগ না করে, তাহা হইলে আর কিছুদিনের মধ্যে স্বাভাবিক অবস্থা আবার ফিরিয়া আসিবে বলিয়া মনে হয়।

চিনি ও চিনি—

গত কয়েক সপ্তাহের মধ্যে গুড় ও চিনির বাজারের অবস্থা অনেকটা বিভিন্নরূপ হইয়া দাঁড়াইয়াছে। অনেকটা অকস্মাৎ অবস্থা কালোবাজারী কারবার এমনো চলিয়াছে; ইহার মূলে বিশেষ উদ্যোক্তারা হইতেছেন কলিকাতা। এখানে গুড়ের সর্বোচ্চ নির্ধারিত দরের অনেক বেশি দরে তাহা বিক্রয় হইতেছে। যেসব জায়গায় গুড়ের উৎপাদকদের নিকট হইতে যে দরে কেনা হইতেছে তাহার দাম দিতে হইতেছে এই সর্বোচ্চ দরটাই। সুতরাং এই গুড় বাজারে বিক্রয় করিবার সময় আরো কিছুটা দর বাড়িবেই। কালোবাজারে যে সব লেনদেন হইতেছে তাহা না কি এই আনুষঙ্গিক খরচ-খরচা বাবদই।

চিনির বাজারে বিশেষ কোনো পরিবর্তনের খবর বিশেষ নাই। এখন পর্যন্ত চিনির দর একই রূপ আছে। কালোবাজারের কারবার বিশেষভাবে বন্ধ যাইতেছে। উত্তরপ্রদেশের পশ্চিমাঞ্চলে অবশ্য মাড়াইয়ের কাজ শুরু হইয়াছে; দক্ষিণাঞ্চলের দুটি কারখানাতেও মাড়াইয়ের কাজ আরম্ভ হইয়াছে। ফলিতাঞ্চলে মিলে ৪ লক্ষ বস্তা চিনি যা কি এখন উদ্বৃত্ত আছে। হিসেবে মাল পর্যন্ত ৮ লক্ষ বস্তা চিনির দরকার। তাহা হইলেই বোঝা যাইতেছে যে, ৪ লক্ষ বস্তা চিনি উদ্বৃত্ত থাকা সত্ত্বেও এখনো ৫ লক্ষ বস্তার ৪ লক্ষ বস্তা ঘাটতি আছে।

চা—

গত সপ্তাহে কলিকাতার নীলাম-বাজারে প্রায় ২৯,৫০০ পেটি চা রপ্তানির অধিকার লইয়া বিক্রয় হয়। গত কয়েক সপ্তাহের তুলনায় বাজারে চাহিদা এই সপ্তাহে কিছু বেশি দেখা যায়।

পণ্যদ্রব্যের দর—

গত ১৮শে মার্চের কলিকাতায় বিভিন্ন পণ্যের পাইকারী দর যেরূপ ছিল তাহা নিম্নে দেওয়া হইল—

তৈল—সরিষা ১৪৲—১৫৲, বাদাম দেশোয়ালী ২৯৲, বাদাম (শিপমেন্ট) ৭৫৲, তিসি ৩৩৲, আমা ৩৩৲, রেড়ি ১০৲, তিল ৭৮৲।

তৈলবীজ—সরিষা (রাই বস্তা) ৩৬০০, ছোট ৩৩৲, তিসি বড় ৩৩০০, ছোট ২৯৫০—৩০৲, বাদাম দামী ৩৫৲—৩৪০০, খোলামুখ ১৮৲—১৯৲, তিল দামী ৩০৲—৩১৲, কালো ৩০৲, আমা ২৩০০, রেড়ি তামলুক ২৭৫০, বিহার ২৮৫০।

তন্তুবীজ—শণের দামী ১৯।০, সৈদা ১৫৲, সুন বড় ১৭৫০—১৮, বিহার দেশী ১৯৫, বস্তা বড় ২১৮০ ২২।০, ছোট ১৭৲—১৮৲, আইবর বিহার ১১৫০, বালা ১৪৲, বোম্বাই বিহার ১৮০০, বালা ১৬৫০—১৭৲।

ডাল—মুগ ২১১০—২৩, অড়হর ১ম ২২৲—২৩৲, বড় বড় ২৪৬০—২৬৲, ছোট ২৫।০, মটর ১৯৫০ ছোট ২০৲—২১৲, খেসারী ১৮৲—২১৫০।

শেয়ার বাজার—

পাকিস্থানি টাকার মূল্য হ্রাসের গুজব

—:০:—

কলিকাতা, শনিবার, ২৫শে নভেম্বর—গত সপ্তাহের শেষে বাজারের অবস্থার যে উন্নতি লক্ষ্য করা যায়, এ সপ্তাহে তাহাতে সেই উন্নতি অব্যাহত থাকে। বোম্বাই হইতে উৎসাহ জনক সিদ্ধান্ত আসিতে থাকে, এবং তাহার প্রতিক্রিয়া কলিকাতার শেয়ার বাজারে দেখা যায়। কাজ-কারবারের পরিমাণ কিছুটা বেশী পরিদৃষ্ট হয়।

পাটকল প্রবর্ত্তিত অন্যান্য শুল্ক টন প্রতি ৭৫৲ টাকা হইতে ১৫০০৲ টাকা হওয়ায় প্রথমটা রাজরা শেয়ারের উপর ইহার প্রতিক্রিয়া পড়ে। রাজরার দর ৩৬৲ হইতে কমিয়া ৩৪৬/০ হয়। দিবের শেষে অবশ্য এই দর বৃদ্ধি পাইয়া ৩৯৲ টাকা হয়। বাই কোম্পানীর পাটের শেয়ারের প্রতি বাজারে বিশেষ আকর্ষণ দেখা যায়। কেন না এই সব শেয়ারে ডিভিডেণ্ড বেশী হইবে বাজারে এইরূপ আশার ভাব বিরাজ করে। ১৩৯৲ টাকা দরে অকল্যাণ্ড কোম্পানীর কাজ করে; ফোর্ট গ্লষ্টারের দর ১৫৲ টাকা বৃদ্ধি পাইয়া ৪৪৫৲ টাকা হয়। নুরুল ২৩৯৲ ও লাক্সটাইল ২০২৲ টাকা দরে কিছুটা কাজ-কারবার করে।

কলা বিভাগীয় শেয়ারের মধ্যে আলিবিহির ছিল। দাউদ কলসমূহ ২৪৯/০ ও ওরিয়েণ্টাল দাদাই কিছুটা বৃদ্ধি পাইয়া ১৩৮০ আনা হয়।

ইঞ্জিনিয়ারিং বিভাগে ইণ্ডিয়ান আয়রনের শেয়ারে বাজারে সর্ব্বাপেক্ষা দেখা যায়। ৩৭৯/০ আনা ও ৩১৲ টাকার মধ্যে ইহার দর দাদাই ওঠা-নামা করিতে থাকে। টিন ফরমোরেসনের দর ২১৯/০ ও ২২৯/০ আনার মধ্যে ওঠা-নামা করে।

বিবিধ বিভাগে কোনো উল্লেখযোগ্য পরিবর্ত্তন ঘটে না। বালকাটা ট্রামের দর ২৩/০ ও ইণ্ডিয়ান কেব্‌ল্‌ ৫৯৲ থাকিয়া যায়। আন্ধ্রের প্রথম ৩০৯/০ ও বি আই করপোরেশন ৮৴০ হয় হয়। টিটাগড় পেপার ২৮৷০ আনা হয়ে কিছু পরিমাণ লাভ করে।

ইহার পর দিবস শেয়ার বাজারে কর্ম্মতৎপরতা বিশেষভাবে লক্ষ্য করা যায়। বিভিন্ন শেয়ারের মধ্যে বাজার উন্নতির দিকে ঝোঁক দেখা যায়। পাকিস্থানী টাকার মূল্য হ্রাস হইবে বাজারে এইরূপ গুজব রটা হওয়ায় ও তাহাকেন্দ্রিক পাটের কারবার চালাইবার তীব্র দৃষ্টিভঙ্গি হওয়ার বাজারের অবস্থার অনেকটা উন্নতি ঘটে।

এই দিন সকল বিভাগে পূর্ব্বাপেক্ষা অধিক কাজ পরিলক্ষিত হয়। পাটের বাজারে ফোর্ট গ্লষ্টার ৪৪০৲ টাকা পর্য্যন্ত ওঠে। বালকাটিয়ার দর হয় ২০০৲।

ইহার পরবর্ত্তী দিন বাজারের অবস্থা পূর্ব্বদিনের ন্যায়ই থাকে। কিন্তু বাজারের আকর্ষণ বেশি দেখা যায় কাটনা কারবারের প্রতি। বাই কোম্পানীর শেয়ারে ডিভিডেণ্ড ঘোষণা হওয়ায় এই শেয়ারের দর কিছু বৃদ্ধি পায়। পার্লামেণ্টে জাতের অর্থসচিব ঘোষণা করিয়াছেন যে, পাকিস্থানী টাকার দর অতিরিক্ত কমের ফলে কিছু হওয়া স্থগিত থাকিতে পারে; এই ঘোষণার ফলে অনেক শেয়ারের দর হ্রাস পাইয়া যায়।

পরবর্ত্তী দিন বাজারে কিছুটা অস্থিরতার ও অবনতির ভাব দেখা যায়। পাকিস্থানী টাকার মূল্য হ্রাসের হইবার ঘোরো বিষয়ে সব না জানিতে পারায় বাজারের অবস্থা এরূপ দাঁড়ায়। আজ প্রত্যেক শেয়ারের দরই নামিয়া আসে; কিন্তু শেয়ার বিক্রয়ের কোনো আগ্রহ পরিদৃষ্ট হয় না।

আজকের হালচাল

গভর্ণমেণ্ট সিকিউরিটি—৫ সুদের (১৯৪৭) ঋণ ১১৫৲ ১১৬/০ ১১৫/০ ১১৫/০; ২½৲ সুদের (১৯৫৫) ঋণ ৯৮/০; ৫ সুদের (১৯৫৮-৬৮) ঋণ ৫ সুদের (১৯৪৭) ঋণ ১০০৬/০; ১৮৬/০, ৩ সুদের (১৯৬৩) ১১/১০; ৩ সুদের (১৯৭০-৭৫ ঋণ ১৭৯০। ব্যাঙ্ক—বঙ্গলী ব্যাঙ্ক ৭৬০ ৭৬/০; ইণ্ডিয়ান ব্যাঙ্ক (আপিস) ৪৭৯৲। ইউনাইটেড ব্যাঙ্ক অব ইণ্ডিয়া ৮৷৴০। ব্যাঙ্কের অব—সুইস বিজন ২১০৲। নিউ ডিরেক্টরিজ ২/০; ব্যাঙ্কের ডাক (প্রেফ) ১০১৲। ইন্সিওরেন্স—এ্যাসোসিয়েটেড ৩১৯ ৩১৬/০ ৩৫/০ ৩৯০; হেলথ ৫৩৯, ৫০৫৲; হিন্দুস্থান ১৩৯৲ ১৩৬/০ ১৩৬/০ ১৩৬/০ ১৯৲; লেট্‌স ইণ্ডিয়া ৫৲; ইষ্ট ইণ্ডিয়ান ৪০৬/০ ৪১৯/০; মৌরাকলী ১৯/০; নিউ ইণ্ডিয়া ১৮৷৴০ ১৮৷৬০ ১৮৷০; সেন্ট্রাল ১২৲; মিলস—বি ৪৷৴০ অর্ডিনারী প্রেফ ৭৯০; অর্ডিনারী ডিফার্ড ১৲। পাটকল—আগ্রেস ৩১৫৲; হাজরা ৩৪৯০ ৩৪৬০ ৩৫৯০ ৩৪৯০ ৩৪৮/০; কাঁকিনাড়া ২৩৯৲; ফিনিক্স ২৫০৲ লাক্সটাইল ২১৪৲ ২১৮৲ ২১৯৯০; নুরুল ২৪৯৲ ২৪৯৲; ছাপরাল ২৩৬৷৴০ ২১৲ বিবিধ কোম্পানী—কলদিয়েটেড টিন ১৮/০ ১৬/০; ইণ্ডিয়ান কপার ২৬৷০ ৩৲; টাকার টিন ৬৷৴০; আসাম ফ্রেজ সিমেণ্ট (প্রেফ) ২৬/০ ২৯০; ডালমিয়া সিমেণ্ট ৩৲; সোনভালি সিমেণ্ট ৬৮/০; আসাম ইলেক্‌ট্রিক ১৪২৲; বেঙ্গল ইলেক্‌ট্রিক ২০৲ ক্যালকাটা ইলেক্‌ট্রিক ১৬৯০; মজঃফরপুর ইলেক্‌ট্রিক ১৩৬/০ ১৩৯০ ১৩৯/০ ১৩৬/০; ; পাটনা ইলেক্‌ট্রিক ১৩৯০; আগ্রা আজমের ইলেক্‌ট্রিক ১৪৬/০; ইণ্ডিয়ান আয়রন এণ্ড ষ্টীল ৩১/০ ৩১৯০ ৩১৮/০ ৩১/০ ৩১/০ ৩১৯০ ৩১৬, ৩১৲ ৩৩৫/০; জেসপ এণ্ড কোং ১৮৫/০ মার্টিন বার্ণ ৮৯/০; টীন কর্পোরেশন ৭১৮/০; টেলিগ্রাফ ইলেসিনারী ৬৯০; ওয়েষ্ট আয় ইণ্ডিয়া ১৭৬/০; নিউ ইণ্ডিয়া ইনভিজলেন্স ১৯৯/০; নিউ এসিয়াটিক ইনসিওরেন্স ৫১০; ইণ্ডিয়া জেনারেল ইনসিওরেন্স ৯৫/০ ৯৯০ ৯৬৬/০; এসুমিথিয়ার অর্ডিনারেন্স ৭৮/০; ঐ (নূতন প্রেফ) ৭৮, এক্সেলো ব্রাসস ৩১৬০ ৩১৲; বি আই অর্ডিনারেন্স ৮৬৷৴০; ঐ (প্রেফ) ১৮৩৲ ১৮৪৲; ক্যালকাটা ট্রামওয়েজ ২৩৯০ ২৩৬/০ ২৩৬/০ ২৩৬০; মার্টিন বার্ণ ১৬৬/০ ১৭৲; ছাপরাল ইলেকট্রিক কেমল ১২/০ ১২৬/০; ছাপরাল ট্রামওয়ে ১৮৬০ ১৮৬/০; ঐ (প্রেফ) ৯৩৲; ঐ (২য় প্রেফ) ৭৩৲; লোটাস ইণ্ডাষ্ট্রি ৫৲ ৫/০; বি বি পেট্রোলিয়াম ১৪/০ ইণ্ডোআমেরিকা পেট্রোলিয়াম (প্রেফ) ১৩৯০; ওরিয়েণ্ট পেপার ৪৮৲; টীটাগড় পেপার ২৮৷০ ২৮৬/০; ইণ্ডিয়া ইনকোম ৭৷০ ৭৷০; কালস্থ ফ্রন্থার (প্রেফ) ১৩৯৲; ইষ্ট ব্রুয়ারী ৪৷০; চা-বাগান—গৌরজেরা ৮৯০; ডাওবন্দ ৩২৬/০ ৩২৯০; আকাডুরা ৯৯০; চন্দীপুর ১৯৲; বীর ২৩৫৲; পাসকোরা ১৩৯৲। ডিবেঞ্চর—৫৲ ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই ডিবেঞ্চর ১১৩৷০।

সোনা ও রূপার দর

কলিকাতা, ২৩শে নভেম্বর—খাঁটি সোনা (প্রতি তোলা) ১০৮৷০; খাঁটকলার (প্রতি তোলা) ১০৮৷০; বিরি (প্রতিশতানি) ৭৪৷৴০; রূপা (প্রতি ১০০ তোলা) ১১৯৷০; ঐ মুদ্রা ১৮০৲।

এক্সচেঞ্জ ব্যাঙ্কের এক্স ব্রাসস, ২৮ তোলার দর।

বোম্বাইয়ের সোনা ও রূপার দর

বোম্বাই, ২৩শে নভেম্বর—খাঁটি সোনা ১০৯৷০, মিনি ১৮৭৷০; রূপা ৮৮০৲।

উইল্‌সের উডবাইন : ৫, ১০ আনায় ১০টি—জাতীয় ব্যয়ের নিবন্ধকারী

The Imperial Tobacco Company of India Limited, Successors to W. D. & H. O. Wills, Bristol & London. Cigarettes made in India.

সংবাদ সংকলন

শ্রমিকদের জিলাখুলো এক্স-রে ছবি

ভারতের জিল লক্ষাধিক শ্রমিকের স্বাস্থ্যরোগের ব্যবস্থা করার হইয়া উঠিয়াছে। ১৯৪০ সাল হইতে ভারতীয় চিকিৎসা সংকলন পরিষদ এই দিকে মনোনিবেশ করিয়াছেন। স্বাস্থ্যরোগ নিরূপণের যে "রেডিওগ্রাফিক ইকুইপ" ক্রয় করিবার জন্য তাঁহারা ভারত সরকারের নিকট অনুরোধ জানান। আমেরিকা হইতে একটি আধুনিক যন্ত্র এখন দিল্লীতে আনা হয় এবং সেখানে তাহার পরীক্ষা সম্পন্ন করা হয়। ঐ যন্ত্রটি ক্রয় করিয়া কলিকাতায় "অল ইণ্ডিয়া ইনষ্টিটিউট অব হাইজিন এণ্ড পাবলিক হেলথ"-এর হাতে অর্পণ করা হইয়াছে।

ভাল বিদ্যুতের রেডিওগ্রাফিক ইকুইপটি একটি ভ্যানের উপর স্থাপিত। যন্ত্রসম্পূর্ণ একটি পেট্রল জেনারেটরও ঐ সঙ্গে থাকে। এই ভ্যান যেখানে খুসী লইয়া যাওয়া যায় এবং যে অঞ্চলে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা নাই সেখানেও সহজেই এক্স-রে ছবি তোলা যাইবে। যন্ত্রটি পরিচালনার কাজও খুব সহজ। রোগের কক্ষের এক্স-রে ছবি লওয়া প্রয়োজন তাহাকে যন্ত্রটির সম্মুখে এক বিশিষ্টভাবে দাঁড় করাইয়া দাগিলেই হইল; কয়েক ছবি আপনা আপনিই তুলিত হইবে। মাত্র কয়েক ঘণ্টার মধ্যেই ছবি হইতে চিকিৎসক এক্স-রে ছবি লওয়া সকল। এক্স-রে পরীক্ষার ফলাফল গোপন রাখা হয় এবং তাহা শুধুমাত্র সংশ্লিষ্ট শ্রমিকদেরই জানাইয়া দেওয়া হয়।

অনেক শ্রমিকেরা নানারকম রোগে ভুগিয়া থাকে। প্রথমতঃ কারখানা বা খনির দূষিতবায়ু যাহাতে তাহাদের ফুসফুস রোগাক্রান্ত করিয়া দিতে পারে। দ্বিতীয়তঃ যক্ষ্মা। মোট শ্রমিকের শতকরা ১৪ জন অর্থাৎ দশ লক্ষ শ্রমিক সুস্থাবস্থায় এক তিন লক্ষ জনই যক্ষ্মায় শ্রমিক খনির কাজে নিযুক্ত। পাটকলেও তিন লক্ষ তিন হাজারের কিছু বেশী শ্রমিক কাজ করে। খনির নানারকম ভাঙ্গা ধূলাবালি অথবা তুলা ও পাটের সূক্ষ্ম তন্তু বায়ুপ্রবাহের সঙ্গে ফুসফুসে প্রবেশ করে। ফলে তাহারা সহজেই রোগাক্রান্ত হইতে পারে। এই প্রক্রিয়ান হিসাব করিয়া দেখিয়াছেন যে, পাটকলে নিযুক্ত প্রতি ২১ জন শ্রমিকের মধ্যে একজন রোগাক্রান্ত। এই রোগ যদি ঠিক সময়ে ধরা পড়ে এবং তাহার

যদি যথাযথ চিকিৎসা করা যায়, তবে তাহাদের অধিকাংশকেই রোগমুক্ত করা সম্ভব।

বেডিওগ্রাফির ইউনিট স্থাপিত হওয়ায় তাহারা দুনিয়ার যে কোন শ্রেষ্ঠ ডাক্তারখানার বিশারদের এক্সরে দুনিয়া ব্যবস্থা করা হইয়াছে।

পাক মুদ্রামূল্য হ্রাসের সম্ভাবনা

বোম্বাইয়ের স্বীকারী শ্রীযুক্তদাস মেহতা বলেন যে, অদূর ভবিষ্যতে পাকিস্তানী টাকার মূল্য হ্রাস করা হইবে। অপর পক্ষে ষ্টার্লিং-এর মূল্য সংশোধনের ফলে মুদ্রাস্ফীতি বৃদ্ধির সম্ভাবনা আছে।

গ্রীণ হোটেলে বোম্বাই রোটারিয়ানদের বৈঠকে বক্তৃতা প্রসঙ্গে শ্রীযুক্তদাস মেহতা বলেন, ভারতীয় টাকার মূল্য হ্রাসের ফলে, মূল্যের পরস্পরীকরণের তুলনায় ভারতের বৈদেশিক মুদ্রার অবস্থা অপেক্ষাকৃত সন্তোষজনক। উৎপাদন ব্যয় বর্দ্ধিত না হইলে এবং প্রত্যাশিত মূল্যমান বর্তমান স্তরে অটল থাকিলে, মূল্যমূল্য হ্রাসের সুফল স্থায়ী হইবে।

শ্রীযুক্তদাস মন্তব্য করেন যে, পাকিস্তান কর্তৃক মুদ্রামূল্য হ্রাস না করায় সিদ্ধান্ত পাকিস্তানের পক্ষে অধিকতর হইয়াছে। পাকিস্তানের প্রায় পাঁচ কোটি টাকা রপ্তানি বাণিজ্যের হ্রাস পাওয়ায়, বাণিজ্য বাণিজ্যে সামঞ্জস্যকল্পে তিন কোটি টাকা উদ্বৃত্ত, ১৯৪৯-৫০ সালে মোট কোটি টাকা ঘাটতির সম্মুখীন হইয়াছে। ঘাটতি মূল্যমানের সঙ্গে বাণিজ্যে গত বৎসর প্রায় পাকিস্তানী মোট টাকা উদ্বৃত্ত হইয়াছিল, ১৯৪৯-৫০ সালে পাঁচ কোটি টাকা ঘাটতি হইয়াছে।

উপসংহারে শ্রীমেহতা বলেন যে, তাহাদের এক আশঙ্কা বর্তমানে প্রায় পাঁচ সেন্টের সমান। বস্তুতঃ, উৎপাদন ব্যয় এবং পণ্যমূল্য বৃদ্ধির যে সম্ভাবনা দেখা দিয়াছে তাহা প্রতিরোধ করা না হইলে, তাহাদের এক আশঙ্কা আরও বৃদ্ধি পাইবে।

সরকারী 'পাট ক্রয় প্রতিষ্ঠান' আখাসে পাট ক্রয় ও মজুতের ব্যবস্থা

কলিকাতা, ১৩ই নভেম্বর—যাঁহারা পাট ক্রয় করিয়া উহা সরাসরি চটকলগুলির মধ্যে বণ্টন করিবার জন্য পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে একটি 'পাট-ক্রয় প্রতিষ্ঠান' গঠিত হইয়াছে। কোন চটকলকেই স্বতন্ত্রভাবে পাট ক্রয় করিতে দেওয়া হইবে না এবং এই প্রতিষ্ঠানের নিকট হইতে প্রাপ্ত পাকিটি মাত্র কেন্দ্রীয় পাট সংগ্রহ করিতে পারিবে।

আসাম ব্রুকার্স বি, পি ১২/০ হইতে ১৬/০ ব্রোকেন অরেঞ্জ পী, পি ১৬/১০ হইতে ১৯/০। উৎকৃষ্ট আসাম বি, পি ১/০ হইতে ২৮০ এবং পরিষ্কার কালো দুয়ার পিকো ১৬/- হইতে ১৯/১০।

প্রায় ১২,০০০ প্যাকেট গুঁড়া চা ও ৮,০০০ প্যাকেট অন্যান্য শ্রেণীর চা. নীলামী বাজারে

কেন্দ্রীয় সরকারের ঋণদান ও দাদন

১৯৫১-৫২ সালের কেন্দ্রীয় বাজেটে অর্থমন্ত্রী অর্থদান ও ঋণের খাতে মোট ৯,৪৮,৪৫,০০০৲ টাকার সংস্থান করিয়াছেন। তন্মধ্যে উল্লেখযোগ্য হইতেছে :—

(হাজার টাকার হিসাবে)

	অনুমিত ব্যয়ের	সংশোধিত বাজেট	অনুমিত বাজেট
	১৯৫০-৫১		
রাজ্য-সমূহ			
পশ্চিমবঙ্গ	৩,৩৮,৩৬	৪,১৩,০০	
বোম্বাই	১৩,১০,০০	১৪,৪৯,০০	
বিহার	১,১২,৬০	১,০৩,০০	
উড়িষ্যা	৪,৪০,০০	৬০০,০০	
পুনর্বাসন			
অধিক খাদ্য ফলাও	২,১৫,০০	১১,৮৫,৪৯	৮,০০,১০

পোর্ট ট্রাস্ট

কাণ্ডলা বন্দর	৩,০০
অন্যান্য ছোটখাটো বন্দর	১,০০
(রাজ্য খাতীত)	
রেলওয়ে বন্দর	
বিবিধ	
পুনর্বাসন সাহায্য অধিক	
খাদ্যের পরিচালক	৫,৩০,০০
মুদ্রিত্রাণ উদ্বাস্তু কল্যাণ	১, ২০,০০
কৃষিঋণ নিম্ন রেট	
বিশেষ অবাঞ্ছিত অন্তর্ভুক্তি	৩,৩০
অর্থসাহায্য বাবদ মোট	
কর্পোরেশন	৪৭,৮৮ ১৩,৫০
অন্যান্য কোম্পানীগুলিকে অগ্রিম বাবদ ঋণের	
টাল কর্পোরেশন অব	
রেলওয়ে	১,৪০,০০ ১,৪০,০০

খোলা করিয়াছে যে সরকার বিক্রয় আদেশ দিলে সুবিধাজনক দরে চিনি বিক্রয় করিতে পারিবে। রাপুর আমোড়া ও মোরীনগরের মধ্যকার দর যথাক্রমে ৪৯৲ টাকা ও ৫০৲ টাকা। হীরাট জিলার মৌলা মিল ব্যতীত অন্যান্য সকল মিলই খোলা বাজারে চিনি বিক্রয়ের সুবিধা লাভ করিয়াছে।

কাশপুর হীরাট, মুকুন্দনগর ও রাপুরের বাজারে অগ্রিম লেন দেন ও কম হয় নাই। কাশপুরে অগ্রিম সপ্তাহের বাজারে ৫৭৯০ আনা হইতে ৬০৲ পর্যন্ত দরে ৫৫ হাজার বস্তা চিনি ক্রয় বিক্রয় হইয়াছে। উহার প্রেক্ষিতে, পক্ষকাল ৮০ আনা আর উৎপাদন কাশপুর বাজারজাত হইয়াছে এবং মিল গুলি ২৫/- আনা মূল্যের দর করা হয় দিয়েছে।

উক্ত প্রদেশ রাজ্য সরকার চিনি শিল্প উন্নয়ন বাহিনের উপদেষ্টক বাবদে বাজারে গুড়ের সরবরাহ বৃদ্ধি পাইয়াছে। ঘাটতি অঞ্চলে চাহিদার তীব্রতা অনুভূত হয়। কিন্তু চলাচল ব্যবস্থার বাধাগুলি এখনও আশে পাশে। রাপুর হইতে সামান্য পরিমাণ গুড় পাঞ্জাব, দিল্লী, ও উত্তরাঞ্চলে প্রেরিত হইয়াছে। পশ্চিমবঙ্গ ও অন্য প্রদেশ দক্ষিণাঞ্চল হইতে গুড় আমদানি করিতেছে। ঘাটতি অঞ্চলে সংবাদে জানা যায় সরকারের নিয়ন্ত্রিত দর সম্পর্কে কড়াকড়ির ফলে ঐ সব অঞ্চলে নিয়ন্ত্রিত দরেই গুড় বিক্রয় হইতেছে। কাজেই ব্যবসায়ীরা অনুকূল সুবিধা দিলে সুবিধা নেয় না।

গুড়ের ফেরতকারী বাজার দর বাড়িয়া গ্রাম সরকারী সর্বোচ্চ দাম দরের কাছাকাছি হইয়াছে। প্রতিদিন প্রায় ৩,০০০ বস্তা গুড় বাজারে পৌঁছিতেছে

ছাড়া হয়। প্রথম দিকে ওজন-ভাগের চাহিদা প্রথম ছিল এবং পাইও প্রতি দর ৬ ১৩০ টাকিত হয়। কিন্তুটা কেনাবেচার চাহিদা কমিয়া যায় এবং সাধারণ ও মাঝারি ধরণের চায়ের দর ১৩০ হইতে ১/- পর্যন্ত কম পায়। নিম্নতম ধারে ক্রয় বিক্রয় হয়।—কাছাড় ব্রুকার্স গুঁড়া ১১/১০ হইতে ১৯/ ও উৎকৃষ্ট শ্রেণীর আসাম গুঁড়া ১৬/।

খাদ্যশস্য

গত ফেব্রুয়ারী মাসে ভারত সরকার খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির সহায়ক ২৪ টি পরিকল্পনা অনুমোদন করিয়াছেন। ইহাতে সরকার ৩৮ লক্ষ টাকা সাহায্যদান করিবে, ৫০ লক্ষাধিক টন অতিরিক্ত খাদ্য উৎপাদন করিবে

(শেষাংশ পরপৃষ্ঠায়)

শেয়ার বাজার

পাটজাতের বেচাকেনা

কলিকাতা, ২৩শে মার্চ—আলোচ্য সপ্তাহে শেয়ার বাজারে মিশ্রমিশ্র ভাবে কাজ-কারবার হইয়াছে। বাকী তিন দিন খোলি হইলেও ইহার পূর্ণ উপলক্ষে বন্ধ ছিল। ভারতীয় মুদ্রার পুনঃ মূল্য নির্ধারণ সম্পর্কিত গুজবের ফলে বাজারে ইতস্ততা ভাব পরিলক্ষিত হয়। এই বিভিন্নতের কাজ কারবারের বেশীরভাগ অন্তুর ছিল এবং পাটকল বিভাগই বাজারে বেচাকেনা প্রবল করে। বাট্টাহার পরিবর্তনের গুজব সম্পর্কে বাজার বহু কালীন বন্ধ ইহা পর্যালোচনা করার ছিল।

সরকারী ঋণ পত্র

এই বিভাগে বন্ধের ইঙ্গিত ঘটে। ৭ সুদের [১৯৪৮] পরিবর্তনযোগ্য ঋণপত্র ২২৸৵ আনার কম বেশী হয়ে ক্রয়-বিক্রয় হয়। অন্যান্য ঋণপত্র নিরোক্ত ভাবে কাজ বন্ধ হয়। ৭ সুদের (১৯৪১-৪৮) ১০০৸৵ পাই, ৭ সুদের [১৯৪৮-৫৫] ৯৬৵, ৩½ সুদের (১৯৪৮-৭০) ১০৮/০ ও ৪ সুদের (১৯৬০-৭০) ১০৮/০।

ব্যাঙ্ক

পাঞ্জাব ন্যাশনালের বন্ধ ২৪৮—৪ অপরিবর্তিত ভাবে। ক্যালকাটা ন্যাশনাল ৯৬৵, ব্যাঙ্ক অব ৩৮৵ ও হিন্দুস্থান কমার্শিয়াল ১৯৯৲ পর্যন্ত বন্ধে বেচা-কেনা হয়।

পাটকল

এই বিভাগে চাহিদা বৃদ্ধি ঘটে। ন্যাশনালের ৩৯৲ পর্যন্ত উঠে। বাউরিয়া ও হিন্দুস্থান যথাক্রমে ৪০৬৵ ও ১৬৬/৩ অপরিবর্তিত থাকে। উচ্চ মূল্যের শেয়ারগুলির বন্ধ আরো বৃদ্ধিপ্রাপ্ত হয়। এ্যাংলো ইণ্ডিয়ার ৩০৲ হইতে ৩৯৯ টাকায় উঠে। বজবজ ৫১৲ হইতে ৫১৲ টাকা, ভেস্টা ৩১৫ হইতে ৩২৲ ও ফোর্ট গ্লোষ্টার ৪৯৲ হইতে ৫১৲ পর্যন্ত বর্ধিত মূল্যে হাত বদল হয়। বজবজ ও ইণ্ডিয়ার স্থায়ী সার্টিফিকেট যথাক্রমে ২১৯৲ ও ২৪৬৲ টাকায় দাঁড়ায়।

কয়লা খনি

এই বিভাগে কাজকারবার সীমাবদ্ধ ছিল। বেঙ্গল ৪৮৲ পর্যন্ত হয়ে হাত বদল হয়। বিরাকর ১৪৬৵ বেচাকেনা হয়। মেট্টাল ইণ্ডিয়া ও অয়েলার্ণ মেটাল বন্ধ সামান্য কমিয়া যথাক্রমে ৮/০ ও ৭/০ হয়। আজিজর বন্ধ বন্ধ সপ্তাহের ১২৯৲ হইতে কমিয়া আলোচ্য সপ্তাহে ১৬৯৲ স্থিতি লাভ করে।

চিনিকল

বলরামপুর ও রামপুরিয়া যথাক্রমে ৭৮/০ ও ২০৵ আনার হাত বদল করে। বেলসুন্দের বন্ধ কমিয়া ৮৬৵৩ দাঁড়ায়।

কাগজের কল

এই বিভাগে উল্লেখযোগ্য বেচাকেনার কলে বন্ধের অবনতি ঘটে। বাজার বন্ধের দিকে কাজকারবারে কিছুটা উন্নতি লক্ষ্যের বন্ধের নিম্নগামীতা সাময়িকভাবে রুদ্ধ হয়। বেঙ্গলের ২৭৲ আনা হইতে ক্রমে চড়িয়া ২৭৬০ পর্যন্ত হয়ে বেচা-বেচা হয়। বালী ৭৯/০, বিড ডিস্ট্রিবিউটার্স ২/০ ও টীটাগড় ৬০৲ পর্যন্ত হয়ে হাত-বদল হয়।

ইঞ্জিনিয়ারিং

ইণ্ডিয়ান আয়রণের বন্ধ এ্যাডভিড ৩৮/০ হইতে ৩৯৯ পৌঁছে। পরে বৃদ্ধি পাইয়া ৩৯৲ পর্যন্ত উঠে। আমার পাঞ্জার বহুকালীন নিম্নে ৩৪/০ মার্কিয়া থাকে। জর্ণালস ও দুর্গাপুরী যথাক্রমে ১৯৲ ও ৮৬৲ মূল্যে ক্রয়-বিক্রয় হয়। ভেলসের বন্ধ ১৯৬৲ হইতে ১৯৬/০ পর্যন্ত উঠানামা করে।

বিবিধ

এই বিভাগে কাজকারবার বন্ধ ৫৩৲ হইতে ৫৮৲ টাকায় চাঙ্গা হয়। ইণ্ডিয়া ম এ্যাসুবিনিয়ম ১৫৯৲ টাকায় স্থির ছিল। অটিন হার্পারের বন্ধ ১ ৸ ৩৪.৩ ১৯/০ পর্যন্ত উঠানামা করে। বি, আই সি ২৬/০, ব্রিটিশ কর্পোরেশন ১৮৬/০ ও টীটাগড় ৩৯৬৲ আনা পর্যন্ত হয়ে ৫/০ হইতে হাত বদল হয়।

বাজারের ভাবভাব

সরকারী ঋণপত্র—৭ সুদের ঋণপত্র ১২৯৬/০ ; ৭½ সুদের (১৯৪৮) ১১৯/০ ; ৭ সুদের (১৯৪৬) ১১৬/০ ; ৪½ সুদের (১৯৬০-৭০) ১০৮/ ও ৪½ সুদের (১৯৪৮-৭০) ১০৮/০। ব্যাঙ্ক—এলাহাবাদ [প্রেফারেন্স] ১৪১৲ ; ব্যাঙ্ক অব ৩৮/০ ইণ্ডিয়াইটের ৭৯৲ ও হিন্দুস্থান কমার্শিয়াল ১৯৯৲। চাপরের কল—বিড়লা ৪৩৲ ; ভাদপুর ১০৲ ; বালী ১৯/০ ; মহালক্ষ্মী ১৬৲ ও বেঙ্গোলাস ২৭৯৲। খনিজ খনি—বেঙ্গল ৪৮৲ ; এমালগামেটেড ৩৮৲ ; বরাকর ১৪৯৲ ; মেট্টাল ইণ্ডিয়া ৮/০ ; চুরুলিয়া ৬৲ ; টীটাগড় ১৪৲ ও ডালে ১৭৬/০। পাটকল—আমরুপাড়া ৩৩৲ ; অকল্যান্ড ১৮৫৲ ; বেঙ্গল ১৩৯৲ ; বিড়লা ৪৯৲ ; চৌরীপুর ৪৯৬৲ ; ভিক্টোরিয়া ২৩৬৲ ; ন্যাশনালটীন ২৩৫৲ ও ওরিয়েন্ট ১৮২৲। খনি—বর্ণা কর্পোরেশন ৩৮৲ , কলসলিডেটেড ১৯/০ , ইণ্ডিয়া কপার ৩৮৲ ও কল্যাণপুরা ডেভেলপমেন্ট ২২৯৲। ইঞ্জিনিয়ারিং—জয়শ্রিয়া ১৯৯৲ ; বার্ণ কোম্পানী ৩২৯৲ ; টীল কর্পোরেশন ২৯৬/০ ; ইণ্ডিয়া আয়রণ [প্রেফারেন্স] ১০৯৲ ও স্টীল ১৬৮৲ ; বিবিধ—এ্যাসুবিনিয়ম কর্পো ৫৬/০ ; এক্সেল ইণ্ডাস্ট্রিজ ৩৮/০ ; ক্যালকাটা টীমস্ ১৫৮/০ ; ইণ্ডিয়া কেবলস্ ২৩৲ ; মেট্টাল বক্স ১৯৮/০ ও ইণ্ডিয়া এ্যাসুবিনিয়ম ১৪৯৲ ও বি, আই কর্পোরেশন ১৯৬/০।

(পৃষ্ঠাংশ ৪৮৩ পৃষ্ঠায়)

ব্যাঙ্ক অব বোম্বাই বিক্রয়ের ব্যাপারে ৪০ লক্ষ টাকা মূল্য নির্ধারিত হয়েছে। আমাদের পরিচালকবর্গ, বিলাত উত্তর প্রদেশ, প্রভৃতি ১১টি প্রদেশের জন্য এই পরিকল্পনার ব্যবস্থা করা হইয়াছে।

নূতন শাহ ডাইরেক্টরি অনুযায়ী ব্যাঙ্কের অফিস শেয়ারে দুই বৎসর ২১ টাকার টীকা সাময়িক পাকিস্থানে হইতে পাইবেন। ১৯৫১ সালের জন্য ব্যাঙ্কিং হইতে অর্থ টীকা টীকিট পাওয়া যাইতে পারে। সরকার এর অধিকে টীকাধারক শেয়ার সঙ্গে আলাপ আলোচনায় নিযুক্ত হইয়াছেন। ভাদা ও বিশেষ টীকাধারীদের। এক-দিন বন্ধ বন্ধ প্রতি ব্যবসায় ১৯৮/ হইতে ১৯৮/১০ পর্যন্ত উঠানামা করিয়াছে। বন্ধের শেয়ার চাউলের এক-দিন বন্ধ ১১৯৬/০ পাই ২২৮/ আনা পর্যন্ত উঠানামা করিয়াছে।

মালটানা গাড়ী যাঁদের আছে তাঁরা জেনে রাখুন !

যে আপনাদের সবচেয়ে ভারী বোঝা বহন করতে এই দুটি হচ্ছে সেরা টায়ার। আর অন্য যে কোনও টায়ারের চাইতে এরা চলেও অনেক বেশী মাইল

সব সময়েই ব্যবহার করবেন গুডইয়ারের তৈরী

এস্-রিব্—সবচেয়ে শক্ত ট্রেড্ সহজে ক্ষয় হয় না। বড় এবং ভারী বোঝা নিয়ে অনেক বেশী দূর পর্য্যন্ত বহন করতে পারে, তাই মাইল প্রতি এই টায়ারের দাম পড়ে অনেক কম।

রোড লাগ্—রয়েছে মজবুতভাবে তৈরী বেশী টায়ারে যা দৃঢ়ভাবে মাটি আঁকড়ে থাকে। রাস্তায় অথবা যেখানে রাস্তা নেই সেখানেও চলতে এর জুড়ি নেই। এই টায়ার সহজে কেটে যাওয়া, ছেঁড়া বা অন্য অথবা অন্য কোন রকমভাবে নষ্ট হয়ে যায় না।

গুড-ইয়ারের ট্রাক টায়ার ব্যবহার করুন—এতে অনেক খরচ বাঁচবে।

ইংলিশ প্রেস, ১১-১৩এ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা হইতে কানন বন্দ্যোপাধ্যায় কর্তৃক প্রকাশিত, মুদ্রিত
[illegible] হইতে

Regd No. C3105

আর্থিক ভারত

ARTHIK BHARAT

অর্থনৈতিক সাপ্তাহিক

৩য় বর্ষ ৪৯ সংখ্যা] [মূল্য ।০

সূচী

	পৃষ্ঠা		পৃষ্ঠা
সম্পাদকীয়	৪৮১	৪। পশ্চিমবঙ্গের বাজার	
উদ্বাস্তু উৎখাত		উৎপাদনের ক্ষেত্রে পরিস্থিতি	
		তিসি ও মাখনের	
		চা	
	৪৯১	৫। শেয়ার সংবাদ	
		৬। কয়লা-খনি শ্রমিক কল্যাণ	
		৭। বৌথিক	
		আইন কর্পোরেশন	
		ডানলপ রাবার কোং (ইণ্ডিয়া) লিঃ	
৩। আন্তর্জাতিক সংবাদ	৪৯২	৮। শেয়ার বাজার	৫০০

উদ্বাস্তু উৎখাত

সম্প্রতি অনধিকারী উদ্বাস্তু বিভিন্ন কেন্দ্র করিয়া রাজ্যজোড়া বিক্ষোভ ও অসন্তোষ ছড়াইয়া পড়িয়াছে। এই উদ্বাস্তু বিল আজ হইয়াছে তাহাদেরই বিরুদ্ধে যাহাদের সর্বস্বপণ সংগ্রাম ও সংগ্রামের ফলে স্বাধীনতা হইয়া ভারতে স্বাধীন সূর্যোদয় উদয় সম্ভব হইয়াছে; যাহাদের গৃহ, সমাজ ও শিক্ষা সংস্কৃতিকে ধ্বংস বিভাগের আগুনে পূর্ণাহুতি দিয়া ভারতের স্বাধীনতার পথ প্রশস্ত ও নিষ্কণ্টক করা হইয়াছে। পূর্ববঙ্গের সেই গৃহহারা, বাস্তুচ্যুত ও ছিন্নমূল অগণিত নরনারী তাহাদের জীবনের অবসান ঘটাইবার মানসে পশ্চিমবঙ্গের স্থানে স্থানে ছিটে ফোঁটা জমি দখল করিয়া কোন রকমে মাথা গুঁজিবার ঠাঁই করিয়া লইয়াছে এবং সেখানে ইহারা সমাজ জীবনে পুনঃ প্রতিষ্ঠিত হইবার ও তাহাকে জয় করিবার কঠিন সংগ্রামে প্রতিনিয়ত পর্যুদস্ত হইতেছে। সেখানে সরকার পুনর্বার গৃহহারা করিবার উদ্দেশ্যে আইন

ও উদ্ভোলন করিয়াছেন। উদ্বাস্তুদের অপরাধ অতের অজিতে উদ্বাস্তু বেআইনী দখল করে। ভূসম্পত্তি সম্পর্কিত আইনকে উদ্বাস্তু অমান্য করিয়াছে। কাজেই, সর্বাগ্রে আইন রক্ষা প্রয়োজন। পুরাণো আইনের আশ্রয়ে উদ্বাস্তুদের রাতারাতি উচ্ছেদ করা সম্ভব নহে। আদালত, মোকদ্দমা প্রভৃতি আইন বিধানের গতি খুবই মন্থর। ত্রুত ব্যবস্থা হইতেছে অভিনবত্বের অভিনবত্ব গ্রহণ এবং নূতন আইনে তাহাই করা হইতেছে।

অবশ্য সরকার প্রকৃত উদ্বাস্তু ও সুযোগ সন্ধানী এই দুই দলের মধ্যে সীমারেখা টানিয়া দিয়াছেন এবং সেযোক্ত ব্যক্তিবর্গের বিরুদ্ধেই আইনের প্রয়োজনীয়তা বুঝাইতে চাহিয়াছেন। আমরা যতদূর জানি, তাহাতে এই সীমা রেখার ক্ষেত্র অতীব সংকীর্ণ। সম্প্রতি বিভিন্ন দলের সহিত যৌথ আলোচনাকালে সরকারের পক্ষ হইতে উদ্বাস্তুর যে সংজ্ঞা স্বীকার করিয়া লওয়া হইয়াছে তাহাতে সুযোগ সন্ধানী বলিয়া বর্ণিত ব্যক্তিবর্গের আদৌ সন্ধান মিলিবে কিনা সন্দেহ। সুতরাং কি কারণে এবং কাহাদের স্বার্থে এতদী আইন সৃষ্টির প্রয়োজন হইয়াছে সে প্রশ্ন উত্থাপন করা নিরর্থক। ইহা দিবালোকের মত সুস্পষ্ট যে, উদ্বাস্তু পুনর্বাসনের উদ্দেশ্যে এই বিল আনা হয় নাই। বিলের পুরোভাগে উদ্বাস্তু পুনর্বাসন কথাটি জুড়িয়া দিলেই আইনের প্রকৃত উদ্দেশ্য ও স্বরূপ ঢাকা পড়িবে না।

উদ্বাস্তু সমস্যা সম্পর্কিত সরকারী নীতির বিভিন্ন দিক সমালোচনা করিবার যথেষ্ট অবকাশ থাকিলেও আমরা তাহা হইতে প্রতিনিবৃত্ত হইতেছি। গত কয়েক বৎসরেও সরকার যে ক্ষেত্রে উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা করিতে অসমর্থ বা ব্যর্থ হইয়াছেন, সে ক্ষেত্রে বাস্তুহারাদের স্বীয় প্রচেষ্টায় সরকারী কর্তব্য ও দায়িত্ব প্রতিপালন করিয়াছেন মাত্র। তবুও এ আঘাত কেন? ভূসম্পত্তিতে ব্যক্তিগত অধিকার নির্মূল করিবার উদ্দেশ্য বাস্তুহারাদের ছিলনা ছিল না। এরাস্তু প্রাণ রক্ষার দায়ে এবং সরকারী ব্যবস্থার অভাবে ইহারা ছিন্ন সংসার গুছাইবার কাজে লাগিয়াছে। সরকার ইহাদের জমি বিলি করিবার ব্যবস্থা হইলে ইহারা সরকারের নির্দিষ্ট জমিতেই বসবাসের আয়োজন করিত। কাজেই, জমি ও বাস্তু সম্পর্কিত অভিনিয়ম সৃষ্টির দায়িত্ব পুরাপুরি সরকারের। আজ তাহা অস্বীকার করিতে যাওয়া এবং আইনী মারপ্যাঁচ সৃষ্টির অর্থ দাঁড়াইবে, "ভাত কাপড়ের কেউ নয়, কিন্তু কিল মারিবার গোঁসাই।"

কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রকের ভারপ্রাপ্ত সচিব শ্রীযুক্তের নিকট পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তু সম্পর্কে কেন্দ্রীয় সরকারের পক্ষপাত নীতির অভিযোগ করিলে তিনি প্রত্যুত্তরে জানান যে, পশ্চিম পাকিস্তান হইতে আগত উদ্বাস্তুগণ আর তথায় প্রত্যাবর্তন করিবে না, কিন্তু পূর্ববঙ্গীয় উদ্বাস্তুগণ এখনও সে বিষয়ে মনস্থির করিয়া উঠিতে পারে নাই এবং উভয়বঙ্গের সরকারদ্বয়ের প্রতি লক্ষ্য করিলেই তাহা প্রমাণিত হইবে। শ্রীযুক্তের সঙ্গে একমত হইয়া আমরা ও বলিতে চাহি যে, উদ্বাস্তু সম্প্রদায়ের যে পরিচয় উহাদের ভাগ্যাহত জীবনে মিলিয়াছে যে ঘৃণ্য ছলনাহীন আঘাতে উহারা হিংসিয়া উঠিতেছে তাহাতে উহাদের কথা দুইটি কথাই হইতে অনেক দূরীভূত পড়ার সময়ও হইয়াছে। কাজেই অনন্যোপায় হইয়া কেহ কেহ হয়ত পূর্ববঙ্গে ফিরিয়া যাইতেছে। নূতন আইনে তাহাদের উচ্ছেদ যোগাইয়া উদ্বাস্তুদের পশ্চিমবঙ্গ ছাড়া করিবার ব্যবস্থা হইতেছে কিনা কে বলিবে!

ইহা আমার জানা যে, বিভিন্ন দলের সহিত আলাপ আলোচনায় সরকার উত্থাপিত আইনের কিছু রদ-বদল করিতে স্বীকৃত হইয়াছেন এবং আইনের মূল উদ্দেশ্যকে উদ্বাস্তু পুনর্বাসনের কাজে নিয়োজিত করিবার প্রতিশ্রুতি দিয়াছেন। কিন্তু আইনের এক ধারায় যাহা অস্পষ্ট রহিয়াছে সরকারী সুস্পষ্ট ব্যবস্থায় তাহা যে পরিণতি লাভ করিবে তাহাতেই সরকারের প্রকৃত উদ্দেশ্য পরিষ্কার হইবে। উদ্দেশ্য সাধনের সংযোজন দ্বারা আর যাহাই বোঝায়, তাহা কখনও সন্দেহাতীত নহে।

সর্বোপরি বিচার্য হইতেছে, উদ্বাস্তু সম্পর্কিত উদ্দেশ্য আইনের মধ্য দিয়া কি অপ্রকাশ্য সরকারী মনোভাব প্রকাশ পাইতেছে। মনে হইতেছে, পশ্চিমবঙ্গ সরকার বাস্তুহারাদের রাজ্যের বোঝা ও দায় স্বরূপ গণ্য করিতেছেন যে কয়েকজন উদ্বাস্তুকে পুনরায় জীবনক্ষেত্রে প্রতিষ্ঠিত করিতে পারিলে, তাহাদের শ্রম, শক্তি ও মেধাকে দেশের স্বার্থে প্রয়োগ করিতে পারিলে এত বড় বিরাট অর্থনীতিতে আবার প্রাণসঞ্চার করা যাইত, তাহাকে কৃপার চোখে কৃপাপাত্রের প্রতি কৃপা বর্ষণের মধ্যে সীমাবদ্ধ রাখিয়াছেন। পশ্চিমবঙ্গের সাধারণ নাগরিক ও অধিবাসীদের সঙ্গে পূর্ববঙ্গাগত জনসাধারণের মধ্যে পার্থক্যের পরিসর যতই সংকীর্ণ করা হইবে ততই রাজ্যের ভবিষ্যৎ রক্ষিত হইবে। উদ্বাস্তুদের শরণার্থী আখ্যা দিয়া দূরে ঠেকাইয়া রাখা হইলে রাজ্যের অবিভাজ্য অংশ বিশেষকে পঙ্গু করিয়া পশ্চিমবঙ্গের ক্ষতি করা হইবে। আজ সেই সুস্থ ও সরল দৃষ্টিভঙ্গি লইয়া উদ্বাস্তু সমস্যা সমাধানে ব্রতী হইতে হইবে, অন্যথা কোনরূপ বিকল বা বিকৃত মনোভাব চরম সর্বনাশ ডাকিয়া আনিবে।

প্রাসঙ্গিক

—১০০—

ব্যয় সঙ্কোচ

ভারতের মন্ত্রি ও পূর্ত-বিভাগের অযথা ব্যয় বহুল বিভাগগুলি সম্পর্কে ব্যয় নির্দ্ধারণ কমিটী যে সুপারিশ প্রদান করিয়াছেন তাহা কার্য্যকরী করা হইলে ১,১৭,০০,০০০ টাকা ব্যয় সঙ্কোচ সম্ভবপর হইবে। উল্লিখিত বিভাগগুলিতে অপ ব্যয়ের ধরণ প্রায় একই প্রকৃতির। নূতন প্রেসের জন্য প্রায় বহুসংখ্যক মাসিক বাজেটভুক্ত হইয়া পড়িয়া আছে। ফলশ্রুতি, প্রেসের হিসাবপত্র বৎসরের শেষ হওয়ার অনেকপূর্ব্ব পাকিয়া যায়। কর্ম্মচারীদের বাসস্থানী ভাতার জন্য আবশ্যকতার কারণ অনেকেই পড়িয়া থাকে এবং অনেক কলিকাতা সোর্ট ষ্ট্রীটকে বাসস্থানের যেসকল বাবদ অনেক লক্ষ টাকা দিতে হয়। ছোট বড় যে কোন রকমের পরিবর্ত্তনের ব্যয় সম্পর্কে উপযুক্ত অনুমান বা পরীক্ষা করা হয় না। সর্ব্বোপরি কোন কোন বিভাগে প্রয়োজন অপেক্ষা অধিক কর্ম্মচারী নিযুক্ত হইয়াছেন। অতিরিক্ত কোন কোন ক্ষেত্রে উপযুক্ত লোকের পরিবর্ত্তে অযোগ্যদেরই স্থান দেওয়া হইয়াছে এবং বিভিন্নগুলির অন্য পারস্পরিক হেরফেরের ব্যবস্থা করিলে তাহা সত্ত্বে, একই বিভাগের বিভিন্ন শাখার অন্য পুনর্বহালের অভাব পরিলক্ষিত হয়। এই অনেক ক্ষেত্রে কর্ম্মচারী সঙ্কোচ পৌঁছিতে পারে নাই। কমিটীর প্রস্তাবে এই সমুদয় বিষয় উপাদানের আলোচিত হইয়াছে। কমিটীর কার্য্যকরী প্রস্তাব কেবল অল্প ব্যয় সঙ্কোচ বা কর্ম্মচারীর অযথা নিয়ন্ত্রণ করে নাই, পরন্তু যে কোন অনুপযোগিক পরিবর্ত্তনের অনুচিত ও প্রকৃত আয়-ব্যয়ের হিসাব পত্র সরকারী পরীক্ষার জন্য দাখিল করার প্রস্তাব করা হইয়াছে। এই ব্যবস্থা অবলম্বন হইলে নিরীহ বাজেটের পুনরাবৃত্তি নিরোধ করা সম্ভব হইবে। তাহাড়া অনুমিত ব্যয়ের উপর কি পরিমাণ অতিরিক্ত ব্যয় নিযুক্ত কর্ম্মচারীর করিতে পারিবেন তাহা নির্দ্দিষ্ট করিয়া দেওয়া বাঞ্ছনীয়। সরকারী মূলধন বিভাগের যে সব নূতন বিভাগ প্রস্তাবের মধ্যেকার বাদিয়া সিদ্ধান্ত বা যাহা সম্পূর্ণ বলেও করণ সাধারণে হয় নাই সে সব কঠিন বাস্তবিক প্রতিষ্ঠানের সাহায্যে কার্য্যকরী করার প্রস্তাব হইয়াছে। মূলধন বিভাগের অধীনে এবং বিষয়ে পরামর্শদানের জন্য একটী ঔকবিক্যাল কমিটী গঠনের সুপারিশ করা হইয়াছে এবং উহার ব্যয় বিষয়ে অধিকার ব্যয় নির্দ্ধারণের প্রস্তাব করা হইয়াছে। সাধারণ ভাবে বিচার করিলে কমিটীর সুপারিশ প্রস্তাবগুলি সময়োচিত ও উপযোগী বলিয়া স্বীকৃতি দাবী করিতে পারে এবং সরকার সে বিষয়ে অবহিত হইলে একটী গুরুত্বপূর্ণ বিষয়ের কাজে বাস্তবায়ন ও উন্নত হইতে পারে।

প্রামাণিক চিত্র

সম্প্রতি 'এলিট' প্রেক্ষাগৃহে ভারতীয় কারুশিল্প সম্পর্কে ষ্টীমেক্স সেপার মিল কর্ত্তৃক গৃহীত অনুবেক্ষণী বা প্রামাণিক চিত্র প্রদর্শিত হইয়াছে। কাগজ তৈয়ারীর তাঁতা বাস্ সংগ্রহ হইতে আরম্ভ করিয়া প্রকৃত উপাদান কার্য্যে পর্য্যন্ত কাগজ শিল্পের প্রতিটী স্তরই সুখানুপুঙ্খরূপে ও বিশদ ভাবে চিত্রায়িত করা হইয়াছে। চিত্রটির শিক্ষা মূলক অবেদন হাদয়ের প্রকাশ ভাবে ইহা চিত্তাকর্ষক ও মনোজ্ঞ হইয়াছে। এ ধরণের শিল্প-সম্পর্কিত প্রামাণিক চিত্র প্রদর্শন বিভিন্ন হইতে ষ্টীমেক্স পেপার মিলের প্রচেষ্টা প্রশংসার দাবী করতে পারে।

সরকারী কৈফিয়ৎ

সম্পাদকীয় স্তম্ভে 'বাটানের দুধ ও সরকারী কৈফিয়ৎ' শীর্ষক আমরা যে আলোচনা করিয়াছিলাম তাহাতে এ আশঙ্কাই প্রকাশ পাইয়াছিল, দুধের বিশুদ্ধতা পরিমাপক যা নির্দ্ধারক যন্ত্রকে কাঁকি দিবার কোন্ বা কোন উপায় কোথায় বিদেশে নিযুক্ত বাবসায়ীগণ প্রয়োগ করে কিনা এবং তৎসম্পর্কে সরকারী ব্যবস্থা কি? তাহার উত্তরে সরকারের দিক কমিশনার আমাদের জানাইয়াছেন, পৃথিবীর বিভিন্ন স্থানে দুধের বিশুদ্ধতা পরিমাপক প্রচলিত পদ্ধতি বলিপরীক্ষা কর্তৃপক্ষ অনুসরণ করেন। মহিষের দুধ সম্বন্ধে যাহাতে যে সর্ব্বনিম্ন মান তাঁহারা অনুসরণ করিয়া থাকেন তাহা হইতেছে, ফেলপেনার্থ পদার্থ ৯ ভাগ, অন্যান্য অংশ পদার্থ ১ ভাগ ও বিশেষ —১৩০। বিদেশে যাহা আইনের ইহার বেশী দাবী করে না। অন্য বলিপরীক্ষার কর্তৃপক্ষ যেন পদার্থের পরিমাণ পদার্থ ৭ ভাগ পর্য্যন্ত দাবী করিয়া থাকেন। বাটান হইতে দুধ সংগ্রহের জন্য যে ফুলিয়ার পাঠান হয় তাহাদের সততা সম্পর্কিত প্রশ্নের জবাবে তিনি জানাইয়াছেন, বলিপরীক্ষার দুধ পৌঁছিবার পর উহার তৎক্ষণাৎ পরীক্ষা করিয়া তবে বাবসায়ীদের দাম শোধ করা হয়, কাজেই ঐ বিষয়ে আমাদের আশঙ্কা অমূলক বলিয়া তিনি জানাইয়াছেন। সর্ব্বশেষে তিনি জানাইয়াছেন যে, দুধ সরবরাহ ব্যবস্থার উন্নতিকল্পে সরকার ও তাহার আশপাশ হইতে বাটানগুলি প্রত্যাহার করিয়া আনার চেষ্টা চলিতেছে।

ভারতীয় সংসদ

কলিকাতায় স্বয়ংক্রিয় টেলিফোন ব্যবস্থা

এক প্রশ্নের উত্তরে ডাক ও তার বিভাগের মন্ত্রী জনাব রফি আহমেদ কিদোয়াই বলেন, ১৯৫০ সালের প্রথম দিক হইতে কলিকাতায় স্বয়ংক্রিয় টেলিফোন ব্যবস্থা চালু হইবে।

ডাঃ মনোমোহন দাসের এক প্রশ্নের উত্তরে জনাব কিদোয়াই বলেন, কলিকাতায় স্বয়ংক্রিয় টেলিফোন ব্যবস্থার জন্য ১৩টি এক্সচেঞ্জ বসানো হইবে।

তিনি বলেন, কলিকাতা টেলিফোনের আধুনিক সেন্ট্রাল এক্সচেঞ্জের জন্য আনুমানিক ৩৫ লক্ষ ব্যয় হবে ১২ লক্ষ ২৮হাজার ই লক্ষ টাকা, বাড়ী নির্মাণ বাবদ ১০ লক্ষ ৪০ হাজার টাকা, যন্ত্রপাতি ক্রয় বাবদ ২ কোটি ৬৬ লক্ষ ২৪ হাজার টাকা এবং অন্যান্য প্রয়োজনীয় ক্রয় বাবদ ৭ লক্ষ ১০ হাজার টাকা ধার্য্য হইবে।

রাস্তা ও মোটর চলাচলের জন্য ব্যয়

ইমারতসহ পূর্ত বিভাগের এক প্রশ্নের উত্তরে যানবাহন বিভাগের রাষ্ট্রমন্ত্রী শ্রী কে গাডগিল বলেন, রাস্তা ও সমস্ত স্থলপথ মোটর চলাচল বাবদ ১৯৪৭-৪৮ সাল হইতে ১৯৪৯-৫০ সাল পর্য্যন্ত তিন বৎসরে কেন্দ্রীয় সরকারের মোট ৫৩ কোটি ৫৩ লক্ষ টাকা ব্যয় হইয়াছে।

তিনি বলেন, এই তিন বৎসরে রাস্তা মেরামত প্রভৃতি ও কেন্দ্রীয় সড়ক তহবিলে দান বরাবর কেন্দ্রীয় সরকারের মোট ১৮ কোটি ৩ লক্ষ ৮৭ হাজার টাকা ব্যয় হইয়াছে।

পাট উৎপাদন সম্পর্কে পরীক্ষা

এক প্রশ্নের উত্তরে খাদ্য ও কৃষিমন্ত্রী শ্রী কে এম মুন্সী বলেন, পশ্চিমবঙ্গ সরকার চাষের পাট উৎপাদনের জন্য জমি ও জলের উপযোগিতা সম্পর্কে পরীক্ষা করিতেছেন। বোম্বাই, মাদ্রাজ ও ত্রিবাঙ্কুরে পরীক্ষার জন্য ছোট-খাট আস্তানা আছে।

নবগঠিত শিল্প রাষ্ট্রায়ত্তকরণের প্রশ্ন

নবগঠিত শিল্প রাষ্ট্রায়ত্ত সম্পত্তিতে পরিণত করার বিষয়টি সম্পর্কে সরকার কোনরূপ চিন্তা করিতেছেন কিনা—এই প্রশ্নের উত্তরে মন্ত্রী শ্রী এম কে গাডগিল জানান যে, সরকারের ঐরূপ কোনও পরিকল্পনা নাই।

শ্রী গাডগিল আরও জানান যে, নবগঠিত শিল্পের বৃদ্ধির জন্য সরকারী সাহায্যের কারখানাগুলি পুনর্গঠনের বিষয়টি সম্পর্কে বিবেচনা করিতেছেন। ১৯৪৯ সালে সরকারী কারখানাগুলি হইতে কোটি ১৪ লক্ষ মণ লবণ উৎপন্ন হইয়াছিল। ঐ বৎসরে বেসরকারী কারখানাগুলি হইতে ৩ কোটি ৫ লক্ষ মণ এবং অন্যান্য ছোটখাট লবণ শিল্পালয় হইতে ১৩ লক্ষ মণ লবণ উৎপন্ন হইয়াছিল। ঐ বৎসরে আমদানি হইতে তিন লক্ষ টন এবং পাকিস্তান হইতে দেড় লক্ষ মণ লবণ আমদানী করা হইয়াছিল।

ট্রাক্টর সাহায্যে পতিত জমি উদ্ধার

একটি প্রশ্নের লিখিত জবাবে খাদ্যমন্ত্রী শ্রী কে এম মুন্সী বলেন, ১৯৫০ সাল হইতে আরম্ভ করিয়া ৭ বৎসরের মধ্যে সরকার ৩৫টি ট্রাক্টরের সাহায্যে ৩০ লক্ষ একর অনুপযোগী জমি উদ্ধার করিবেন বলিয়া স্থির করিয়াছেন।

১৯৪৯ সালের অক্টোবর মাসে প্রথম দফায় ট্রাক্টর বোম্বাইয়ে উপনীত হয় এবং শেষ চালান আসে ১৯৫০ সালের সেপ্টেম্বর মাসে। ১৯৫১ সালের ২৮শে ফেব্রুয়ারী পর্য্যন্ত মুক্তম ট্রাক্টর সাহায্যে মোট ১৬ হাজারের পতিত জমি উদ্ধার করা হইয়াছে এবং অতিরিক্ত পুরাতন ট্রাক্টরের সাহায্যে আরও ১,৪১,৪৯২ একর জমি উদ্ধার করা হইয়াছে।

মন্ত্রী মহোদয় আরও বলেন, সেন্ট্রাল ট্রাক্টর অর্গানাইজেশন এবং বিভিন্ন রাজ্য সরকার ১৯৫০-৫১ সালে ৬,৫৫,০০০ একর পতিত জমি উদ্ধার করিয়াছেন। ১৯৫১-৫২ সালে ৬,১৪,০০০ একর জমি উদ্ধার করা হইবে স্থির হইয়াছে।

গ্ল্যাডষ্টোন লায়েল

এণ্ড কোং লিমিটেড

৪, ক্লেয়ারলী রোড, কলিকাতা

টেলিফোন : বাঘ ২২৩১—২২৩৪।

টেলিগ্রাম : বাঘ

ইমার এজেন্টস্

বি সিটি লাইন লিঃ

এলায়ান্স এণ্ড বাকুবাল এস এস কোং লিঃ

বম্ লাইন লিঃ

ইম্পোর্টারস্ ও ইঞ্জিনীয়ার্স

কলের বাবতীয় সরঞ্জাম

বিদ্যুৎচালিত যন্ত্রাদির জন্য

অগ্নি নির্ব্বাপক

বীজাণুনাশক

ডি, ডি, টি গোত্রীয় জাতীয় রাসায়নিক

বাষ্পীয় (বাষ্প)

জেনারেল এজেন্টস্

ফেক এণ্ড কোং লিঃ

(চিনি ও মদ প্রস্তুতকারক)

ষ্ট্রট ইণ্ডিয়া ব্লাইচিং কোং লিঃ

ক্যালকাটা স্যাণ্ডিং এণ্ড শিপিং কোং লিঃ

(লাইটারেজ)

ইন্সিওরেন্স ও লয়েড এজেন্টস্

পণ্যদ্রব্যের বাজার :—

উদ্বেগজনক খাদ্য পরিস্থিতি

—০০০—

দেশের খাদ্য সংকটের পরিস্থিতি ও উহার ভবিষ্যৎ সম্পর্কে চতুর্দিকে উদ্বেগ ও আশঙ্কার আশঙ্কা প্রকাশ পাইয়াছে। গত ১৯শে জানুয়ারী খাদ্য মন্ত্রীর বেতার-বক্তৃতায় দেশের পরিস্থিতি পূর্ব-বিবৃতি পর্যায়ে ফিরাইয়া আনার পরিবর্তে প্রায়শঃ বাস্তবে হইয়াছিল। অর্থাৎ পঞ্চতরা যে ২৫ লক্ষ টন চাউল কমানো হইয়াছিল তাহা পুরণের পরিপূরক করা হইবে—এ আশ্বাস দেওয়া হইয়াছে। ফলেই পরিস্থিতি ঘোরালো হইয়া উঠিতেছে, তাহাতে সরকারী অভিপ্রায় পূরণ বিলম্বিত হইবার উপক্রম হইয়াছে। তাহাতে ২০ লক্ষ টন খাদ্যশস্য দান করা সম্পর্কে আমেরিকা যে দীর্ঘসূত্রী অবাস্তব প্রদর্শন করিতেছে তাহাতে অবস্থা আরও ভয়াবহ রূপ গ্রহণ করিবার সম্ভাবনাই বেশী।

ভারত পূর্বেকার আশ্বাসেই আমেরিকার খাদ্য-দান কিছুকাল যাবৎ বেশী পরিমাণ চালান যাইতেছে। অধিকন্তু আশু চলাচল ব্যবস্থার অসুবিধাগুলি দূরীকরণ দ্বারা কিছুটা অপ-সারিত হইলেও খাদ্যশস্য সম্পর্কে অত্যাবশ্যকের প্রকৃতি পরিস্থিতিকে আরও জটিল করিয়া তুলিয়াছে। ভারত সরকার ইতিমধ্যে সমগ্রদিকটি সোভিয়েট যুক্তরাষ্ট্রের সঙ্গে আলাপ করিয়া কি পরিমাণ খাদ্যশস্য কি সর্তে ভারতকে সরবরাহ করিতে সম্মত তৎসম্পর্কে অনুসন্ধান করিয়াছেন; কিন্তু এযাবৎ ঐ সম্পর্কে উহার নিকট হইতে সন্তোষ জনক কোন সাড়া পাওয়া যায় নাই। সম্প্রতি টোকা সরকার পাটের বিনিময়ে ভারতে খাদ্যশস্য সরবরাহ করিবার ইচ্ছা প্রকাশ করিয়াছেন।

পাক-ভারত চুক্তি অনুযায়ী পাকিস্তান ভারতকে ৭৫০ লক্ষ টন খাদ্যশস্য চলতি বৎসরে সরবরাহ করিবে। পাকিস্তান হইতে দ্রুত সংগ্রহের আয়োজন হইলে আশু প্রয়োজনীয় বিদেশ হইতে কিছুটি পাওয়া যাইতে পারে। ভারত আন্তর্জাতিক বাজার হইতে প্রচুর পরিমাণ খাদ্য ক্রয় করিয়াছে। ফেব্রুয়ারী মাসের চলাচল ব্যবস্থার অসুবিধাগুলি দূরীকরণ দ্বারা আমদানি বিশ উৎপাদন করিতেছে। চাউল সম্পর্কে বর্মা সরকারের সঙ্গে সাম্প্রতিক আলোচনা চালাইবার জন্য ভারতের বাণিজ্যিক সরকারের নিকট প্রস্তাব করিয়াছেন।

পৃথিবী ব্যাপী অধিক খাদ্য ফলাও আন্দোলন সম্পর্কে প্রত্যেক রাষ্ট্র স্বীয় স্বার্থানুকূল মনোভাবের পরিচয় দিতেছে। প্রত্যেক রাষ্ট্র দুইটি বিষয়ের উপর অধিক গুরুত্ব আরোপ করিতেছে। সে দুইটি বিষয় হইতেছে, বিদেশ হইতে খাদ্যশস্যের প্রকৃত চাহিদা ও বিদেশী প্রয়োজন মেটার স্বল্প-সম্পূর্ণতার নীতি। ইহারই পরিণামে একদিকে যেমন মাইতি ও অসন্তোষ বৃদ্ধি। ফলেই, ভারত সরকার বস্তুনিষ্ঠ পদ্ধতিতে বা কিপ্রকার সাহায্য বহির্বিশ্ব হইতে আশু সংগ্রহের চেষ্টা না করিলে পরে যত চেষ্টাসত্ত্বেও নিরাশ হইতে পারেন। বিদেশের সরকার ভারতকে ৩০ লাখ টন চাউল সরবরাহ করিবার প্রতিশ্রুতি দিয়াছেন। এ সম্পর্কে অবিলম্বে কার্যকরী ব্যবস্থা গ্রহণ বাঞ্ছনীয়।

১৪ই মার্চে সমাপ্ত সপ্তাহে ভারতে বহির্দেশ হইতে ৯৪,২০০ টন খাদ্যশস্য আমদানী করিয়াছে। ১৯৫১ সালের ১লা জানুয়ারী হইতে এযাবৎ বিভিন্ন খাদ্যশস্যের আমদানি পরিমাণ দাঁড়াইয়াছে নিম্নরূপ :—গম—৩,৮৩,৪০০ টন; মকাই—১,১০০ টন। চাউল—১,৫৩,৯০০ টন ও মাইলো ১,০৬,২০০ টন। মোট খাদ্যশস্যের মোট পরিমাণ—১১,০২,৩০০ টন।

চিনি ও গুড়ের বাজার

চিনির ঘোলাবাজারে কর্মতৎপরতা বৃদ্ধি পাইয়াছে। বোম্বাই বাজারে ও বাজার বস্তা চিনি প্রতি বস্তা ১৮৫৲ হইতে ১১০৲ টাকা পর্যন্ত দরে বিক্রয় হইয়াছে। কানপুরের প্রায় ২২ বাজার বস্তা চিনি মন বস্তা ৩৯৫০ হইতে ৪০৲ টাকা দরে অধিক পরিমাণ বাজারে ছাড়া হইয়াছে। অন্যান্য অঞ্চলের দর বস্তা দর বিবরণ—দৌরাই—৪১০ : দিল্লী ৪৭৲—৪৯৲ : রামপুর—৪০৲ কলিকাতা—৩৯৲-৪৩৲ ও মাদ্রাজ—৪৯৲।

চলতি মরশুমে ১৫ই মার্চ পর্যন্ত কলওলিতে চিনি উৎপাদন গত বৎসরের অনুরূপ সময়ের ৮৯,৩২,০০০ টনের স্থলে ২,৩৮,০০০ টন হইয়াছে। ঘোলা বাজারে চিনি বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় সঙ্গে সঙ্গে মরশুমাত্মিক হারে চাপ পাইবে। চিনির বিভিন্ন বাজারে দর বস্তা দর দিল বিবরণ কলিকাতা—৩৪৪/- : বোম্বাই ৩৯০ ; মাদ্রাজ ৩৪৬/- বারাণসী ৩৪৪/১ দৌরাই—৩৩৯০ ; ফারুখাবাদ ৩৩৲ ও কানপুর ৩৪৮/-

দৌরাই ও কানপুরে অধিকাংশ কাজ কারবার হইয়াছে পূর্বাহ্ণে। গত সপ্তাহে কানপুর বস্তুত অনুপস্থিত হইয়াছে ১,০৪০ বস্তা। নিম্নোক্ত দরকারী হারে ক্রয় বিক্রয় হইয়াছে :—

কানপুর ৩৪৬/-, দিল্লী ৩৯০ ও দৌরাই ৩৫৲ টাকা।

আলোচ্য সপ্তাহে প্রায় ২৫,০০০ প্যাকেজ বিদেশের চা বাজারে বিক্রয়ের জন্য ছাড়া হয়। ভাল চায়ের চাহিদা অনুভূত হয় এবং ১ পাউণ্ড প্রতি ।৵০ হইতে ৵০ আনা পর্য্যন্ত দর হয়। নিম্নোক্ত হারে বিভিন্ন বন্দরের জন্য বিক্রয় হইয়াছে :—

নিকট প্রেষ্টর মার্কারি বি, পি, ১১০—১৪১০, মার্কারি আসাম বি, পি, ১৬৬/১০, উৎকৃষ্ট প্রেষ্টর অসেম বি, পি, ২৶০—২৶০ ও পরিষ্কার কালো পিকো ১৬৬/১০—১৬৶০।

প্রায় ২২,০০০ প্যাকেজ গুড়া চা ও ১০,০০০ প্যাকেজ পাতার প্রেণীর চা আজাতবীণ বাজারে ছাড়া হয়। ইহা ছিল নিম্নরূপ :—কালো ফুলার্স গুড়া ১৪/১০—১৪৶০ ও উৎকৃষ্ট আসাম গুড়া ১৲ টাকা।

অপর পক্ষান্তরে ইণ্ডিয়া টি এসোসিয়েসনের ২ বাজারে উচ্চ দর্শা চাইলের বিনিময়ে চা প্রেরণের অনুমতি দিয়াছেন।

The Imperial Tobacco Company of India Limited, Successors to W. D. & H. O. Wills, Bristol & London. Cigarettes made in India.

সংবাদ সঙ্কলন

—১০:—

জয়াত শুল্ক ও আবগারী রাজস্ব

এক সরকারী বিজ্ঞপ্তিতে প্রকাশ, গত জানুয়ারী মাসে (১৯৪১) তামাকে জন্ম ও ব্যবসায়ে শুল্ক বাবদ মোট ১৮ কোটি ৪৮ লক্ষ টাকা আদায় হইয়াছে। উহার মধ্যে আমদানি শুল্কের পরিমাণ ১০ কোটি ৪২ লক্ষ টাকা, এবং রপ্তানি শুল্কের পরিমাণ ৪ কোটি ৫৫ লক্ষ টাকা, এবং মূল শুল্কাদির পরিমাণ ৩১ লক্ষ টাকা। ঐ মাসে মোটর স্পিরিট, কেরোসিন, চিনি, দিয়াশলাই প্রভৃতির উপর আবগারি শুল্ক বাবদ ৫ কোটি ৩৪ লক্ষ টাকা পাওয়া গিয়াছে।

১৯৪০ সালের এপ্রিল হইতে ১৯৪১ সালের জানুয়ারী পর্য্যন্ত দশ মাসে ১১৯ কোটি ১৮ লক্ষ টাকা তামাকের বাবদ হইয়াছে। উহার মধ্যে আমদানি শুল্কের পরিমাণ ৮৬ কোটি ২৫ লক্ষ টাকা, রপ্তানি শুল্কের পরিমাণ ২৮ কোটি ২২ লক্ষ টাকা এবং কাষ্টম ও বিবিধ মদের আয়ের পরিমাণ ৫ কোটি ৪ লক্ষ টাকা এবং আবগারি শুল্কের পরিমাণ ৪৯ কোটি ৫১ লক্ষ টাকা।

জয়পাত ও বিমানপথে ডাকবিভাগ

গত ফেব্রুয়ারী মাসে সরকারী ও বেসরকারী সূত্রে জলপথে ও বিমানপথে ভারতের যে বাণিজ্য চলিয়াছে তাহার আনুমানিক হিসাব প্রকাশ করা হইয়াছে। উহাতে দেখা যায় যে, এই মাসে আমদানী অপেক্ষা ৯ কোটি ৮৩ লক্ষ টাকার পণ্য-দ্রব্য রপ্তানী হইয়াছে।

ফেব্রুয়ারী মাসে বাণিজ্যের হিসাব—পণ্য রপ্তানী—৯০ কোটি ৫২ লক্ষ টাকা। পূর্ব্বমাসী —২ কোটি ৮৭ লক্ষ টাকা; আমদানী—৫১ কোটি ২৯ লক্ষ টাকা; মোট বাণিজ্য ১৪১ কোটি ৩৩ লক্ষ টাকা।

১৯৪১ সালে জানুয়ারী মাসে ভারতের উপর দিয়া পৃথিবীর যে বাণিজ্য চলিয়াছে তাহার বিবরণ—পূর্ব্বগামী—২ কোটি ৩৬ লক্ষ টাকা; আমদানী ৪ লক্ষ টাকা। এই হিসাব প্রথমবার হিসাবের মধ্যে ধরা হইয়াছে।

মুদ্রাঙ্কন সামগ্রীর বাণিজ্যের হিসাব

রপ্তানী।—মোদা—২ লক্ষ টাকা; তারেলী মোট—৯ লক্ষ টাকা। আমদানী—মোদা—নগণ্য, তারেলী মোট—৪১ লক্ষ টাকা।

ঋণ বিনিময় কার্য্যের অগ্রগতি

দিল্লীতে ভারতীয় ঋণ বিনিময় প্রতিষ্ঠানের সাধারণ পরিষদের বার্ষিক সভায় বাণিজ্য ও শিল্পের উপদেষ্টা শ্রীযুক্ত পি, পি, কারমাইকেল বলেন যে, এ পর্য্যন্ত ১৮০টি ঋণের দরখাস্ত গ্রহণ করা হইয়াছে, ৩৩টি মুলতুবি রহিয়াছে এবং ৫৭টি চূড়ান্তভাবে গৃহীত হইয়াছে। অনুপর ১৩০টি প্রত্যাখ্যান করা হইয়াছে এবং ১১৪টি ঋণের দরখাস্ত গ্রহণ করা হইয়াছে।

এই সাফল্যের জন্য পরিষদকে অভিনন্দন জ্ঞাপন করিয়া শ্রীকারমাইকেল বলেন যে, ভারতীয় ঋণের পুঁজিকার প্রায় এক লক্ষ পঞ্চ অর্থাৎ গত ৫বৎসরের পাঁচ গুণ এ পর্য্যন্ত বিক্রয় হইয়াছে এবং ইহাতে ২০,০০০ টাকা আয় হইয়াছে। ইহাতে বুঝা যায় যে, ভারতীয় ঋণ ক্রমশঃ অধিকতর ক্ষেত্রে ব্যবহৃত হইতেছে। তিনি বলেন যে, সরকার পরিচালিত অথবা নিয়ন্ত্রিত শিল্প প্রতিষ্ঠানসমূহও ভারতীয় ঋণ ব্যবহার করার ব্যবস্থা হইবে।

ব্যাঙ্কিংএর মহাজনির উৎকর্ষের আলোচনা করিয়া শ্রীকারমাইকেল বলেন,ভারতীয় ঋণ অনুযায়ী যে সকল ব্যাঙ্কিংএর নামের ব্যাঙ্ক স্থাপিত হইয়াছে সেইগুলির চাহিদা খুব বেশী এবং এইগুলি গঠনে বিদেশ হইতে এ পর্য্যন্ত কোনও আহ্বানের আসে নাই। পুরাদমি বিশ্বাসকার্য্যে ব্যবহৃত ইস্পাতের উৎপাদন ও আমদানির বাণিজ্য নিয়ন্ত্রণের যে পরিকল্পনা এই প্রতিষ্ঠান করিয়াছে তাহা কার্য্যকরী হইলে ইস্পাত বৈদেশীক বাণিজ্য প্রায় ২ কোটি বাড়িয়া যাইবে।

আন্তর্জাতিক ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের কার্য্যাবলী পর্য্যালোচনা করিয়া তিনি বলেন যে, বিভিন্ন মুদ্রামানের মধ্যে নির্ভরযোগ্য সম্পর্ক এবং ঋণের বাণিজ্যিক প্রতিষ্ঠানের পূর্ব্বের মর্য্যাদা উদ্ধার যোগাযোগের জন্য এই প্রতিষ্ঠান হইতে প্রতিনিধি প্রেরণ করা হইবে।

বৈশাখী ডাকার উৎপাদন বৃদ্ধি

ভারতীয় লাক্ষা শুল্ক তদন্তি। আবহিক হিসাব অনুযায়ী ভারতীয় সমগ্র ডাকে বর্ত্তমান বৎসরে ১,১৫,০০০ মণ বৈশাখী লাক্ষা উৎপন্ন হইবে; গত বৎসর মোট ৯,১০,০০০ মণ বৈশাখী লাক্ষা ডাকে উৎপন্ন হইয়াছিল। বিগত ১৯৩৯ সনের পূর্ব্ববর্তী দশ বৎসরের উৎপাদন অনুযায়ী ডাকের প্রতি বৎসর গড়ে ৯,৪৮,০০০ মণ বৈশাখী লাক্ষা উৎপন্ন হইয়াছে। লাক্ষার বর্দ্ধিত মূল্যের দরুণ উৎসাহিত হইয়া লাক্ষা চাষিগণ অধিক পরিমাণ মুকে উহার চাষ করে। তাহা ছাড়া, বর্ত্তমান বৎসরের আবহাওয়া লাক্ষা চাষের বিশেষ অনুকূল থাকায় লাক্ষা উৎপাদনের পরিমাণ বাড়িয়া গিয়াছে।

গত বৎসর ডাকে মোট ৪০,৮০০ মণ অঘ্রাণী বা ফুসুমী লাক্ষা উৎপন্ন হইয়াছে। পূর্ব্ববর্তী আনুমানিক হিসাবে উহার পরিমাণ মোট ৩৯,০০০ মণ ধরিয়া লওয়া হইয়াছিল। উহার আনুমানিক বাৎসরিক উৎপাদনের পরিমাণ মোট ১,৪৪০০০ মণ।

রপ্তানী দ্রব্য আবগারি

শিল্প ও বাণিজ্য মন্ত্রকের এক বিজ্ঞপ্তিতে প্রকাশ, বর্ত্তমানে ৪নং অথবা সাধারণ লাইসেন্স অনুসারে একমাত্র পাকিস্তানই বীজ বাতীত অন্যান্য দেশে রপ্তানি করিবার জন্য প্রেরিত রপ্তানি বিলাসুলা প্রেরণ করা হইলে আবগারীর জন্য কোন প্রকার লাইসেন্স লইবার প্রয়োজন হয় না। তবে এক লক্ষে ১৪০৲ টাকার বেশী মূল্যের রপ্তানি প্রেরণ করা চলে না।

বর্ত্তমানে রপ্তানি মূল্যের প্রতি লক্ষ টাকায় ঐ মূল্যের উপর শীর্ষ ১৪০৲ টাকা হইতে বাড়াইয়া ২৫০৲ টাকা করিয়া দিয়াছেন।

যে বাঙ্ক আছিবে কেবলই অন্ ইণ্ডিয়ার এক উল্লিখিত সংখ্যায় এই মর্মে এক নোটিশ প্রকাশ না হইয়াছে।

ভারতে বিমান চলাচল

ভারতের আভ্যন্তরীণ বিমান প্রতিষ্ঠানগুলি ১০ সালে ৪১০ লক্ষাধিক যাত্রী বহন করিয়াছে। চলিত বর্ষে ১২৪০ জন যাত্রী যাতিত হইয়াছে। এই বৎসরে বিমানগুলি নির্ধারিত পথে ১১৯,১০৩ মাইল অতিক্রম করিয়াছে এবং ১,০৬,৭৪৫ পাউণ্ড মাল ও ৮৫,৫৬,১৪৪ পাউণ্ড ডাক বহন করিয়াছে। ১৯৪১ সালে বিমানগুলি ১৮,৫৪৪ মাইল অতিক্রম করে এবং ১,২৯,৯১,০ পাউণ্ড মাল ও ৪০,৩১,১৮০ পাউণ্ড ডাক বহন। যাত্রীর হার শতকরা ২৭ ভাগ, মালের শতকরা ২৪৬ ভাগ এবং ডাকের হার শতকরা ৩৭৭ ভাগ বৃদ্ধি পায়।

যুদ্ধের পর হইতে বিমানযোগে যাত্রী চলাচলের হার ক্রমেই বাড়িয়া চলিতেছে। ১৯৪৬ সালে যাত্রীর সংখ্যা ছিল ১০,৪,২৪১। ১৯৪৭ সালে বাড়িয়া ২,৫৪,৯৮০ এবং ১৯৪৮ সালে ১৮৬ হয়। ১৯৪৯ সালে যাত্রীর সংখ্যা আরও ৩০ ভাগ বৃদ্ধি পায়। কিন্তু বৈশ বিমান ন অবরুদ্ধ করার পর বৎসরে যাত্রীর সংখ্যা এক লক্ষ বাড়িয়া যায়। "এয়ার ইণ্ডিয়া" ও রোথাইয়ের মধ্যে এবং দিবাভাগে এডিনে-লিণ্ট দিল্লী ও মাদ্রাজ এবং বোম্বাই ও মাদ্রাজ মধ্যে নৈশ-বিমান চলাচল প্রবর্তিত প্রচার পূর্বে প্রায় ১১ জন যাত্রী বহন করা সর্বকালে চলাচল বিভাগের অধীনে ৭২টি ঘাঁটি রহিয়াছে। বৈশ বিমান চলাচলের ব জন্য বোম্বাই, আমেদাবাদ, বরোদা, চাঙ্গুলিয়, পুনা ও আলাহাবাদে ৬টি সংযোগকেন্দ্র স্থাপন হইয়াছে। ইহা ছাড়া, গত বৎসরে বিভিন্ন রাজ্যের বিমট হইতে ১৬টি নূতন বিমান-ঘাঁটি-গ্রহণ করা হয়।

জাহাজ মূল্য তালিকা

ণ্ডেট অব্ ইণ্ডিয়ার প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে সরকার ১৯৫০ সালের জন্য সরবরাহ ও মূল্য অনুসারে জাহাজ মূল্য নির্ধারণ ও মূল্য ী প্রদর্শন সম্পর্কে নিয়মাবলী প্রচার করিয়াছেন। এই বিজ্ঞপ্তি অনুসারে এইরূপ নিয়ম করা হ যে, যে সকল ক্ষেত্রে প্রথাদির উপরই মূল্য নির্ধারণ করা প্রয়োজন সে ক্ষেত্রে পরিচালকগণ ইচ্ছামতো অথবা স্থানীয় প্রচলিত জাহাজ অথবা উহার জায়গাই নির্ধারণ করিতে পারিবেন।

উক্ত আইন অনুসারে জাহাজ মূল্য তালিকা প্রকাশের দিন হইতে তিন মাসের মধ্যে নির্ধারিত ফরমে নির্ধারিত ফীসহ প্রত্যেক জাহাজ মূল্য ইচ্ছামতো বা স্থানীয় প্রচলিত জাহাজ বা উহার জায়গা নির্ধারণ করিতে চেষ্টা করিতে হইবে।

১৭৭৪ সালের সামান্য শুরু থেকে আজকের বিশ-পর্যায় মার্টিন বার্ন লিমিটেড প্রতিষ্ঠানের সুপরিচালিত অগ্রগমন এক হিসাবে ভারতীয় শিল্প-প্রগতির ইতিহাস। সামান্যের স্থানিমাণে, আধুনিক বন্দরের অফিস ও বাসভবন নির্মাণ, এই বিরাট শিল্পোদ্যোগের অতি সামান্য অংশমাত্র। এই প্রতিষ্ঠান লৌহ, ইস্পাত, সিমেন্ট উৎপাদন কার আর এগাই এশিয়ার বৃহত্তম ও অতি-আধুনিক যান্ত্রিক ব্যবস্থাসম্পন্ন চালাই কারখানার অধিকারী। এই প্রতিষ্ঠান তৈরি করে জাহাজ ও সেতু, পরিচালনা করে বৈদ্যুতিক শক্তি সরবরাহ কেন্দ্র ও ভাইট রেল, তৈরী করে মাল-গাড়ি। সুরোজের পূর্বাঞ্চলে শীঘ্রই তৈরির সর্ববৃহৎ কারখানাও এই প্রতিষ্ঠানেরই। কাঁচের ও টীনামাটির জিনিস, রেল ভাইব, পাইপ ও ফিটিং, জল, গ্যাস ও ময়লা নিষ্কাশনের কাজে ব্যবহৃত চালাই লোহার পাইপ—এক কথায় যান্ত্রিক শিল্পায়নের বিস্তীর্ণ ক্ষেত্রে এই প্রতিষ্ঠানের অর্ঘ্যযোগ ছড়ানো। সামান্য পেরেক থেকে ভারী গাড়ি, বাসগৃহ বা অফিস তৈরির সাজসরঞ্জাম (যন্ত্রপাতি সমেত) এক গ্যালন রঙ অথবা ভারি জাঁতা—এক কথায় যান্ত্রিক শিল্পায়নের পর্যায়ভুক্ত যে কোন জিনিসের প্রয়োজন হলেই বিরাট টিকানায় খোঁজ করুন।

১২, মিশন রো, কলিকাতা—১।

এই তালিকার কোথাও অবশ্য ইহাও প্রকাশিত আছে যে, সাইকেল, সাইকেলের টায়ার ও টিউব, বৈদ্যুতিক যন্ত্রপাতি, ঔষধ লোহা, কোরা ব্লেড, ট্যাবিং-এর প্রয়োজনীয় ক্যাম্বি, ব্লাডকো, ব্যালিংস্, কাউ এণ্ড গেট বিল্‌স্ এবং অন্যান্য বিল্‌সের সাইকারী ব্যবসায়ীদিগকে একত্রভাবে মূল্যের মূল্য তালিকা টাঙাইয়া রাখিতে হইবে। প্রত্যেক খুচরা ব্যবসায়ীদিগকেও অনুরূপ মূল্যের তালিকা টাঙাইয়া রাখিতে হইবে।

ভারতে পাট উৎপাদন

দেশ বিভাগের পর হইতে ভারতের পাট উৎপাদনের পরিমাণ ও পাট-চাষের জমির পরিমাণ ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে; অবশ্য পাট-সম্পর্কে আমদানিকারীদের হইতে এইরূপ বিশেষভাবে জোর করিতে হইবে।

দেশ বিভাগের সময় ভারতে পাট-চাষের জমির পরিমাণ ছিল ৬১০ লক্ষ একর, উৎপন্ন পাটের পরিমাণ ছিল ১৩ লক্ষ ৩০ হাজার গাঁইট। ১৯৪৮-৪৯ সালে পাট চাষের জমির পরিমাণ বৃদ্ধি পাইয়া ৮ লক্ষ ৩০ হাজার একরে দাঁড়ায় এবং ২০ লক্ষ ৪০ হাজার গাঁইট পাট উৎপন্ন হয়। ১৯৪৯-৫০ সালে পাটের জমির পরিমাণ আরও বৃদ্ধি পাইয়া ১১ লক্ষ ৮০ হাজার একর হয় এবং ৩০ লক্ষ ৯৯ হাজার গাঁইট পাট উৎপন্ন হয়। আনুমানিক হিসাবে ১৯৫০-৫১ সালে পাট-চাষের জমির পরিমাণ হইবে ১৪ লক্ষ ৪০ হাজার একর এবং উৎপন্ন হইবে ৩২ লক্ষ ৯০ হাজার গাঁইট। আনুমানিক হিসাবে ভারতের প্রায় ৪১ লক্ষ গাঁইট পাট প্রয়োজন।

কেন্দ্রীয় ট্রাক্টর প্রতিষ্ঠান

পার্লামেন্টে প্রশ্নোত্তরকালে কৃষিমন্ত্রী শ্রীযুক্ত এস মুন্সী জানান যে, কেন্দ্রীয় ট্রাক্টর প্রতিষ্ঠানের কার্যকলাপ ও বিদেশ হইতে আমদানী ট্রাক্টরের কার্যকারিতা সম্বন্ধে শ্রীনরেশচন্দ্র অনুসন্ধানের ফলাফলের ভিত্তিতে সমস্ত কেন্দ্রীয় ট্রাক্টর প্রতিষ্ঠানের পুনর্গঠন করা হইয়াছে। শ্রীমুন্সী অবশ্য জানান যে, ১৯৪৯ সালে অর্থসংস্থের 'ডিস্পোজাল' বিভাগ হইতে ১৮০টি ট্রাক্টর ক্রয় করা হইয়াছিল। ১৯৪৭ সাল হইতে '৫১ সাল পর্যন্ত ভোগের ক্রমে কাজ চালান হইয়াছে। ইহার অধে যা থাকায় এবং কয়েকটি ট্রাক্টর পুরাতন হইয়া পড়ায় কতকগুলি ট্রাক্টর ব্যবহারের অযোগ্য হইয়া পড়ে। বর্তমানে ১০টি ট্রাক্টর ব্যবহার করা হইতেছে।

নূতন ট্রাক্টরগুলি সম্বন্ধে শ্রীমুন্সী বলেন যে, এগুলি অত্যন্ত ভারী কলের লাঙ্গল। ভারতীয় কৃষিজীবীরা এই ধরনের কলের লাঙ্গল ব্যবহারে অভ্যস্ত নহে। ফলে কয়েকটি নূতন ট্রাক্টর ব্যবহার করা হইতেছে না। কিন্তু চৌবকরা পরিকল্পনা অনুসারে খুচরা বিক্রয়ের স্থাপিত হইবার পর এ ব্যাপারে অভিজ্ঞতার সাহায্য পাওয়া যাইতেছে। এখনে ২৪টি ট্রাক্টর ব্যবহার করা হইতেছে।

তিনি অবশ্য জানান যে, ১৯৪৯ সালে 'পাখরাই' লাঙ্গল সরবরাহের জন্য একটি ব্যবসায় প্রতিষ্ঠানের নিকট অর্ডার দেওয়া হইয়াছিল। পরীক্ষার কাজে এগুলি ব্যবহৃত হইবে স্থির ছিল। পরে স্থির হয় যে, ক্ষেতের মধ্যে ব্যবহারের জন্য ঐগুলি ব্যবহৃত হইবে। লাঙ্গলগুলি একারণে উপযোগী বলে দেখা যায় এবং ঐগুলি ব্যবহার করা হয় নাই।

ভারত পাকাপাকি ভাবে কেন্দ্রভূমির এক প্রশ্নের উত্তরে শ্রীমুন্সী জানান যে, ভারতের জমিতে আবাদের কাজে কেন পুরাতন ট্রাক্টরগুলি ব্যবহার করা হয় নাই, সে সম্বন্ধে তিনি তথ্য অবহিত করেন। ইহার ফলে লাঙ্গলগুলি ব্যবহার করা যায় নাই এই মর্মে মন্তব্য করা হইয়াছিল।

পরলোকে ডাঃ অনন্ত চৌধুরী

গত ১২শে মার্চ মুরশিদাবাদ বৈকালে ৪৫ বছর বয়সে মহালিপির খাতেমাদা বাঙালী চিকিৎসক ডাক্তার অনন্তকুমার চৌধুরী ৫৮ বৎসর বয়সে ইহলোক ত্যাগ করেন। ডাঃ চৌধুরী গত কয়েকমাস যাবৎ অসুখে ভুগিতেছিলেন। ডাঃ চৌধুরী ফরিদপুর জেলার অন্তর্গত উলপুরের অধিবাসী ছিলেন। কলিকাতা মেডিক্যাল কলেজ হইতে এম, বি, উপাধি লাভ করিয়া প্রথম বিশ্বযুদ্ধের সময় তিনি মেসোপটেমিয়ায় গমন করেন। তথা হইতে প্রত্যাবর্তন করিবার পর তিনি প্রথমে ক্যাপ্টেন ও পরে মেজর উপাধি লাভ করেন। ১৯২৩ সালে তিনি কেন্দ্রীয়সেবার চিকিৎসকরূপে নিযুক্ত হন। ১৯২৪ সালে মহালিপিতে স্থায়ীভাবে তিনি তাঁহার চিকিৎসা ব্যবসায় আরম্ভ করেন। সেই সময় হইতে এই সুদীর্ঘ ৬৯ বৎসর তিনি চিকিৎসা ব্যবসায়ে নিযুক্ত থাকিয়া চিকিৎসা সাহায্যে বিশেষ সুনাম অর্জন করেন। মহারোগের তিনি একজন বিশেষজ্ঞ ছিলেন। দিল্লীর রাজকীয় বিশেষ পরিচালিত যক্ষা চিকিৎসার কোয়ারেন্টাইন হইতে জীবনের শেষ দিন পর্যন্ত ঐ চিকিৎসার প্রধান পরিচালক ছিলেন। ডাঃ চৌধুরী দিল্লীর প্রবাসী বাঙালীর সমস্ত জনহিতকর প্রতিষ্ঠানের সহিত ঘনিষ্ঠভাবে যুক্ত ছিলেন। যে কয়জন বাঙালীর অক্লান্ত চেষ্টায় মহালিপীর প্রাচীনতম বাঙালী শিক্ষা-প্রতিষ্ঠান—বাঙালিনা বেঙ্গলী হাইস্কুল সেকেণ্ডারী স্কুল ১৯২৪ সালে প্রতিষ্ঠিত হয়। তাহাদের মধ্যে ডাঃ চৌধুরী অন্যতম। সেক্রেটারীরূপে জীবনের শেষ দিন পর্যন্ত তিনি এই বিদ্যালয়ের সহিত ঘনিষ্ঠ ভাবে সংযুক্ত ছিলেন। মহালিপীর কালীবাড়ী, বাঙালী বর্ষাপালো ও বেঙ্গলী ক্লাব তাঁহারই প্রচেষ্টার ফলে স্থাপিত লাভ করিয়াছে। তাঁহারই উদ্যোগে মহালিপীতে সুবৃহৎ সাধারণ কলাগার সমিতি স্থাপিত হয় এবং এই প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে শত শত নিরন্ন দুঃস্থব্যক্তির আহার ও চিকিৎসার ব্যবস্থা করেন। প্রবাসী বঙ্গীয় সাহিত্য সম্মেলনের শত শত নিরন্ন অধিবেশনের তিনিই ছিলেন প্রধান উদ্যোক্তা। ডাঃ চৌধুরী পত্নী, দুই পুত্র ও চারি কন্যা ও অসংখ্য বাঙালী ও অবাঙালী বন্ধু রাখিয়া গিয়াছেন।

কয়লা-খনি শ্রমিক কল্যাণ

—১৩৫৭—

ধানবাদের নিকটে ঝরিয়া খনি ইটি সহরে আছে, সহর দুইটি অবশ্যে ছোট হইলেও উহাদের মধ্যেই খনি আছে। কারণ ঐ ই অঞ্চলে উত্তম কয়লা খনি আছে। ঐ সব স্থান জিলে সর্বাপেক্ষা সুবিধাজনক পরীক্ষা ধানের কেন্দ্রস্থল হইয়াছে। শ্রমিক কল্যাণ সম্পর্কিত কার্যকলাপ সব স্থানে বেশ ভালভাবে চালানো হয় এবং ইহা খনি শ্রমিকদিগকে শ্রমের যথাযথ শিক্ষা ওয়া-এর

কয়লা খনি শ্রমিক কল্যাণ তহবিলের ১৯৪৩-সনের হিসাব হইতে জানা যায়, শ্রমিকদের চিকিৎসা, স্বাস্থ্যরক্ষা, আমোদ প্রমোদ ও মহকুমার জন্য সবশুদ্ধ যথেষ্ট অনুদান করা সম্ভব হইয়াছে। সময়ে বিভিন্ন হাসপাতাল ও চিকিৎসাকেন্দ্রে ৫০ হাজার শ্রমিকের চিকিৎসা করা হয়, ১২১০ জন বিশার ছাত্রদের চিকিৎসা করা হয়। বর্তমানে ধানবাদের সকল রোগীর চিকিৎসা করা সম্ভব নয়। সেজন্য সম্প্রতি ৩৮ লক্ষ টাকা ব্যয়ে ইটি হাসপাতাল নির্মাণ করা হইতেছে। এই হাসপাতালে ১০-টি শয্যা ও অনুসঙ্গিনকালের চিকিৎসার ব্যবস্থা থাকিবে। বর্তমানে রোগীদের নিয়া হাসপাতাল হইতে ফিরিয়া যাইতে হয়। ফলের অভাব যাহাতে না হয়, ম্যালেরিয়া ও পেটের পীড়ার প্রাদুর্ভাব না হয় সেজন্য প্রতিষেধমূলক ব্যবস্থা অবলম্বন করা হয়। ঐ হাসপাতাল হইতে অনেক বন্ধ্যাত্বপ্রতিরোধক ইনজেকশন দেওয়া হইয়াছিল এবং ঝরিয়া, রাণীগঞ্জ, হাজারিবাগ, উসতাকা ও মার্গারিটার ম্যালেরিয়া-ক্লিনিক সমূহ চালানো হইয়াছিল।

মহিলা শ্রমিকদের স্বাস্থ্য রক্ষার জন্য গভর্নমেন্ট কল ব্যবস্থা অবলম্বন করিয়াছেন সেগুলি বিশেষ যোগ্য। মহিলা শ্রমিকদিগকে বিনা খরচে ধাত্রী-সাহায্যে উপযুক্ত দেওয়া হয় ও পরীক্ষা হয়। ম্যাটারনিটি বেনিফিট আইন অনুসারে মিকদের ১৯৪৩-৪৪ সালে ৯১,৪৫৫ টাকা া হইয়াছে। মহিলা শ্রমিকদের সন্তানদের জন্য ার ব্যবস্থা করা হইতেছে। আলোচ্য সময়ে োলার ব্যবস্থা করা হয় এবং ঐ সময়ে আরও টি দোলা নির্মাণ হইতেছিল। তাহা ছাড়া শ্রমিকদের জন্য পৃথক স্নানাগার ও পায়খানারও া করা হয়। ঐ সময়ে পুরুষ ও মহিলা শ্রমিক-দের জন্য ৬৫টি নাবার সমান উষ্ণ জলের ব্যবস্থা করা হইয়াছিল এবং ২১টি তৈয়ার হইতেছিল।

শ্রমিকদিগকে সন্তান শিক্ষা প্রয়োজনীয় দ্রব্য সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে এবং তাহাদের জন্যের সুবিধার জন্য একটি ভ্রাম্যমাণ দোকানের ব্যবস্থা করা হইয়াছে। তাহাদের আমোদের জন্য একটি ভ্রাম্যমাণ সিনেমারও ব্যবস্থা করা হইয়াছে। আলোচ্য সময়ে বিভিন্ন কয়লা খনিকে ১২১ খানি সিনেমা দেখানো হয়।

খনি শ্রমিকদের সন্তানদিগকে লেখাপড়া শিখাইবার জন্য এবং স্ত্রীলোকদিগকে নানাপ্রকার হাতের কাজ, সূচীশিল্প প্রভৃতি শিখাইবার জন্য

(বাকীটা ৪৯৯ পৃষ্ঠায়)



কলপড়ের কলে চা

কাপড়ের কলকারখানাতে ঠিক মতো চলতে হলে শ্রমিকদের স্বাস্থ্যরক্ষার ব্যবস্থা থাকতে হয়, চলতে হলে তাদের চাও চাই।

কিন্তু কেন জানেন, এককাপ চা কত কাজ করে দিতে পারে। কয়লার খনির মধ্যে যে-সব কর্মীরা পড়ে তখন এক পেয়ালা চা খেয়ে নেমে গেলে চাঙ্গা হয়ে ওঠে, সারাদিন উৎসাহ থাকে। তাই এরা দিনে অন্তত দুবেলা চা খেয়ে নেওয়া বাঞ্ছনীয় বলে শ্রমিক মহলে পরামর্শ দেওয়া হয়।

কথায় বলে—এক পেয়ালা চা বিজয়েরই সামিল;—আসলে কিন্তু শুধু বিজয়ের প্রেরণা নয় দেহে মনে কাজ করে এমন এমন শ্রমিক মহলে জানে।

এ সম্বন্ধে সকল পুষ্টিবিদের মত পেয়ালা চা খেয়েই কাজে লাগেন এবং তাতে আপনার স্বাস্থ্যও কিছু সাহায্য।

চা? প্রকৃত স্বাস্থ্যকর পানীয়

পেয়ালা চা খেলে শরীর ঝরঝরে হয় এবং মন হয় প্রফুল্ল, মেজাজ ভালো থাকে।

বৌদ্ধিক :—

উত্তারোত্তর উন্নতি

ব্যাঙ্ক অব্ বিহার লিমিটেড্

১৯৫০ সালের ৩০শে সেপ্টেম্বর সমাপ্ত কোম্পানীর যে বার্ষিক পরীক্ষিত হিসাব-নিকাশ প্রকাশিত হইয়াছে তাহাতে কোম্পানীর লাভের পরিমাণ ৪১৮ লক্ষ টাকায় দাঁড়াইয়াছে। ১৯৪৯ সালের তুলনায় লাভের পরিমাণ ১৮৭ লক্ষ টাকা বৃদ্ধি পাইয়াছে এবং ১৯৪৭ সালের ২২৪ লক্ষ টাকা লাভের তুলনায় আলোচ্য বৎসরের লাভ বিশেষ বর্দ্ধিত হইয়াছে। লভ্যতার হিসাবে ১৯৪৯ সালে লাভের পরিমাণ ১৯৪৭ সাল অপেক্ষা ৩৮ ভাগ এবং ১৯৫০ সালে ১৯৪৯ সালের তুলনায় ৪২ ভাগ বৃদ্ধি পাইয়াছে।

৩১শে ডিসেম্বর ১৯৫০ সালে ব্যাঙ্কের মূলধন ১২৫ লক্ষ টাকা (১৯৪৯ সালে—১৩৭৫ লক্ষ টাকা), আদায় ৮১,৭০৭৲ টাকা (১৯৪৯—৭৮,০০৫ টাকা), সঞ্চিত তহবিল বাবদ ৫ লক্ষ টাকা (১৯৪৯—শূন্য) সংরক্ষণ করিয়া কর্ত্তৃপক্ষগণ লভ্যাংশের পরিমাণ দাঁড়াইয়াছে ২০,০২,৫৮৭৲ টাকা। পরিচালকবর্গ ১৯৫০ সালের ৩১শে মার্চ্চ সমাপ্ত এবং ৩০শে সেপ্টেম্বর সমাপ্ত বিগত অর্দ্ধ-বর্ষে প্রেফারেন্স শেয়ারে অন্তর্বর্ত্তী কালীন লভ্যাংশ হিসাবে মোট ১,৪০,০০০৲ টাকা বিলি করার প্রস্তাব ঘোষণা করিয়াছেন এবং অধিকারী শেয়ারে শেয়ার প্রতি ১৲ টাকা করিয়া ১,২৫,২৯০৲ টাকা বিতরণের সুপারিশ করিয়াছেন। অধিকন্তু বোনাস প্রতি ১০ আনা করিয়া ৩,১১,৫৭৪০ অতিরিক্ত লভ্যাংশ প্রস্তাব করিয়াছেন। আলোচ্য আর্থিক বৎসরের জন্য ১,২৬,৮০০।৮ পাই (১৯৪৯—১,৫৬,২১৫৲ টাকা) অবলিষ্ট লাভের খেই টানা রহিয়াছে।

কোম্পানীর বিক্রয় পরিমাণ ১৯৪৮ সালের ২৩৪ লক্ষ টাকা হইতে বর্দ্ধিত হইয়া ১৯৪৯ সালে ২,১৮৬০ লক্ষ টাকায় দাঁড়ায়। ১৯৫০ সালে তাহা আরও বাড়িয়া ৩,৪৫৪ লক্ষ টাকা দাঁড়াইয়াছে।

এতদ্ব্যতীত কোম্পানী মূলধনশক্তি পরিমাণও বর্দ্ধিত হইয়াছে। উহা ১৯৪৯ সালের ৩৩৯১ লক্ষ টাকা হইতে বাড়িয়া ১৯৫০ সালে ৩৯১৩ লক্ষ টাকা হইয়াছে।

ব্যাঙ্কার্স ট্রাষ্ট কোং (ইণ্ডিয়া) লিঃ

১৯৫০ সালের ডিসেম্বরে সমাপ্ত এক বৎসরের কোম্পানীর পরীক্ষিত হিসাব-নিকাশে দেখা যায় আলোচ্য বর্ষে অর্থ সংস্থানের ব্যয় ও করবাবদে প্রদান ব্যবস্থার পূর্ব্বে নীট লাভের পরিমাণ বিগত বৎসরের ১১,৮০,৩১৩৲ টাকার স্থলে আলোচ্য বৎসরে ১৯,২৯,১৩১৷৵০ আনা দাঁড়াইয়াছে।

ব্যবসায়িক উৎপাদন ও বিক্রয়ের সাম্প্রতিক হিসাব ধরিলে উহা ক্ষেত্রেই আশানুরূপ বৃদ্ধিপ্রাপ্তির হইবে। ইহার কারণ, বেসরকারী চলাচল ব্যবস্থার উন্নতির অনুপাতে নগদ অর্থে ব্যবসা চলাচল হ্রাস পাইয়াছে। অধিকন্তু মোটর-যান আমদানি সম্পর্কিত ব্যবসায়িদের অভ্যন্তর ব্যবসায়ভুক্ত হইয়া দাঁড়াইয়াছে। অবশ্য বৎসরের শেষার্দ্ধে পেট্রল, কেরোসিন প্রভৃতি প্রয়োজনীয় দ্রব্যের ব্যবসা-বাণিজ্য বিশেষ পরিমাণে বৃদ্ধি পাইয়াছে।

বিগত বৎসরের অবলিষ্ট লাভের খেই ৬,৪০,৫১১৷৵০ ও অতিরিক্ত লাভের বাবদ প্রত্যর্পিত অর্থ ৫০,৮০০৲ টাকা ১৯৫০ সালের লাভের সহিত যোগ করিয়া মোট বণ্টনযোগ্য লভ্যাংশের পরিমাণ দাঁড়াইয়াছে ২৭,০৩,৬৩৯৷৵০ আনা। পরিচালকবর্গ নিম্নোক্তরূপে আয় বিলি করিবার সুপারিশ করিয়াছেন :—

করবাবদ প্রদান ৪০,১৯,১৮৯৷৩ আনা ও ডিবেঞ্চারের উপর ইন্টু বাবদ ব্যয় ১,১৯,১৭৩৷০ আনা। লভ্যাংশ বণ্টন :—বার্ষিক ৬৲ টাকা হারে প্যারামাউন্ট ও তদনুরূপ প্রেফারেন্স শেয়ারে ১,৮০,০০০৲ টাকা, বার্ষিক ৬৲ টাকা হারে আদায়ী মূল্য বিনা ডিভীর সর্ব্যাংশের প্রেফারেন্স শেয়ারে ১,৮০,০০০৲ টাকা। বার্ষিক ৫৲ টাকা হারে অন-মুক্তফালিকারী শেয়ারে ৫০,০০,০০০৲ টাকা। সাধারণ সমস্ত তহবিলে জমা ১৯,০০,০০৲ টাকা ও অবশিষ্ট ৯,৫১,২১২৲ টাকা অবলিষ্ট লাভের খেই টানা রহিয়াছে।

১৯৫০ সালের ৩১এ ডিসেম্বরে সমাপ্ত কোম্পানী বিবিধ-পত্রে দেখা যায় সমস্ত তহবিলের পরিমাণ ১৩০ কোটি টাকা দাঁড়াইয়াছে। আদায়ীকৃত মূলধনের পরিমাণ প্রেফারেন্স ও অভিমানী শেয়ারে যথাক্রমে ৭০ লক্ষ টাকা ও ১ কোটি টাকা। মোট বন্ধ সম্পত্তি ৩১ কোটি টাকা হইতে অবচয় বাদ দিয়া মোট বন্ধ সম্পত্তির পরিমাণ দাঁড়াইয়াছে ১১৩ কোটি টাকা ও মজুত সম্পত্তির পরিমাণ হইয়াছে ৮৩১ কোটি টাকা।

কোম্পানীর পরিচালকবর্গ স্থির করিয়াছেন যে, সমস্ত তহবিল হইতে ৫০ লক্ষ টাকা মূলধনে রূপান্তরিত করা হইবে এবং তদনুযায়ী ১০৲ টাকা মূল্যের ৫ লক্ষ অভিমানী ও সম্পূর্ণ আদায়ীকৃত শেয়ারে ইস্যু করিয়া, ১৯৫১ সালের ১৫ই এপ্রিল পর্য্যন্ত বহুদ্বিত ৫টি অভিমানী শেয়ার ছাড়া ঐ মূলধন শেয়ার বর্ত্তমান অংশীদারদের মধ্যে বণ্টন করা হইবে। অবশ্য এই নব মূলধন শেয়ারে ১৯৫০ সনের ৩১এ ডিসেম্বরে সমাপ্ত বর্ষের জন্য বিলিকৃত লভ্যাংশের কোন অধিকার লাভ করিবে না।

কলিকাতা-স্থিত ব্রাঞ্চিত কলাগার

[পৃষ্ঠান্তরে ৪১৮ পৃষ্ঠায়]

বিশেষ সংখ্যা ছাপা হইয়াছে। আলোচ্য সময়ে নারী কল্যাণ কেন্দ্রের সংখ্যা ১০টি হইতে বাড়াইয়া ২০টি করা হইয়াছে।

আলোচ্য সময়ে এক রাজধানী বাড়ী নির্ম্মাণ করা হইয়াছে। প্রত্যেকটী বাড়ীতে ছাউনি পরিবেষ্টন, একটী চাতাল, একটী প্রবেশদ্বার ও একটী ধারাধার আছে।

ঐ বিবরণী হইতে আরও জানা যায় যে, প্রতিষ্ঠানের তত্ত্বাবধান সম্পর্কিত আরও কয়েকটী পরিকল্পনা গ্রহণ করা হইতেছে।

খেয়ার বাজার :—

সর্ব্বতমুখী উন্নতি

কলিকাতা, ৩১ মার্চ—সপ্তাহের প্রারম্ভিক সপ্তাহে পাইকল বিভাগে পুরাতনী ইউনিলিভার অংশ বেশ ছিল। কিন্তু পাইকল অংশের উপর শুল্ক বৃদ্ধি সম্পর্কিত সরকারী ঘোষণার ফলে বাজারে কিছুটা ইতস্ততঃ ভাব পরিলক্ষিত হয় এবং দরের অবনতি ঘটে। শেষের দিকে বাজার পুনরায় তেজী হইয়া উঠে এবং যথাযথ উন্নত অংশের চাহিদা বৃদ্ধি হয়। ইস্পাতের সম্ভাব্য দর বৃদ্ধির আশায় ইস্পাতের শেয়ারের চাহিদা ও দর বৃদ্ধি হয় এবং বাজারের সামগ্রিক উন্নতি পরিলক্ষিত হয়।

সরকারী ঘোষণা—

ঘোষণার বাজারে সর্ব্বাধিক ক্রয় কারবার হইয়াছে এবং দর ৫৫ বৎসরের উচ্চমান ধার্য্য করে। ৫৲ টাকা মূল্যের (১৯৩৯) ১২৬৸৲ হইতে চড়িয়া বাজার মন্দের সময় ১৯৲ টাকা হয়। বড় তেজী কাগজের চাহিদা মোটামুটি ভালই ছিল। মধ্যম তেজী কাগজের একরূপ অপরিবর্ত্তিতই ছিল। বিভিন্ন কাগজের তেজীমন্দীর দর নিম্নরূপ ছিল :—৫৲ টাকা মূল্যের (১৯৩৯-৪৯) ১০১৸৹ ৫৲ মূল্যের (১৯৩০-৪৯) ৯৭৲ ৫৲ মূল্যের (১৯১১-৪৯) ১০০৸৹ ৪৷৹ মূল্যের (১৯৪৯) ৯৯৸৹ ও ৪৲ মূল্যের (১৯৩০-৭০) ১০৭৸৹ ৷

ব্যাঙ্ক—

এই বিভাগে কাজ কারবার বাজারে কম এবং দরও একরূপ অপরিবর্ত্তিত থাকে। ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া ৭৯০ আশার ক্রয় করে। ব্যাঙ্ক ও পঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্কের যথাক্রমে ৫৸৹ ও ২৩৹ আশার ক্রয় বিক্রয় হয়। হিন্দুস্থান কমার্শিয়ালের দর ১৯৯০ হইতে ২৭৲ টাকা পর্য্যন্ত উঠানামা করে।

পাইকল—

এই বিভাগে সপ্তাহের মধ্যভাগীন সময়ে ইস্পাতের ভাব ও বিক্রয়কীতা দুই ছিল, তাহা শেষের দিকে পরিবর্ত্তিত হইয়া তেজী হইয়া উঠে এবং অধিকতর কাজ কারবার হয়। এজন্যই সপ্তাহের ক্ষেত্রে মোট বৃদ্ধি ঘটে নাই। অন্যান্য শেয়ারের দর পূর্ব্বাপেক্ষা অধিক চড়িয়া যায়। ৪৲৩৫ সপ্তাহের দর ছিল ৪২৯৹। অন্যান্য শেয়ারের সপ্তাহের দর নিম্নরূপ ছিল :—

বিশাখা ৩২৲, ওরিয়েণ্ট ৩০৲, লরেন্স ২৪৲, প্যাকেজ ৯৮৲, ইন্দোমিনি ২৯৲, বরাকর ৩০৪৹, এলো ইণ্ডিয়া ৩৭৲ ও আমরপালী ২৯৷৹।

কয়লা খনি—

এই বিভাগে প্রথম দিকে কাজ কারবার মাঝারিরকম। লক্ষ্যণীয়। কিন্তু সপ্তাহের শেষের দিকে উৎপাদ বৃদ্ধির নামে নামে কাজ কারবারে তৎপরতা দেখা দেয়। ফলাফলের দর ১৩৯৹ আনায় চড়িয়া যায়। লাইট করপুরা ও লেক্টোস ইণ্ডিয়া যথাক্রমে ৪৲ ও ৮৷ বর্দ্ধিত হয়। বেঙ্গল ৯০৫ টাকায় ডিভিডেণ্ড দেয়। অন্যান্য ক্ষেত্রে সর্ব্বশেষ দর ছিল নিম্নরূপ :—

ইষ্টার্ণ কোলফিল্ড ৫৩৲, ওরিয়েণ্ট বেঙ্গল ৬৹৹, বুধীচক ১২৲, বলিয়া ১৯০ ও মেগা মেইন ২০৲।

ইঞ্জিনিয়ারিং—

ইস্পাতের সম্ভাব্য দর বৃদ্ধির ফলশ্রুতি এই বিভাগের কাজ কারবারে উল্লেখযোগ্য উন্নতি ঘটে। ইণ্ডিয়া আয়রণের দর ৩৪৯৹ পর্য্যন্ত উঠে। ইণ্ডো-কর্পোরেশন ২৩৹ হইতে ২৬৷৹ পর্য্যন্ত উঠানামা করে। জেসপ্‌স্‌ই ১৬৲ হইতে চড়িয়া ১৮৷৹ আনায় হয়। বার্ণ কোম্পানী ৩৩০৲ টাকায় বাজ বন্ধন করে।

কাপড়ের কল—

এই বিভাগে রবি ও অন্যি মিলি অংশের দর বৃদ্ধি সম্পর্কিত ঘোষণা সত্ত্বেও কাজ কারবারে কোনরূপ উৎসাহ পরিলক্ষিত হয় নাই। কেশোরাম ২৮৲, অম্বিকা ৪৮৲ ডালমিয়া ১৮৩৹, মিঠি তিরোহিয়া ২১৷৹, ও এলগিন ১৭৯৹ আনা পর্য্যন্ত দরে বাজ বন্ধন হয়।

বিবিধ—

জার্ডিন হেণ্ডারসন ও ইণ্ডিয়া টুর প্রডাক্টস্ যথাক্রমে চড়িয়া ১৭৫৲ ও ৫০৪৹ হয়। ডানলপ ব্রাদার ৫৪৯৹ আনায় বাজ বন্ধন করে। বি, আই, কর্পোরেশন ও টীটাগড় যথাক্রমে ১০৷৹ ও ৩৯৷৹ আনায় ক্রয় বিক্রয় হয়। বেঁটাল ফুড ৫০৲, বেঁটাল কর্পোরেশন ৬৪৷৹, ইণ্ডিয়া এ্যালুমিনিয়ম ১৪৯৲ ও ইণ্ডিয়া কেবলস্ ২৩৯৷৹ আনা পর্য্যন্ত দরে বাজ বন্ধন করে।

অধিবারের কর

(টাকার হিসাবে)

	আয়ত কালীন	শেষ কালীন
ইণ্ডিয়া আয়রণ	৩৪৯৲	৩৪৯৲
টাল কর্পো:	২৬৷৹	২৬৷৹
বারকর	৯১৷৹	৯১৯৷৹
বরাকর	১৯৯৷৹	১৯৯৷৹
লাইট করপুরা	২৮৹	২৮৹
কালকাটা টাকস	১৪৹	১৪৹
কালকাটা ইলেক্‌ট্রিক	১৯৲	১৯৲
টীটাগড়	৩৯৷৹	৩৯৯৷৹
ইণ্ডিয়া টীবিস	৮৷৹	৮৷৹
ইণ্ডিয়া কপার	৩৷৹	৩৷৹
বি, আই, সি	১০৷৹	১০৷৹
আই কর্পো:	৬৷৹	৬৷৹

ইংলিশ প্রেস, ১১-১৯এ আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা হইতে কামাখ্যাপ্রসাদ কর্ত্তৃক মুদ্রিত, মুদ্রিত আর্থিক ভারত লিঃ এর পক্ষ হইতে এবং কমার্শিয়াল বিল্ডিংস্, ২৩৯এ লোয়ার সার্কুলার রোড, কলিকাতা—১ হইতে প্রকাশিত। রেজিষ্ট্রেশন নং ১ বাঙ্গ ৩৯৪২। মুদ্রক-প্রকাশক। চিত্ত রঞ্জন চৌধুরী।

330.5
A676

আর্থিক ভারত

ARTHIK BHARAT

অর্থনৈতিক সাপ্তাহিক

৩য় বর্ষ ৫০ সংখ্যা] কলিকাতা, বুধবার ২৮শে চৈত্র, ১৩৫০ : ১১ই এপ্রিল [মূল্য ১৷

সূচী

	পৃষ্ঠা		
সম্পাদকীয়	৫০১	৪। পঞ্চায়েতের বাজারে ডিমির বাজারে একচেটিয়া	
বস্ত্রমূল্য ও সরবরাহ			
প্রাসঙ্গিক	৫০৩	৫। ভারতীয় সংঘ	
সাপ্তাহিক সুবিধাবাদ			
রাজনীতির পরিবেশ		৬। সংবাদ সংকলন—	
আবার বিশ্বাস ফিরে			
বৈষ্ণবিক	৫০৪	৭। অর্থনৈতিক জগতের বার্তাবিবরণী	
ফোসাই চাইঃ এণ্ড ম্যাসুফ্যাকচারিং কোম্পানী লিমিটেড। কোহিনুর মিলস্ কোম্পানী লিমিটেড।		৮। বোম্বাই বাজার—	৫১২

বস্ত্রমূল্য ও সরবরাহ

ভারতীয় সকল কক্ষের ভিতরে ও বাহিরে প্রস্তাবে ও প্রতিবাদে আলোড়িত ও অস্থির হইয়া অবশেষে গত ২রা এপ্রিল শিল্প ও বাণিজ্য সচিব শ্রীমহাতব বস্ত্রের সরবরাহ সম্পর্কে আশাসপূর্ণ এক ঘোষণা করিয়াছেন। তিনি বলেন যে, দুটি শাড়ীর বর্তমান অপরিমিত সরবরাহ আর দীর্ঘকাল স্থায়ী হইবেনা। দুই মাসের মধ্যেই অর্থাৎ আগামী জুন মাস হইতে সরবরাহ ক্ষেত্রে প্রভূত উন্নতি পরিলক্ষিত হইবে। সঙ্গে সঙ্গে ইহাও জানাইয়া দিয়াছেন যে, বিদ্যুৎ কন্ট্রোল তাঁহার পরিষ্কার বিশ্বাস। জনসাধারণ ইহাকে সরলমনে ও অতি বিশ্বস্ততার সহিত গ্রহণ করিত যদি না গত ৮ই মার্চ শ্রীমহাতব তিরূপ ভবিষ্যৎ বাণী করিতেন। সে সময়ে তিনি ঘোষণা করিয়াছিলেন যে, অন্যান্য সব কিছু যথা পূর্বে বজায় থাকিলে কাপড়গুলি ১লা এপ্রিল হইতে ১৯৪০ সালের পূর্ববর্তী সময়ের অনুরূপ বস্ত্র সরবরাহ পাইবে। অবস্থা তদ্বারা এবং আরও সেরূপ বরাবর ঘোষণার ফলে এপ্রিলের সূচনা হইতে কাপড়ের ক্রয় বৃদ্ধি পাইয়াছে। শ্রীমহাতব কার্যভার গ্রহণকালে নীরব কক্ষ সাধনার অভিপ্রায় ব্যক্ত করিয়াছিলেন। কার্যক্ষেত্রে, তিনিও অন্যান্য মন্ত্রীগণ ও মহাজন মন্ত্রীবরদের পন্থা অনুসরণ করিয়া কর্ম অপেক্ষা মিথ্যা আশ্বাস ও স্তোক বাক্য দানে কৃতকর্ম ও সিদ্ধহস্ত হইয়া উঠিয়াছেন।

সে যাহাই হউক, উহার অব্যবহিত পরে বৃদ্ধি পাওয়ার মূল্য বৃদ্ধির ঘোষণা জনসাধারণকে প্রকৃতপক্ষে বিমূঢ় ও উদ্বেলিত করিয়া তুলিয়াছে। গত ৮ই মার্চের ঘোষণা অনুযায়ী এপ্রিল মাসে সরবরাহ পরিস্থিতির উন্নতি না ঘটিলেও, এই বৎসরে দ্বিতীয় বারের জন্য সংশোধিত ও সুষ্টুভাবে স্থাপিত বস্ত্রমূল্য এপ্রিল মাস হইতে কার্যকরী করা হইবে। এই নূতন মূল্য বৃদ্ধির পরিমাণ হইতেছে, ধোতী ও মাঝোরি বস্ত্রে তিন হইতে চারি শতাংশ, মিহি স্যুটে সাত হইতে ৮ শতাংশ ও অতি মিহি বস্ত্রে ৩০ হইতে ৩৪ শতাংশে। তবে মূলে মিল মালিকদের মোকাবেলায় 'ঘন ঘন হ্রাসের ব্যবস্থাও কোন কোন বস্ত্রের ক্ষেত্রে বাতিল করা হইবে। জুন মাসে বস্ত্র পরিস্থিতি কি রূপ প্রাপ্ত হইবে তাহাও অগ্রিম আলোচনা নিরর্থক, কিন্তু বর্তমান ব্যবস্থাতে সরবরাহে অনমতি ও অনুধিকে দর বৃদ্ধি দুই মিলিয়া সাধারণের দুর্দশাকে চরমে পৌঁছাইয়া দিবে বস্তুতঃ মূল্যবৃদ্ধির ঘোষণার পূর্ববর্তী নিয়ন্ত্রিত চড়া দরও সাধারণের ক্রয় ক্ষমতাকে ছাড়াইয়া গিয়াছিল, দুষ্প্রাপ্যতার দরুণ এতদিন খোলা বাজারে বস্ত্রের যে চড়া দর হইতেছিল সরকারের নব-বর্ধিত নিয়ন্ত্রিত মূল্য তাহাই অনেকাংশে স্বীকৃত হইয়াছে। ফলে, খোলা বাজারের দর অধিকতর চড়াইয়া দেওয়া হইয়াছে।

সরকারের উহার কৈফিয়ৎ স্বরূপ আমদানীকৃত তুলার দর বৃদ্ধির অনিবার্য কারণ উত্থাপন করিয়াছেন। এ প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, ১৯৫০ সালে ভারত ১১০ কোটি ২০ লক্ষ গজ বস্ত্র বিদেশে রপ্তানি করিয়াছে। উহা ১৯৪৯ সালের তুলনায় ১৩৮% ভাগ ও ১৯৪৮ সালের তুলনায় ২৫৮% ভাগ বেশী। রপ্তানি মূল্যের দিক হইতে ১৯৫০ সালে এই খাতে আয় দাঁড়াইয়াছে ১৪'৩৮ কোটি টাকা। সে ক্ষেত্রে, ১৯৪৯ সালে ও ১৯৪৮ সালের বস্ত্রের রপ্তানি মূল্য দাঁড়াইতেছে যথাক্রমে ৪১'১৬ কোটি টাকা ও ৭৮'৪০ কোটি টাকা। শতকরা হিসাবে ১৯৫০ সালের বস্ত্রের রপ্তানি মূল্য পূর্ববর্তী দুই বৎসরের তুলনায় যথাক্রমে ১৯৬% ভাগ ও ১৯০% বৃদ্ধি পাইয়াছে। রপ্তানি মূল্যের তুলনামূলক বিচার করিলে উহা সুস্পষ্ট যে, মিলগুলি রপ্তানিকৃত বস্ত্রের যে চড়া দর আদায় করিয়াছে তাহা রপ্তানি পরিমাণের অনুপাতে যথেষ্ট বেশী। উহার পরিষ্কার অর্থ দাঁড়াইতেছে, রপ্তানিকারকগণ শুল্ক কর্তৃপক্ষকে প্রকৃত রপ্তানির মূল্য সম্পর্কে অনবহিত রাখিয়াছে। কাজেই কাঁচা তুলার আমদানি যাহা বাড়িলেও তাহা উল্লিখিত অতিরিক্ত আদায়ীকৃত রপ্তানি মূল্য হইতে পরিপূরণ করা সম্ভব বলিয়া আমরা বিশ্বাস করি।

বিদেশে বস্ত্র রপ্তানি বৃদ্ধির ফলে স্বদেশে বস্ত্রের বিপুল ঘাটতি দেখা দিয়াছে বলিয়া যে সমালোচনা ও অভিযোগ উত্থিত হইয়াছে তদুত্তরে শ্রী মহাতব জানাইয়াছেন যে, পূর্ববর্তী বৎসরের ৮০ কোটি টাকার স্থলে আমদানীর ফলে চলতি বৎসরে উহার মূল্য প্রায় ১৫০ কোটি টাকা হইবে। তদুপরি তাহার পক্ষে বৈদেশিক মুদ্রা উপার্জন জরুরী হইয়া পড়িয়াছে। আমরা বৈদেশিক বাণিজ্য সম্প্রসারণের বিরুদ্ধবাদী নহি। উহা কম গৌরবের কথা নহে যে, স্বদেশী শিল্প প্রতিষ্ঠার দ্বারা দ্বিয়া ভারতীয় জাতীয় আন্দোলনের প্রসার ঘটিয়াছিল তন্মধ্যে বস্ত্র শিল্প প্রধান ও অন্যতম। ১৯৫০ সালে ভারত বস্ত্রের (সুতা বাদীত) বৈদেশিক বাণিজ্যে গৌরবোজ্জ্বল স্থান অধিকার করিয়াছে। ভারতের তুলনায় জাপানের ও বৃটেনের স্থান যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয়। সরকারী এক প্রেস নোটে ধনিত ও ভারতীয় অতিরিক্ত সেক্রেটারি প্রকাশিত, এক আদেশে দেখা যায়, সরকার মিল মালিকদের নির্দেশ দিয়াছেন যে, ১৯৫১ সালে এপ্রিল, মে ও জুন মাসে মিলগুলির গ্রাইটবন্দী বস্ত্রের ১০ শতাংশ মাত্র বিদেশে রপ্তানি করা চলিবে। বাকী ৯০ শতাংশ দেশীয় ক্রেতাসাধারণের জন্য সরবরাহ করিতে হইবে। চলতি বৎসরে ১০০ কোটি গজ বস্ত্রের অর্ডার থাকা সত্ত্বেও সরকার রপ্তানি পরিমাণ ৮০ কোটি গজে সীমাবদ্ধ করিয়া দিয়াছেন। তন্মধ্যে বৎসরের প্রথম ছয় মাসের জন্য ৪০ কোটি গজ নির্দিষ্ট করিয়াছেন। বৎসরের প্রথমার্ধের নির্দিষ্ট পরিমাণ হইতে গত তিন মাসে ৩৫ কোটি গজ বস্ত্র রপ্তানি হইয়াছে। বাকী ৫ কোটি গজ অর্থাৎ রপ্তানি পরিমাণের ১২½ শতাংশ সম্পর্কেই সরকারী রপ্তানি নিয়ন্ত্রণের প্রয়োজন হইবে। পক্ষান্তরে আগামী মরশুমের কাঁচা তুলার দর পৃথিবীর প্রধান বাজারগুলিতে নিম্নগামী হইয়া পড়িয়াছে। নিউইয়র্ক, আলেকজেন্দ্রিয়া, করাচী প্রভৃতি গুরুত্বপূর্ণ বাজারে অগ্রিম তুলার দর নিম্ন হইতে নিম্নতর হইতেছে। তুলার দিন বড়ই দুরবর্তী করা হইতেছে দরও সে অনুপাতে হ্রাস পাইতেছে। অবিলম্ব, যুদ্ধ-সম্ভাবনা ও মুদ্রাস্ফীতির চাপ প্রবল না হইলে, কাঁচা তুলার দর অধিকতর নিম্নগামী হইত এবং সরবরাহ পরিস্থিতিও উন্নত হইত। কাজেই কাঁচা তুলার বর্তমান ও ভবিষ্যৎ পরিপ্রেক্ষিতে বর্তমানের তুলনায় বস্ত্রশিল্পের পক্ষেই ঘটন করা যুক্তিসঙ্গত ও বিবেচ্য। তৎপরিবর্তে তাহার ঘোলা সাধারণের স্কন্ধেই ভার করা হইয়াছে। এখানে উল্লেখযোগ্য যে, যুদ্ধপ্রচেষ্টার শ্রীবৃদ্ধি কল্পে বস্ত্রশিল্প সম্প্রতি জানাইয়াছেন যে আমেরিকা হইতে কাঁচা তুলা ক্রয় ও আমদানী সম্পর্কে ভীতিপ্রদ সিদ্ধান্তের ফলে ১৭ কোটি টাকা লোকসান হইয়াছে। উহাও সর্বসাধারণকে মূল্য বৃদ্ধির আকারে পরিপূরণ করিতে হইবে।

সরকারী ব্যবস্থানুযায়ী বস্ত্রের সকল যোগানের দিন সুদূরবর্তী হইলেও আপাততঃ মিলওয়ালাদের পক্ষেই বৃদ্ধির আয়োজন করা হইয়াছে। শ্রী মহাতব জানুয়ারী ও ফেব্রুয়ারী মাসের বস্ত্র উৎপাদনের যে হিসাব দিয়াছেন, তাহাতে উৎপাদন হ্রাসের কোন চিহ্নই দৃষ্টিগোচর হয় নাই। অতএব সেই হার বজায় রাখিয়া চড়া দরেও বস্ত্রের সরবরাহ বৃদ্ধি সাধারণের কাম্য।

প্রাসঙ্গিক

—১০০৫—

সাম্রাজ্যিক সুবিধা ত্যাগ

ভারতীয় বাণিজ্যে যুক্তরাজ্য যে সাম্রাজ্যিক সুবিধা ভোগ করিয়া আসিতেছেন তাহার স্থায়ীত্ব-সূচক সিদ্ধান্তগুলির আলোচনার পক্ষ হইতে পরবর্ত্তী প্রতিবাদে উল্লিখিত হইয়াছিল এবং ইহার অবসানের জন্য আন্দোলনও স্থায়ী উপস্থাপিত করা হইয়াছিল। স্থায়ীত্ব পরামর্শ-কমিটিতেও সে সুযোগ সুবিধা ভোগ যে অন্যায় ও অযথা ভাবে করা হইয়াছে তৎসম্পর্কে ভারতীয় সদস্য শ্রীযোগেন্দ্রনাথ ভারতের এবং সমুদয় শিল্প ও বাণিজ্য পরিষদের তরফে প্রকৃতপক্ষে স্থান পায় নাই; উপরন্তু ভারতীয় মত (সংযোজিত) বিলে সাম্রাজ্যিক সুবিধা বিলোপের প্রস্তাব পরিত্যক্ত হইয়াছে। অথচ আমার কথা এই যে, শিল্প ও বাণিজ্যমন্ত্রী যত শীঘ্র সম্ভব এসম্পর্কে সরকারী সিদ্ধান্ত ঘোষণার আশ্বাস দিয়াছেন। ১৯৩৯ সনে অটোয়া চুক্তি ভারতীয় পরিষদ কর্ত্তৃক অনুমোদিত হয়। উক্ত পরিষদ ভারতীয় জনসাধারণের কোনরূপ প্রতিনিধিত্বের দাবী করিতে পারে না বলা ভারতীয় জনমত ইহার বিরুদ্ধ সমালোচনা করিয়াছে। এই বিরুদ্ধতা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত নয়, বরং যুক্তিপূর্ণ অর্থনৈতিক কারণেই করা হইয়াছিল। সে সময়কার প্রধান যুক্তি এবং দাবী এখনও সমভাবেই প্রযোজ্য বলা হইতেছে, উক্ত চুক্তির দ্বারা ভারতের ভাগ্যে কি সুবিধাই তাহা ভোগ বা ভোগও হউক্ষ্য ইহার ফলে প্রকৃতপক্ষে সাম্রাজ্য বর্দ্ধিত হইয়াছে এবং উহার বৈদেশিক বাণিজ্য সুরক্ষিত ও সমৃদ্ধিশালী হইয়াছে। ১৯৩৯-৪০ সালে ইং-যুক্ত বাণিজ্যিক লেন-দেনে ভারতের ভোগে ৩৮ কোটি টাকার বেশী বাটতি সেই ক্ষেত্রে ভারত-যুক্তরাজ্যেই পরিস্থিতি বলিয়া বলা যাইতে পারে। ১৯৩৯ সালের ইং-ভারত চুক্তিতে বাণিজ্যিক সুবিধা দানের মূল নীতিগুলি সন্নিবেশিত করা হইয়াছে এবং তাহাই এখনও অনুসৃত হইতেছে। ভারতের অনুকূল বাণিজ্য-উদ্বৃত্তগুলির পরিবর্ত্তন ও সমন্বয়সাধনের আবশ্যকতা বর্ত্তমান অবস্থায় অপরিহার্য্য হইয়া উঠিয়াছে এবং এ বিষয়ে সতর্ক পদক্ষেপ বাঞ্ছনীয়। সে দিক হইতে সাম্রাজ্যিক-সুবিধাবাদের আশ্রয়ে বৈদেশিক বাণিজ্যের উন্নতির পথে দাঁড়ায়, তা হইলে ভারতের এবং ইহার বিনিময়ে সাময়িক বা হইলেও সুযোগসুবিধা বিসর্জ্জনে কুণ্ঠা নাই।

রাজনীতির পরিহার

ভারতের বাণিজ্য সকলে তীব্র হইতে তীব্রতর হইয়া উঠিয়াছে। ইহার ফলে জনসাধারণের জীবনে কি দুর্দ্দিনের অবতারণা সৃষ্টি হইয়াছে তাহা স্থানে স্থানে খাদ্যাভাবে দারুণ আত্মহত্যার বর্দ্ধমান সংখ্যাতেই সুস্পষ্ট হইয়াছে। সরকারীভাবে এই আত্মহত্যার সংখ্যা সংযোজিত না হইলে খাদ্য পরিস্থিতির ভয়াবহতি সরকারের দৃষ্টিগোচর হয় করিয়াছে। সরকার বর্ত্তমান পরিস্থিতি হইতে উদ্ধার লাভের কথা বেশ বিস্তৃতে ভাবের সন্ধানে চিন্তিতেছেন। সরকার খাদ্যের দেশের অনুকূল ও অর্থকূল জনসাধারণের পক্ষ হইতে আশু সরকারের নিকট খাদ্য চাহিয়া পাঠাইলে। মার্কিন সরকার আমেরিকার ২০ লক্ষ টন খাদ্য দান করিয়া কৃতার্থ করিবেন বলিয়া জানা গেল। অবশ্য এই দানের সঙ্গে কোনরূপ রাজনীতি সংশ্লিষ্ট হইবেনা ঘোষণা করিয়া মার্কিন সরকার বিশ্বস্ততার মার্কিনী দয়াদাক্ষিণ্যের উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপনে অগ্রসর হন। অন্যান্যবারে সেই প্রতিশ্রুতি যথা সময়ে এক কণাও ভারত সীমান্তে পৌঁছায় নাই বরং রাজনীতির পরিবেশনে খাদ্যের চালান জাহাজে বন্দর হইতে বন্দরান্তর হইয়া ফিরিয়াছে। ২০ লক্ষ টনের স্থানে তাহা অর্দ্ধেক-প্রায় হইয়াছে। তাহাও আবার সামরিক গুরুত্বপূর্ণ কারাচালের বিনিময়ে দেওয়ার কথা হইতেছে। মার্কিন সরকার ওইরূপ আলোচনা প্রতিশ্রুতি ভঙ্গের সঙ্গে সঙ্গে না দাঁড়াইলেও, ভারতের বৈদেশিক নীতিই তাঁহাদের একটা খুন করিয়াছে। কেহ কেহ যথা চালানের ব্যাপারে যুক্তরাষ্ট্রের বাণিজ্য নৌযানগুলিকে আবদ্ধ রাখিয়া মার্কিনের রাজনৈতিক প্রতিশ্রুতির কৌশলে ঘুষিয়া করিয়া দিবার ভারতীয় চেষ্টাকে পর্য্যন্ত আখিনের করিয়া দেখিয়াছেন। সে যাহাই হউক মার্কিনের সাড়ম্বর ঘোষিত ও প্রচারিত দয়াদাক্ষিণ্য কার্য্যক্ষেত্রে ক্রমেই দীর্ঘসূত্রী নীতির আশ্রয় দীর্ঘ পড়িয়াছিল। ইতিমধ্যে রাশিয়া ও চীন ভারতকে একুনে ১৮ লক্ষ টন খাদ্য দান দিতে রাজি হইয়াছে। মার্কিন সরকারের অন্ত দান হিসাবে নয় বরং প্রতিদানের ভিত্তিতে। সংবাদে মার্কিন সরকার আবার চঞ্চল হইয়া উঠিয়াছেন। মুখের আগে ফেলা খাদ্য কিনে তাহা গইয়া তাড়া তাড়ি পড়িয়া গিয়াছে। খাদ্য চালানকে অগ্রাধিক করিবার আশ্বাস দেওয়া হইয়াছে। ভারতীয় জনসাধারণের দুঃস্থতা অপেক্ষা রাজনৈতিক প্রভাব বিস্তার করিবার অযাচিত প্রতিযোগিতাই মার্কিন সরকারকে অধিক ক্রিয়াশীল করিয়াছে, ইহাতেই বলে রাজনীতির পরিহাস।

জাহাজ নির্ম্মাণ শিল্প

জাহাজের আকাল নির্ম্মাণ শিল্পের উন্নতি ও প্রসার মূলধন ও অন্যান্য পরিচালন ব্যয়ের অভাবে ব্যাহত হইয়া পড়িয়াছে। অথচ এ প্রয়োজন সরকারের পক্ষ হইতে অবশ্যবিলম্বে আর্থিক সাহায্যে। এই বিষয়ে শিল্পের পক্ষ হইতে বহুদিন যাবৎ বহুভাবে সরকারের দৃষ্টি আকর্ষণ করা হইয়াছে। সরকার সহানুভূতি প্রকাশ করিলেও আর্থিক সাহায্য দানে তৎপর হন নাই। একমাত্র যুদ্ধজাহাজে যদি কিছু জাহাজ নির্ম্মাণ যে সম্ভব তাহা সুপ্রমাণিত হইয়াছে। অধিকন্তু জাহাজের সঙ্গে ইহা আবশ্যকীয় শিল্প বলিয়া পরিগণিত হওয়া বিধেয়। রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতার দিনে ইহার গুরুত্ব সর্ব্বাধিক। নির্ভিয়া টীন মেডিটেরেনিয়ান কোম্পানীর যেসমস্ত যাত্রীজাহাজ হালফের সম্প্রতি শিল্প সম্পর্কে যে অভিমত জ্ঞাপন করিয়াছেন তাহাই যথেষ্ট, এই গুরুত্বপূর্ণ শিল্পটি জাতীয়করণের শিল্পকর্তৃপক্ষের আপত্তি নাই। জাহাজীয় জাতীয়করণের ব্যয় অন্ত বেশী ৩০ কোটি টাকা হইবে। সরকারের পক্ষে এ অর্থ যোগাড় করা অসম্ভব কিছু নয়। জাহাজ নির্ম্মাণ কেন্দ্রের প্রসার ও উপযুক্ত বাণিজ্যের জাহাজ ইহার ব্যাপারে এখানে নিশ্চিত জাহাজ ক্রয় ব্যাপারকে যুক্তিযুক্ত বিধান করা হইলে শিল্পকে প্রবল করা সম্ভবপর হইবে। বর্ত্তমানে এ শিল্প ২০ কোটি টাকা বাজিয়ে মূলধন হিসাবে নিয়োজিত হইয়াছে। সুতরাং শিল্প কর্তৃপক্ষ হইতে যে সরকারী অর্থ সাহায্য দাবী করা হইয়াছে তাহা আদৌ অসঙ্গত নয়; পরন্তু জাতীয় জীবনের প্রয়োজন অপরিহার্য করিয়া শিল্প-কর্তৃপক্ষ যে ভাবে আত্মনিয়োগ করিয়াছেন তাহা প্রশংসার্হ। এজন্য সরকার উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করিলে শিল্প-প্রসার ও শিল্প-প্রসার দুই সম্ভব হইবে।

বৌথিক :—

সান্ত্রাবজনক

বোম্বাই ডাইং এণ্ড ম্যানুফ্যাকচারিং কোম্পানী লিমিটেড

এজেন্টস :—মেসার্স মণ্ডলজী ওয়াদিয়া এণ্ড সন্স লিমিটেড।

১৯৩০ সালে কোম্পানীর আয়ের অবনতি হইয়াছে। তজ্জন্য দুইটার্স কর্মচারী, কাজের ঘণ্টার হ্রাসকরণ ও ইলেকট্রিক কোম্পানীর পূর্ব শক্তি ব্যবহারে বিলম্বতা প্রভৃতি একাধারে দায়ী।

বিক্রয় পরিমাণ ১৯৩১ সালের ৩৫ ২৪ কোটি টাকা হইতে ১৯৩ কোটি টাকা হ্রাস পাইয়া ১৯৩০ সালে ৪, ৫৬ কোটি টাকা দাঁড়াইয়াছে। ১৯৩০ সালে মোট আয়ের মধ্যে অর্থ লগ্নীকরণের সুদের দরুণ লাভের পরিমাণ হইয়াছে ৩১, ৭৪, ০২৲ টাকা (১৯৩১—, ০৩, ৮৩১৲)। আলোচ্য বৎসরে করযোগ্য লভ্য (৪৯-২০ লক্ষ) অবচয় বাবদ ৪, ৮০, ৮০৭৲ ১৯—৮, ২১, ১৭৫৲) ও লভ্য অন্তর্বিলে ৪১,৩০৮৲ (৪৯-১০ লক্ষ টাকা) স্থানান্তর করা হইয়াছে।

১৯৩০ সালের সেপ্টেম্বরে শতকরা ৬৲ হারে ডিবেঞ্চার লভ্যাংশ বণ্টিত হইয়াছে। ১৯৩০ সালের লভ্য অন্তর্বিলের হইতে ৯০ লক্ষ টাকা লভ্য অন্তর্বিল সুদসংযোগের ৬৪, ৪৯, ০০৲ টাকা পূর্ণ আবায়কৃত মেয়াদ বোনাস হিসাবে কোম্পানীর তৎকালীন অংশীদারদের মধ্যে বণ্টন করা হয় এবং অবশিষ্ট অতিরিক্ত মেয়াদের সম্পূর্ণ পরিশোধক মূলধন বিতরণ করা হইয়াছে।

কোম্পানীর পরিচালকবর্গ বর্তমান মূলধনের ৪৫৲ টাকা হারে মোট ১০, ০৫, ২৫০৲ টাকার সুপারিশ করিয়াছে। ফলে মোট লাভের পরিমাণ দাঁড়াইতেছে ১০, ৮০, ৩৯০৲ (৪৯-২০, ০৭, ৮৪০৲) অবশিষ্ট লভ্যাংশের টাকা লইয়াছে ৪২, ৪০৫৲ টাকা ১০৫, ২২, ০৭২৲)।

অন্য সম্পদের পরিমাণ ৯৫ ও লভ্যাংশ সমেত ১০ কোটি বিবিধ খাতের চতুর্থাংশ হইয়া ৪, ৬৮ কোটি দাঁড়াইয়াছে।

সাহিবুল ডিবেঞ্চার কোম্পানী লিমিটেড

(এজেন্টস :—কিলিক ইরাক্টিং লিঃ)

১৯৩০ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত কোম্পানীর হিসাব হিসাবে দেখা যায় যে ৯৫ লক্ষ টাকা

(শেষাংশ পর পৃষ্ঠায়)



The Imperial Tobacco Company of India Ltd. Successors to W.D. & H.O. Wills. Bristol & London. Cigarettes made in India.

পণ্যদ্রব্যের বাজার :—

চিনির বাজারে কর্ম্মতৎপরতা

প্রায় প্রত্যেকটি বাজার কেন্দ্রেই চিনির খোলা বাজারে কর্মতৎপরতা বৃদ্ধি পাইয়াছে এবং দরও সামান্য নিম্নমুখী হইয়াছে। কলিকাতার সংবাদে দেখা যায়, সেখানে গ্রেড সাদারলাণ্ড এক কোং খাদ্যের ৮টি কলের দৈনন্দিন উৎপাদন হইতে ৪৯৲ টাকা হইতে ৪৪.০ আনা পর্য্যন্ত দরে ১২,৮০০ বস্তা চিনি বিক্রয় করিয়াছে। ফলেই, কলিকাতাতে কাটাকাপড়ালারা সক্রিয় হইয়া উঠিয়াছে এবং চড়াদর বিক্রেতা প্রতি হইতেছে। এখনকি এক সপ্তাহের মধ্যে ডেলিভারী পাইলে ৪৮৲ টাকা পর্য্যন্ত দর দিতে রাজি আছে।

কানপুরের বাজারে এপ্রিলের মধ্যে ডেলিভারী দেওয়া হইবে এ সর্ত্তে ৩৯ হাজার বস্তা চিনি ৪৯৲ হইতে ৫০৲ পর্য্যন্ত দরে বাজারে বিক্রয়ের জন্য ছাড়া হইয়াছে। সৌরাষ্ট্র এবং বোম্বাইয়ের বাজারেরও ভাল দর পাওয়া যাইতেছে। চিনি কলের বিক্রয় দর হইতেছে ৪৯৲/৫০৲ টাকা। কিন্তু বাজারে মূল্য দর সের প্রতি ১৸৩ ।

গুড়

গুড়ের বাজারে অবস্থা অপরিবর্ত্তিত রহিয়াছে। বৃষ্টি ও মেঘলা আবহাওয়ার জন্য বাজারে গুড়ের আমদানি হইয়াছে কম। ফেলগুড়ের ঝাল-ঝালাস সম্পর্কিত অসুবিধা বিদ্যমান থাকায় চালে স্বল্পাধিক বিঘ্নিত হইয়াছে। তাছাড়া চিনির আর্থিক খোলা বাজারের প্রতিযোগিতা এবং আবহাওয়ার অনুকূলে আবশ্যিকভাবেরও বৃদ্ধি পাওয়ার ফলে চিনির প্রতি অধিক আকৃষ্ট হইয়াছে।

মীরাটের বাজারে চাহিদা অব্যাহত ভাবে পরিলক্ষিত হওয়ায় দাম কিছুটা বৃদ্ধি পাইয়াছে বলা চলে। কানপুরের পাইকারী বাজারেও সে একই অবস্থা। অন্যান্য বিভিন্ন স্থানে গুড় বিক্রিতেছে। বোম্বাইয়ে আমদানি অব্যাহত রহিয়াছে। দাম প্রায় বিভিন্ন স্থানের কাছাকাছি এবং প্রত্যেক কেন্দ্রে মজুতের পরিমাণও বাড়িয়াছে।

মীরাটে খোলাবাজারে চিনির বাজারে তেমন কাজ কারবার হয় নাই। কানপুরে সেই অনুপাতে সামান্য কাজ কারবার হইলেও চিনির আর্থিক খোলা বাজারের প্রভাব সেক্ষেত্রে বিস্তৃত হইয়াছে।

চা

আলোচ্য সপ্তাহে প্রায় ১৪,০০০ পেটিকা চা নিলামে বেচা হয় বাজারে ছাড়া হয়। প্রায় প্রত্যেক শ্রেণীর চায়ের দর নিম্নমুখী ছিল। ভাল পাতা চা ও আসাম জেলা রংপুরাদি চায়ের দর মোটামুটি স্থির ছিল। নিম্নতম দরে বিভিন্ন শ্রেণীর চা বেচা-কেনা হইয়াছে :—পরিষ্কার সাধারণ নিম্নে ১৸৩/১০ ; পরিষ্কার সাধারণ বি, পি ১।/১০ ও বি, পি, এস্ ১।/০ ।

প্রায় ১৮,৫০০ প্যাকেজ ভাঙ্গা চা ও প্রায় ৮,০০০ প্যাকেজ অন্যান্য শ্রেণীর চা আকৃষ্টভাবে বাজারে ছাড়া হয়। চাহিদা মোটামুটি ভাল ছিল এবং দরও যথেষ্ট বৃদ্ধি পায়। ডুয়ার্স ভাঙ্গা ১৸৮ হইতে ১৸/১০ এবং আসাম ৸৲ টাকা দরে প্রায় বিক্রয় হইয়াছে।

গত মার্চ মাসে চায়ের রপ্তানিতে উল্লেখযোগ্য অবনতি দৃষ্ট হয় এবং রপ্তানি মূল্য ৫৬.১৪৲ কোটি টাকা হইতে কমিয়া ৪৪৲-০৸৲ কোটি টাকা দাঁড়াইয়াছে। চলতি আরতের রপ্তানি খাতে ঐরূপ পরিলক্ষিত হয়। উহা ১৯৫১ সালের ৭ কোটি টাকা হইতে কমিয়া হইয়া ৮.১৮ কোটি টাকা হইয়াছে।

পাটজাত

পাটজাতের বাজারে স্থিরভাব বজায় ছিল এবং আলোচ্য সপ্তাহে কাজ-কারবারও কম হইয়াছে। উহার প্রধানে বিদ্যা বৃষ্টি ও অতিরিক্ত বৃষ্টিপাতে পাটচাষি পরিবারে। ফলের আমদানি বাড়িয়াছে। দাবুর জোর কম কমপক্ষে ৪৫ ও অন্যদের অধিক সওয়ার বাজার বড় রাখিতে নির্দ্দেশ দেওয়া হইয়াছে। উচ্চ জোর সে নির্দ্দেশ পালন করিয়াছে এবং হাইকোর্টে মামলা করিতের প্রস্তুত হইয়াছে। ভারত সরকারের প্রায় প্রত্যেক বাজেই জোগার সর্ব্বোচ্চ দর ১২৲ টাকায় বাঁধিয়া দিয়াছেন।

কোহিনুর ফিলম্ কোং লিঃ

(৫০৪ পৃষ্ঠার পর)

অর্থ সংগ্রহ করায় পূর্ণ কোম্পানীর মীট লাভের পরিমাণ হইতেছে ৪৮, ৮৩, ৫০৯৲ টাকা (৪১—৪৮, ৪৯, ৩৪৫৲)। তন্মধ্যে ১৪ লক্ষ টাকা, অবচয় খাতে ২০, ১৩, ৩৩২৲ টাকা। আয়কর অবধিলে ২৪ লক্ষ টাকা। লভ্যাংশ লভ্যাংশ বিধায় লভ্যর অবধিল ৪ লক্ষ টাকা। কর্ম্মচারীদের অবসর ভাতা ও গ্রাচুইটি ১ লক্ষ টাকা, আয়কর মুক্ত প্রতি ক্ষেত্রে লভ্যাংশ বাবদ ১২ লক্ষ টাকা সংস্থান করিয়া অবশিষ্ট লভ্যাংশের মোট টাকা হইয়াছে ৫১, ৪৪১৲ টাকা।

কোম্পানীর ক্রয় পরিমাণ ১৯৪০ সালের ৪.২৪ কোটি টাকার তুলনায় কমিয়া ১৯৫০ সালে ৪. ৯০ কোটি টাকা হইয়াছে।

কোম্পানীর মোট বন্ধ সম্পত্তির পরিমাণ দাঁড়াইয়াছে, ৭. ৭৪ কোটি টাকা এবং অন্য সম্পত্তির পরিমাণ হইতেছে ৭. ৩২ কোটি টাকা।

আলোচ্য বৎসরে বন্ধ ও সম্পত্তি মূল্য নিরূপণ করায় ছিল এবং কোন কোন ক্ষেত্রে সর্ব্বোচ্চ বন্ধ অবচয়বন্ধক পর্য্যন্তে রাখা হইয়াছিল। তাছাড়া কোম্পানীর কার্যালয়ের মূল্য নিরূপণ সম্পূর্ণ করায় ছিল। বস্তুতঃ পর্য্যবিধ পর্য্যবিধায় অন্যান্য কোম্পানীর কার্য্যাবলী সন্তোষজনক বলিয়া পরিচালকবর্গ মত প্রকাশ করিয়াছেন।

ভারতীয় সংসদ

— ১৩৩১ —

নদী পরিকল্পনার ক্ষেত্রে প্রদত্ত ঋণ

অর্থসচিব শ্রীচিন্তামন দেশমুখ ভারত সরকার বিভিন্ন নদী উপত্যকা পরিকল্পনা সম্পর্কে ভারত সরকার বিভিন্ন রাজ্য সরকারকে এ পর্য্যন্ত মোট ৩৯৬১ কোটি টাকা ঋণ দিয়াছেন। তন্মধ্যে দামোদর উপত্যকা কর্পোরেশনকে ১১ কোটি ফুলঝর পরিকল্পনার জন্য দুই কোটি, হীরাকুদ পরিকল্পনার জন্য আট কোটি, ভাকরা-নাঙ্গাল পরিকল্পনার জন্য ২০ কোটিরও বেশী, পাঞ্জাবের হাঁসিকে পরিকল্পনার জন্য দুই কোটি এবং পশ্চিমবঙ্গের দামোদর পরিকল্পনার জন্য প্রায় দুই কোটি ৮১ লক্ষ টাকা ঋণ দেওয়া হইয়াছে।

এই সব নদী পরিকল্পনার মূল ব্যয়ের হিসাব এবং পরিবর্দ্ধিত হিসাবের মধ্যে পার্থক্য কি, তদুত্তরে তিনি বলেন যে, উহার কতকগুলি বলা হয়, নাঙ্গল-নাঙ্গাল পরিকল্পনার কোন পরিবর্দ্ধিত হিসাব নাই। এই পরিকল্পনার ব্যয় বরাদ্দ ধরা হইয়াছে ১৩০ কোটি টাকা। দামোদর উপত্যকা পরিকল্পনার মূল ব্যয় বরাদ্দ ৫৫ কোটি টাকা। পরিবর্দ্ধিত হিসাব কত অঙ্কে দাঁড়াইবে, তাহা এখনও নির্দ্ধারণ করা যায় নাই, তবে, মনুষর পরিকল্পনাটি কয়েকটী ব্যাপারে বিরাট। এই পরিবর্দ্ধিত পরিকল্পনা একশত কোটি টাকায় দাঁড়াইবে বলিয়া আশঙ্কা হয়। হীরাকুদ পরিকল্পনার মূল ব্যয় বরাদ্দ ধরা ছিল ৩৫ কোটি টাকা। পরিবর্দ্ধিত হিসাবে ইহা ৪৫ কোটিতে দাঁড়াইবে বলিয়া মনে হয়।

আর একটী প্রশ্নের উত্তরে অর্থসচিব জানান যে সাধারণতঃ ঋণ হইতে ৪০ বৎসরের মধ্যে আসলের সর্ত্তে এই ঋণ দেওয়া হইয়াছে। সাধারণ সুদের হার অপেক্ষা এই ঋণের জন্য শতকরা দুই আনা বেশী ধার্য্য করা হইয়াছে।

যন্ত্রের বৈদেশিক রপ্তানি

ভারত সংসদে প্রশ্নোত্তর কালে শ্রীযুক্ত মহতাব বলেন যে, যন্ত্রনির্ম্মাণ প্রসারলাভ করিয়াছে। ভারতে যন্ত্রের মূল্য এত বৃদ্ধি পায় যে, বিদেশী যন্ত্রের মূল্যের সহিত ইহার সম্প্রতি বিশেষ পার্থক্য নাই। ভারত পাকিস্থানে ব্যবসা বাণিজ্য বন্ধ হওয়ায় কাঁচা-মালের ওজনের বাটতি দেখা দেয়। তিনি বলেন যে যন্ত্রনির্ম্মাণ ১০ বৎসর যাবৎ চালু আছে, একথা ভুল। কেন না কোন আকারে নির্ম্মাণ বলিতে যাহা বুঝায়, প্রকৃতপক্ষে তাহা ১৯৩৯ সালের জুলাই মাসে হয়। ইহার পূর্ব্বেই যে যন্ত্রপাতি দেওয়া হইয়াছিল, তাহার পূর্ব্ববর্ত্তী তথ্য সাময়িকভাবে মুদ্রাস্ফিত আকারে সংসদে পেশ করিয়াছিলেন। সুতরাং ১৯৩৯ সালের জুলাই মাসে যে অবস্থা দেখা যায়, তাহা সুষম নয়।

তিনি বলেন যে, ভারত সরকার অতঃপর যন্ত্র ও যন্ত্রাংশ বিদেশে রপ্তানির সিদ্ধান্ত করেন। কারণ, তখন বিদেশে যন্ত্রপাতির প্রচুর চাহিদা ছিল এবং সরকার মনে করেন যে, ইহাতে ভারত সরকার কিছু বিদেশী মুদ্রা অর্জ্জন করিতে পারিবেন। তদনুযায়ী ১৯৪০ সালে ভারত সরকার ৮০ কোটি টাকা মূল্যের যন্ত্রপাতি বিদেশে রপ্তানির সিদ্ধান্ত করেন। ইহার মূল্য বাবদ ভারত সরকার ৮০ কোটি টাকা অর্জ্জন করেন, তাহার দ্বারা যন্ত্রনির্ম্মাণ পরিচালনার উপযোগী মূলধন ও অন্যান্য কাঁচামাল ক্রয় করা সম্ভব হয়।

অতঃপর শ্রীযুক্ত মহতাব বলেন যে, গত দুই তিন বৎসর যাবৎ অবস্থা অধিক আশার কারণ হইয়াছে, একথা সত্য। বিভিন্ন প্রকার যন্ত্র ও যন্ত্রাংশের বরাদ্দ মঞ্জুরের পরিমাণ বিবেচনা করিলে দেখা যায়। বুঝিতে পারিবেন যে, গত মূল্য ও জুলাই পর্য্যন্ত বরাদ্দের পরিমাণ ঠিক ছিল। কেবল জুলাই ও সেপ্টেম্বরে বরাদ্দের পরিমাণ কিছু হ্রাস পাইয়াছে। সরবরাহ ও অসামরিক বেসামরিক ক্ষেত্রে যে সব যন্ত্রপাতির অভাব রহিয়াছে, সেগুলির জন্যই যেন সরবরাহ বেশী দেওয়া হয়।

শ্রীযুক্ত মহতাব বলেন যে, ইতিমধ্যে যে সকল ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে, তাহাতে দেখা যাইতেছে যে, খুব সম্ভব আগামী বিভিন্ন রাজ্যে প্রচুর বৃষ্টি, পানি সরবরাহ করিবে। গত ৩ মাস মাসিক ৩৬ হাজার গাঁইটের পরিবর্ত্তে ৫২ হাজার গাইট সুতা উৎপন্ন হইয়াছে এবং উৎপাদনের পরিমাণ এইরূপ থাকিলে যে অবস্থা খুব অল্পের মধ্যেই পূর্ণ অবস্থা ফিরিয়া আসিবে।

চলতি বৎসরে খাদ্যশস্যের অবস্থা

দিল্লী, ৩রা এপ্রিল—খাদ্যসচিব শ্রীকে এম মুন্সী আজ সংসদে শ্রীকে পি জীবাকরের একটী প্রশ্নের উত্তরে লিখিতভাবে জানান যে, ১৯৫১ সালে বিভিন্ন অঞ্চলে খাদ্যশস্যের চাহিদা মিটাইবার জন্য সরকারী মজুত শস্য হইতে ১০ লক্ষ টন সরবরাহের প্রয়োজন হইবে। ঐ বৎসরে কেন্দ্রীয় সরকারের হাতে মোট ৩৫ লক্ষ টন শস্য সংগৃহীত হওয়ার সম্ভাবনা আছে। ফলে ৫৫ লক্ষ টন অতিরিক্ত ঘাটতি থাকিবে। সরকারের বৎসরান্তিক মজুত পুরণের জন্য এতদ্ব্যতীত ১ লক্ষ টন শস্য দরকার হইবে।

খাদ্যসচিব বলেন যে, বাণিজ্যিক ফসল উৎপাদনের জন্য সুবিধার কোনরূপ নির্দ্ধারিত পরিমাণ অমিতে উহা চাষের জন্য নির্দ্দেশ দেওয়া নাই। মুনাফার চাপ পরিবর্ত্তনের ফলে, পাট প্রভৃতি বাণিজ্যিক ফসল অতিরিক্ত পরিমাণে উৎপাদনের যে ব্যবস্থা গ্রহণ করিয়াছে আশা করা যায় তাহা কার্য্যকরী করার জন্য চাষীদের যথোপযুক্ত উৎসাহ দানের নির্দ্দেশ দেওয়া হইয়াছে। অবশ্য কোন কোন

[পরবর্ত্তী ৫১১ পৃষ্ঠায়]

সংবাদ সঙ্কলন

বেকার সমস্যা বিচারার্থ কেন্দ্রীয় পর্ষদ গঠন

এক সরকারী বিজ্ঞপ্তিতে প্রকাশ, গত ফেব্রুয়ারী মাসে মোট ৩,৪৮০ জন নারী বিভিন্ন বিনিময় কেন্দ্র মারফতে চাকুরী পাইয়াছেন। বিভিন্ন বিনিময় কেন্দ্রসমূহের মারফতে ইতি-পূর্বে আর কোনও মাসে এত অধিকসংখ্যক নারী চাকুরী পান নাই।

আলোচ্য মাসে ৩,৪০১ জন কর্মচ্যুত সরকারী চাকুরিজীবসহ মোট ১,০৭,৯০০ জন চাকুরীপ্রার্থী বিভিন্ন বিনিময় কেন্দ্রসমূহের নাম তালিকাভুক্ত করান এবং ৩১,৩১৮ জন প্রার্থী ঐ সকল কেন্দ্রের মারফতে চাকুরী লাভ করেন।

বিভিন্ন বিনিময় কেন্দ্রসমূহের হিসাব অনুযায়ী জানা যায় যে, আলোচ্য মাস পর্যন্ত কেন্দ্রীয় সরকারের মোট ৮,৭০০ জন কর্মচ্যুত চাকুরীজীবকে পুনরায় কার্যে বহাল করা সম্ভবপর হয় নাই। পূর্ববর্তী মাসে উহাদের সংখ্যা ছিল ৯,০০০ জন। জাহাজের অধিকাংশই মার্চফোর্স অথবা কারখানা অঞ্চলসমূহে অবস্থিত হইয়াছে অথবা জাহাজের এজেন্সীর তালিকাভুক্ত অন্য কোনও চাকুরী এখনো দেওয়া যায় নাই।

অনুসন্ধানের ফলে জানা গিয়াছে যে, গত ১৯৫০ সনে তালিকাভুক্ত প্রার্থীসমূহের মোট ১,০৯,২১৮ জন চাকুরীপ্রার্থী বিভিন্ন বিনিময় কেন্দ্রসমূহে নাম তালিকাভুক্ত করে এবং তাহাদের মধ্যে শতকরা ৪৫ জন চাকুরী লাভ করিয়াছে।

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন শিল্প পরিচালনা অনুযায়ী গত ফেব্রুয়ারী মাসের শেষদিবস পর্যন্ত নারী ও ২,০১০ জন উহাদের মোট ১,৯০৬ জন চাকুরীপ্রার্থী বিভিন্ন কেন্দ্রে নিজ নাম রেজিষ্ট্রি করিয়াছিল। আরও প্রকাশ, ঐ সময় পর্যন্ত কেন্দ্রীয় শিল্প নিয়োজিত ১০৪ জন নিয়ন্ত্রণাধীন শিল্পের শিল্পী এখন অবধি

জাহাজে জাতীয় শিল্প জাতীয়করণ

মন্তব্য নাই

মন্ত্রাজী, ২৪ এপ্রিল—বিভিন্ন ইন্ডিয়ান মেরিচেন্টস চেম্বার্সের বোম্বাইস্থ কেন্দ্রীয় অফিসের ভার এই মাসের শেষে বি এন আডেনওয়ালার উপর এইমাসে বলেন যে, জাহাজের জাহাজ নির্মাণ শিল্পের জাতীয়করণে তাঁহার কোন আপত্তি নাই।

তিনি আরও বলেন যে, এই শিল্পের অবাধ-মুক্ত উন্নতির জন্য আর্থিক সাহায্যের প্রয়োজন এবং বিশ্বাসযোগ্যভাবে বিভিন্ন জাহাজ মেরামত ব্যবস্থা-মূলকভাবে ক্রমের ব্যবস্থা করা আবশ্যক। তিনি আরও বলেন যে, যদি সরকারকে মনে করেন যে, একটি বে-সরকারী প্রতিষ্ঠানকে সাহায্য করা অন্যায় হইবে, তবে "এই শিল্পের জাতীয়-করণে আমাদের কোনও আপত্তি নাই।"

অদ্য এইস্থানে ইন্ডিয়ান চেম্বার্স অব কমার্স কেন্দ্রায়ের ২৪শ অধিবেশন শেষ হয়। মিঃ আডেনওয়ালা এই অধিবেশনে জাহাজ-শিল্প সম্পর্কে গৃহীত একটী প্রস্তাব সম্পর্কে আলোচনা প্রসঙ্গে উপরিউক্ত মন্তব্য করেন। কেন্দ্রায়ের ১৯৫১-৫২ সালের জন্য মিঃ বি, এম, কোঠারিকে সভাপতি, শ্রীগাডিগেলকে সহকারী সভাপতি ও শ্রী ডি, এম, সেনকে কোষাধ্যক্ষ নির্বাচিত করেন।

পাকিস্থানে ব্যাঙ্কসমূহ হস্তান্তরী বিজ্ঞপ্তি

পাকিস্থান সরকার ঘোষণা করিয়াছেন যে, ৩রা এপ্রিল হইতে দুই বৎসর কালের জন্য পাকি-স্থান হইতে সর্বপ্রকার মালপত্র বিদেশে হস্তান্তরী কেবলমাত্র সরকারী ব্যাঙ্কেই হইবে।

পাকিস্থান সরকার পশ্চিম পাকিস্থানের জন্য গম ও গমজাত পদার্থ এবং চোরা ঘোলাজাত পদার্থ প্রস্তুতকল্পে উৎপাদন বিস্তার ব্যবস্থা গ্রহণ করিয়াছেন, এবং এপ্রিল হইতে ১৯৫০ সালের ৩০শে এপ্রিল পর্যন্ত এই বিস্তার ব্যবস্থা বলবৎ থাকিবে।

সংবাদপত্র মুদ্রণের কাগজ

ইকনোমিক, ৩১শে মার্চ—"ইন্ডিয়ান বোর্ড অব ট্রেড" আজ ঘোষণা করিয়াছেন যে, আগামী কল্য (১লা এপ্রিল) হইতে সংবাদপত্র মুদ্রণের কাগজের উপর সরকারী কর উন প্রতি চতুর্ভাগ বৃদ্ধি করিয়া ৫০ নোয়ার দুইশিল মুদ্রার স্থলে ২০০ নোয়ার (সাড়ে তিন পাউন্ডের কিঞ্চিৎ বেশী) ধার্য করা হইবে।

জাহাজে রবার তৈয়ারী

সম্প্রতি ভারতীয় শিল্প-বিজ্ঞান গবেষণা পরি-ষদের উদ্যোগে বোম্বাইয়ের ওয়াডালাস্থিত পরীক্ষা-মূলক কেন্দ্রে বিস্তৃত রবার তৈয়ারী করা হইয়াছে। ঐ কেন্দ্রে এ পর্যন্ত ৩১ হাজার মন উৎপন্ন নানা রবার তৈয়ারি করা হইয়াছে। পরীক্ষার ফলে জানা গিয়াছে যে পরস্তরা ১৮ হইতে ১৮ ভাগ পর্যন্ত বিস্তৃত রবার তৈয়ারি করা যায়। ঐ কেন্দ্রে প্রতি মন রবার তৈয়ার করিতে ১১ আনা ৩ পাই খরচ হয়। উৎপাদন খরচ আরও হ্রাস করিবার জন্য চেষ্টা চলিতেছে।

পাকিস্থান সরকারের বন্ধকী কারবার

কলিকাতা ইকনমিকেই ট্রাই পাকিস্থান সরকারের কাছের ফলে যে বন্ধকী কারবার রাখিয়াছিলেন তাহা বিক্রয় করি.. দিতে সময় করিয়াছেন। পাক সরকার মূল্যবান করে স্থির করা হইবে সেই আশায় বসিয়া না থাকিয়া ইকনমিকেই ট্রাই ঠিক করিয়াছেন যে, এখন কিছু লাভে ঐ বন্ধকী কারবার তাঁহারা বাজারে বিক্রয় করিয়া দিবেন। এই বন্ধকী কারবারের মধ্যে "সিন্ধি লোন" এবং "পাঞ্জাব পাকিস্থান বন্ড" রহিয়াছে।

জাহাজে চাই ও সরিষা তাল

এক সরকারী বিজ্ঞপ্তিতে প্রকাশ, ১৯৫০-৫১

সালে তাহাতে ১৭ লক্ষ ৯১ হাজার একর জমিতে চাষ ও সরিষার আবাদ হইয়াছে। গত বৎসরে ১৯ লক্ষ ৪৩ হাজার একর জমিতে ঐ সকল ফসলের আবাদ হইয়াছিল। চীন বসন্তের সময় আবহাওয়া অনুকূল থাকায় প্রথমাবস্থায় আসাম, পাঞ্জাব ও সেলসুরে অধিক জমিতে চাষ ও সরিষার চাষ সম্ভব হইয়াছে। সুরমিরার, ত্রিপুরা ও বিলাসপুরে ৩২ হাজার একর জমিতে চাষ ও সরিষার চাষ হয়।

ভারতীয়করণ কার্পেটের চাষ বিস্তারের

পূর্বতন বাণিজ্য সম্ভারের এবং শিল্প ও সমুদ্রপথ মন্ত্রালয়ের নির্দেশে ভারতীয় চাষ নির্ধারণ প্রতিষ্ঠান পশমের পাশিয়া বা কার্পেটের চাষ নির্ধারণের কাজ আরম্ভ করেন। ভারতীয় চাষ নির্ধারণ প্রতিষ্ঠানের পশম শাখা এখন হস্তচালিত তাঁতের তৈয়ারী ভারতীয়করণ কার্পেটের মানের ধরণ প্রবর্তন করিয়া দিয়াছেন।

এই ধরণের ভারতীয়করণ কার্পেটের নূতনতম মান নির্ধারণ করা হইয়াছে। সরকারের নির্ধারণের জন্য তাহাতে ও বিদেশে এই ধরণ প্রচার করা হইয়াছে। ১৯৪১ সালের ২৫শে এপ্রিলের পর ইহার চূড়ান্তরূপে ছির করা হইবে। সংশ্লিষ্ট সকলে ঐ তারিখের পূর্বে তাহাদের প্রস্তাবিত ভারতীয় মান নির্ধারক প্রতিষ্ঠানের অধ্যক্ষের নিকট—১৯নং ইষ্টবিল্ডিংস রোড, সিভিল লাইন্স, দিল্লী ৬—এই ঠিকানায় পাঠাইবেন।

ধান্য জমির বৃদ্ধি

ভারত কেন্দ্রীয় তণ্ডুল গবেষণা কেন্দ্রের অধ্যক্ষ ডাঃ কে রামায়া বিষয়াছেন ও কৃষি প্রতিষ্ঠানের সুযুক্ত প্রাণ্ড পন্থায় ভারতীয় প্রতিনিধি দলের নেতা নির্বাচিত হইয়াছেন। সম্প্রতি সাংবাদিক সম্মেলনে বিভিন্ন খাদ্যশস্যটির পুরুষের উৎপাদন ভারতের উৎপাদন বাড়াইবার জন্য সরকারের কতদূর কি ও কতটুকু চেষ্টা হইতেছে, সে সম্পর্কে তিনি বলেন যে, পৃথিবীতে মোট চাউল উৎপাদনের প্রায় ৯০ পরসেন্ট বা পূর্ব এশিয়ায় উৎপন্ন হইয়া থাকে। মোট চাহিদার অন্যূন প্রায় ৯০ পরসেন্ট ইহারাই যোগাইয়া থাকে। মাত্র কিছুটা দেশ (ব্রহ্ম, শ্যাম ও ইন্দোচীন) চাউল রপ্তানি করে। আর সব দেশেই ঘাটতি পড়ে। অতএব ঘাটতি পূরণের সমস্যা শুধু ভারতের নয়, সমগ্র পূর্বাঞ্চল-পূর্ব এশিয়ার সমস্যা। সে জন্য বিশ্ব খাদ্য ও কৃষি সংস্থার মারফতে সর্বসাধারণ ও সুসংহতভাবে একটি কার্যকরী প্রবর্তনের উদ্দেশ্যে আলোচনা চলিতেছে। তাড়াতাড়ি সাফল্য উদ্দেশ্যে পাইতে হইলে ও দেশে যাহা প্রতিরোধক ব্যবস্থা পূরণ করা হইয়াছে তাহা পূরণ করাই ঘাটতি পূরণের প্রকৃষ্ট ও নিশ্চিত উপায়। তাহাতে একই জমিতে একাধিক ফসল তোলা যাইবে, আবার রোগ-পীড়াণু প্রভৃতি ধ্বংস অনেকটা করিবে। এই উদ্দেশ্যে চারখানি দেশের মধ্যে পত্র ঘটাইয়া নূতন 'জাতি' সৃষ্টির চেষ্টা হইতেছে। তবে এই সকল পরীক্ষার ফলাফল হাতে পাইতে কিছু সময় লাগে। অন্তত ৮-১০ বৎসরের পূর্বে তাহা সম্ভব নয়।

আশাতত তাড়াতাড়ি ফল পাওয়ার জন্য উন্নত ধরণের বীজ ব্যবহার, সার প্রয়োগ ও জলসেচের ব্যবস্থা প্রয়োজন। বীজধানের উন্নতিসাধনে কটক গবেষণা কেন্দ্রের সিকটবর্তী একটি অঞ্চলে চাষীরা প্রতি একরে সারের জন্য মাত্র ২৲ টাকা বেশী খরচ করিয়া ২২৲/৪০৲ টাকার মত বেশী ফসল পাইয়াছে। এখন তাহারাও বৈজ্ঞানিক উপায়ে চাষ করিতেছে। দেশের সর্বত্র চাষীদিগকে এই সকল বিষয় বুঝাইয়া দেওয়ার জন্য বহু কর্মী শিক্ষিত করা দরকার ও তাহাদের মাঝে মাঝে বিশ বৎসরের মধ্যে কৃষি সম্পর্কে বিভিন্নরূপ প্রগতির উল্লেখ করা হয়। সে দেশে প্রতি তিন বর্গমাইল এলাকায় একজন করিয়া কৃষি-কর্মচারী আছে। তাহার নিকট চাষীরা সব বিষয়ে পরামর্শ পাইয়া থাকে। আর আমাদের ১০ বর্গমাইল এলাকাতেও একজন কৃষিকর্মচারী যোগাড়ের করা সম্ভব হয় নাই। চাষীরা পরামর্শ পায় না, জ্ঞান পায় কিনা বীজও সব সময় পায় না।

কৃষি সম্পর্কে গবেষণার বর্তমান ধারা উল্লেখ করিয়া ডাঃ রামায়া বলেন—"গবেষণার ক্ষেত্রে ভারতবর্ষের অবস্থান খুব কোন দেশ অপেক্ষা কম নয়। কিন্তু খুব কোন গবেষণার ফলাফলগুলি বাস্তব ক্ষেত্রে প্রয়োগ করা হয়। তাহার যেরূপ ব্যবস্থা এখনও হয় নাই।

কৃষিক্ষেত্রে ছোট ছোট, সব সময়কার জন্য যন্ত্রপাতি ব্যবহার সম্পর্কে একটি প্রশ্নের উত্তরে তিনি বলেন যে, অন্তত ৩০-৫০ বিঘা জমি না থাকিলে ফসল লাভজনক প্রভৃতি যন্ত্রপাতির সুবিধা পাওয়া খুব উঠানো সম্ভব নয়। তবে আসামে ও চীনে চাষীরা পরিশ্রম বাঁচাইবার উদ্দেশ্যেই ব্যাপক চালানো, ছোট ছোট ট্রাক্টারের ব্যবহার করিয়া থাকে। এখনে ঐ সকলের বিভিন্ন চালু করার জন্য ব্যাপক আয়োজন প্রয়োজন আছে।

আর একটি প্রশ্নের উত্তরে তিনি বলেন যে, শ্যামদেশে ৮১১ বিঘা জমির মালিকরাই রাজারা কল (mirakuali) বলাইয়া বিভিন্ন জল সেচের ব্যবস্থা করিয়া থাকেন তাহাতে চালু করা সম্ভব কিনা, কেন্দ্রীয় সরকার সে সম্পর্কে বিভিন্ন প্রাদেশিক সরকারের মতামত চাহিয়াছিলেন। উত্তর প্রত্যেক সরকারই জানাইয়াছেন যে এই সকলের নূতন কিছু এখনের উপযোগী নয়।

পশমজাতদ্রব্যের সাপ্তাহিক পাইকারী মূল্যমান

এক সরকারী বিজ্ঞপ্তিতে প্রকাশ, ভারত সরকারের আর্থিক উপদেষ্টা সর্বজনাদরীয় বিভিন্নের (১৯৩৯ সনের আগষ্ট মাসের শেষ সপ্তাহ=১০০) পশমজাতদ্রব্যের পাইকারী মূল্যের যে সাপ্তাহিক মান নির্ণয় করিয়াছেন, তাহাতে জানা যায়, গত ১৭ই মার্চ পর্যন্ত উহা পূর্বসপ্তাহ ৪০৩ মানে বৃদ্ধিপ্রাপ্ত হইয়া ৩৪৪৫ হয়।

আলোচ্য সপ্তাহে চা ও কফির মূল্য পূর্বসপ্তাহ ১ মানে হ্রাস পাইলেও চাউল, মোজার ও জাউলের মূল্য যথাক্রমে পূর্বসপ্তাহ ১, ২ ও ৩ মানে বৃদ্ধি, পাওয়ার যাজনের মূল্যমান পূর্বসপ্তাহ ০·৮ মানে বৃদ্ধিপ্রাপ্ত হইয়া ৩১০ ৮ হয়।

ঐ সপ্তাহে রেড়ী, তিসি, সরিষা, তুলাবীজ, লাক্ষা ও কাঁচা চামড়ার মূল্য যথাক্রমে পূর্বসপ্তাহ ৭, ৩, ২, ১ ও ৩ মানে হ্রাস পায়। কিন্তু মূল্য বিশ্লিষ্টরূপের ফলে কাঁচা পাটের মূল্য পূর্বসপ্তাহ ৮৪ মানের বৃদ্ধি পাওয়ায় প্রথমিয়ার ভারতীয়ের মূল্যমান পূর্বসপ্তাহ ১৪ মানে বাড়িয়া ৩৩৫ ৯ হয়।

উক্ত সপ্তাহে রেড়ীর তৈল, লক্ষা, মেজার চামড়া ও কফির মূল্য যথাক্রমে পূর্বসপ্তাহ ৭, ৩, ২ ও ১ মানে হ্রাস পাওয়া সত্ত্বেও পশম চামড়া, পশম ও নারিকেলের পরিমল মূল্য যথাক্রমে পূর্বসপ্তাহ ১২, ৩ ও ৩ মানে বাড়িয়া যাওয়ায় প্রথমিয়ার সূচনা—তৈরারী মালের মূল্যমান পূর্বসপ্তাহ ১.৪ মানে বৃদ্ধিপ্রাপ্ত হইয়া ৩৩০ হয়।

আলোচ্য সপ্তাহে রেশম ও রেশমী বস্ত্রাদির মূল্য শতকরা ১১ হারে হ্রাস প্রাপ্ত হয়। কিন্তু সাইমার ঘড়ি, আসব, কাচ ও অন্যের মূল্য যথাক্রমে শতকরা ১১, ৫, ৯ ও ৩ হারে বাড়িয়া গেল। ফ্রান্সিসের বৈদেশী মালের মূল্যমান শতকরা ৫·৬ হারে বৃদ্ধি পাইয়া ৩৯৫·৬ হয়।

ঐ সপ্তাহে ইঁট, টালী ও চুনসাত মূল্য যথাক্রমে শতকরা ৩, ৩·৩ হারে হ্রাস পাওয়ায় বিবিধ পণ্যদ্রব্যের মূল্যমান শতকরা ·৭ হারে কমিয়া ১৭৪·০ হয়।

ট্রাঙ্ক টেলিফোনের মাসুলের হার পরিবর্তন

গত ১লা এপ্রিল হইতে বিভিন্ন বাড়ির সঙ্গে ট্রাঙ্ক টেলিফোনে কথা বলিবার মাসুল কমাইয়া অর্দ্ধেক এক-তৃতীয়াংশ হারের কাজে পূর্ব হারের এক চতুর্থাংশ হইতে অর্দ্ধেক অথবা এক-তৃতীয়াংশ হারের এক চতুর্থাংশ করা হইবে। অতএব, ঐ তারিখ হইতে কোনও বিভিন্ন বাড়ির সঙ্গে ট্রাঙ্ক টেলিফোনে কথা বলিবার অতিরিক্ত মাসুল হইবে পূর্ব, অর্দ্ধ, অথবা এক তৃতীয়াংশ হার অনুসারে ট্রাঙ্ককলের সাধারণ হারের পূর্ব, অর্দ্ধ, অথবা এক-তৃতীয়াংশের চারি আনার এক ভাগ। তবে ট্রাঙ্ক কলটী অকপ্রাণ্য হইলে আর সাধারণই হউক মূল্যবান মাসুল হইবে ৩ আনা।

চট ও প্রকৃতির রপ্তানি শুল্ক বৃদ্ধি

এক বিজ্ঞপ্তিতে ভারত সরকার চট, চটের থলে, সূতা, বাণ্ডি প্রভৃতির রপ্তানি শুল্ক টন প্রতি ১৫০৲ টাকা হইতে বৃদ্ধি করিয়া ৩০০৲ টাকা ধার্য্য করিবার কথা ঘোষণা করিয়াছেন। এই নির্দ্দেশ এপ্রিল হইতেই কার্য্যকরী হইবে।

এশিয়ার চাউল বৃদ্ধির সম্ভাবনা

ইন্দোনেশিয়ার অন্তর্গত যোগ্যের বাসক স্থানে দুইটী বিশেষজ্ঞ বৈঠক বসিয়াছে। ঐ বৈঠকের সিদ্ধান্তের দ্বারা প্রায় একলক্ষ কোটী লোকের, এক চতুর্থাংশেরও প্রায় অর্দ্ধেক সংখ্যক লোকের প্রধান খাদ্যদ্রব্য চাউলের উৎপাদন বৃদ্ধি হইবে।

বৈঠক দুইটীর একটী হইতেছে চাউল উৎপাদন সংক্রান্ত, অপরটী হইতেছে ঋণ সংক্রান্ত। দ্বিতীয়টে উক্ত শ্রেণীর বীজ এবং সার ব্যবহার করা এশিয়ার চাউল উৎপাদন বাড়াইয়া তোলা বন্ধ বৈঠকে তাহাই আলোচিত হইবে। খাদ্য ও কৃষি সংস্থার অধীন আন্তর্জাতিক চাউল কমিশনের উদ্যোগে উক্ত বৈঠক অনুষ্ঠিত হইতেছে। বিশ্বের চাউল উৎপাদন বৃদ্ধি এবং তৎসংক্রান্ত কৃষিকার্য্যের উন্নতি বিধানই উহার লক্ষ্য।

ব্রহ্মদেশ, ভূতপূর্ব, সিংহল, মিশর, ফ্রান্স ও চীন সরকার উক্ত বৈঠকে যোগদান করিবার জন্য ৭ বিশেষজ্ঞ প্রতিনিধি নিযুক্ত করিয়াছেন। প্রথম পাঁচদিন চাউল উৎপাদন সংক্রান্ত বিশেষজ্ঞ বৈঠক হইবে, পরে সংক্রান্ত বিশেষজ্ঞ বৈঠক বসিবে পরবর্ত্তী পাঁচদিন। গত ফেব্রুয়ারী মাসে রেঙ্গুনে চাউল উৎপাদন সংক্রান্ত প্রথম বৈঠক হইয়া গিয়াছে।

ফেব্রুয়ারী মাসের বৈঠকে ভারতীয় ও জাপানী প্রতিনিধিদের একপ্রকার সকল বাস্তু উৎপাদন বাড়িয়া পরিবর্ত্তনের হয়। বর্ত্তমানে কটকে কেন্দ্রীয় চাউল গবেষণাকেন্দ্রে উক্ত সকল চাউল উৎপাদনের চেষ্টা চলিতেছে।

আন্তর্জাতিক চাউল কমিশনের সহিত সংশ্লিষ্ট বৈজ্ঞানিকগণ এই অভিমত প্রকাশ করিয়াছেন যে, উন্নত ধরনের বীজ অধিকতর পরিমাণে সার, উন্নত প্রকারের জলসেচ ব্যবস্থা এবং উদ্ভিদরোগ ও পতঙ্গ নিরোধের কার্য্যকরী ব্যবস্থা—এই সকল উপায়ে চাউলের অভাব বিদূরিত করা যায়। কলে ছাটা, সস্তা সারসহ এবং রাসায়নিক উপকরণ ব্যবস্থা ও সস্তাদরে বিতরণের জন্য প্রয়োজনীয় বলিয়া কমিশন মনে করেন।

ভারতীয় লাক্ষা শুল্ক কমিটির গঠনের বৈঠক

৩১শে মার্চ কলিকাতায় ভারতীয় লাক্ষা শুল্ক কমিটির পরিচালনা বোর্ডের ৩০ তম বৈঠক বসে। উক্ত বৈঠকে ভারতীয় লাক্ষা শুল্ক কমিটির সভাপতি শ্রী এম, বিজয়রাঘবাচারিয়ার মনোনীত ভারতীয় লাক্ষা শুল্ক কমিটি ও রাঁচীর নিকটবর্ত্তী লাক্ষাগবেষণাগার কেন্দ্রের যে উপকার করিতেছে তাহা সকলে বিশেষভাবে অবগত আছেন। ১৯৩০-৩১ সনের প্রথম নয় মাসে ভারত হইতে বিদেশে ২০ কোটী টাকারও অধিক মূল্যের লাক্ষা ও লাক্ষা বিদেশে রপ্তানি করা হইয়াছে। ভারত সরকারের কার্য্যতৎপরতায় ইতিমধ্যেই লাক্ষার উৎপাদন বহুল বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছে। বিশ্ব অপরিহার্য্য এই পণ্য সামগ্রীর রপ্তানি-ক্ষেত্রে ভারত বিশেষ গুরুত্বপূর্ণ স্থান দখল করিয়া আছে। ভারতের ঐ গুরুত্বপূর্ণ স্থান অপর দেশ দখল করিতে না পারে ভারতে অন্তত লাক্ষার উচ্চ মান, মূল্য ও বিক্রয় ব্যবস্থাদি সম্বন্ধে উহার সন্তোষ প্রতিযোগীতা প্রভৃতি বিষয়ের উপর সতর্ক দৃষ্টি রাখা হইতেছে।

ব্রাডফোর্ড রেকর্ড, বৈদ্যুতিক ইনসুলেটর ব্যাটারি, বাল্ব, সিমেন্ট, রেলওয়ে, ব্রাসটীক, অয়েল-ক্লথ প্রভৃতি অন্যান্য দ্রব্য নির্ম্মাণকার্য্যে লাক্ষার ব্যবহার হয়। ঐ কারণে উহার শিল্প সংসারে গুরুত্ব অনেক। যাহাতে ভারতের শিল্পবাণিজ্যগণ উহার যথাযথ ব্যবহার অবহিত হইতে পারেন সেজন্য লাক্ষানুসন্ধান গবেষণাগারে বিবিধ গবেষণাকার্য্য আরম্ভ করা হইয়াছে। আপাততঃ লাক্ষার উৎপাদন বৃদ্ধির প্রতিই অধিকতর গুরুত্ব আরোপ করা হইয়াছে। কারণ উহার বিদেশের ক্রমবর্দ্ধমান চাহিদা মিটাইবার জন্য উহা একান্তপ্রয়োজন হইয়া পড়িয়াছে। বার্ষিক যুক্তরাষ্ট্র ৮০০ টন, জার্মানী, বেলজিয়ম, হল্যাণ্ড, সুইজারল্যাণ্ড, ডেনমার্ক ও ইটালীর অন্যান্য দেশ ভারত হইতে অধিক পরিমাণ লাক্ষা ক্রয় করে। লাক্ষার চাষ বৃদ্ধি ও উহার রোগ নিবারণের জন্য বিভিন্ন ব্যবস্থা অবলম্বিত হইয়াছে। বিহারেই সর্ব্বাধিক পরিমাণ জন্মিয়ে লাক্ষার চাষ হয়। অতঃপর, উত্তর প্রদেশ, পশ্চিমবঙ্গ, উড়িষ্যা, পাঞ্জাব এবং ব্রহ্মদেশেও লাক্ষার চাষ চলে। ১৯৩০ সনে ভারতে ১২ লক্ষ মণ লাক্ষা উৎপন্ন হইয়াছে বলিয়া অনুমিত হয়। উহার উৎপাদন আরও বাড়াইয়া বার্ষিক ২০ লক্ষ মণ করার চেষ্টা ভারতীয় লাক্ষা শুল্ক কমিটি করিতেছেন।

বর্ত্তমান লাক্ষার মান আইন মাফী অনুযায়ী নির্দ্ধারিত হয় বলিয়া উহার কোনও ভিন্নতা নাই। ইহার ফলে যাহাতে বিদেশের বাজারে লাক্ষার চাহিদা না কমিয়া যায়ে সেজন্য ভারত সরকার কার্য্যকরী ব্যবস্থা অবলম্বনের চেষ্টা করিতেছেন।

লাক্ষা উৎপাদন বৃদ্ধির ব্যাপারে রেলের যাতায়াত উন্নয়ন বৃদ্ধির সমান গুরুত্বপূর্ণ কার্য্য। ফলায় এলাকায় উহার চাহিদা অত্যধিক বলিয়া ঐ অঞ্চল আরও বাড়িয়া গিয়াছে।

শ্রম মন্ত্রণালয়ের কার্য্য-বিবরণী

—২০৩—

বণিকমূলে শ্রমিক কল্যাণ ব্যবস্থার সম্প্রসারণ, শ্রমিক আপীল ট্রিবিউনাল স্থাপন, মুসলমান মজুরী আইন ও অন্যান্য আইন কার্য্যকরী করিবার ব্যবস্থা অবলম্বন—১৯৪০-৪১ সালে এই মন্ত্রণালয়ের কার্য্যাবলীর মধ্যে এইগুলিই প্রধান।

আলোচ্য বৎসরে শ্রমিক-মালিক সম্পর্কের উন্নতি হয়। গত বৎসরের তুলনায় এই বৎসরে শ্রম বিরোধের সংখ্যা কম—যদিও এই বৎসর পূর্ব্ব বৎসরের অপেক্ষা বেশী দিন-মজুরী নষ্ট হইয়াছে। উদাহরণস্বরূপ বলা যাইতে পারে যে ১৯৩৯ সনের অক্টোবর মাস হইতে ১৯৪০ সালের আগষ্টের মাস পর্য্যন্ত সময়ের মধ্যে ১,০১৪টি শ্রম বিরোধ হয় এবং ১,০৫,৪৯,১৪৪টি দিন-মজুরি নষ্ট হয়। পূর্ব্ববর্ত্তী বৎসরে ১,২৪৪টি বিরোধ হয় এবং ৬৪,৯১,১১৩টি দিন মজুরী নষ্ট হয়। আলোচ্য বৎসরে অধিকসংখ্যক দিন মজুরী নষ্ট হওয়ার কারণ বোম্বাইএর বস্ত্র ধর্ম্মঘট। একমাত্র এই ধর্ম্মঘটের ফলেই ৯০,০০,০০০ দিন-মজুরী নষ্ট হইয়াছে।

আলোচ্য বৎসরে বিভিন্ন কর্ম্মবিনিয়োগ কেন্দ্রে ১১,১০,১৪৮ জন চাকুরি প্রার্থীর নাম তালিকাভুক্ত করাইয়াছিল—ইহাদের মধ্যে ৩,৩১,১৯০ জনকে চাকুরি দেওয়া হইয়াছিল। পূর্ব্ব বৎসর ২,৪৬,৮০৯ জনকে চাকুরি দেওয়া হইয়াছিল। বেসরকারী নিয়োগকর্ত্তাদের মধ্যে তাহারা কর্ম্মবিনিয়োগ কেন্দ্রের সাহায্য গ্রহণ করিয়াছেন তাহাদের সংখ্যা ১৯৩৯ সালের জানুয়ারী মাসে ছিল ৩,১১২; উহা বাড়িয়া জুলাই মাসে ৮,১১৯ হয়। শিল্পমূলে অন্যান্যভাবে শিল্পে কর্ম্মিদের নিয়োগের এক নূতন পরিকল্পনা চালু করা হয়। এই পরিকল্পনার নাম "আপ্রেন্টিস" বা শিক্ষানবিশ পরিকল্পনা"। এই পরিকল্পনা অনুযায়ী ৩৯টি শিক্ষাকেন্দ্র খোলা হইয়াছে। এবং ৩৪টি ফ্যাক্টরি ও ০৩টি খনিতিথি সালের এই কেন্দ্রগুলিতে শিক্ষা দেওয়া হইতেছে। গত বৎসরের শেষভাগে ১১,১১৭ জন শিক্ষার্থী এখানে শিক্ষা গ্রহণ করিতেছিল।

১৯৪০ সালের যে মাসে শিল্প বিরোধ আপীল ট্রিবিউনাল বিলটী আইনে পরিণত করা হয়। আলোচ্য বৎসরে ছাপা বহুসংখ্যক বিল আমদানি করা হইয়াছে। এই সম্পর্কে ও ট্রেড ইউনিয়ন বিলগুলি বিলেষ কমিটী দ্বারা হইয়া এখন পার্লামেন্টে উপস্থিত হইয়াছে।

নূতন শ্রমিক আইন

এই কার্য্য বিবরণীতে বলা হইয়াছে যে শ্রমিকদের কল্যাণার্থে আরও কয়েকটী নূতন আইন প্রণয়ন করা হইতেছে: ১৯৩৯ সালের মজুরী প্রদান আইন প্রভৃতি কতকগুলি পুরাতন আইনের ক্ষেত্র সম্প্রসারণ করা হইতেছে এবং এক শ্রমিক আইন, শ্রমিকদের ক্ষতিপূরণ আইন, কারখানা আইন প্রভৃতি কতিপয় আইন, সংশোধনের ব্যবস্থা হইতেছে।

বয়লারাদি প্রতিরোধ কল্পে এবং খোলাদে পরিকল্পনা খুব অগ্রসর হইয়াছে। ১৯৪০ সালের ডিসেম্বরের শেষভাগ পর্য্যন্ত ২,১৫,০০০ জন খনি-মজুর এই কাজে যোগ্যতা করিয়াছেন এবং শ্রমিক ও খালিকগণ মোট ১,৬৮, ৪৩,০০৯ টাকা প্রদান করিয়াছেন। শ্রমিক কল্যাণমূলক কার্য্যসমূহ সুষ্ঠুভাবে সম্পন্ন করা করা হইয়াছে। চিকিৎসা ব্যবস্থা ও আরোগ্য-প্রচেষ্টা সম্বন্ধে সুচিন্তিত ব্যবস্থা খনি মজুরদের জন্য করা হইয়াছে। এই আলোচ্য হাসপাতালে হাজার হাজার শ্রমিকের চিকিৎসা করা হইয়াছে। সস্তায় প্রতিষেধক ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে, ম্যালেরিয়া ও যৌন রোগের প্রতিষেধক ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে এবং নারীশ্রমিকদের প্রসূতি সাহায্য সুবিধা দেওয়া হইয়াছে। খনি মজুরদের জন্য ১,৬০০টি গৃহ নির্ম্মাণ করা হইয়াছে। উক্ত কাজের পরিকল্পনা অনুযায়ী যে সকল খনি-মালিক শ্রমিকদের জন্য গৃহ নির্ম্মাণ করিবেন তাহাদিগকে গৃহ নির্ম্মাণের খরচের ২০ পর্য্যন্ত সাহায্য প্রদানের এক নূতন পরিকল্পনা করা হইয়াছে।

প্রাদেশিক শ্রমিক

১৯৩৯ সালে যে, কৃষি শ্রমিক অনুসন্ধান কার্য্য সুরু হইয়াছে তাহা ১৯৪১-৪২ সালে সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়। উহা শেষ হইলে প্রাদেশিক শ্রমিকদের গৃহ নির্ম্মাণ, চিকিৎসা ও শিক্ষার সুষ্ঠু ব্যবস্থা করা সম্ভবপর হইবে।

আন্তর্জাতিক শ্রম সংস্থা ও ভারত

এই বিবরণীতে বলা হইয়াছে যে আন্তর্জাতিক শ্রম সংস্থার কার্য্যকলাপে ভারতীয় সরকার কার্য্যকরী অংশ গ্রহণ করিতেছেন। বিশ্বব্যাপিতার ফলে প্রতিনিধিদের প্রেরণের ব্যবস্থায় পরিবর্ত্তন করা হইয়াছে। ১৯৪০ সালে জেনেভায় অনুষ্ঠিত আন্তর্জাতিক শ্রম সম্মেলনের ৩৩শ অধিবেশনে ভারতের প্রতিনিধি শ্রীযুক্ত জোশীর নেতৃত্বে নিযুক্ত হয়। ১৯৪০ সালের ডিসেম্বর মাসে ইণ্ডোনেশিয়াকে আন্তর্জাতিক শ্রম সংস্থার পরিষদের যে অধিবেশন হয় শ্রম মন্ত্রণালয়ের সেক্রেটারী মিঃ বি. কে. আয়, সেখানে ভারতের প্রতিনিধি নির্ব্বাচিত হইয়াছিলেন।

ভারতীয় সংবাদ

[৫০৬ পৃষ্ঠার পর]

রাজ্যের সরকার বীজ বপন নিয়ন্ত্রণ আইন প্রবর্তন করিয়াছেন।

উপ-আবাদটির এক প্রবন্ধে উক্ত হইয়াছে যে, আমাদের দেশে খাদ্য শস্য উৎপাদন বৃদ্ধি করিয়া পাটের উৎপাদন বৃদ্ধির জন্য যে নীতি অবলম্বন করা হইয়াছে তাহার ফলে ভারত সরকার খাদ্যের অভাব সূচনা করিতেছেন।

বিভিন্ন রাজ্যে কেরোসিন তৈল আমদানী

বর্তমান এক প্রবন্ধের লেখক মিঃ এফ-সি, ডি, সেনগুপ্ত বলেন যে, বিভিন্ন রাজ্যের জ্বালানি পরিমাণের সাহায্য করিবার জন্য ভারত সরকার ১৯৪০-৪১ সালে ১৪ কোটি ৫২ লক্ষ টাকা ব্যয় করেন। ইহা ছাড়া এই বৎসরে রেলওয়েগুলিকে ৫০ লক্ষ ১৪ হাজার টাকা সাহায্য হিসাবে দেওয়া হয়।

১৪ কোটি ৫২ লক্ষ টাকা ব্যয়ের মধ্যে পঞ্জিবঙ্গকে ৩ কোটি ১১ লক্ষ টাকা, উড়িষ্যা ৩ কোটি ৯০ লক্ষ টাকা, পাঞ্জাব ২ কোটি টাকা, যুক্তপ্রদেশ ১ কোটি টাকা, মধ্যপ্রদেশ ১৮০ কোটি টাকা, বিহার ১ কোটি ৪০ লক্ষ টাকা, বোম্বাই ৭৪ লক্ষ টাকা, [illegible] ৯০ লক্ষ টাকা এবং উড়িষ্যা প্রদেশ ৫ লক্ষ টাকা পায়।

[illegible] লক্ষ ১১ হাজার টাকার সাহায্যের জন্য [illegible] প্রভৃতি উদ্যমের উৎসাহ বিভিন্ন রাজ্য সরকারকে [illegible] ১১ হাজার টাকা দেওয়া হয়। তুলনায় [illegible] বিহারের জন্য উড়িষ্যা সরকারকে ৬৯ লক্ষ টাকা সাহায্য করা হইয়াছিল। পার্বত্য জাতী অঞ্চলে [illegible] জন্য আসামকে ৭৯ লক্ষ টাকা সাহায্য বিশেষ ব্যবস্থা করা হয়। কিন্তু ইহার পর টাকা [illegible] করা হয় নাই। আসামে [illegible] বাবদে পরিমাণ অবশিষ্ট ১১ লক্ষ ৭৪ হাজার টাকায় দাঁড়াইবে।

বিজ্ঞপ্তি

বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য-শ্রেণীর ছাত্র বন্ধুদের প্রতি আধুনিক বাণিজ্যিক অগ্রগতির সঙ্গে সর্বদা ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করিয়া চলিতে হয়। পাঠ্য-পুস্তকে তাহাদের অধিকাংশেরই আলোচনা থাকে না। কারণ আজিকার দিনের মুহূর্তে পরিবর্তনশীল ঘটনাবলীর সঠিক পরিচয় কোনও পাঠ্য-পুস্তকের পৃষ্ঠায় দেওয়া অসম্ভব। যতদিনে পুস্তক প্রকাশিত হইয়া সংস্করণ নিঃশেষিত হইবে, ততদিনে হয়ত সারা পৃথিবীরই আর্থিক কাঠামোতে দেখা দিবে নাটকীয় পরিবর্তন।

একদিকে আধুনিকতম ঘটনাবলীর সঙ্গে নিবিড় পরিচয় আর অন্যদিকে বর্তমান জগতে ভারতীয় অর্থনীতির গুরুত্বের স্বরূপ উপলব্ধি—এ দুই প্রয়োজনেই আমরা ছাত্র-বিভাগের উদ্বোধন করিতেছি।

এ বিভাগে থাকিবে :—

১। রাজনৈতিক সংস্থা নিরপেক্ষ যেসব দেশের সঙ্গে ভারতের বাণিজ্যিক সম্পর্ক আছে সেই বাণিজ্যিক গতি নিরূপণের চেষ্টা;

২। ভারতীয় অর্থনীতির উপর সরকারী মুদ্রানীতি, অন্তঃ ও বহির্বাণিজ্যিক নীতির প্রভাব ও আলোচনা।

৩। বিভিন্ন সরকারী পরিকল্পনার পরিচয় ও অন্যান্য দেশের সঙ্গে তুলনামূলক আলোচনা।

৪। দ্বিতীয় মহাযুদ্ধের পর আন্তর্জাতিক ক্ষেত্রে যে সমস্ত আর্থিক, বাণিজ্যিক ও মুদ্রানীতি সংক্রান্ত সংগঠন ও পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে—তাহার স্বরূপ ও ফলাফল সম্বন্ধে বিশদ আলোচনা।

৫। ভারতীয় অর্থনীতির ধারা যেন খাতে প্রবাহিত হইলে দেশের সর্বাঙ্গীন উন্নতি সম্ভব তাহা আবিষ্কারের চেষ্টা।

উপরিউক্ত বিষয়বস্তু হইতেই অধিকাংশ প্রশ্নপত্র রচিত হয়, তাই সমালোচনামূলক প্রবন্ধগুলি এমনভাবে সন্নিবেশিত করা হইবে যাহাতে ছাত্রবন্ধুরা সহজেই উত্তরে ব্যবহারযোগ্য অংশগুলি বিশ্লিষ্ট করিয়া লইতে পারিবেন।

এই উদ্দেশ্যে প্রতি সপ্তাহে পরীক্ষার সম্ভাব্য প্রশ্নের উত্তরের আকারে অন্ততঃ দুইটি করিয়া পূর্ণাঙ্গ প্রবন্ধ প্রকাশিত হইবে।

এ বিভাগের পরিচালনা করিয়াছেন এমন একজন বিশিষ্ট শিক্ষাব্রতী যিনি বহুদিন ছাত্রশিক্ষণে লিপ্ত।

ছাত্র-বিভাগের উদ্বোধন হইবে আর্থিক ভারত-এর [illegible] সংখ্যা হইতে। উক্ত সংখ্যায় বি, কম-এর চারটি [illegible] প্রশ্নের উত্তর সন্নিবেশিত হইবে।

শেয়ার বাজার :—

ঊর্ধ্বমুখী

কলিকাতা, ৭ই মার্চ—আলোচ্য সপ্তাহে কাজ-কারবার প্রচুর পরিমাণে না হইলেও শেয়ার বাজারের অবস্থা ১৯৩৯ সালের অতীত উন্নতির কথা স্মরণ করাইয়া দেয়, ফলে ১৯৪১ সনের শেষ পর্য্যায়ের মূল্য হইতে সর্ব্বোচ্চ স্তরে উঠিয়া রহিয়াছে। পাটকল ও ইস্পাতের শেয়ারে বাজারে বেশী কাজে প্রধান অংশ বিভিন্নই বিদ্যুত রহিয়াছে। নিম্নে কয়েকটি শেয়ারের যে তুলনামূলক দর দেওয়া হইয়াছে তাহাতে দেখা যাইবে উক্ত শেয়ারগুলির দর ১৪ সপ্তাহে ও বহুক্ষেত্রে ২৫% বৃদ্ধি পাইয়াছে। পাটকল শেয়ারের মধ্যে টুই ১৪ পাউণ্ড মূল্য ধরা হইয়াছে। শেয়ারের দরের ক্রমোন্নতি প্রধানতঃ যুদ্ধ সংক্রান্ত কারণে না হইলেও বাজারের উন্নত ভেদ অন্যান্য সপ্তাহের সমানভাবে বজায় থাকিলে এবং শেয়ারের বহুলাংশ অনুপস্থিত থাকে। ইহা সত্ত্বেও কয়েক সপ্তাহ বিক্রয়ের আতিরিক্ত লাভের টাকা পুনরাবির্ভাবের ফলে বাজার উন্নত হইয়াছে।

	৩০-৩-৪১	৬-৪-৪১
এংলো ইণ্ডিয়া	৩৯৲	৪২৲
ওরিয়েণ্ট মুই	২৮৲	৩১৩৲
ইণ্ডিয়া আয়রণ	৩৯।-	৩৯।-
জর	২৪।-	২৮৶০
টাকারী কটন	১২৯৲	১৩০৲
আই, বি, এম	১২৮৷-	১৪২৲
ইষ্টার্ণ ইনভেষ্টমেণ্ট	১৪২৲	১৭২৲
আসাম দূ	১৮০	২১/-

ব্যাঙ্ক—

ব্যাঙ্ক-কারবার মধ্যমায়ের। ব্যাঙ্ক ৩৶০-এ অপরিবর্ত্তিত থাকে, বিশ্বস্থাম ক্যাপিটালের সকলের দর ছিল ১৭৷- ; কিন্তু ২৪৷- পর্য্যন্ত দর হাত,বদল করে।

পাটকল বিভাগ—

এই বিভাগে কাজের পরিমাণ অবশ্য বাড়িয়া যায়। শেষের দিকে দরের কিছুটা উন্নতি ঘটে। এংলো ইণ্ডিয়া ৪২৲ টাকায় উঠে। ওরিয়েণ্ট ও গানি যথাক্রমে ৩১৩৲ টাকা ও ৫৪২৲ টাকায় হাত-বদল করে। বাজারের দর ক্রমে ক্রমে চড়িয়া ৪৩৶০ পর্য্যন্ত উঠে।

ইঞ্জিনিয়ারিং—

এই সপ্তাহে আলোচ্য বিভাগে অধিকতর উন্নতি পরিলক্ষিত হয়। ইণ্ডিয়া আয়রণের দর ৩৯।৶০ হইতে ৪৯৷- পর্য্যন্ত উঠিয়াছিল। মেকলেয়ের দর ৩৯৶০ পর্য্যন্ত উঠে। টেলরসুইট ২৬৶০ পর্য্যন্ত চড়িয়া যায়। জেসপ ২১৶০ পর্য্যন্ত চড়িয়া বাজার বন্ধ কালে ২১৷৶০ অংশে বিক্রিত হয়। জেসপটেট ১৯৶০ পর্য্যন্ত উঠে এবং বার্ণ কোম্পানী ৩৪৲ টাকা পর্য্যন্ত উঠিয়াছিল।

১৯১৪ সালের সামান্য শুরু থেকে আজকের দিন পর্য্যন্ত মার্টিন বার্ণ লিমিটেড প্রতিষ্ঠানের ঘনসন্নিবিষ্ট অগ্রগমন এক হিসাবে ভারতীয় শিল্প-প্রগতির ইতিহাস। সাধারণ স্থাপত্যশৈলী, আধুনিক ধরণের আফিস ও বাসভবন নির্ম্মাণ, এই বিরাট শিল্পোদ্যোগের অতি সামান্য অংশমাত্র। এই প্রতিষ্ঠান লোহা, ইস্পাত, সিমেণ্ট উৎপাদন আর খাদ এঞ্জিনীয়ারিং বিষয়ে বহুতর ও অতি-আধুনিক যান্ত্রিক ব্যবস্থাসম্পন্ন কারখানা পরিচালনার অধিকারী। এই প্রতিষ্ঠান তৈরি করে জাহাজ ও রেলু, পরিচালনা করে বৈদ্যুতিক শক্তি সরবরাহ কেন্দ্র ও ওয়াটার গ্রস, তৈরী করে মাল-গাড়ি। যুদ্ধোদ্যমের পূর্ব্বাকাশে গীয়র তৈরির সর্ব্বপ্রথম কারখানাটি এই প্রতিষ্ঠানেরই। কাঁসের ও চীনামাটির জিনিস, রেল-ওয়াইন, পরেণ্ট ও ক্রসিং, জল, গ্যাস ও মলতা বিতরণের কাজে ব্যবহৃত চাবাই লোহার পাইপ—এক কথায় যান্ত্রিক শিল্পব্যবসের বিস্তীর্ণ ক্ষেত্রে এই প্রতিষ্ঠানের কর্ম্মযোগ ছড়ানো। সাধারণ পেরেক থেকে মাল গাড়ি, বাসভবন বা আফিস তৈরির সাজসরঞ্জাম (ফরমা সমেত) এক গাছের বড় ছোটো আরি কাঁচা-এক কথায় যান্ত্রিক শিল্পব্যবসের পর্য্যায়ভুক্ত যে, কোন জিনিষের প্রয়োজন হলেই বিচার ঠিকানায় খোঁজ করুন।

মার্টিন বার্ণ লিমিটেড কলিকাতা—১।

১৯৩, চিৎপুর রোড, কলিকাতা হইতে আমার অধিকারীবাবুর কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত, ২৩৭।১ আপার সার্কুলার রোড, কলিকাতা—৯ হইতে